

فيضان رمضان

রুম্যানের ফ্যীলত

faizane ramzan

শায়খে ত্রিকত, আমীরে আহ্লে সুনাত দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরাতুল আল্লামা

মাওলানা মুহাম্মদ ইল্ইয়াস আতার কাদিরী

دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيه





এই বইটি শায়খে তরিকত, আমীরে আহ্লে সুনাত, দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা আবু বিলাল মুহাম্মদ ইল্ইয়াস আত্তার কাদিরী রযবী দামাত বারাকাতুহুমুল আলীয়া উর্দূ ভাষায় লিখেছেন।

দা'ওয়াতে ইসলামীর অনুবাদ মজলিশ এই বইটিকে বাংলাতে অনুবাদ করেছে। যদি অনুবাদ, কম্পোজ বা প্রিন্টিং এ কোন প্রকারের ভুলক্রটি আপনার দৃষ্টিগোচর হয়, তাহলে অনুগ্রহ করে মজলিশকে লিখিতভাবে জানিয়ে প্রচুর সাওয়াব হাসিল করুন।

(মৌখিকভাবে বলার চেয়ে লিখিতভাবে জানালে বেশী উপকৃত হয়।)

এই ঠিকানায় পাঠিয়ে দিন দা'ওয়াতে ইসলামী মাকতাবাতুল মদীনা এর বিভিন্ন শাখা

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়দাবাদ, ঢাকা। ফোন নং-০১৬৭২৬৮৫৬৩১
ফয়যানে মদীনা জামে মসজিদ, নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল নং-০১৭১২৬৭১৪৪৬
কে.এম.ভবন, দ্বিতীয় তলা ১১ আন্দরকিল্লা, চউগ্রাম। মোবাইল নং-০১৮১৩৬৭১৫৭২

E-mail:

bdtarajim@gmail.com
maktaba@dawateislami.net
web : www.dawateislami.net

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعُلَمِيْنَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَىٰ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَىٰ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَىٰ سَيِّدِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط وَسَمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط وَسَمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط

কিতাব পাঠ করার দুআ

শায়খে তরিকত, আমীরে আহলে সুনাত, দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা, হযরত আল্লামা মাওলানা আবু বিলাল মুহাম্মদ ইল্ইয়াস আত্তার কাদিরী রযবী দামাত বারাকাতুহুমুল আলীয়া বর্ণনা করেন ঃ

যে ব্যক্তি ধর্মীয় কিতাবাদি পাঠ পড়ার শুরুতে নিম্নে প্রদত্ত দুআটি পড়ে নেয়। তবে যা কিছু পাঠ করবে, তা স্মরণে থাকবে। (ان شَاءَ اللهُ عَزَّوَ جَلً

দুআটি নিমুরূপ

ٱللَّهُمَّ افْتَحُ عَلَيْنَا حِكُمَتَكَ وَانْشُرُ عَلَيْنَا رَحْمَتَكَ يَا ذَالْجَلَالِ وَالْإِكْرَام

অনুবাদ 8- হে আল্লাহ! আমাদের জন্য আপনার জ্ঞান ও হিকমতের দরজা খুলে দিন এবং আমাদের উপর আপনার বিশেষ অনুগ্রহ নাযিল করুন। হে চির মহান! হে চির মহিমান্বিত।

(আল মুস্তাতারাফ, খন্ড-১ম, পৃ-৪০, দারুল ফিকির, বৈরুত)

নোট ঃ- দুআটি পড়ার আগে ও পরে একবার করে দুরূদ শরীফ পাঠ করুন।

1

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالسَّيْطِنِ الرَّجِيْم ط بِسْمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط أَمَّا بَعْدُ فَأَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطِنِ الرَّجِيْم ط

রম্যানের ফ্যীলত

শয়তান লাখো কুমন্ত্রণা দিলেও আপনি সাহস করে এই অধ্যায় প্রতি বছর সম্পূর্ণ পড়ে নিন এর বরকত আপনি নিজ চোখে দেখবেন।

দুরূদ শরীফের ফ্যীলত

আল্লাহর মাহবুব হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান ফরমান, "নিশ্চয় কিয়ামতের দিন মানুষদের মধ্যে আমার সর্বাপেক্ষা কাছে সেই হবে, যে আমার উপর সর্বাপেক্ষা বেশী দুরূদ শরীফ পাঠ করবে।"

(তিরমিযী, খন্ড-২য়, পৃ-২৭, হাদিস-৪৮৪)

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّى

প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহ রহমানুর রহীম এর কোটি কোটি ইহসান হচ্ছে তিনি আমাদেরকে রমযান মাসের মতো মহান নে'মত দ্বারা ধন্য করেছেন। রমযানের কল্যাণ সম্পর্কে কী বলবো? সেটার তো প্রতিটি মুহুর্তই রহমতে পরিপূর্ণ। এ মাসে প্রতিদান ও সাওয়াব অনেকগুণ বেড়ে যায়। নফলের সাওয়াব ফরযের সমান, আর ফরযের সাওয়াব সত্তর গুণ বৃদ্ধি করা হয়; বরং এ মাসে রোযাদারের ঘুমও ইবাদতে গণ্য করা হয়। আরশবহনকারী ফিরিশতারা রোযাদারদের দু'আর সাথে 'আমীন' বলেন। এক হাদীসে পাক অনুযায়ী, রমযানের রোযাদারের জন্য সমুদ্রের মাছগুলো ইফতারের সময় পর্যন্ত মাগফিরাতের দু'আ করতে থাকে। (আত্তারগীব ওয়াত্তারহীব, খভ-২য়, পু-৫৫, হাদীস নং-৬)

হ্যরত মুহাম্মদ ্শ্ল্রিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

ইবাদতের দরজা

রোযা গোপন ইবাদত কেননা, আমরা না বললে কেউ এ কথা জানতে পারে না যে, আমরা রোযা রেখেছি কিনা। আল্লাহ গোপন ইবাদতকে বেশি পছন্দ করেন। একটি হাদিস শরীফ অনুসারে, "রোযা ইবাদতের দরজা।"

(আল জামেউস সগীর, পৃ-১৪৬, হাদিস নং-২৪১৫)

কোরআন অবতরণ

এ মুবারক মাসের একটি বৈশিষ্ট্য এটাও রয়েছে যে, আল্লাহ তাআলা এতে কোরআন পাক নাযিল করেছেন। সুতরাং পবিত্র কোরআনে পরম করুণাময় মহামহিম আল্লাহ তাআলার কোরআন নাযিল ও মাহে রমযান সম্পর্কে মহান ফরমান হচ্ছে-

কানযুল ঈমান থেকে অনুবাদ:

রম্যানের মাস. যাতে কোর্আন অবতীর্ণ হয়েছে- মানুষের জন্য হিদায়াত ও পথ-নির্দেশ এবং মীমাংসার সুস্পষ্ট বাণী সমূহ। সুতরাং তোমাদের মধ্যে যে কেউ এ মাস পাবে সে যেনো অবশ্যই সেটার রোযা পালন করে। আর যে কেউ অসুস্থ হয় কিংবা সফরে থাকে, তবে ততসংখ্যক রোযা অন্য দিনগুলোতে (পূর্ণ করবে)। আল্লাহ (তাআলা) তোমাদের জন্য সহজ চান এবং তোমাদের জন্য কঠিন (ক্লেশ) চান না। আর এজন্য যেন তোমরা সংখ্যা পূরণ করবে এবং আল্লাহ (তাআলার) মহিমা বর্ণনা করবে এর উপর যে. তিনি তোমাদেরকে হিদায়ত করেছেন এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশকারী হও। (পারা-২, সূরা-বাকারা, আয়াত-১৮৫)

شَهُرُ رَمَضَانَ الَّذِي اَنْزِلَ فِيهُ الْقُرُانُ هُدًى لِلنَّاسِ وَبَيِّنْتٍ مِّنَ الْهُدَى وَالْفُرْقَانِ فَمَنُ شَهِدَ اللهُدى وَالْفُرْقَانِ فَمَنُ شَهِدَ مِنْكُمُ الشَّهُرَ فَلْيَصُمْهُ وَمَنُ كَانَ مَرِيْضًا اَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةُ كَانَ مَرِيْضًا اَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةُ مِنْ اللهُ بِكُمُ النَّهُ النَّهُ بِكُمُ النَّهُ اللهُ بِكُمُ النَّهُ مِنْ وَلَا يُرِيدُ اللهُ لِيُحْمُ النَّهُ مَا اللهُ عَلَى مَا هَدْ كُمُ النَّهُ مَا هَدْ كُمُ وَلَا يَكُمُ وَنَ عَلَى عَا هَدْ كُمْ وَلَعَلَّكُمُ وَنَ عَلَى عَا هَدْ حُمْ وَلَعَلَّكُمُ وَنَ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ وَلَعَلَّكُمُ وَنَ عَلَى عَا هَدْ حُمْ وَلَعَلَّكُمُ وَنَ عَلَى عَا هُ هَدْ حُمْ وَلَعَلَّكُمُ وَنَ عَلَى اللهُ اللهُ

হ্যরত মুহাম্মদ ্ল্লিইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

রম্যানের সংজ্ঞা

এ পবিত্র আয়াতগুলোর প্রাথমিক অংশে اللَّهُ رَمَعْانَ اللَّهِ (এই রমযান মাস) এর ব্যাখ্যায় প্রসিদ্ধ মুফাস্সির হাকীমুল উদ্মত হযরত মুফতী আহমদ ইয়ার খান নঙ্গমী করাখার প্রসিদ্ধ মুফাস্সির হাকীমুল উদ্মত হযরত মুফতী আহমদ ইয়ার খান নঙ্গমী মতো আল্লাহর নাম। যেহেতু, এ মাসে দিনরাত আল্লাহর ইবাদত হয়, সেহেতু এটাকে 'রমযানের মাস' অর্থাৎ আল্লাহর মাস বলা হয়। যেমন-মসজিদ ও কা'বাকে 'আল্লাহর ঘর বলা হয়। কারণ, সেখানে আল্লাহর ইবাদত সম্পন্ন হয়। তেমনিভাবে রমযান আল্লাহর মাস। কারণ, এ মাসেও আল্লাহর ইবাদত হয়ে থাকে। রোযা ও তারাবীহ ইত্যাদিতো আল্লাহরই জন্য; কিন্তু রোযা রাখাবস্থায় যেই বৈধ চাকুরী, বৈধ ব্যবসা ইত্যাদি করা হয়, তাও আল্লাহর ইবাদত বলে সাব্যস্ত হয়। এ কারণে এ মাসের নাম 'রমযান' অর্থাৎ 'আল্লাহর মাস।

অথবা এটা গ্রিন্ন্র্র্র থেকে উদ্ভূত। গ্রিন্ন্র্র্র্রের কালের বৃষ্টিকে। যা দারা পৃথিবী ধুয়ে যায়, আর রবিশয় খুব বেশি পরিমাণে উৎপন্ন হয়। সুতরাং এ মাসও হদয়ের ময়লা-আবর্জনা ধুয়ে পরিস্কার করে দেয়। এর ফলে কর্মসমূহের শয়্যক্ষেত সবুজ ও সজীব থাকে, এ কারণে এটাকে 'রময়ান মাস' বলে। "শ্রাবণে প্রতিদিন বৃষ্টি চাই, ভাদ্র মাসে চাই 'চারদিন' আর আশ্বিনে চাই একদিন।" এ একদিনের বৃষ্টিতে ক্ষেতের ফসল পেকে যায়। সুতরাং অনুরূপভাবে, এগার মাস নিয়মিতভাবে নেক কার্যাদি অব্যাহত রাখা হয়, তারপর রময়ানের রোয়াগুলো এই নেক কাজগুলোর শস্যক্ষেতের ফসল পাকিয়ে দেয়। অথবা এটা ৣয়য়্রিমিত। এর অর্থ 'উষ্ণ্রতা' কিংবা 'জুলে য়াওয়া'।

হ্**যরত মুহাম্মদ** ্ল্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

যেহেতু এ মাসে মুসলমানগণ ক্ষুধা ও পিপাসার তাপ সহ্য করে, কিংবা এটা গুনাহগুলো জ্বালিয়ে দেয় সেহেতু সেটাকে 'রমযান' বলা হয়। ('কানযুল উম্মাল'-এর অষ্টম খন্ডের ২১৭ পৃষ্ঠায় হযরত সায়্যিদুনা আনাস غنه والله تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم স্বাদ্দ করেছেন, "এ মাসের নাম 'রমদ্বান' রাখা হয়েছে, কেননা, এটা গুনাহ গুলোকে জ্বালিয়ে দেয়।")

মাসগুলোর নামকরণের কারণ

হযরত মুক্তি আহমদ ইয়ার খান كِيَةُ الله হয়ার খান ১৯৯১ । তেনি করেন, কোন কোন তাফসীরকারক ১৮৯১ । তেনি কেনে, "যখন মাসগুলোর নাম রাখা হলো, তখন যে মৌসুমে যে মাস ছিলো, সে অনুসারেই ওই মাসের নাম রাখা হয়েছে। যে মাস গরমের মৌসুমে ছিলো, সে মাসকে 'রমদ্বান' বলা হয়েছে। যা বসন্ত কালে ছিলো সেটাকে 'রবী' রবীউল আউয়াল, যে মাস শীতের মৌসুমে ছিলো, যখন পানি জমে বরফ হয়ে যাচ্ছিলো, সেটাকে 'জুমাদা' জমাদিউল উলা বলা হলো। ইসলামে প্রতিটি নামের পেছনে কোন না কোন কারণ থাকে। বস্তুত 'নাম' কাজ অনুসারেই রাখা হয়়। অন্যান্য পরিভাষাগুলোতে এমনটি থাকে না। আমাদের দেশে মুর্খের নাম 'মুহাম্মদ ফাযিল' (জ্ঞানীগুণী মুহাম্মদ) আর ভীরু ও কাপুরুষের নাম 'শের বাহাদুর'ও রাখা হয়ে থাকে। এছাড়াও কুৎসিৎ চেহারা সম্পন্ন মানুষকে বলা হয় 'ইউসুফ খান'; কিন্তু ইসলামে এ দোষটা নেই। 'রমদ্বান' বছ বৈশিষ্ট্যের ধারক ছিলো। এ কারণে এর নাম 'রমদ্বান' হয়েছে।

(তাফসীরে নঈমী, খন্ড-২য়, পৃ-২০৫)

5

হ্যরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

স্বর্ণের দরজা বিশিষ্ট মহল

সায়্যিদুনা আবৃ সাঈদ খুদরী ॐ থুটে থিকে বর্ণিত, মক্কী মাদানী সুলতান, রহমতে আলামিয়ান হযরত মুহাম্মদ ৣর্ট্ট থাটে ইইট্ট ইট্ট ইট্ট ইট্ট রহমতপূর্ণ বাণী হচ্ছে, "যখন রমযান মাসের প্রথম রাত আসে, তখন আসমানগুলো ও জান্নাতের দরজাগুলো খুলে দেয়া হয়। আর সেগুলো সর্বশেষ রাত পর্যন্ত বন্ধ হয় না। যে কোন বান্দা এ বরকতময় মাসের যে কোন রাতে নামায পড়ে, তবে আল্লাহ তাআলা তার প্রতিটি সিজদার পরিবর্তে (অর্থাৎ বিনিময় স্বরূপ) তার জন্য পনের শত নেকী লিপিবদ্ধ করেন। আর তার জন্য জানাতে লাল পদ্মরাগ পাথরের মহল তৈরী করেন, যার ষাট হাজার দরজা থাকবে, প্রতিটি দরজার কপাট স্বর্ণের তৈরী হবে, যাতে লাল বর্ণের পদ্মরাগের পাথর খচিত থাকবে। সুতরাং যে কেউ রমযানের প্রথম রোযা রাখে তার জন্য আল্লাহ তাআলা রমযানের শেষ দিন পর্যন্ত গুনাহ মাফ করে দেন এবং তার জন্য সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সত্তর হাজার ফিরিশতা মাগফিরাতের দু'আ করতে থাকে। রাত ও দিনে যখনই সে সিজদা করে তার ওই প্রতিটি সিজদার বিনিময়ে তাকে (জান্নাতে) একেকটা এমন গাছ দান করা হবে, সেটার ছায়া অতিক্রম করতে ঘোড়ার আরোহীকে পাঁচশ' বছর দেন্টড়াতে হবে।" (শু'আবুল ঈমান, খভ-৩য়, প্-৩১৪, হাদিস-৩৬৩৫)

খে, তিনি আপন হাবীব রহমতে আলামিয়ান হযরত মুহাম্মদ ত্র্যাট্র ইসলামী ভাইয়েরা! আল্লাহ তাআলার কতোই মহান করণা যে, তিনি আপন হাবীব রহমতে আলামিয়ান হযরত মুহাম্মদ ত্র্যাট্র এর ওসীলায় এমন মাহে রমযান দান করেছেন যে, এ সম্মানিত মাসে জান্নাতের সমস্ত দরজা খুলে দেয়া হয়, নেকীগুলোর প্রতিদান এতো বেশি বেড়ে যায় যে, বর্ণিত হাদীস অনুসারে 'রমযানুল মুবারক' এর রাতগুলোতে নামায সম্পন্নকারীকে প্রতিটি সিজদার বিনিময়ে পনের শত নেকী দান করা হয়। অনুরূপভাবে, জান্নাতের আযীমুশশান মহল এর অতিরিক্ত প্রদান করা হবে। এ বরকতময় হাদীসে রোযাদারদের জন্য এ মহা সুসংবাদও রয়েছে যে, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সত্তর হাজার ফিরিশতা তাদের জন্য মাগফিরাতের দু'আ করতে থাকেন।

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! الْحَيْنُ لِلْهُ عَزِّرَجَلَ তবলীগে কোরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী মহলের সাথে সম্পৃক্ত আশিকানে রসূলদের সংস্পর্শে থাকাবস্থায় মাহে রমজানুল মোবারকের বরকত অর্জনের মন-মানসিকতা খুব বেশি করে তৈরী হয়। অন্যথায় খারাপ সংস্পর্শে থেকে এই মোবারক মাসে অধিকাংশ লোক গুনাহে লিপ্ত হয়ে পড়ে। আসুন! গুনাহের সাগরে ডুবন্ত এক চিত্রশিল্পীর জীবনী পড়ুন যাকে দা'ওয়াতে ইসলামীর মাদানী মহল মাদানী রঙে রঙ্গিন করে দিয়েছে। যেমন ঃ

আমি একজন চিত্রশিল্পী ছিলাম

আওরঙ্গি টাউন বাবুল মদীনা করাচী এর এক ইসলামী ভাইয়ের বর্ণনার সারসংক্ষেপ হচ্ছে: আফসোস! শত সহস্র আফসোস!! আমি একজন চিত্রশিল্পী ছিলাম। মিউজিক্যাল প্রোগ্রাম ও ফ্যাশনের কাজ করতে করতে আমার জীবনের খুব মূল্যবান সময় বরবাদ হয়ে যাচ্ছিল। অন্তর ও মন্তিক্ষের মধ্যে এমন অলসতার পর্দা পড়ে গিয়েছিল যে, নামায পড়ার সৌভাগ্য হত না, গুনাহ করার পরও অনুশোচনা জাগত না। সাহরায়ে মদীনা টুল প্রাজা সুপার হাইওয়ে বাবুল মদীনা করাচীতে বাবুল ইসলামে অনুষ্ঠিত তিন দিনের সুন্নতে ভরা ইজতিমায় (১৪২৪ হিজরী ২০০৩ ইং) অংশগ্রহণ করার জন্য এক জিম্মাদার ইসলামী ভাই ইনফিরাদী কৌশিশ করে আমাকে খুব উৎসাহিত করেন। সৌভাগ্যের বিষয়! তাতে শরীক হওয়ার সৌভাগ্য নসীব হল। তিন দিনের ইজতিমা শেষে হৃদয়গ্রাহী দুআতে আমার নিজের বিগত গুনাহের উপর খুবই ঘৃণা ও অনুশোচনা হল। আমি আমার কাজে এসে গেল। তিন্টা ট্রাইট্রাইট্রা আমার দাওয়াতে ইসলামীর মাদানী মহল মিলে গেল। আমি গান-বাজনা ও আনন্দ উৎসবের অনুষ্ঠান থেকে তওবা করলাম এবং

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

মাদানী কাফিলায় সফর করাকে নিজের জন্য আবশ্যক করে নিলাম। ২৫শে ডিসেম্বর ২০০৪ ইং তারিখে আমি যখন মাদানী কাফিলায় সফর করার জন্য রওয়ানা হচ্ছিলাম তখন আমার ছোট বোনের ফোন আসল। সে বুক ভরা কান্নার আওয়াজে আমাকে তার এক অন্ধ মেয়ের জন্মের সংবাদ শুনাল। আর সাথে এটাও বলল যে, ডাক্তাররা বলেছেন যে, এই বাচ্চার কখনো দৃষ্টিশক্তি আসবে না। ততটুকু বলেই তার কথা আটকে গেল এবং ফুঁপিয়ে কাঁদতে লাগল। আমি এতটুকু বলে তাকে সান্থনা দিলাম যে, المؤثني المؤثني মাদানী কাফিলায় দুআ করব। আমি মাদানী কাফিলায় নিজে খুব দুআ করলাম এবং আশিকানে রস্লদের দিয়েও দুআ করালাম, যখন মাদানী কাফিলা থেকে ফিরে আসলাম তখন ফিরার দিন আমার ছোট বোনের আনন্দে ভরা হাসি মিশ্রিত ফোন আসল এবং সে খুশি মনে এই আনন্দের সংবাদটুকু শুনাল যে, أَنْ عَنْ اللهُ عَنْ اللهُ عَنَا اللهُ الله

এই বর্ণনা দেয়াকালে আমি বাবুল মদীনা করাচীর এলাকায়ী মুশাওয়ারাত এর একজন রোকন হিসেবে দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজকে সামনের দিকে এগিয়ে নেয়ার সৌভাগ্য অর্জনের চেষ্টা করছি।

আফাতু ছে না ডর, রাখ করম পর নজর রৌশন আখে মিলে, কাফিলে মে চলো। আপকো ডাক্টর, নে গো মায়ুস কর, ভী দিয়া মত ঢরে কাফিলে মে চলো।

হ্যরত মুহাম্মদ্লিট্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! দা'ওয়াতে ইসলামীর মাদানী মহল কতই প্রিয়! এর সংস্পর্শে এসে সমাজের না জানি কত অসংখ্য পথহারা মানুষ সৎচরিত্রবান হয়ে সুনুতে পরিপূর্ণ সম্মানের জীবন অতিবাহিত করছে! আর মাদানী কাফিলার বাহারতো আপনাদের সামনেই আছে। যেভাবে মাদানী কাফিলায় সফরের বরকতে অনেকের দুনিয়াবী সমস্যার সমাধান হয়ে যায়। সেভাবে তাজেদারে রিসালাত, শাহানশাহে নুবুওয়াত, শফীয়ে উম্মত, হয়রত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَكَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সুপারিশে আখিরাতের বিপদগুলোও আনন্দে সুখে পরিণত হয়ে যাবে।

ٹوٹ جائیں گے گنہگاروں کے فوراً قیدو بند حشر کو کھل جائے گی طاقت رسول اللہ کی

টুট যায়েগে গুনাহগারো কে ফাওরান কয়দো বন্দ, হাশর কো খুল যায়েগি তাকত রসুলুল্লাহ কি।

পাঁচটি বিশেষ দয়া

হযরত সায়্যিদুনা জাবির ইবনে আবদুল্লাহ ئنه تعالى عَنْهُ وَالله تعالى عَنْهُ وَالله تعالى عَنْهُ وَالله وَسَلَّم আলামিয়ান হাবীবে রহমান হযরত মুহাম্মদ مَلَّ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم এর মর্যাদাপূর্ণ বাণী হচ্ছে- "আমার উম্মতকে রমযান মাসে পাঁচটি এমন জিনিস দান করা হয়েছে, যেগুলো আমার পূর্বে অন্য কোন নবী عَلْ نَبِيّنَا وَعَلَيْهِ الصَّلاةُ وَالسَّلام পাননি "

- ১. যখন রমযানুল মুবারকের প্রথম রাত আসে, তখন আল্লাহ তাআলা তাদের প্রতি রহমতের দৃষ্টি দেন। আর যার প্রতি আল্লাহ রহমতের দৃষ্টি দেন তাকে কখনো আযাব দেবেন না।
- ২. সন্ধ্যায় তাদের মুখের দুর্গন্ধ (যা ক্ষুধার কারণে সৃষ্টি হয়) আল্লাহ তা আলা এর নিকট মেশকের চেয়েও বেশি সুগন্ধি হয়।

হ্যরত মুহাম্মদ্লিঞ্জি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

- ৩. ফিরিশতাগণ প্রত্যেক দিনে ও রাতে তার জন্য মাগফিরাতের দু'আ করতে থাকেন।
- 8. আল্লাহ তা'আলা জান্নাতকে নির্দেশ দিয়ে ইরশাদ ফরমান, "আমার নেক বান্দাদের জন্য সুসজ্জিত হয়ে যাও! শীঘ্রই তারা দুনিয়ার কষ্টের বিনিময়ে আমার ঘর ও দয়ার মধ্যে শান্তি পাবে।"
- ৫. যখন রমযান মাসের সর্বশেষ রাত আসে তখন আল্লাহ তাআলা সবাইকে ক্ষমা করে দেন।"

উপস্থিতদের মধ্যে একজন দাঁড়িয়ে আরয করলেন, "হে আল্লাহর রসূল مَنَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ! এটা কি 'লাইলাতুল ক্বদর?" ইরশাদ ফরমালেন, "না"। তোমরা কি দেখনি যে, শ্রমিকগণ যখন নিজের কাজ সম্পন্ন করে নেয়, তখন তাদেরকে পারিশ্রমিক দেয়া হয়?" (আন্তারগীব ওয়ান্তারহীব, খড-২য়, প্র-৫৬, হাদীস-৭)

'সগীরা' গুনাহের কাফ্ফারা

হযরত সায়্যিদুনা আবু হুরাইরা رَضَى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, হুযুর পুরনূর, শাফিয়ে ইয়াউমুন নূশুর হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم এর আনন্দদায়ক ফরমান, "পাঁচ ওয়াক্তের নামায, এক জুমা থেকে পরবর্তী জুমা পর্যন্ত, এক রমযান মাস থেকে পরবর্তী রমযান মাস পর্যন্ত গুনাহ্ সমূহের কাফ্ফারা হয়ে যায়, যতক্ষণ কবীরা গুনাহ্ থেকে বিরত থাকা হয়।" (সহীহ মুসলিম, খভ-১ম, প্-১৪৪, হাদীস নং-২৩৩)

তওবার পদ্ধতি

مُبُخُنَ اللَّهُ عَزَّوَجَلَّ রমযানুল মুবারকে রহমতের মুসলধারে বৃষ্টি ও সগীরা গুনাহ্ সমূহের কাফ্ফারার মাধ্যম হয়ে যায়। 'কবীরা' গুনাহ তওবা মাধ্যমে ক্ষমা হয়ে যায়।

তওবা করার পদ্ধতি হচ্ছে

যে গুনাহ্ হয়েছে, বিশেষভাবে ওই গুনাহ্ উল্লেখ করে মনে মনে তার প্রতি ঘৃনা ও ভবিষ্যতে সেটা থেকে বেঁচে থাকার অঙ্গীকার করে তওবা করতে হবে। উদাহরণ স্বরূপ, মিথ্যা বললে, এটা 'কবীরা গুনাহ্।'

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

সুতরাং আল্লাহ তাআলার মহান দরবারে আরয করবে, "হে আল্লাহ! আমি এ যে মিথ্যা বলেছি, তা থেকে তওবা করছি। ভবিষ্যতে বলবোনা।" তওবা করার সময় অন্তরে মিথ্যা বলার প্রতি ঘৃণা, আর 'ভবিষ্যতে বলবো না' কথাটা বলার সময় অন্তরে এ দৃঢ় ইচ্ছাও থাকবে যে, 'যা কিছু মুখে বলছি, তেমনি করবো।' তখনই হবে 'তওবা'। যদি বান্দার হক বিনষ্ট করে থাকে, তবে তওবার সাথে সাথে ওই বান্দার নিকট থেকে ক্ষমা করিয়ে নেয়াও জরুরী।

صَلُّوْاعَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّد تُوبُوا إِلَى الله! اَسْتَغْفِرُ الله صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّد صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّد صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّد

প্রিয় ইসলামী ভাইয়েরা! হাদিস শরীফের কিতাব সমূহে রমযান শরীফের ফযীলতসমূহ যথেষ্ট পরিমাণে বর্ণিত হয়েছে। রমযানুল মুবারকে এতো বেশি পরিমাণ বরকত ও রহমত রয়েছে যে, আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ এই কুন্দু কুন্দু করেছেন যে, যদি বান্দাণণ জানতো রমযান কি, তাহলে আমার উদ্মত আশা করতো, "আহা! গোটা বছরই যদি রমযান হতো?" (সহীহ ইবনে খুযাইমা, খভ-৩য়, পৃ-১৯০, হাদীস নং-১৮৮৬)

হ্যরত মুহাম্মদ مَلَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর জানাতরূপী বর্ণনা

হযরত সায়্যিদুনা সালমান ফারসী رَضِيَ اللَّهُ تَعَالَىٰ عَنْهُ وَاللهِ وَسَلَّم বলেন, মাহবুবে রহমান হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَىٰ عَنَيْهِ وَاللهِ وَسَلَّم শা'বান মাসের শেষ দিনে ইরশাদ করেছেন, "হে লোকেরা! তোমাদের নিকট মহান ও বরকতময় মাস এসেছে। মাসটি এমন যে, তাতে একটি রাত (এমনি) রয়েছে, যা হাজার মাস অপেক্ষাও উত্তম। এ (বরকতময়) মাসের রোযা আল্লাহ তাআলা ফর্য করেছেন।

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আর সেটার রাতে জাগ্রত থেকে ইবাদত-বন্দেগী করা 'তাতাওভু'* (অর্থাৎ সুনুত) যে ব্যক্তি এতে নেক কাজ (নফল ইবাদত) করলো, তা হলো ফর্য ইবাদতের সমান। আর যে ব্যক্তি ফর্য আদায় করেছে, তা হলো সত্তর ফর্যের সমান। এ মাস ধৈর্যের। আর ধৈর্যের বিনিময় হচ্ছে জান্নাত।

যে ব্যক্তি তার কর্মচারীর উপর এ মাসে কাজকর্ম সহজ করে দেয়, আল্লাহ তা আলা তাকে ক্ষমা করে দেবেন। জাহান্নাম থেকে মুক্ত করবেন। এ মাসে চারটি কাজ বেশি পরিমাণে কর, সেগুলোর দু টি হচ্ছে এমন যে, সে দুটি দ্বারা তোমরা আপন রবকে সন্তুষ্ট করতে পারবে। আর অবশিষ্ট দুটির প্রতি তো তোমরাই মুখাপেক্ষী।

% ०००० जोरू कोर्या उठा नेत्राक करा चाटा कोर्याचे जोर्याच श्रीय ।

^{*} এখানে রাতে জাগ্রত রয়ে ইবাদত করা মানে তারাবীর নামায পড়া।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

সুতরাং যে দু'টি কাজ দারা তোমরা আপন প্রতিপালককে সন্তুষ্ট করতে পারবে, সে দুটি হচ্ছে- ১. اللهُ اللهُ (আল্লাহ ব্যতীত অন্য কোন উপাস্য নেই) মর্মে সাক্ষ্য দেয়া এবং ২. ক্ষমা প্রার্থনা করা। আর যে দুটি থেকে তোমরা বাঁচতে পারো না, সেগুলো হচ্ছে-১. আল্লাহ তা'আলার মহান দরবারে জান্নাত আশা করা এবং ২. জাহান্নাম থেকে আল্লাহ তা'আলার আশ্রয় প্রার্থনা করা।

(সহীহ ইবনে খুযাইমা, পু-১৮৮৭, খন্ড-৩য়)

প্রিয় ইসলামী ভাইয়েরা! এতক্ষণ যে হাদিসে পাক বর্ণনা করা হয়েছে, তাতে মাহে রমযানুল মুবারকের রহমত, বরকত ও মহত্ত্বের আলোচনা করা হয়েছে। এ বরকতময় মাসে কলেমা শরীফ বেশি সংখ্যায় পড়ে 'ইসতিগফার' অর্থাৎ বারবার তওবা করার মাধ্যমে আল্লাহ তা'আলাকে সন্তুষ্ট করার চেষ্টা করা উচিত। আর এ দুটি কাজ থেকে কোন অবস্থাতেই উদাসীন হওয়া উচিত না। অর্থাৎ আল্লাহর দরবারে জানাতে প্রবেশ ও জাহানাম থেকে মুক্তি লাভের জন্য বেশি পরিমাণে প্রার্থনা করা চাই।

রম্যান মুবারকে চারটি নাম

আল্লাহু আকবর! মাহে রমযানেরও কেমন কল্যাণ! হ্যরত মুফতী আহমদ ইয়ার খান কুর্মান্তির 'তাফসীরে নঈমী' শরীফে বর্ণনা করেন, "এ বরকতময় মাসের সর্বমোট চারটি নাম রয়েছে-১. মাহে রমযান, ২. মাহে সবর, ৩. মাহে মুওয়াসাত (সমবেদনা জ্ঞাপন ও উপকার সাধনের মাস) এবং ৪. মাহে ওয়াসআতে রিয্ক (জীবিকা প্রশন্ত হবার মাস)।" তিনি আরো লিখেছেন, "রোযা হচ্ছে ধৈর্য, যার প্রতিদান- খোদ মহান আল্লাহ। আর তা এই মাসেই পালন করা হয়। এ কারণে সেটাকে 'মাহে সবর' বলা হয়। 'মুওয়াসাত' মানে উপকার করা। যেহেতু, এ মাসে সমন্ত মুসলমানের সাথে, বিশেষ করে পরিবার-পরিজন ও নিকটাত্মীয়দের সাথে সদ্ব্যবহার করা বেশি সাওয়াবের কাজ। তাই সেটাকে 'মাহে মুওয়াসাত' বলা হয়। এতে জীবিকা প্রশন্ত হয়। ফলে গরীবরাও নে'মত ভোগ করে। এজন্য এর নাম রিযিক প্রশন্ত হওয়ার মাসও। (তাফসীরে নঈমী, খভ-২য়, প্-২০৮)

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্রি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

রমযানুল মুবারকের ১৩টি মাদানী ফুল

(এই সকল মাদানী ফুল তফসীরে নঈমী ২য় খন্ড থেকে নেয়া হয়েছে)

- ১. কা'বা শরীফ মুসলমানদেরকে তার নিকট ডেকে রহমত প্রদান করে, কিন্তু এটা (মাহে রমযান) এসে রহমত বন্টন করে। এ বিষয়টা এমন যেন সেটা (কা'বা) একটা কূপ, আর এটা (রমযান শরীফ) হচ্ছে সমুদ্র। অথবা ওটা (অর্থাৎ কা'বা) হচ্ছে সমুদ্র আর এটা (অর্থাৎ রমযান) হচ্ছে বৃষ্টি।
- ২. প্রতিটি মাসে বিশেষ বিশেষ কিছু দিন-তারিখ রয়েছে। আর তারিখগুলোর মধ্যেও বিশেষ মুহুর্তে ই'বাদত-বন্দেগী সম্পন্ন করা হয়। যেমন-ঈদুল আযহার কয়েকটা (বিশেষ) তারিখে হজ্জ, মুহররমের দশম দিন উত্তম, কিন্তু রমযান মাসে প্রতিদিনে ও প্রতিটি মুহুর্তে ইবাদত হয়। রোযা ইবাদত, ইফতার ইবাদত, ইফতারের পর তারাবীর জন্য অপেক্ষা করা ইবাদত, তারাবীহ পড়ে সাহারীর জন্য অপেক্ষা করতে গিয়ে ঘুমানো ইবাদত, তারপর সাহারী খাওয়াও ইবাদত। মোটকথা, প্রতিটি মুহুর্তে আল্লাহ তাআলার শান ও মহা বদান্যতাই নজরে পড়ে।
- ৩. 'রমযান' হচ্ছে একটা 'ভাট্টি'। ভাট্টি হল অপরিস্কার লোহাকে পরিস্কার এবং পরিস্কার লোহাকে মেশিনের যন্ত্রাংশে পরিণত করে দামী করে দেয়, আর স্বর্ণকে অলংকারে পরিণত করে ব্যবহারের উপযুক্ত করে দেয়, তেমনিভাবে রমযান মাস গুনাহগারদের পবিত্র করে এবং নেককার লোকদের মর্যাদা বৃদ্ধি করে দেয়।
- 8. রমযানে নফলের সাওয়াব ফরযের সমান এবং ফরযের সাওয়াব সত্তর গুণ বেশি পাওয়া যায়।
- ৫. কিছু সংখ্যক আলিম বলেছেন, "যে ব্যক্তি রম্যানে মৃত্যুবরণ করে, তাকে কবরে প্রশ্ন করা হয় না।"
- ৬. এ মাসে শবে ক্বদর রয়েছে। আগের আয়াত থেকে বুঝা গেলো যে, কোরআন রমযান মাসে অবতীর্ণ হয়েছে। অন্যত্র ইরশাদ হচ্ছে,

إِنَّا اَنْزَلُنٰهُ فِي لَيْلَةِ الْقَدْرِ ﴿

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ নিশ্চয় আমি সেটাকে ক্বদর রাত্রিতে অবতরণ করেছি। (পারা-৩০, সূরা-কদর, আয়াত-১)

হ্**যরত মুহাম্মদ** শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

উভয় আয়াতকে মিলালে বুঝা যায় যে, শবে ক্বনর রমযান মাসেই। আর তা ২৭তম রাতে হবার সম্ভাবনা থাকে বেশী। কেননা, লায়লাতুল ক্বনর এর মধ্যে ৯টি বর্ণ আছে, আর এ 'শব্দ দু'টি সূরা ক্বদরে তিনবার করে ইরশাদ হয়েছে। যার গুণফল দাঁড়ায় ২৭ (সাতাশ)। সুতরাং বুঝা গেলো সেটা (শবে ক্বর) ২৭ তম রাতেই।

- ৭. রমযান মাসে শয়তানকে বন্দী করা হয়, দোযখের দরজা বন্ধ করে দেয়া হয়, জানাতকে সুসজ্জিত করা হয় এবং দরজাগুলো খুলে দেয়া হয়। এ কারণে, এসব দিনে সৎকর্ম অধিক ও গুনাহ কমে যায়। যে সব লোক গুনাহ করেও নেয়, তারা 'নফসে আম্মারা' কিংবা 'নিজেদের সাথী শয়তান' (সঙ্গে অবস্থানকারী শয়তান) পথভ্রম্ভ করার কারণে করে থাকে।
- ৮. রমযানে পানাহারের হিসাব হয় না।
- ৯. কিয়ামতে রমযান ও কোরআন রোযাদারের জন্য সুপারিশ করবে। রমযান বলবে, "ওহে আমার মালিক! আমি তাকে দিনের বেলায় পানাহার থেকে বিরত রেখেছিলাম।" আর কোরআন আরয করবে, "ওহে মহান রব! আমি তাকে তিলাওয়াত ও তারাবীর মাধ্যমে ঘুমাতে দেইনি।
- ১০. হুযুর পুরনূর শফিয়ে ইয়াউমুন নুশুর, হ্যরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم স্বারকে প্রত্যেক কয়েদীকে মুক্ত করে দিতেন এবং প্রত্যেক ভিখারীকে দান করতেন। মহা মহিম প্রতিপালকও রম্যান মাসে দোযখীদেরকে মুক্তি দেন। সুতরাং রম্যানে নেক কাজ করা এবং পাপ কাজ থেকে বিরত থাকা উচিত।
- ১১. কোরআন করীমে শুধু 'রমযান' শরীফের নাম উল্লেখ করা হয়েছে এবং সেটার ফ্যীলতসমূহই বর্ণিত হয়েছে। অন্য কোন মাসের নাম ও ফ্যীলত সুস্পষ্টভাবে নেই। মাসগুলোর মধ্যে কোরআন শরীফে শুধু রম্যান মাসের নাম নেয়া হয়েছে, নারীদের মধ্যে শুধু বিবি মরিয়ম نوني الله تعالى عنها وفي الله تعالى عنها الله تعالى عنها والله تعالى عنها الله تعالى الله تع

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

ك. রমযান শরীফে ইফতার ও সাহারীর সময় দু'আ কবুল হয়; (অর্থাৎ ইফতারের সময় ও সাহারীর সময়।) এ মর্যাদা অন্য কোন মাসে নেই।
ك৩. (রমযান) শব্দের মধ্যে পাঁচটি বর্ণ আছে ঃ দারা وخمت (রহমতে ইলাহী) বুঝায়, مَحَبَّتِ اللهي দারা مَحَبَّتِ اللهي (আল্লাহ তাআলার বদান্যতার দায়িত্ব) বুঝায়, امان اللهي দারা ألف (নূরে ইলাহী) বুঝায়। তদুপরি, রমযানে পাঁচটি ইবাদত বিশেষভাবে সম্পন্ন হয় ঃ ك. রোযা, ২. তারাবীহ, ৩. তিলাওয়াতে কোরআন, ৪. ইতিকাফ এবং ৫. শবে ক্দরের ইবাদত। সুতরাং যে কেউ সত্য অন্তরে এ পাঁচটি ইবাদত করবে সে ওই পাঁচটি পুরস্কারের উপযুক্ত হবে।

(তাফসীরে নঈমী, খন্ড-২য়, পৃ-২০৮)

صَلُّواعَلَىالْحَبِيْب! صَلَّىاللهُ تَعَالَىعَلَى مُحَتَّى صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعْلَى عَلَى مُعَلِيْكُ مَا اللهُ تَعَالَى عَلَى مُعَلِّى مُعَلِّى اللهُ تَعَالَى عَلَى مُعَلِّى مُعَلِّى اللهُ تَعْلَى عَلَى مُعَلِّى اللهُ تَعْلَى عَلَى مُعَلِّى اللهُ عَلَى عَلَى مُعَلِّى اللهُ تَعْلَى عَلَى مُعْلَى عَلَى مُعْلَى عَلَى عَلَى مُعْلَى عَلَى مُعْلَى عَلَى مُعْلَى عَلَى عَلَى مُعَلِّى مُعْلَى عَلَى عَلَى مُعْلَى عَلَى مُعْلَى عَلَى ع

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযানুল মুবারককে স্বাগত জানানোর জন্য সারা বছরই জান্নাতকে সাজানো হয়। সুতরাং হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে ওমর বর্করই জান্নাতকে বর্ণতে, তাজদারে মদীনা, সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ رَضِيَ اللهُ تَعَالَى عَلَيْهِ رَالِهِ رَسَلَّم এর মহান ফরমান হচ্ছে, "নিশ্চয় জান্নাতকে বছরের শুরু থেকে আগামী বছর পর্যন্ত রমযানুল মুবারকের জন্য সাজানো হয়।" আরো ইরশাদ করেন, "রমযান শরীফের প্রথম দিন জান্নাতের গাছগুলোর নিচে থেকে (সুন্দর চোখ বিশিষ্ট) হুরদের উপর বাতাস প্রবাহিত হয়, আর তারা আরয করে, "হে পরওয়ারদিগার! আপনার বান্দাদের মধ্যে এমনসব বান্দাদেরকে আমাদের স্বামী করিও, যাদেরকে দেখে আমাদের চক্ষুগুলো জুড়ায়। আর তারাও যখন আমাদেরকে দেখে তখন তাদেরও চক্ষু জুড়ায়।"

(শুয়ুবুল ঈমান, খন্ড-৩য়, পৃ-৩১২, হাদিস-৩৬৩৩)

হ্**যরত মুহাম্মদ** ﴿ ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

তিন্টি اَلْكَنْدُ بِلَّهُ عَزَّوْجَلً জানাতের বৈশিষ্ট্যের কথা কী বলব! আহ! আমাদের যদি বিনা হিসেবে ক্ষমা করে দেয়া হয় ও জানাতুল ফিরদাউসে মাদীনা ওয়ালা আকা, মক্কী মাদানী মুস্তফা হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর প্রতিবেশী হওয়া নসীব হয়ে যায়। الْكَنْدُ بِلَّهُ عَزَّوْجَلَّ কোরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামী ওয়ালাদের উপর কেমন কেমন দয়া বর্ষিত হয় তার একটি মাদানী ঝলক আপনারা শুনুন;

জান্নাতে প্রিয় নবী ব্রুট্টি এর প্রতিবেশী হওয়ার সুসংবাদ

ইসলামী ভাই ও বোনদের ফ্রী দরসে নিযামী (অর্থাৎ আলিম কোর্স) করানোর জন্য الْحَنْدُ بِلَّهُ عَزَّرَجَلَّ দা'ওয়াতে ইসলামীর তত্ত্বাবধানে "জামেয়াতুল মদীনা" নামে অনেক জামেয়া (বিশ্ববিদ্যালয়) প্রতিষ্ঠিত হয়েছে। الْحَنْدُ بِلَّهُ عَزَّرَجَلَّ ১৪২৭ হি: সালে দা'ওয়াতে ইসলামীর ঐ সকল জামেয়াতুল মদীনার (বাবুল মদীনা করাচীতে) প্রায় ১৬০ জন ছাত্র ১২ মাসের জন্য আল্লাহর রাস্তায় সফর করে। শুরুতে তাদেরকে মাদানী কাফিলা কোর্স করানো হয়।

অই কোর্স করানো অবস্থায় ছাত্রদের মাঝে ইসলামের খিদমত করার জযবা (আগ্রহ) এমনভাবে বৃদ্ধি পেল যে তাদের জযবায় মদীনা শরীফের ১২ চাদের আলো লেগে গেল। আর তাদের মধ্যে প্রায় ৭৭ জন ছাত্র নিজেদেরকে সারাজীবনের জন্য মাদানী কাফিলার মুসাফির হিসেবে পেশ করে দিল! মহান ত্যাগের ক্ষেত্রে সবচেয়ে বেশি উৎসাহের কারণ এটা ছিল যে, স্বপ্নে সরকারে নামদার, মদীনার তাজেদার, শাহানশাহে আবরার হযরত মুহাম্মদ مَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পাক مَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالْهِ وَسَلَّم পাক করে দিয়েছে, আমি তাদেরকে জান্নাতের মধ্যে আমার সাথে রাখব।"

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

স্বপুদ্রষ্টা আশিকে রসূল ইসলামী ভাইয়ের মনে তখন এই আশা জাগল যে, আহ! শত কোটি আফসোস! আমিও যদি ঐ সৌভাগ্যশালী ইসলামী ভাইদের অন্তর্ভূক্ত হতাম! আল্লাহর মাহবুব, দানায়ে গুয়ূব হযরত মুহাম্মদ صَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মনের এই আশা জেনে ফেললেন এবং বললেন, "যদি তুমিও তাদের দলভ্কু হতে চাও তবে নিজেকে সারা জীবনের জন্য পেশ করে দাও।"

سرع ش پر ہے تری گزر 'ول فرش پر ہے تری نظر ملک میں کوئی شے 'نہیں وہ جو تجھ پے عیاں نہیں

ছরে আরশ পর হায় তেরি গুজার, দিলে ফরশ পর হায় তেরি নজর মালাকুতো মুলক মে কুয়ি শাই, নেহী উও জো তুঝ পে ইয়া নেহী

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّى

18

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

> اِدُن سے تیرے سر حشر کہیں کاش! مخصُور ساتھ عطار کوجنّت میں رکھوں گایارتِ

ইযনে ছে তেরে ছরে হাশর কাহী কাশ! হুজুর, ছাথ আত্তারকো জান্নাত মে রাখখো গা ইয়া রব।

প্রতিটি রাতে ষাট হাজার গুনাহগারের মুক্তি লাভ

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে মাসউদ ঠাই টাইটাটিটি থেকে বর্ণিত, মক্কী—মাদানী সুলতান, রহমতে আলামিয়ান, হযরত মুহাম্মদ আইন বাহি এর রহমতপূর্ণ ফরমান, "রমযান শরীফের প্রতিটি রাতে আসমানে সুবহে সাদিক পর্যন্ত একজন আহ্বানকারী এ বলে আহ্বান করে, "হে কল্যাণকামী! আল্লাহ তা আলার আনুগত্যের দিকে অগ্রসর হও এবং পরিপূর্ণ কর! অর্থাৎ আনন্দিত হয়ে যাও! ওহে অসৎকর্মপরায়ণ! অসৎকর্ম থেকে বিরত হও এবং শিক্ষা গ্রহণ করো। কেউ মাগফিরাত চাওয়ার আছো কি? তার দরখান্ত পূরণ করা হবে। কেউ তওবাকারী আছো কি? তার তওবা কবুল করা হবে। কেউ প্রথিনাকারী আছো কি? তার দু আ কবুল করা হবে। কোন কিছুর জন্য প্রার্থনা করারও কেউ আছো কি? তার প্রার্থনা পূরণ করা হবে। আল্লাহ তা আলা রমযানুল মুবারকের প্রতিটি রাতে ইফতারের সময় ষাট হাজার গুনাহগারকে দোযখ থেকে মুক্তি দান করেন। আর ঈদের দিন সমগ্র মাসের সমসংখ্যক গুনাহগারকে ক্ষমা করা হয়।"

(দুররে মনসুর, খন্ড-১ম, পৃ-১৪৬)

ওহে মদীনার আশিকরা! রমযান মাসের শুভাগমন কি জিনিষ? আমরা গরীবদের ভাগ্য জেগে ওঠে। আল্লাহ তা'আলার অনুগ্রহ ও বদান্যতায় রহমতের দরজাগুলো খুলে দেয়া হয়। আর মাগফিরাতের মুক্তিনামা বেশি পরিমাণে বন্টন করা হয়। আহা! আমরা গুনাহগারগণ যদি মাহে রমযানের মাধ্যমে রহমতে আলামিয়ান হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর রহমতপূর্ণ হাতে

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

জাহান্নাম থেকে মুক্তির আদেশ নামা পেয়ে যেতাম! ইমামে আহলে সুন্নত عَلَيْهِ وَاللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَاللّٰهِ وَسَلَّم রসূলে করীম صَلَّى اللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বর মহান দরবারে আর্য করেছেন ঃ

স্মাঁ দু فرمایئے روزِ مُحْشَر یہ تیری رہائی کی چِمُّھی ملی ہے তামান্না হায় ফরমাইয়ে রোযে মাহশার, ইয়ে তেরী রেহাঈ কী চিট্ঠী মিলী হে।

প্রতিদিন দশলক্ষ গুনাহগারকে দোযখ থেকে মুক্তিদান

আল্লাহ তা'আলার দান, দয়া ও ক্ষমার কথা উল্লেখ করে এক জায়গায় তাজেদারে মদীনা, সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ ﷺ
ইরশাদ করেছেন, "যখন রমযানের প্রথম রাত আসে, তখন আল্লাহ তা'আলা আপন সৃষ্টির দিকে দয়ার দৃষ্টি দেন। বস্তুতঃ যখন আল্লাহ কোন বান্দার দিকে দয়ার দৃষ্টি দেন। বস্তুতঃ যখন আল্লাহ কোন বান্দার দিকে দয়ার দৃষ্টি দেন, তাকে কখনো আযাব দেবেন না। আর প্রতিদিন দশলক্ষ (গুনাহগারকে) জাহান্নাম থেকে মুক্ত করে দেন। (এভাবে) যখন উনত্রিশতম রাত আসে তখন গোটা মাসে যতসংখ্যক লোককে মুক্তিদান করেছেন, তার সমসংখ্যক মানুষকে ওই রাতে মুক্তিদান করেন। অতঃপর যখন ঈদুল ফিতরের রাত আসে তখন ফিরিশতাগণ আনন্দ প্রকাশ করে। আর আল্লাহ তাআলা আপন নূরকে বিশেষভাবে বিচ্ছুরিত করেন এবং ফিরিশতাদেরকে বলেন, "হে ফিরিশতারদল! ওই শ্রমিকদের কি প্রতিদান হতে পারে, যে তার দায়িত্ব পালন করেছে? ফিরিশতাগণ আরয করেন, "তাকে পরিপূর্ণ প্রতিদান দেয়া হোক।" আল্লাহ তা'আলা ইরশাদ ফরমান, "আমি তোমাদেরকে সাক্ষী করছি-আমি তাদের সবাইকে ক্ষমা করে দিয়েছি।" (কানয়ুল উম্মাল, খভ-৮ম, পৃ-২১৯, হাদীস নং-২৩৭০২)

জুমার দিনের প্রতিটি মুহুর্তে দশ লক্ষ জাহান্নামীর মাগফিরাত

হ্যরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস رَضِى اللهُ تَعَالَ عَنْهُمَ থেকে বর্ণিত, মাহবুবে রাব্বিল আলামীন, সায়্যিদুল আম্বিয়া ওয়াল মুরসালীন হ্যরত

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

মুহাম্মদ مَنْ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর আনন্দদায়ক ফরমান, "আল্লাহ মাহে রমযানে প্রতিদিন ইফতারের সময় এমন দশলক্ষ গুনাহগারকে জাহান্নাম থেকে মুক্তি দান করেন, যাদের গুনাহের কারণে জাহান্নাম অনিবার্য (ওয়াজিব) হয়েছিলো। অনুরূপভাবে, জুমার রাতে ও জুমার দিনে (অর্থাৎ বৃহস্পতিবার সূর্যান্ত থেকে আরম্ভ করে জুমার দিনের সূর্যান্ত পর্যন্ত) প্রতিটি মুহুর্তে এমন দশলক্ষ গুনাহগারকে জাহান্নাম থেকে মুক্তি দেয়া হয়, যারা শান্তির উপযোগী বলে সাব্যন্ত হয়েছিল।" (কান্যুল উম্মাল, খভ-৮ম, পু-২২৩, হাদীস নং-২৩৭১৬)

عصیال سے کبھی ہم نے مُنارہ نہ کیا پُر تُونے دِلِ آ رُردہ ہمارانہ کیا ہم نے تَوجہتم کی بَہُت کی تجویز لیکن تِری رُحمت نے گوارانہ کیا

'ইস্ইয়াঁ ছে কভী হাম নে কানারা নাহ্ কিয়া, পর তূ নে দিল আ-যূরদাহ হামারা না কিয়া। হামনে তো জাহান্নাম কী বহুত কী তাজভীয়, লে-কিন তেরী রহমত নে গাওয়ারা না কিয়া।

প্রিয় ইসলামী ভাইয়েরা! উপরোল্লেখিত বরকতময় হাদিসগুলোতে মহামহিম স্রান্তার কতাই মহান পুরস্কার ও বদান্যতার কথা উল্লেখ রয়েছে। মহামহিম আল্লাহরই পবিত্রতা, প্রতিদিন এমন দশলক্ষ গুনাহগারকে ক্ষমা করে দেয়া হয়, যারা তাদের গুনাহের কারণে জাহান্নামের উপযোগী হয়েছিল। তাছাড়া, জুমার রাতে ও জুমার দিনে তো প্রতিটি মুহুর্তে দশলক্ষ করে পাপী দোযখের শান্তি থেকে মুক্ত বলে সাব্যস্ত হয়ে যায়। তদুপরি, রমযানুল মুবারকের শেষ রাতের তো কতোই সুন্দর বাহার! গোটা রমযানে যতসংখ্যক লোককে ক্ষমা করা হয়েছিলো ততসংখ্যক পাপী ওই এক রাতে দোযখের শান্তি থেকে মুক্তি পায়। আহা! যদি আল্লাহ তা আলা আমরা গুনাহগার-পাপীদেরকেও ওই মাগফিরাত-প্রাপ্তদের মধ্যে শামিল করে নিতেন।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

جب کہا عصیاں سے میں نے سخت لاچاروں میں ہوں جن کے بُلّے کچھ نہیں ہے اُن خریداروں میں ہوں تیری رُحت کیلئے شامِل گُنهگاروں میں ہوں بول اُلّھی رُحت نہ گھبرا میں مدد گاروں میں ہوں

জব কাহা 'ইস্ইয়া' ছে মাইনে সখ্ত লা-চার মে হোঁ, জিন্কে পাল্লে কুছ নেহী হায় উন্ খরীদারো মে হোঁ। তেরী রহমত কে লিয়ে শামিল গুনাহ্গারোঁ মে হোঁ, বোল উঠি রহমত নাহ্ ঘাব্রা মাই মদদগারোঁ মে হোঁ।

صَلُّواعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

কল্যাণই কল্যাণ

আমীরুল মু'মিনীন হযরত সায়্যিদুনা উমর ফারুক رَضِيَ اللَّهُ تَعَالَىٰ عَنْهُ कार्यान মু' বলেন, "ওই মাসকে স্বাগতম, যা আমাদেরকে পবিত্রকারী! গোটা রমযান মাস কল্যাণই কল্যাণ। দিনের বেলায় রোযা হোক, কিংবা রাত্রি জাগরণ করে ইবাদত। এ মাসেব্যয় করা জিহাদে অর্থ ব্যয় করার মত মর্যাদা রয়েছে।" (তামীহুল গাফিলীন, পূ-১৭৬)

ব্যয়কে বাড়িয়ে দাও

হযরত সায়্যিদুনা দ্বামুরা وَضِىَ اللّٰهُ تَعَالَى عَنْهُ اللّٰهُ تَعَالَى عَنْهُ وَاللهِ وَسَلَّم श्राक्त तिर्णि, निर्णे करी करी तिर्णे विक्र स्थान विश्व कर्णे الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم الله تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم هم على الله تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم الله وَاللَّه وَاللَّهُ وَاللَّه وَاللَّهُ وَاللَّا

(আল জামেউস সাগীর, পৃ-১৬২, হাদিস-২৭১৬)

হযরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

বড় বড় চক্ষু বিশিষ্ট হুরেরা

হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে আব্বাস ইটি এইটি থেকে বর্ণিত, নবী করীম রউফুর রাহীম হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ব্যামদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হচ্ছে-

"যখন রমযান শরীফের প্রথম তারিখ আসে, তখন মহান আরশের নিচে থেকে মাসীরাহ নামক বাতাস প্রবাহিত হয়, যা জান্নাতের গাছপালাকে নাড়া দেয়। ওই বাতাস প্রবাহিত হবার কারণে এমনি মনোরম উচ্চস্বর ধ্বনিত হয়, যার চেয়ে উত্তম সুর আজ পর্যন্ত কেউ শুনেনি। ওই সুর শুনে (সুন্দর চোখ বিশিষ্ট) হুরেরা বেরিয়ে আসে। শেষ পর্যন্ত তারা জান্নাতের উঁচু উঁচু মহলগুলোর উপর দাঁড়িয়ে যায়। আর বলে, "কেউ আছাে, যে আল্লাহ তা'আলার দরবারে আমাদের প্রার্থী হবে, যাতে তার সাথে আমাদের বিবাহ হয়?" তারপর ওই হুরগুলাে জান্নাতের দারোগা (হয়রত) রিদ্বওয়ান হার্মান্র হা্মান্তর বলে, "আজ এ কেমন রাত?" হয়রত রিদ্বওয়ান হয়য়ালের প্রথম রাত। জান্নাতের দরজাগুলাে হয়রত মুহাম্মদ মোন্তফা হার্মহ হা্ম্ হর্মানের প্রথম রাত। জানাতের রোযাদারের জন্য খুলে দেয়া হয়েছে।"

(আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-২য়, পৃ-৬০, হাদীস-২৩)

দুটি অন্ধকার দূরীভূত হয়

বর্ণিত আছে যে, আল্লাহ তা'আলা হযরত সায়্যিদুনা মূসা কলীম উল্লাহ مَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم वर्णित आि উमारा عَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم क्षिण स्थात अधि है है। আম করছি। আতে তারা দু'টি অন্ধকারের বিপদ থেকে নিরাপদে থাকে। সায়্যিদুনা মুসা কলীম উল্লাহ والسَّلام করলেন, "হে আল্লাহ! ওই নূর দু'টি কি কি?" ইরশাদ হলো, রমযানের নূর" ও "কোরআনের নূর"।"

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

সায়্যিদুনা মুসা কলীম উল্লাহ على نَبِيِّناوَعَلَيْهِ الصَّلَوٰةُ وَالسَّلا م আর্ষ করলেন, "অন্ধকার দু'টি কি কি?" বললেন, "একটা কবরের, আর অপরটা কিয়ামতের।"

(দুর্রাতুরাসিহীন, প্-৯)

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! আল্লাহ তা'আলা মাহে রমযানের প্রতি গুরুত্বারোপকারীর উপর কি পর্যায়ের দয়া প্রদর্শনকারী! উল্লেখিত দু'টি বর্ণনায় মাহে রমযানের কতো বড় বড় দয়া ও কল্যাণের কথা উল্লেখ করা হয়েছে! রমযান মাসের প্রতি গুরুত্বারোপকারী মাত্রই রোযা পালন করে, পরম করুণাময় আল্লাহর সন্তুষ্টি অর্জন করে এবং জান্নাতগুলোর চিরস্থায়ী নে'মতগুলো অর্জন করে। তাছাড়া, দ্বিতীয় বর্ণনায় দু'টি 'নূর' ও দু'টি 'অন্ধকার'-এর কথা উল্লেখ করা হয়েছে। অন্ধকার দূর করার জন্য আলো জরুরী। পরম করুণাময় আল্লাহ এই মহান দয়ার উপর কোরবান হয়ে যাই! তিনি আমাদেরকে কোরআন ও রমযানের দু'টি 'নূর' দান করেছেন, যাতে কবর ও কিয়ামতের ভয়ানক অন্ধকার দূর হয়ে যায় এবং আলোই আলো হয়ে যায়।

صَلُّواعَلَىالْحَبِيْب! صَلَّىاللهُ تَعَالَىعَلَىمُحَتَّى مَلَّوَاعَلَىالُمُ الْمُحَتَّى مَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى مَلَّالُهُ المُعَلَىمُ مَا المُعَالَى مَا المُعَالِي مَا المُعَالَى مَا المُعَلَى مَا المُعَالَى مَا المُعْلَى مُعَلِّمُ المُعَالَى مَا المُعَالَى مَا المُعَالَى مَا المُعْلَى مُعَلِّمُ المُعَلِّى المُعَالَى مَا المُعَلَى مُعْلَى مُعْلَمُ المُعْلَى مُعْلَى مُعْلِى مُعْلَى مُعْلِى مُعْلَى مُعْلِى مُعْلَى مُعْلِى مُعْلَى مُعْلَى مُعْلِى مُعْلَى مُعْلِى مُعْلِى مُعْلَى مُعْلِى مُعْلِمُ مُعْلِى مُعْلِي مُعْلِى م

রোযা ও কোরআন কিয়ামতের দিন মুসলমানের জন্য সুপারিশের সামগ্রী তৈরী করবে। হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে উমর হিন্দুটা ইটাট হালি বলেন, মক্কী-মাদানী সারকার, শফীয়ে রোযে শুমার হযরত মুহাম্মদ আইন হালি সুপারিশ করেন, "রোযা ও কোরআন বান্দার জন্য কিয়ামতের দিন সুপারিশ করবে।" রোযা আরয করবে, "হে দয়ালু প্রতিপালক! আমি আহার ও প্রবৃত্তিগুলো থেকে দিনে তাকে বিরত রেখেছি। আমার সুপারিশ তার পক্ষে কবুল করুন!" কোরআন বলবে, "আমি তাকে রাতের বেলায় ঘুমাতে দেইনি। আমার সুপারিশ তার পক্ষে কবুল করুন।" সুতরাং উভয়ের সুপারিশ কবুল করা হবে।" (মুসনদে ইমাম আহমদ, খভ-২য়, পৃঃ ৫৮৬, হাদীস নং-৬৬৩৭)

হ্র্য রম্যানের ফ্যীলত

হ্যরত মুহাম্মদ ﷺ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

ক্ষমা করার অজুহাত

আমিরুল মু'মিনীন হযরত মওলায়ে কায়িনাত আলী মুরতাজা رَضِى اللهُ تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم বলেন, "যদি আল্লাহ তাআলা উদ্মতে মুহাম্মদী صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم কে শাস্তি দেয়া উদ্দেশ্য থাকতো, তাহলে 'রমযান' ও 'সূরা ইখলাস শরীফ' কখনো দান করতেন না।" (নুযহাতুল মাজালিস, খভ-১ম, প্-২১৬)

টেং ব্লাটিক ব্লুয়াত প্রতিশ্বলাদ কর্তী য়া হেই বিলাজ বিলাজ করা করা আবা হোগী ইয়া রৌজে জযা,
দী উনকী রহমত নে ছদা ইয়ে ভী নেহী, উও ভী নেহী।
(হাদায়েখে বখশিশ)

লক্ষ রম্যানের সাওয়াব

হ্যরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস ئَنْ اللهُ تَعَالَ عَلَيْهِ الله وَسَلَّم থেকে বর্ণিত, আহমদে মুখতার হ্যরত মুহাম্মদ الله وَسَلَّم ইরশাদ করেন, "যে ব্যক্তি মক্কা মুকাররামায় রম্যান মাস পেলো, রোযা রাখলো এবং রাতে যথাসম্ভব জেগে জেগে ইবাদত করলো, আল্লাহ তাআলা তার জন্য অন্য জায়গার এক লক্ষ রম্যান মাসের সাওয়াব লিপিবদ্ধ করবেন। আর প্রতিদিন একটা গোলাম মুক্ত করার সাওয়াব, প্রতি রাতে একটা গোলাম মুক্ত করার সাওয়াব, প্রতিদিন জিহাদে ঘোড়া সাওয়ারী দেয়ার সাওয়াব এবং প্রতিটি দিনে ও রাতে সাওয়াব লিপিবদ্ধ করবেন।" (ইবনে মাজাহ, খভ-৩য়, প্র-৫২৩, হাদীস-৩১১৭)

আহ! যদি ঈদ মদীনায় হত!

প্রিয় ইসলামী ভাইয়েরা! মক্কায়ে মুকাররামা মহামহিম আল্লাহর প্রিয় হাবীব হাবীবে লবীব আমরা অসহায়দের গুনাহের চিকিৎসক হযরত মুহাম্মদ এর পবিত্র জন্মভূমি। আল্লাহ তা আলা আপন হাবীব

25

হ্যরত মুহাম্মদ ্শ্লি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

হযরত মুহাম্মদ مَلَّ الله تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم এর ওসীলায় কি পরিমাণ দয়া করেছেন যে, তাঁর প্রিয় মাহবুব হযরত মুহাম্মদ مَلَّهِ وَالله وَسَلَّم এর কোন গোলাম (উম্মত) যদি রমযান মাসে মক্কা মুকাররামায় অতিবাহিত করে এবং সেখানে রোযা পালন করে তারাবীহ পড়ে, তবে তাকে অন্যান্য স্থানের এক লক্ষ্রমযান মাসের সমান সাওয়াব দান করা হবে, প্রতিটি দিন ও রাতে একটি করে গোলাম আযাদ করার সাওয়াব এবং একেকটা নেকী অতিরিক্ত দান করেন।

আহা! আমাদেরও যদি রমযান মাস মক্কায়ে মুকার্রামায় অতিবাহিত করার মহা সৌভাগ্য হয়ে যেতো! আর তাতে প্রতি মুহুর্ত ইবাদত করার সামর্থ্য হয়ে যেতো! তারপর রমযান অতিবাহিত করে সাথে সাথে ঈদ উদযাপনের জন্য আমাদের প্রিয় আকা হয়রত মুহাম্মদ مَلَّه وَالِه وَسَلَّم এর নূরানী রওয়ায় হায়ির হয়ে "ঈদের বখিশশ" ভিক্ষা চাওয়ার সৌভাগ্য হত ও সবুজ গম্বুজের নূরানী পরিবেশে আসীন রহমাতুল্লিল আলামীন ক্রাম্রিক হায়িত এর দয়ার সাগরে ঢেউ এসে যেতো! আহা! 'হয়ুর' مَلَّ الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর নূরানী হাত থেকে যদি আমরা গুনাহগারগণ 'ঈদের বখিশশ' পেতাম! এ সবকিছু হয়ুর مَلَّ الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হয়র বদান্যতায়ই সম্ভব!

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযান মাসে আমাদের উচিত হবে আল্লাহর খুব বেশি ইবাদত করা এবং এমন প্রতিটি কাজও করা চাই, যাতে আল্লাহ তাআলা ও তাঁর মাহবুব দানায়ে গুয়ুব (অদৃশ্য বিষয়ের জ্ঞানের ধারক), মুনায্যাহুন আনিল 'উয়ুব (নিম্পাপ সত্তা) হযরত মুহাম্মদ مَلَّهُ وَالِهُ وَعَلَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বর সন্তুষ্টি রয়েছে। কারণ, এ মাসেও যদি কেউ তার ক্ষমা করিয়ে নিতে না পারে, তবে সে আর কবে করাবে? আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ مَلَّهُ وَالِهِ وَسَلَّم আসার সাথে সাথেই আল্লাহর ইবাদতে বেশি মাত্রায় মগ্ন হয়ে যেতেন।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্রু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

যেমনিভাবে উম্মুল মু'মিনীন সায়িয়দাতুনা আয়িশা সিদ্দীকা نوني الله تَعَالَى عَنْهُ وَالله تَعَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم বলেন, "যখন রমযান আসতো, তখনই আমার মাথার মুকুট, মিরাজের দুলহা হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم মহামহিম আল্লাহর ইবাদতের জন্য সম্পূর্ণ প্রস্তুত ও তৎপর হয়ে যেতেন। আর গোটা মাসেই নিজের বিছানা মুবারকের উপর তাশরীফ আনতেন না।" (দুররে মানসুর, খভ-১ম, পৃ-৪৪৯)

রহমতের নবী 🕮 রম্যানে বেশি পরিমাণে দু'আ করতেন

তিনি আরো বলেন, "যখন রমযান মাসের শুভাগমন হতো তখন নবী করীম রউফুর রহীম مَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর রং মুবারক পরিবর্তন হয়ে যেতো। আর হয়য়র مَلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বেশি পরিমাণে নামায পড়তেন, খুব কান্নাকাটি করে দু'আ প্রার্থনা করতেন এবং আল্লাহ তাআলার ভয় হয়য়রকে আচ্ছন্ন করত।" (শুআবুল ঈমান, খভ-৩য়, পৃ-৩১০, হাদীস-৩৬২৫)

রহমতের নবী 🕮 রম্যানে বেশি পরিমাণে দান করতেন

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ পবিত্র মাসে বেশী পরিমাণে দান-সদকা করাও সুন্নত। হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে আব্বাস رَفِي اللهُ تَعَالَىٰ عَنْيُهِ وَالِهِ وَسَلَّم প্রথম রম্যান মাস আসে তখন হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَىٰ عَنَيْهِ وَالِهِ وَسَلَّم প্রয়েদীকে মুক্তি দিয়ে দিতেন এবং প্রত্যেক ভিখারীকে দান করতেন।"

(দুররে মানসুর, খন্ড-১ম, পৃ-৪৪৯)

সবচেয়ে বেশি দানশীল

সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস وَضِيَ اللهُ تَعَالَىٰ عَنْهُ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم বর্ণনা করেছেন, "আল্লাহর রসূল صَلَّى اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم সমস্ত মানুষের মধ্যে সর্বাপেক্ষা বেশি দানশীল। হুযুরের দানশীলতার সমুদ্রে তখন বেশি ঢেউ ছিলো।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

যখন (রমযান মাসে) হ্যুর مَسَّ اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সাথে জিব্রাঈল আমীন صَلَّى اللهُ وَالسَّلام রমযানের প্রত্যেক রাতে সাক্ষাতের জন্য হাযির হন এবং সরকার مَلَيْهِ الصَّلَىٰ اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সাথে কোরআন পাঠের অবতারণা করেন। সুতরাং রস্লুল্লাহ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সবেগে প্রবাহমান বাতাসের চেয়েও বেশী পরিমাণে কল্যাণের ক্ষেত্রে দান করতেন।"

(সহীহ বুখারী শরীফ, খন্ড-১ম, পৃ-০৯, হাদীস নং-৬)

ہاتھ اٹھا کر ایک ٹکڑااے کریم ہیں سخی کے مال میں حقدار ہم

হাত উঠা কর এক টুকড়া আয় করীম, হে ছখী কে মাল মে হকদার হাম

(হাদায়েকে বখশিশ)

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

হাজার গুণ সাওয়াব

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযান মাসে সৎ কার্যাদির সাওয়াব খুব বেশি হয়ে যায়। সুতরাং এ মাসে অধিক থেকে অধিকতর সৎ কাজ করতে চেষ্টা করুন। সুতরাং হযরত সায়্যিদুনা ইব্রাহীম নাখই رَحْمَةُ الله تَعَالَىٰ عَلَيهِ বলেন, "রমযান মাসে একদিন রোযা রাখা (অন্য সময়) এক হাজার রোযা রাখার চেয়ে উত্তম। রমযান মাসে একবার 'তাসবীহ' পাঠ করা (অর্থাৎ سُبْخُنَ الله वला) অন্য মাসে এক হাজার বার তাসবীহ পাঠ করা (অর্থাৎ سُبْخُنَ الله वलाর) চেয়ে উত্তম। রমযান মাসে এক রাকআত নামায পড়া, রমযান ব্যতীত অন্য মাসের এক হাজার রাকআত অপেক্ষা উত্তম। (আদ্ দুররুল মানসুর, খভ-১ম, প্-৪৫৪)

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

রম্যানে যিকিরের ফ্যীলত

হযরত আমীরুল মু'মিনীন সায়িয়দুনা উমর ফারুকে আযম وَضِىَ اللَّهُ تَعَالَى عَنْهُ مَا اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلِيْهِ وَاللهِ وَسَلَّم বিণিত, নবীকুল সরদার, হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم বিণিত গ্রামিন ক্ষিতি ক্ষিত

অনুবাদ ঃ - "রমযান মাসে আল্লাহর যিকরকারীকে ক্ষমা করা হয় এবং আল্লাহর দরবারে প্রার্থনাকারী বঞ্চিত থাকে না।"

(শুআবুল ঈমান, খভ-৩য়, পু-৩১১, হাদীস নং-৩৬২৭)

সুনুতে ভরপুর ইজতিমা ও আল্লাহর যিকির

প্রিয় ইসলামী ভাইয়েরা! ওইসব লোক কতইনা সৌভাগ্যবান, যারা এ বরকতময় মাসে বিশেষ করে যিকর ও দুরূদের মাহফিলে এবং সুনুতে ভরা ইজতিমায় শরীক হবার সৌভাগ্য লাভ করে আর আল্লাহর মহান দরবারে নিজেদের দুনিয়া ও আখিরাতের মঙ্গল প্রার্থনা করে।

তবলীগে কোরআন ও সুন্নাত এর বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর সুন্নতে ভরা ইজতিমা শুরু থেকে শেষ পর্যন্ত আল্লাহর যিকির দ্বারা সাজানো। কেননা তিলাওয়াত, না'ত শরীফ, সুন্নতে ভরা বয়ান, দু'আ, সালাত ও সালাম ইত্যাদি সবকিছু আল্লাহর যিকির এর অন্তর্ভূক্ত। দা'ওয়াতে ইসলামীর ইজতিমার বরকতের একটি ঝলক শুনুন। যেমন-

ছয়টি কন্যা সন্তানের পর পুত্র সন্তান

মারকাযুল আউলিয়া (লাহোর) এর এক ইসলামী ভাইয়ের বর্ণনা কিছুটা নিজের ভাষায় বর্ণনা করছি ঃ সম্ভবত ২০০৩ সালের কথা। এক ইসলামী ভাই আমাকে তবলীগে কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর তিনদিনের আন্তর্জাতিক সুনুতে ভরা ইজতিমায় (সাহরায়ে মদীনা, মদীনাতুল আউলিয়া মুলতানে) অংশগ্রহণ করার জন্য দা'ওয়াত পেশ করেন। হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

আমি তাকে বললাম, ভাই! আমি ছয়টি কন্যা সন্তানের বাবা, আমার ঘরে বর্তমানে আরো একটি সন্তান আসার অপেক্ষায় আছে, দু'আ করবেন যাতে এবার আমার পুত্র সন্তান হয়।

বললেন, المنافرة الم

প্রিয় ইসলামী ভাইয়েরা! দা'ওয়াতে ইসলামীর মাদানী মহল ও সুন্নতে ভরা ইজতিমায় কেন রহমত বর্ষণ হবে না! কেননা জানি না ঐ সকল আশিকানে রসুলদের মধ্যে কতজন আল্লাহর ওলী রয়েছেন। আমার আকা আলা হ্যরত يَحْمَةُ اللّٰهِ تَعَالَى عَلَيهِ বলেন, "জামাআতের মধ্যে বরকত রয়েছে আর দুআয়ে

مَجْمَعِ مُسلِمين أَقْرَب بَقَبُول

(অর্থাৎ মুসলমানদের সমাবেশে দুআ করাটা কবুল হওয়ার খুবই কাছাকাছি)

হ্**যরত মুহাম্মদ**্শৃ ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

ওলামায়ে কিরামগণ বলেন : যেখানে ৪০ জন নেককার মুসলমান একত্রিত হয়, তাদের মধ্যে একজন অবশ্যই আল্লাহর ওলী থাকেন। (ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-২৪, পৃ-১৮৪, তফসীরে শরহে জামি সগীর, হাদীস নং-৭১৪, খন্ড-১ম, পৃ-৩১২ দারুল হাদীস, মিশর ব্যাখ্যায় বর্ণিত)

মূল কথা হল: দুআ কবুল হওয়ার কোন চিহ্ন যদিও দেখা না যায় তবুও অভিযোগের শব্দাবলী মুখে উচ্চারণ না করা চাই। আমাদের কোন কথায় আমাদের কল্যাণ আছে তা আমাদের চেয়ে আল্লাহ তাআলা অধিক ভালো জানেন। আমাদেরকে প্রতিটা মুহুর্তে আল্লাহ তাআলার শোকর গুজার বান্দা হয়ে থাকা চাই। তিনি ছেলে সন্তান দান করলেও শোকর, মেয়ে দান করলেও শোকর, উভয়টি দান করলেও শোকর, আর একেবারে না দিলেও সদা সর্বদা শোকর আদায় করাই উচিত। ২৫ পারা সুরায়ে শোরা এর ৪৯ ও ৫০ নং আয়াতে ইরশাদ হচ্ছে %-

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আল্লাহরই জন্য আসমানসমূহ ও যমীনের রাজত্ব। তিনি সৃষ্টি করেন যা ইচ্ছা করেন। যাকে চান কন্যা সন্তান সমূহ দান করেন এবং যাকে চান পুত্র সন্তান সমূহ দান করেন। অথবা উভয়ই যুক্তভাবে প্রদান করেন– পুত্র ও কন্যা সন্তান। যাকে চান বন্ধ্যা করে দেন। নিশ্চয় তিনি জ্ঞানময়, শক্তিমান। للهِ مُلُكُ السَّمُوْتِ وَ الْأَرْضِ لَّ يَخُلُقُ مَا يَشَاءُ يَهَبُ لِمَنْ يَّشَاءُ الدُّكُوْرَ النَّاقًا وَ اللَّكُورَ اللَّهُ اللَّكُورَ اللَّهُ اللَّكُورَ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلِيمًا لَا يَخْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا لَا إِنَّهُ عَلِيمً عَلِيمًا لَا يَخْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا لَا إِنَّهُ عَلِيمً وَيَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا لَا إِنَّهُ عَلِيمً وَيَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا لَا إِنَّهُ عَلِيمً وَيَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا لَا إِنَّهُ عَلِيمً وَيَوْرَ عَلَى اللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللَّهُ اللَّهُ الللللَّهُ الللَّهُ اللللْمُ اللللْمُ اللَّهُ الللللْمُ اللَّهُ اللللْمُ الللللْمُ الللللْمُ الللللْمُ الللللْمُ اللللْمُ اللللْمُ الللللْمُ اللللْمُ الللللْمُ الللللْمُ اللللْمُ اللللْمُ اللللْمُ اللللْمُ اللللْمُ اللللْمُ الللللْمُ اللللللْمُ الللللْمُ اللللْمُ اللللْمُ الللللْمُ الللللْمُ الللللْمُ الللْمُ اللللْمُ

(সূরা-শূরা, আয়াত-৪৯, ৫০, পারা-২৫)

সদরুল আফাযিল, হযরত আল্লামা মওলানা মুহাম্মদ নঈমুদ্দীন মুরাদাবাদী وَحْمَةُ اللّٰهِ تَعَالَىٰ عَلَيهِ वर্ণনা করেন, তিনি মালিক, নিজের অনুগ্রহকে যেভাবে চান বণ্টন করেন। যে যা চায় দান করেন। নবীগণের মধ্যে এই সব অবস্থা আমরা দেখতে

31

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

পাই। হযরত সায়িয়দুনা লুত السّلام হযরত সায়িয়দুনা শোয়াইব এর শুধুমাত্র কন্যা সন্তানই ছিল। কোন ছেলে সন্তান ছিল না। হযরত সায়িয়দুনা ইবরাহীম على نَبِيّناء عَلَيْهِ الصَّلاءُ والسّلام এর শুধুমাত্র ছেলে সন্তান ছিল না। হযরত সায়িয়দুনা ইবরাহীম مَلَى السّلام এর শুধুমাত্র ছেলে সন্তান ছিল মেয়ে ছিল না। হযরত সায়িয়দুনা সায়িয়দুল আম্বিয়া হাবিবে খোদা মুহাম্মদ মুস্তফা صَلَى اللهُ صَلَى اللهُ وَالله وَسَلّا وَالله وَالله وَسَلّا وَالله وَسَلّا وَالله وَالله وَالله وَسَلّا وَالله وَسَلّا وَالله وَسَلّا وَالله وَالله وَسَلّا وَالله وَسَلّا وَالله وَالل

রম্যানের পাগল

এক ব্যক্তি, যার নাম ছিলো মুহাম্মদ। গোটা বছর নামায পড়তো না। যখন রমযান শরীফের বরকতময় মাস আসতো, তখন সে পাক-সাফ পোশাক পরতো এবং পাঁচ ওয়াক্ত নামায নিয়মিতভাবে পড়তো। এমনকি গত বছরের নামাযগুলোও কাযা আদায় করে দিতো। লোকেরা তাকে বলত, "তুমি এমন করো কেন?" সে বলত, "এ মাসটা হচ্ছে রহমত, বরকত, তওবা ও মাগফিরাতের। হতে পারে আল্লাহ তা'আলা আমাকে আমার এ 'আমলের কারণে ক্ষমা করবেন।" যখন তার ইনতিকাল হলো, তখন কেউ তাকে স্বপ্লে দেখলো আর বললো, আল্লাহ তা'আলা তোমার সাথে কিরূপ আচরণ করেছেন? সে বললো, "আমার মহামহিম আল্লাহ আমাকে রমযান শরীফের প্রতি সম্মান দেখানোর কারণে ক্ষমা করে দিয়েছেন।" (দুররাতুরাসিহীন, পৃষ্ঠা-৮ম)

আল্লাহর তাআলার রহমত তাঁর উপর বর্ষিত হোক এবং তাঁর সদকায় আমাদের গুনাহ্ ক্ষমা হোক।

আল্লাহ অমুখাপেক্ষী

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! আল্লাহ তাআলা রমযান মাসের প্রতি গুরুত্বারোপকারীকে কতো উচ্চ পর্যায়ের দয়া করেছেন! বছরের অন্যান্য মাসকে বাদ দিয়ে শুধু রমযান মাসে ইবাদতকারীকেও ক্ষমা করে দিয়েছেন।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

এ ঘটনা থেকে কেউ আবার একথা বুঝে বসবেন না যে, 'এখনতো আল্লাহ্রই পানাহ্ সারা বছরের নামায থেকে অব্যাহতি পাওয়া গেলো! শুধু বরকতময় রমযান মাসেই রোযা-নামায পালন করে নেবো। আর সোজা জান্লাতে চলে যাবো।'

প্রিয় ইসলামী ভাইয়েরা! প্রকৃতপক্ষে ক্ষমা করা ও আযাব দেওয়া এ সবকিছু আল্লাহর ইচ্ছার উপর নির্ভর করে। তিনি কারো মুখাপেক্ষী নন। তিনি ইচ্ছা করলে কাউকে বাহ্যতঃ কোন ছোট নেক আমলের উপর ভিত্তি করেই ক্ষমা করে দেন। আর তিনি চাইলে কাউকে আবার তার বড় বড় নেক আমল থাকা সত্ত্বেও কোন একটা ছোট গুনাহের উপর পাকড়াও করে নেবেন। যেমন ৩য় পারা সুরা বাকারা ২৮৪ নং আয়াতে ইরশাদ হচ্ছে

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ
অতঃপর যাকে ইচ্ছা ক্ষমা করবেন
আর যাকে ইচ্ছা করবেন শান্তি দিবেন;

(পারা-৩, সূরা-বাকারা, আয়াত-২৮৪)

ট্ দু নাদ্ শুল কুটি কুটা ব্ৰহ্ম হো গ্ৰহ আৰু কুট্ৰ আৰু হুলা হ হু বে-হিসাব বখ্শ কেহ্ হায় বে-শুমার জুর্ম, দে-তা হোঁ ওয়াস্তাহ্ তুঝে শাহে হিযায কা।

তিনটি জিনিসের মধ্যে তিনটি গোপন জিনিস

প্রিয় ইসলামী ভাইয়েরা! কোন নেকীই ছেড়ে দেয়া উচিত নয়। জানিনা, আল্লাহ তাআলার মহান দরবারে কোন নেকীটা পছন্দ হয়ে যায়। পক্ষান্তরে, কোন

হ্যরত মুহাম্মদ শ্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

ছোট থেকে ছোটতর গুনাহও না করা চাই। জানিনা, কোন গুনাহের উপর আল্লাহ তাআলা অসন্তুষ্ট হয়ে যান। আর তাঁর কষ্টদায়ক শাস্তি এসে আমাদের ঘিরে ফেলে।

শরীফ, মুহাদ্দিসে কুটলভী عنال এই এই বর্ণনা করেছেন, "আল্লাহ তিনটি জিনিষের মধ্যে তিনটি জিনিষের মধ্যে তিনটি জিনিষকে গোপন রেখেছেন ঃ ১. নিজের সন্তুষ্টিকে নিজের আনুগত্যের মধ্যে, ২. নিজের অসন্তুষ্টিকে নির্দেশ অমান্য করার মধ্যে এবং ৩. নিজের ওলীগণকে তাঁর বান্দাদের মধ্যে।" একথা উদ্ধৃত করার পর ফকীহে আযম وَحْبَةُ اللّه تَعَالَ عَلَيْهِ বলেন, "প্রতিটি নির্দেশ পালন করা ও প্রতিটি নেকীকে কাজে পরিণত করা চাই। কারণ, একথা জানা নেই, কোন পাপের উপর তিনি অসন্তুষ্ট হয়ে যান! হোক না ওই পাপাচার অতি ছোট। যেমন, (বিনানুমতিতে) কারো কাঠি (Toothpick) দিয়ে খিলাল করা। এটা বাহ্যিকভাবে অতি মা'মূলী বিষয়। কিংবা কোন প্রতিবেশীর মাটি দ্বারা তার অনুমতি ছাড়া নিজের হাত পরিস্কার করা। এটাও একটা নগণ্য বিষয়। কিন্তু এটাও সম্ভব যে, এ মন্দ কাজটিতেই মহান আল্লাহর অসন্তুষ্টি নিহিত রয়েছে। সুতরাং এমন ছোট ছোট কাজ থেকেও বিরত থাকা চাই।" (আখলাকুস সালিহীন, প্-৫৬)

কুকুরকে পানি পানকারীণিকে ক্ষমা করা হয়েছে

ওহে রহমত প্রার্থীরা! যখন তিনি ক্ষমা করতে চান তখন বাহ্যিকভাবে যতই ছোট নেকীই হোক না কেন, তিনি সেটার উপর ভিত্তি করে দয়া পরবশ হয়ে যান। সুতরাং এ প্রসঙ্গে বহুসংখ্যক হাদীস বর্ণিত হয়েছে। যেমন-এক নারীকে শুধু এজন্যই ক্ষমা করা হয়েছে যে, সে এক পিপাসার্ত কুকুরকে পানি পান করিয়ে ছিলো। (বুখারী শরীফ, খভ-২য়, পৃ-৪০৯, হাদীস নং-৩৩২১)

হযরত মুহাম্মদ শ্রিঞ্জি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

(মুসলিম শরীফ, পূ-১৪১০, হাদীস নং-১৯১৪)

অন্য এক বিশুদ্ধ হাদীস শরীফের দাবী অনুসারে 'নম্রতা' (অর্থাৎ কর্জ আদায়ের ব্যাপারে শিথিলতা) অবলম্বনকারী এক ব্যক্তিকে নাজাত দানের ঘটনাও এসেছে। (বোখারী শরীফ, খন্ড-২য়, পৃ-১২, হাদীস নং-২০৭৮)

আল্লাহ তা'আলার রহমতের ঘটনাবলী আলোচনা করতে গেলে সেগুলোর সংখ্যা এতো বেশী হয় যে, আমরা সেগুলো এ ক্ষুদ্র পরিসরে আলোচনা করতে পারিনা; কবি বলেন

> مُرْدہ باداے عاصِیو! ذاتِ خُداعْقارہے تَمُنیْت اے مجرِ مو! شافع شهراً برارہے

মুযদাহবাদ আয় 'আছিয়ো! যাতে খোদা গাফ্ফার হায়, তাহনিয়াত আয় মুজরিমো! শাফি' শাহে আবরার হায়।

(হাদায়েখে বখশিশ)

আযাব থেকে মুক্তি লাভের কারণ

প্রিয় ইসলামী ভাইয়েরা! যখন আল্লাহ রহমত করতে চান তখন কোন একটা আমলকে নিজের দরবারে কবুল করেন তারপর ওই কারণে তাঁর রহমতের বৃষ্টি বর্ষণ করে দেন।

এখন একটা বরকতময় হাদীস পেশ করা হচ্ছে, যাতে এমন কতগুলো লোকের কথা উল্লেখ করা হয়েছে, যারা কোন না কোন নেকীর কারণে আল্লাহ তা'আলার পাকড়াও থেকে বেঁচে গেছে। আর আল্লাহর রহমত তাদেরকে আবৃত করেছে। যেমন ঃ

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

- ك. এক ব্যক্তির রুহ কজ করার জন্য 'মালাকুল মওত' عَلَيْهِ الصَّلَاءُ আসলো, কিন্তু তার মাতা পিতার আনুগত্য করার সাওয়াব সামনে এসে দাঁড়ালো এবং সে বেঁচে গেলো।
- ২. এক ব্যক্তিকে কবরের আযাব ছেয়ে ফেললো, কিন্তু তার ওয়ু (রূপী নেকী) তাকে রক্ষা করলো।
- ৩. এক ব্যক্তিকে শয়তান ঘিরে ফেললো; কিন্তু আল্লাহ তাআলার যিকর (রূপী নেকী) তাকে রক্ষা করে নিলো।
- 8. এক ব্যক্তিকে আযাবের ফিরিশতারা ঘিরে নিলো; কিন্তু তাকে (তার) নামায (রূপী নেকী) রক্ষা করলো।
- ৫. এক ব্যক্তিকে দেখলাম, পিপাসায় কাতর হয়ে পড়ায় তার জিহ্বা বের হয়ে পড়ছিলো। আর একটা হাওযে পানি পান করার জন্য যাচ্ছিলো; কিন্তু তাকে ফিরিয়ে দেয়া হচ্ছিলো। এর মধ্যে তার রোযা এসে গেলো। আর (এ নেকী) তাকে পরিতৃপ্ত করে দিলো।
- ৬. এক ব্যক্তিকে দেখলাম, যেখানে সম্মানিত নবীগণ আলাইহিমুস সালাম গোল হয়ে বসে আছেন। সেখানে সে তাঁদের নিকট যেতে চাচ্ছিলো। কিন্তু তাকে (সেখান থেকে) তাড়িয়ে দেয়া হচ্ছিলো। এর মধ্যে তার 'জানাবতের ফরজ গোসল' এসে হাযির হলো। আর (তার এ নেকী) তাকে আমার নিকটেই বসিয়ে দিলো)।
- ৭. এক ব্যক্তিকে দেখলাম, তার সামনে ও পেছনে, ডানে ও বামে, উপরে ও নিচে অন্ধকারই অন্ধকার। সে ওই অন্ধকারে হতভম্ব ও পেরেশান। তখন তার হজ্ব ও ওমরা সামনে এসে গেলো। আর (এ নেকীগুলো) তাকে অন্ধকার থেকে বের করে আলোর মধ্যে পৌঁছিয়ে দিলো।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

- ৮. এক ব্যক্তিকে দেখলাম যে, সে মুসলমানদের সাথে কথা বলতে চাচ্ছিলো; কিন্তু কেউ তার সাথে কথা বলতে রাজি না। তখন 'আত্মীয়দের প্রতি
- সদ্যবহাররূপী নেকীটা মু'মিনদেরকে বললো, "তোমরা তার সাথে কথাবার্তা বলো।" সুতরাং মুসলমানরা তার সাথে কথা বলতে আরম্ভ করলো।
- ৯. এক ব্যক্তির দেহ ও চেহারার দিকে আগুন এগিয়ে আসছিল। আর সে তার হাতে তা দূর করতে চাচ্ছিলো। তখন তার সদকা এসে পড়লো এবং তার সামনে ঢাল হয়ে তার মাথার উপর ছায়া হয়ে গেলো।
- ১০. এক ব্যক্তিকে 'যাবানিয়্যা' (অর্থাৎ আযাবের বিশেষ ফিরিশতাগণ) চতুর্দিক থেকে ঘিরে ফেললো। কিন্তু তার 'সৎকাজের নির্দেশ দান ও অসৎকাজে বাধা প্রদান' (রূপী নেকী) এসে হাযির হল আর তা তাকে রক্ষা করলো এবং রহমতের ফিরিশতাদের হাতে সোপর্দ করে দিলো।
- ১১. এক ব্যক্তিকে দেখলাম, সে হাঁটুর উপর ভর করে বসা ছিলো। কিন্তু তার ও আল্লাহ তাআলার মধ্যভাগে পর্দা ছিলো। কিন্তু তার সচ্চরিত্র আসলো। এ (নেকী) তাকে রক্ষা করে নিলো এবং আল্লাহ তা'আলার সাথে মিলিয়ে দিলো।
- ১২. এক ব্যক্তিকে দেখলাম তার আমলনামা তার বাম হাতে দেয়া হচ্ছে। তখন তার 'আল্লাহর ভয়' (তাকওয়া) এসে পড়লো। আর এ (মহান নেকীর বরকতে) তার আমলনামা ডান হাতে দেয়া হলো।
- ১৩. এক ব্যক্তির নেকীর ওজন হালকা ছিলো। কিন্তু তার দানশীলতা এসে পড়লো এবং নেকীর ওজন ভারী করে দিলো।
- ১৪. এক ব্যক্তি জাহান্নামের কিনারায় দাঁড়ানো ছিলো; কিন্তু তার 'আল্লাহর ভয়' (রূপী নেকী) আসলো এবং সে বেঁচে গেলো।
- ১৫. এক ব্যক্তি জাহান্নামে পতিত হলো; কিন্তু তার 'আল্লাহর ভয়ে বিসর্জনকৃত অশ্রু' এসে গেলো। আর (এ অশ্রুর বরকতে) সেবেচে গেলো।
- ১৬. এক ব্যক্তি পুলসিরাতের উপর দাঁড়ানো ছিলো এবং গাছের ডালের মতো কাঁপছিলো; কিন্তু তার 'আল্লাহর প্রতি ভাল ধারণা, যে "তিনি তাকে দয়াই

হ্যরত মুহাম্মদ শ্লিষ্টি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

করবেন" তার (এ নেকী) তাকে রক্ষা করলো এবং সে পুলসিরাতের উপর দিয়ে অতিক্রম করে চলে গেলো।

১৭. এক ব্যক্তি পুলসিরাতের উপর দিয়ে হেঁচড়াতে হেঁচড়াতে চলছিলো। তখন তার নিকট 'আমার উপর দুরূদ শরীফ পাঠ করা' (রূপী নেকী) এসে পড়লো। আর (এ নেকী) তাকে দাঁড় করিয়ে দিয়ে পুলসিরাত পার করিয়ে দিলো।

১৮. আমার উন্মতের এক ব্যক্তি জান্নাতের দরজাগুলোর নিকট পৌঁছলো। ওইসব দরজা তার জন্য বন্ধ ছিলো। তখন তার ﴿الْكُرَالُا اللّٰهُ মর্মে-সাক্ষ্য দেয়া (নেকীটি) আসলো। আর তার জন্য জান্নাতের দরজাগুলো খুলে দেয়া হলো এবং সে জান্নাতে প্রবেশ করলো।

চোগলখোরীর ভয়ঙ্কর শাস্তি!

১৯. কিছু মানুষের ঠোটগুলো কাটা হচ্ছিলো। আমি জিব্রাইল عَلَيْهِ الصَّارِةُ وَالسَّلام করলাম। ওরা কারা? বললো, "এরা মানুষের মধ্যে চোগলখোরী করতো।"

গুনাহের অপবাদের ভয়ঙ্কর শাস্তি!

২০. মানুষকে তাদের জিহবার সাথে লটকিয়ে রাখা হয়েছিলো। আমি জিব্রাইল কর্মার তাদের সম্পর্কে জিজ্ঞাসা করলাম। বললো, "এরা বিনা কারণে মানুষের বিরুদ্ধে গুনাহের অপবাদ দিত।" (শরহুস সূদূর, পু-১৮২)

কোন নেকীই ছেড়ে দেয়া উচিত নয়

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! পিতামাতার আনুগত্য, ওয়ু, নামায, আল্লাহর যিকির, হজ্ব ও ওমরা, আত্মীয়-স্বজনের প্রতি সদ্যবহার, সৎকাজের নির্দেশ ও অসৎকাজে বাধাদান, সদকা, সচ্চরিত্র, দানশীলতা, আল্লাহর ভয়ে কানাকাটি, তদুপরি আল্লাহর প্রতি ভালো ধারণা ইত্যাদি নেকীর কারণে আল্লাহ তাআলা আযাবে লিপ্ত লোকদেরকে দয়া করেছেন এবং তিরস্কার ও শাস্তি থেকে মুক্তি দিয়েছেন। মোটকথা, এটা হচ্ছে তাঁর অনুগ্রহ ও বদান্যতার বিষয়। তিনি মহামহিম মালিক ও খোদ মুখতার। যাকে চান ক্ষমা করে দেন।

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

যাকে চান শাস্তি দেন। এসবই তাঁর ন্যায় বিচার। যেখানে তিনি একটা মাত্র নেকীর উপর খুশী ও দয়াপরবশ হয়ে ক্ষমা করে দেন, সেখানে কখনো আবার কোন একটা মাত্র গুনাহের উপর অসন্তুষ্ট হলে তাঁর রাগের ঢেউ খেলে। অতঃপর তাঁর পাকড়াও কঠোর হয়ে থাকে।

যারা একজনের কথা অন্যজনকে লাগিয়ে পরস্পরের মধ্যে ঝগড়া বিবাদ করায়) এবং অন্যের প্রতি গুনাহের অপবাদ রচনাকারীদের পরিণতি আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ مَنَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم कारक দেখে আমাদেরকে সতর্ক করেছেন। (অর্থাৎ যেখানে একটা নেকীর কারণে নাজাত হতে পারে, সেখানে কোন একটা গুনাহের কারণে পাকড়াও হতে পারে। সুতরাং বিবেকবান হচ্ছে সেই, যে কোন একটা মাত্র ছোট নেকী হলেও সেটা বর্জন না করে। কারণ, হয়তো এ নেকী তার নাজাতের উপায় হয়ে যেতে পারে। পক্ষান্তরে গুনাহ্ যতোই সামান্য হোক না কেন, তা কখনোই করবে না।

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

৪টি ঘটনা

(১) কবরে আগুন জ্বলে উঠলো!

হ্যরত মুহাম্মদ ૣ ইঃ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আসলেন। সুতরাং তাঁরা একটা চাবুক মেরেই দিলেন। যার ফলে গোটা কবরে আগুন জ্বলে উঠলো। আর ওই লোকটা জ্বলে ছাই হয়ে গেলো। তারপর তাকে জীবিত করা হলো। তখন সে ব্যথায় কাতর হয়ে কেঁদে কেঁদে ফরিয়াদ করলো, "শেষ পর্যন্ত আমাকে এ চাবুকটা কেন মারা হলো?" তখন তাঁরা বললেন, "একদিন তুমি ওযু ছাড়া নামায পড়েছিলে। আরেকদিন এক মযলুম (অত্যচারিত) তোমার নিকট সাহায্য চেয়েছিল, তুমি তাকে সাহায্য করোনি।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! আল্লাহ নারায হলে তিনি নেককার ও পরহিযগার লোককেও পাকড়াও করেন এবং সেও কবরের শাস্তিতে পাকড়াও হয়ে যায়। হে আল্লাহ! আমাদের শোচনীয় অবস্থার উপর দয়া করুন! আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন مَلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

(শরহুস সুদূর, পৃ-১৬৫)

(২) ওজনের সময় অসতর্ক হওয়ার কারণে শাস্তি

হযরত সায়্যিদুনা হারিস মুহাসিবী رَحْمَةُ الله تَعَالَىٰ عَلَيهِ বলেন, "একজন ফসল পরিমাপকারী ওই কাজ ছেড়ে দিলো এবং আল্লাহর ইবাদতে মশগুল হয়ে গেলো। সে যখন মৃত্যুবরণ করলো, তখন তার এক বন্ধু তাকে স্বপ্নে দেখলো এবং বললো, " অর্থাৎ আল্লাহ তোমার সাথে কিরূপ আচরণ করলেন?

সে বললো, "আমার ওই পাল্লা, যা দিয়ে আমি ফসল ইত্যাদির ওজন করতাম, তাতে আমার অসাবধানতার কারণে কিছু মাটির মতো জিনিষ লেগে গিয়েছিলো, যার আমি পরোয়াই করিনি ও পরিস্কার করিনি। ফলে প্রতিবার মাপার সময় ওই মাটির পরিমাণ মাল কম হতে যাচ্ছিলো। এ অপরাধের শাস্তিতে আমি গ্রেফতার হয়েছি। (আখলাকুস সালেহীন, পৃ-৫৬)

(৩) কবর থেকে চিৎকারের শব্দ

এমনি আরেক ব্যক্তিও তার দাঁড়ি-পাল্লা থেকে মাটি ইত্যাদি পরিস্কার করতো না এবং এমনিতেই মাল মেপে দিয়ে দিতো। যখন সে মরে গেলো, তখন তার কবরেও আয়াব শুরু হয়ে গেলো। এমনকি লোকজন তার কবর থেকে শোর-

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

চিৎকারের আওয়াজ শুনতো পেতো। কিছু নেককার বান্দা ুক্তির কবর থেকে শোর-চিৎকারের আওয়াজ শুনে দয়াপরবশ হলেন। আর ওই লোকটির জন্য মাগফিরাতের দু'আ করলেন। তখন সে দোআর বরকতে আল্লাহ তা'আলা তার আযাবকে দূর করে দিলেন। (আখলাকুস সালেহীন, পৃ-৬৫)

হারাম উপার্জন কোথায় যায়?

এ ভয়ানক ঘটনাগুলো থেকে ওইসব লোক যেনো অবশ্যই শিক্ষা অর্জন করে, যারা ওজনে কারচুপি করে কম দেয়। ওহে মুসলমানরা! ওজনে কারচুপি করে মাপলে বাহ্যিকভাবে এমন লাভ দিয়ে কী করবে? দুনিয়ায়ওতো এ ধরণের অর্থ-সম্পদ ক্ষতির কারণ হয়ে যায়। হতে পারে ডাক্তারদের ফিস, রোগের ঔষধ, পকেটমার, চোর কিংবা ঘুষখোরদের হাতে এসব অর্থ-কড়ি চলে যাবে। আল্লাহর পানাহু তারপর আখিরাতের কঠিন শাস্তিও ভোগ করতে হবে।

کرلے توبہ ربّ کی رَحمت ہے بڑی
قبر ہیں ورنہ سزا ہوگی کڑی
مجمد صعا রব কি রহমত হে বড়ী
কবর মে ওয়ারনা সাজা হোগী কড়ী

তফসীরে রুহুল বয়ানে উদ্ধৃত করা হয়েছে, যে ব্যক্তি পরিমাপে কম দেয়, কিয়ামতের দিন তাকে দোযখের গভীরে নিক্ষেপ করা হবে। আর আগুনের দুটি পাহাড়ের মাঝখানে বসিয়ে নির্দেশ দেয়া হবে এ পাহাড় দুটি ওজন করো। যখন ওজন করতে থাকবে, তখন আগুন তাকে জ্বালিয়ে দিবে।

(তফসীরে রূহুল বয়ান, খন্ড-১০ম, পু-৩৬৪)

হ্যরত মুহাম্মদ্শিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! গভীরভাবে দৃষ্টি দিন! একটু চিন্তা করুন তো! সংক্ষিপ্ত জীবনে কয়েকটা ধ্বংসশীল টাকা অর্জনের জন্য যদি ওজনে কারচুপি করে বসেন, তাহলে কেমন কঠিন শান্তির হুমকি এসেছে? আজ সামান্যতম গরম বরদাশত হচ্ছে না, আর জাহান্নামের আগুনের পাহাড়ের উত্তাপ কিভাবে বরদাশত হবে। আল্লাহর ওয়ান্তে, নিজের অবস্থার প্রতি দয়া করে সম্পদের লোভ থেকে দূরে সরে পড়ন! অন্যথায় অবৈধ মাল উভয় জাহানে শান্তিরই মাধ্যম হিসেবে পরিণত হবে।

(৪) খড়কুটার বোঝা

পাপ শুধু পাপই

প্রিয় ইসলামী ভাইয়েরা! ভয়ে কেঁপে উঠুন! যখন পরাক্রমশালী আল্লাহ তাআলার ক্রোধের ঢেউ খেলে, তখন এমন গুনাহের জন্য পাকড়াও করা হয়, যাকে সামান্য মনে করা হয়। যেমন এখন যে ঘটনা উল্লেখ করা হয়েছে, একজন আবিদ ও দুনিয়া ত্যাগী, নেক বান্দাকে শুধু এবং শুধু এ জন্য জান্নাত থেকে বিরত রাখা হয়েছে যে, সে একটা নগণ্য খড়কুটার মালিকের অনুমতি ছাড়া নিয়ে তা দ্বারা

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

খিলাল করেছিল। আর মাফ করানো ছাড়াই তার ইনতিকাল হয়ে গেছে এবং আটকা পড়েছে। আসুন, আমরাও একটু চিন্তা করি! গভীরভাবে দৃষ্টি দেই! একটা খড়ের টুকরা কি জিনিষ? আজকালতো জানিনা, লোকেরা কতো ধরণের মূল্যবান আমানত খিয়ানত করে যাচেছ এতে সামান্য দ্বিধাও করছে না।

تُوبُوا إِلَى الله! أَسْتَغُفِرُ الله

বিনা কারণে কর্জ পরিশোধে দেরী করা গুনাহ্

ওহে মুসলিম সমাজ! ভয় করো! বান্দাদের হক বা প্রাপ্যের বিষয়টি অত্যন্ত কঠিন। আমরা যদি কোন বান্দার হক আত্মসাৎ করে নিই, কিংবা তাকে গালি দেই, চোখ রাঙ্গিয়ে ভয় দেখাই, ধমক দেই, রাগ দেখাই ও শাঁসিয়ে দেই, যার কারণে তার মনে দুঃখ পায়; মোট কথা, যেকোনভাবেই হোক না কেন শরীয়ত সম্মত অনুমতি ছাড়া কারো মনে কষ্ট দিয়ে থাকি কিংবা শরীয়তের অনুমতি ছাড়া কর্জ পরিশোধে বিলম্ব করি, এ সবই বান্দার হক বা প্রাপ্য বিনষ্ট করা। মনে রাখবেন, যদি আপনি কারো নিকট থেকে কর্জ নিয়ে থাকেন এবং পরিশোধ করার জন্য আপনার নিকট টাকা না থাকে, কিন্তু ঘরের আসবাবপত্র ইত্যাদি বিক্রি করে কর্জ পরিশোধ করা যেতে পারে, তাহলে তাও করতে হবে।

কর্জ পরিশোধ করার সম্ভাব্য উপায় থাকা সত্ত্বেও, কর্জদাতার নিকট থেকে সময় চেয়ে নেয়া ছাড়াই আপনি কর্জ পরিশোধ করার ক্ষেত্রে যতক্ষণ পর্যন্ত বিলম্ব করতে থাকবেন, ততক্ষণ গুনাহগারই থাকবেন। এখন চাই আপনি জেগে থাকুন কিংবা ঘুমন্ত, একেকটা মুহুর্তে গুনাহ্ লিপিবদ্ধ করা হবে। এ বিষয়টা এমনি বুঝুন! যেমন, কর্জ পরিশোধ না করা পর্যন্ত আপনার গুনাহের মিটার ঘুরতেই থাকবে।

ওহে নিরাপত্তা দাতা ও রক্ষাকারী! আপনারই পানাহ্ চাচ্ছি! যখন কর্জ পরিশোধ করায় বিলম্বের এমন শাস্তি তখন যে সম্পূর্ণ কর্জই আত্মসাৎ করে বসে তার কি অবস্থা হবে?

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে. কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

তিন পয়সার শাস্তি

আলা হ্যরত, ইমামে আহলে সুনাত, মাওলানা শাহ ইমাম আহ্মদ র্যা খান وَحْيَةُ اللَّه تَعَالَى عَلَيهِ কর্জ পরিশোধে অলসতাকারী, মিথ্যা বাহানা উপস্থাপনকারী ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ বলেন, যায়েদ পাপী, কবীরা গুনাহ সম্পন্নকারী, জালিম, মিথ্যুক এবং শাস্তি পাওয়ার যোগ্য। তার জন্য এর চেয়ে বেশি আর কি উপাধী (খারাপ) হতে পারে। যদি সে এ অবস্থায় মারা যায় এবং মানুষের কর্জ তার উপর বাকী থাকে, তবে তার (যায়েদ) সমস্ত নেকী কর্জদারদের কর্জের বিনিময় স্বরূপ দিয়ে দেওয়া হবে। কিভাবে দেওয়া হবে, এটাও শুনে নিন। অর্থাৎ প্রায় তিন পয়সার কর্জের বিনিময়ে সাতশত জামাআত সহকারে আদায়কৃত নামায দিয়ে দিতে হবে। যখন এই কর্জ আত্মসাৎকারীর কোন নেকী বাকী থাকবে না, কর্জদাতাতের গুনাহকে কর্জ গ্রহীতার মাথার উপর বোঝাই করে দেওয়া হবে এবং জাহান্নামে নিক্ষেপ করা হবে।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-২৫, পূ-৬৯)

مت دیا قرضه کسی کا نانگار سروئے گا دوزخ میں ورنہ زار زار মত দবা কর্যা কেছী কা না বাকার. রোয়ী গা দোযখ মে ওয়ার ন যার যার

تُوبُوا إِلَى الله! أَسْتَغُفِرُ الله

প্রিয় ইসলামী ভাইয়েরা! যে কোন অবস্থাতেই, দুনিয়ায় কারো দায়িত্বে অণু পরিমাণ যুলুমকারী, যতক্ষণ পর্যন্ত ময়লুমকে সন্তুষ্ট করে নেবে না, ততক্ষণ পর্যন্ত তার মুক্তিলাভ করা অসম্ভব। অবশ্য, আল্লাহ যদি চান, তবে নিজের অনুগ্রহ ও দয়ায় কিয়ামতের দিন যালিম ও মযলুমের মধ্যে সন্ধি করিয়ে দেবেন। অন্যথায়. ওই মযলুমকে যালিমের নেকী গুলো অর্পণ করা হবে। যদি তাতেও মযলুম কিংবা মযলুমদের প্রাপ্য পরিশোধ না হয়, তবে মযলুমদের গুনাহ যালিমের মাথার উপর রেখে দেয়া হবে। আর এভাবে ওই যালিম যদিও দুনিয়ায় নেককার ও পরহিযগার

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

হয়ে বড় বড় নেকী নিয়ে কিয়ামতে এসে থাকে, তবে বান্দাদের হকগুলো বিনষ্ট করার কারণে একেবারে অসহায় হয়ে যাবে। আর এ কারণে তাকে জাহান্নামে পৌছিয়ে দেয়া হবে। ১ ইন্ট্রাট্রাইন্মহামহিম আল্লাহরই আশ্রয়!

কিয়ামতে সহায়-সম্বলহীন কে?

হাদীস শরীকে এসেছে, তাজেদারে মদীনা হযরত মুহাম্মদ مَلَيْهِ وَالِهِ وَسَلَم সাহাবায়ে কিরাম عَلَيْهِمُ الرِّمْوَان কে জিজ্ঞাসা করে ইরশাদ ফরমায়েছেন, "তোমরা কি জানো, গরীব কে? সাহাবা কিরাম عَلَيْهِمُ الرِّمْوَان আর্য করলেন, "হে আল্লাহর রসূল مَلَى اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم بَلَ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم بَلَ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم بَلَ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم مَلَى اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَم مَلَى الله تَعَالٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَم مَلَى اللهُ تَعَالٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَم بَلْ اللهُ تَعَالُ عَلَيْهِ وَاللهِ وَسَلَم بَلْ عَلَى عَلَيْهُ وَاللهِ وَسَلَم بَلْ اللهُ تَعَالْ عَلَيْهِ وَالْهِ وَسَلَم بَلْ عَلَى عَلَيْهِ وَاللهِ وَسَلَم بَلْ عَلَى عَلَيْهِ وَاللهِ وَسَلَم بَلْ عَلَى عَلَيْهِ وَاللهِ وَسَلَم بَلْ عَلْ عَلَيْهِ وَلَا لَهُ عَلَى عَلَى عَلَيْهِ وَلَا لَهُ عَلَى عَلَى عَلَيْهِ وَاللهِ وَاللهُ وَلَا عَلَى عَلَى عَلَى عَلَى عَلَيْهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهُ وَاللهِ وَاللهُ وَلِهُ وَلَا عَلَى عَلَى عَلَيْهِ وَلِهُ وَلِهُ وَلَا عَلَى عَلَى عَلَيْهِ وَلِهُ وَلِهُ وَلَهُ وَلَا لَهُ وَلِهُ وَلَا فَاللهُ وَلِهُ وَلَا لَهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ و

'যালিম' দ্বারা উদ্দেশ্য কে?

মনে রাখবেন! এখানে 'যালিম' মানে শুধু খুনী, ডাকু কিংবা মারধরকারীই নয়, বরং যে ব্যক্তি কারো সামান্য হকও বিনষ্ট করেছে, যেমন ঃ কারো এক পয়সা খেয়ে ফেলেছে, শরীয়তের অনুমতি ছাড়া কাউকে ধমক দিয়েছে, অথবা ঠাটা করেছে রাগ হয়ে তাকিয়েছে ইত্যাদি তবুও সে যালিম আর ওই লোকটি মযলুম।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্রু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

এখন এটা অন্য কথা যে, এ মযল্মও যদি ওই 'যালিম'-এর কোন হক বিনষ্ট করে থাকে, এমতাবস্থায় উভয়ে একে অপরের হকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে 'যালিম'ও, 'মযল্ম'। এমনই কিছু লোক হবে, যারা কারো হকের বেলায় 'যালিম' এবং কারো হকের বেলায় 'মযল্ম' হবে। হযরত সায়্যিদুনা আবদুল্লাহ আনিস الله تعالى عنه বলেন, কিয়ামতের দিন আল্লাহ ইরশাদ করবেন, "কোন দোযখী দোযখে এবং কোন জান্নাতী জানাতে প্রবেশ করবে না, যতক্ষণ পর্যন্ত সেবান্দার হকের বিনিময় দেবে না।" অর্থাৎ যে কারো হকই যে কেউ গ্রাস করেছে সেটার ফয়সালা না হওয়া পর্যন্ত কেউ জাহান্নাম কিংবা জানাতে প্রবেশ করবে না। (আখলাকুস সালিহীন, প-৫৫)

(বান্দার হক সম্পর্কে বিস্তারিত জানার জন্য মাকতাবাতুল মদীনা কর্তৃক প্রকাশিত 'যুলুমের পরিণতি' নামক রিসালাটি অবশ্যই পড়ে নিন।

ইয়া আল্লাহ! আমাদের সব মুসলমানকে একে অপরের হক বিনষ্ট করা থেকে রক্ষা করুন! আর এ পরস্পরায় যেসব ভুলক্রটি হয়ে গেছে, তা পরস্পর ক্ষমা করিয়ে নেয়ার তওফীক দান করুন!

صلّى اللّه تعالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم आभीन विजारिज्ञाविशिष्ण आभिन مَلَّى اللّه تعالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

যেই সৌভাগ্যবান মুসলমান রমযান মাসে মৃত্যুবরণ করে, সে কবরের প্রশাবলী থেকে রেহাই পেয়ে যায়। আর সে কবরের আযাব থেকেও বেঁচে যায়। তদুপরি, তাকে জানাতের উপযোগী সাব্যস্ত করা হয়। সম্মানিত মুহাদ্দিসগণ ধ্রি তার অভিমত হচ্ছে, "যে মু'মিন এ মাসে মৃত্যুবরণ করে, সে সোজা জানাতে প্রবেশ করে। এমনকি তার জন্য দোয়খের দরজা বন্ধ।"

(আনীসুল ওয়াইযীন, পু-২৫)

হ্যরত মুহাম্মদ শ্লুট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

তিন ব্যক্তির জন্য জানাতের সুসংবাদ

সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে মাসউদ زفی الله تکال کنهی থেকে বর্ণিত, ববীদের সরদার, উভয় জাহানের মালিক ও মুখতার, আমরা অসহায়দের সাহায্যকারী হযরত মুহাম্মদ کَنْیْهِ رَالِهِ رَسَلَّم ইরশাদ করেছেন, রম্যানের শেষ মুহুর্তে যার মৃত্যু আসে, সে জান্নাতে প্রবেশ করবে।

যার মৃত্যু আরাফার দিন (অর্থাৎ ৯ই যিলহাজ্জ) শেষ হবার মুহুর্তে আসে, সেও জান্নাতে প্রবেশ করবে। আর যার মৃত্যু, সদকা দেয়া অবস্থায় এসেছে, সেও বেহেশতে প্রবেশ করবে।" (হিলইয়াতুল আউলিয়া, খভ-৫ম, পৃ-২৬, হাদীস-৬১৮৭)

কিয়ামত পর্যন্ত রোযার সাওয়াব

উম্মূল মু'মিনীন সায়্যিদাতুনা আয়িশা সিদ্দীকা رَضِى اللهُ تَعَالَىٰ عَنْهَا مَالَّهُ مَالِمُ مَالِمُ مَالَّهُ مَالِمُ مَالِمُعُلِمُ مَالِمُ مَالِمُ مَالِمُ مَالِمُ مَالِمُ

(আল ফিরদৌস বিমাসুরিল খিতাব, খন্ড-৩য়, পৃ৫০৪, হাদীস নং-৫৫৫৭)

রোযাদার কেমনই সৌভাগ্যবান! যদি রোযা অবস্থায় سُبُعْنَ الله عَزَّوَجَكَّ মৃত্যুবরণ করে, তবে কিয়ামত পর্যন্ত রোযার সাওয়াবের অধিকারী হয়ে যাবে।

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

হযরত সায়্যিদুনা আনাস বিন মালিক పేపట్టే పేపు বিলেন যে, আমি রসুলে আকরাম হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم কে বলতে শুনেছি, "এই রমযান তোমাদের কাছে এসেছে, এতে জান্নাতের দরজা সমূহ্ খুলে দেয়া হয় ও জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয় এবং শয়তানদেরকে বন্দী করে ফেলা হয়। ঐ লোকই বঞ্চিত যে রমযানকে পেয়েও ক্ষমা করিয়ে নিতে পারেনি। কেননা যখন তার রমযানে ক্ষমা হয়নি তখন আবার কখন হবে?"

(মাজমাউয যাওয়ায়িদ, খন্ড-৩য়, পৃ-৩৪৫, হাদীস নং-৪৭৮৮)

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

জান্নাতের দরজাগুলো খুলে যায়

পরে ইসলামী ভাইরেরা! রমযান মাস আসলে তো রহমত ও জানাতের দরজাগুলো খুলে দেয়া হয়, জাহান্নামে তালা পড়ে যায় আর শয়তানদেরকে বিদ করে দেয়া হয়। যেমন ঃ হয়রত সায়িয়ৢদুনা আবৃ হোরাইরা غَنْهُ الرِّضْوَان বলেন, "রসূলে আকরাম مَنْ الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সাহাবায়ে কিরাম عَلَيْهِ وَالْهِ وَسَلَّم করমাচ্ছলেন, "রময়ান মাস এসে গেছে, য় অতিমাত্রায় বরকতময়! আল্লাহ তা'আলা এটার রোয়াগুলো তোমাদের উপর ফরয় করেছেন। এ মাসে আসমানের দরজাগুলো খুলে দেয়া হয়, জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয়, আর অবাধ্য শয়তানদেরকে বন্দী করে রাখা হয়। এতে আল্লাহ তা'আলার একটা রাত হচ্ছে 'শবে ক্বদর', য়া হাজার মাসের চেয়েও বেশী মর্যাদাবান। য়ে ব্যক্তি সেটার কল্যাণ থেকে বঞ্চিত হয়েছে, সে-ই বঞ্চিত।

(সুনানে নাসাঈ, খন্ড-৪র্থ, পৃ-১২৯)

শয়তানকে জিঞ্জিরায় বন্দী করা হয়

হযরত সায়্যিদুনা আবু হুরাইরা رَضِى اللَّهُ تَعَالَى عَنْهُ وَمَاكِم হরশাদ করেন, হুজুরে আকরাম হযরত মুহাম্মদ مَلَّهُ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, যখন রমযান মাস আসে তখন আসমানের দরজা খুলে দেয়া হয়।

(বুখারী শরীফ, খন্ড-১ম, পৃ৬২৬, হাদীস নং-১৮৯৯)

অন্য এক বর্ণনায় আছে যে, জানাতের দরজা খুলে দেয়া হয় এবং জাহানামের দরজা বন্ধ করে দেয়া হয়, শয়তানকে শিকলে বন্দী করা হয়। অপর এক বর্ণনায় রয়েছে, রহমতের দরজা খুলে দেয়া হয়।

(সহীহ মুসলিম, পৃ-৫৪৩, হাদীস নং-১০৭৯)

শয়তান বন্দী হওয়া সত্ত্বেও গুনাহ্ কিভাবে সংগঠিত হয়?

প্রসিদ্ধ মুফাস্সির হাকিমূল উম্মত, হযরত মুফতি আহমদ ইয়ার খান وَحْمَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ বলেন, সত্য কথা এই যে, রমযান মাসে আসমানের দরজাও

হ্**যরত মুহাম্মদ** শ্লিঞ্জি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

খুলে দেয়া হয় যার দারা আল্লাহ তাআলার বিশেষ রহমত পৃথিবীতে বর্ষিত হয়, এবং জানাতের দরজাও খুলে দেয়া হয় যার কারণে জানাতে অবস্থানকারী হুরগিলমানদের জানা হয়ে যায় যে পৃথিবীতে রমযান মাস আগমন করেছে আর তারা রোজাদারদের জন্য দু'আতে মশগুল হয়ে যায়। রমযান মাসে বাস্তবিকই জাহানামের দরজা বন্ধ হয়ে যায়, যার কারণে এই মাসে শুধু গুনাহগার নয় বরং কাফিরদের কবরেও দোযখের গরম পৌঁছে না।

মুসলিম সমাজে যে কথার প্রচলন রয়েছে যে রমযান মাসে কবর আযাব হয় না, তাঁর উদ্দেশ্য এটাই; আর বাস্তবেই ইবলিশ শয়তান তার সমস্ত বংশধরকেসহ বন্দী করা হয়। এই মাসে যারা গুনাহ্ করে থাকে তারা নিজের নফসে আম্মারার ধোঁকার কারণেই করে থাকে। শয়তানের ধোঁকার কারণে নয়। (মিরাতুল মানাজীহ, খভ-৩য়, পূ-১৩৩)

গুনাহতো হ্রাস পেতেই থাকে

প্রিয় ইসলামী ভাইয়েরা! যে কোন অবস্থায় সাধারণতঃ এটাই দেখা যায় যে, রমযান মাসে আমাদের মসজিদগুলো অন্যান্য মাসের তুলনায় বেশী জমজমাট হয়ে যায়। নেকীর কাজ করার ক্ষেত্রে বিভিন্ন সুযোগ-সুবিধা থাকে। এতটুকু তো অবশ্যই থাকে যে, রমযান মাসে পাপ কার্যাদির ধারাবাহিকতা কিছুটা হলেও কমে যায়।

যখনই শয়তান মুক্তি পায়

রমযান মাস বিদায় নিতেই শয়তান মুক্ত হয়ে যায়। ফলে গুনাহগুলোর জোর খুব বেড়ে যায়। ঈদের দিনে গুনাহ তো এতো বেশী পরিমাণে সম্পন্ন হয় যে, যেই সিনেমা হলগুলো গোটা বছরে কখনো পূর্ণ হয়নি, সেগুলোতেও 'হাউজ ফুল' এর বোর্ড লটকিয়ে দেয়া হয়। গোটা বছরে যেসব তামাশার মেলা বসেনি সেগুলোও ঈদের দিন অবশ্যই বসে যায়। এমনি যেনো এক মাসের বন্দির কারণে শয়তান সীমাহীন ক্ষিপ্ত ছিলো, আর মাহে রমযানের সমস্ত অপরাগতার প্রতিকার সে ঈদের দিনেই করে নিতে চাচ্ছে! সমস্ত বিনোদন কেন্দ্র বে-পর্দা নারী ও পুরুষদের দ্বারা ভর্তি হয়ে যায়। সমস্ত নাট্যালয়ে প্রচন্ড ভিড় জমে যায়; বরং ঈদের জন্য নতুন নতুন কিল্ম ও নতুন নতুন নাটক লাগানো হয়।

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

আহা! শয়তানের হাতে মুসলমান খেলনায় পরিণত হয়ে যায়! কিন্তু কিছু সংখ্যক সৌভাগ্যবান মুসলমান এমনও থাকেন, যারা আল্লাহর স্মরণ থেকে গাফিল হয় না, শয়তানের ধোঁকার শিকার হয় না। এখন মাহে রমযানের প্রতি গুরুত্ব প্রদানকারী একজন অগ্নিপূজারীর ঈমান তাজাকারী ঘটনা পেশ করা হচ্ছে ঃ

অগ্নিপূজারীর উপর দয়া

বোখারা শহরে এক অগ্নিপূজারী বাস করতো। একবার রমযান শরীফে সে তার ছেলেকে সাথে নিয়ে মুসলমানদের বাজার অতিক্রম করছিলো। তার ছেলে কোন খাবার প্রকাশ্যভাবে খাওয়া শুরু করে দিলো। অগ্নিপূজারী যখন এটা দেখলো, তখন তার ছেলেকে একটা থাপ্পর দিল আর কঠোরভাবে শাঁসিয়ে দিয়ে বললো, "রমযান মাসে মুসলমানদের বাজারে প্রকাশ্যভাবে খাবার খেতে তোর লজ্জা হচ্ছে না?" ছেলেটি জবাবে বললো, "আব্বাজান! আপনিও তো রমযান মাসে খাবার খান!" পিতা বললো, "আমি গোপনে আমার ঘরে খাবার খাই।" মুসলমানদের সামনে খাইনা। আর এ বরকতময় মাসের অসম্মান করিনা।" কিছু দিন পর ওই লোকের মৃত্যু হলো। একজন লোক তাকে স্বপ্নে দেখলো-সে জান্নাতে ঘোরাফেরা করছে। এটা দেখে সে অত্যন্ত অবাক হলো আর জিজ্ঞাসার সুরে বললো, "তুমিতো অগ্নিপূজারী ছিলে! জান্নাতে কিভাবে আসলে?" সে বলতে লাগলো, "বাস্তবিকই আমি অগ্নিপূজারী ছিলাম। কিন্তু যখন আমার মৃত্যুর সময় ঘনিয়ে আসলো, তখন আল্লাহ রমযানের প্রতি সম্মান প্রদর্শনের বরকতে আমাকে স্টমানের মহা সম্পদ দিয়ে এবং মৃত্যুর পর জান্নাত দান করে ধন্য করেছেন।"

(নুযহাতুল মাজালিস, খন্ড-১ম, পৃ-২১৭)

আল্লাহর রহমত তাঁর উপর বর্ষিত হোক এবং তার সদকায় আমাদের গুনাহ ক্ষমা হোক। রমযান মাসে প্রকাশ্যে পানাহারের দুনিয়ার শাস্তি

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! রমযান মাসের প্রতি সম্মান প্রদর্শনের কারণে একজন অগ্নিপূজারীকে আল্লাহ না শুধু ঈমানরূপী সম্পদ দান করেছেন বরং তাকে জান্নাতের চিরস্থায়ী নে'মাতরাজি দ্বারাও ধন্য করেছেন। এ ঘটনা থেকে আমাদের বিশেষ করে ওইসব উদাসীন ইসলামী ভাইদের শিক্ষা

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

গ্রহণ করা চাই, যারা মুসলমান হওয়া সত্ত্বেও রমযানুল মুবারকের প্রতি মোটেই সম্মান প্রদর্শন করে না। প্রথমত তারা রোযা রাখেনা, তদুপরি, আরো দুঃখজনক ব্যাপার হচ্ছে-রোযাদারদের সামনেই তারা সিগারেট পান করে, পান চিবুয়, এমনকি কেউ কেউ তো এতোই দুঃসাহসী ও নির্লজ্জ যে, প্রকাশ্যে পানি পান করে বরং খানা খেতেও লজ্জাবোধ করে না।

মনে রাখবেন! সম্মানিত ফকীহগণ رَحِبَهُمُ اللَّهُ تَعَالَى বলেন, "যে ব্যক্তি রমযানুল মুবারকে কোনরূপ বাধ্যবাধকতা ছাড়াই প্রকাশ্যভাবে জেনে বুঝে পানাহার করে তাকে (ইসলামী বাদশাহর তরফ থেকে) হত্যা করা হবে।"

(রন্দুল মুহতার সম্বলিত দুররে মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৯২)

আপনি কি মরবেন না?

প্রিয় ইসলামী ভাইয়েরা! চিন্তা করুন! গভীরভাবে চিন্তা করুন! যখন রোযা না রাখার দুনিয়াতেই এমনই কঠিন শান্তি সাব্যস্ত হয়েছে (এ শান্তি অবশ্য ইসলামী শাসকই দিতে পারেন) তখন আখিরাতের শান্তি কি পরিমাণ ভয়ঙ্কর ও ধ্বংসাতাক হবে? মুসলমানরা! হুঁশে আসুন! কবে নাগাদ এ দুনিয়ায় উদাসীন থাকবেন? আপনারা কি মরবেন না? এ দুনিয়ায় কি আপনারা সব সময় এভাবে নিরুদ্দেশ হয়ে ঘুরতে থাকবেন? মনে রাখবেন! একদিন অবশ্যই মৃত্যু আসবে। আপনাদের জীবনের বাঁধনগুলো ছিন্ন করে নরম ও আরামদায়ক বিছানা থেকে উঠিয়ে মাটির উপর শায়িত করে ছাড়বে। উত্তম হাওয়া শীতল শীতল ও প্রত্যেক প্রকারের বাদ্যযন্ত্র দ্বারা সুসজ্জিত কামরা গুলো থেকে বের করে অন্ধকার কবরে পৌঁছিয়ে দেবে। এরপর অনুশোচনা করলে কোন কাজে আসবেনা। এখনো সময় আছে। গুনাহগুলো থেকে সত্য অন্তরে তওবা করে নিন। আর রোযানামাযের পাবন্দি অবলম্বন করুন।

کرلے توبہ ربّ کی رَحمت ہے بڑی قبر میں ورنہ سزا ہوگی کڑی محمدہ عرض محمدہ محمدہ

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! গুনাহে পরিপূর্ণ জীবন থেকে মুক্তি পাওয়ার জন্য তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর সুবাসিত মাদানী পরিবেশে সর্বদা সম্পৃক্ত থাকুন। الله عَزَّرَ جَلَّ । দুনিয়া ও আখিরাতে উভয় জগতে কল্যাণ নছিব হবে।

আপনাদের আকর্ষণের জন্য একটি অত্যন্ত সুন্দর মাদানী ফুল উপস্থাপন করছি।

সুন্নাতে ভরপুর বয়ানের বরকত

পাকিস্তানের এক ইসলামী ভাই এর বয়ানের সারসংক্ষেপ এই! "আমি ১৯৮৭ হইতে ১৯৯০ পর্যন্ত ১টি রাজনৈতিক সংগঠনের সাথে জড়িত ছিলাম। সম্প্রতি সংগঠিত ফিৎনা-ফ্যাসাদ থেকে অসন্তুষ্ট হয়ে পরিবারের লোকেরা পাকিস্তানের বাহিরে পাঠিয়ে দেয়ার সিদ্ধান্ত নিলেন। অতঃপর ০৩/১১/১৯৯০ ইং তারিখে আমি ওমান দেশের মসকট এ অবস্থিত একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকুরী নিলাম। ১৯৯২ ইং সালে দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সম্পৃক্ত একজন ইসলামী ভাই কাজের জন্য আমাদের ফ্যাক্টরীতে যোগ দিল।

তাঁর ইনফিরাদী কৌশিশে الله الله عَزَوْجَلُ আমি নামাযী হয়ে গেলাম। ফ্যান্টরীর পরিবেশ অত্যন্ত খারাপ ছিল। শুধু আমাদের বিভাগই ধরুন। যেখানে ৮/৯টি টেপ রেকর্ডার ছিল। যেগুলোর মাধ্যমে বিভিন্ন ভাষায় যেমন উর্দূ, পাঞ্জাবী, পুস্কু, হিন্দী এবং বাংলা ইত্যাদি ভাষায় উচুঁ আওয়াজে গান বাজনা চালানো হত। দা'ওয়াতে ইসলামীর আশিকে রসূল ইসলামী ভাইয়ের সঙ্গের বরকতে المُوَيْدُ لِلْمُ عَزُوجَلُ আমি গান বাজনা থেকে মুক্ত হই। উভয়ের পরামর্শক্রেমে আমরা দুই জনে মাকতাবাতুল মদীনা হতে প্রকাশিত সুনুতে ভরপুর বয়ানের ক্যাসেট সমূহ চালাতে আরম্ভ করে দিলাম। শুরুতে কিছু কিছু লোক আমাদের বিরোধীতাও করেছিল, কিন্তু আমরা সাহস হারাইনি।

آلْحَنْدُ بِللّٰهِ عَزَّوَجَلّ সুন্নতে ভরপুর বয়ানের ক্যাসেট চালানোর বরকতে আমার নিজের উপরও এর প্রভাব প্রতিফলিত হতে লাগল।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

বিশেষতঃ (১) কবরের প্রথম রাত (২) রঙ্গিন দুনিয়া (৩) হতভাগা দুলহা (৪) কবরের চিৎকার (৫) ৩টি কবর ইত্যাদি নামের বয়ানের ক্যাসেট আমাকে প্রভাবিত করেছিল।

(এই সমস্ত বয়ানের ক্যাসেট নিজ নিজ দেশের মাকতাবাতুল মদীনা থেকে হাদিয়ে দিয়ে পাওয়া যায়।) আখিরাতের প্রস্তুতির মাদানী বাসনার সন্ধান পাওয়া গেল এবং আমার অন্তর গুনাহকে ঘৃণা করতে লাগল। এ সময় আরো কিছু ভাই সুন্নতে ভরপুর বয়ানে প্রভাবিত হয়ে কাছে এসে বন্ধু হয়ে গেল। যার প্রচেষ্টায় আমাদের মাদানী পরিবর্তন হল সেই আশিকে রস্ল (ইসলামী ভাই) চাকুরী ছেড়ে পাকিস্থানে ফিরে গেল। আমরা পাকিস্তান থেকে সুন্নতে ভরপুর বয়ানের ৯০টি ক্যাসেট চেয়ে আনালাম। প্রথমে আমাদের ফ্যাক্টরীতে ৫০/৬০ জন ভাই নামাযীছিল। বয়ান শুনে শুনে নামাযীর সংখ্যা বাড়তে বাড়তে গ্রেইট্রইট্র ২০০ থেকে ২৫০ তে পৌছল।

আমরা ৪০০ ওয়ার্ড এর মূল্যবান সাউন্ডবক্স কিনে আমাদের ঘরের দেয়ালে বসিয়ে দিলাম এবং ধুমধাম করে ক্যাসেটসমূহ চালাতে লাগলাম। প্রতিদিন সকাল ৭টা হতে ৮টা পর্যন্ত কালামে পাকের তিলাওয়াত, ৮টা হতে ৯টা পর্যন্ত না'তে মোস্তফা এবং ৯টা হতে ১০টা পর্যন্ত সুন্নতে ভরা বয়ানের ক্যাসেট চালানোর নিয়ম করে নিলাম। ধীরে ধীরে আমাদের নিকট ৫০০টি ক্যাসেট জমা হয়ে গেল। আমি সহ ৫ জন ইসলামী ভাই দা'ওয়াতে ইসলামীর মাদানী রঙ্গে রঙ্গিন হয়ে গেলাম। الْحَيْدُولِيُّهُ عَزَّمُ عَلَّ মসজিদ দরস দেয়ার কেন্দ্রে পরিণত হল।

অতঃপর ধীরে ধীরে আমাদের ফ্যাক্টরীতে সাপ্তাহিক সুন্নতে ভরপুর ইজতিমা শুরু হয়ে গেল। ইজতিমায় কমবেশী ২৫০ জন ইসলামী ভাই অংশগ্রহণ করত। মাদরাসাতুল মদীনাও প্রতিষ্ঠা হয়ে গেল। চারিদিকে সুন্নতের বাহার বইতে আরম্ভ করল। অনেক ইসলামী ভাই নিজেদের মুখে মাদানী আকা صَلَى اللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم প্রতি ভালবাসার নিদর্শন দাড়ি মুবারক রেখে দিল। ২০/২৫ জন ইসলামী ভাইয়ের মাথায় পাগড়ী তাজ চমকাচ্ছিল।

হ্যরত মুহাম্মদ ্লিঃ ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

আমাদের ফ্যাক্টরীর ম্যানেজার প্রথম প্রথম ক্যাসেট চালানোর ব্যাপারে নিষেধ করত। কিন্তু বয়ানের ক্যাসেটের শব্দ তার কানে মধু বর্ষণ করল এবং الله عَزَّوْجَلً অবশেষে তিনিও প্রভাবিত হল শুধু প্রভাবিত নয় বরং নামাযীও হয়ে গেল এবং এক মুষ্টি (সুনুত) পরিমাণ দাড়িও রেখে দিল।

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! মাকতাবাতুল মদীনা থেকে প্রকাশিত বয়ানের ক্যাসেট শুনারও কি পরিমাণে বরকত রয়েছে। এগুলো সব ভাগ্যবানদের সম্ভব, অন্যথায় অনেক লোককে এমনও দেখা যায় যারা বছর বছর ধরে সুনতে ভরপুর ইজতিমায় উপস্থিত হয়, কিন্তু তারা মাদানী রঙ্গে রঙ্গীন হয় না। সম্ভবতঃ তার একটি বড় কারণ এটাও হতে পারে যে, সে বসে গভীর ধ্যানে বয়ান শ্রবণ করে না। বেপরওয়াভাবে এদিক সেদিক তাকিয়ে তাকিয়ে বা কথাবার্তা বলতে বলতে শুনলে বয়ানের বরকত কিভাবে মিলবে? অলসতা সহকারে নছীহত শোনা কাফিরদের বৈশিষ্ট্য। মুসলমানদের এই স্বভাব থেকে বেঁচে থাকা জরুরী। যেহেতু আল্লাহ তাআলা ইরশাদ করেছেন

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

যখন তাদের প্রতিপালকের নিকট থেকে তাদের নিকট কোন নতুন উপদেশ আসে, তখন সেটা তারা শুনেনা, কিন্তু ক্রীড়া কৌতুকচ্ছলে। তাদের অন্তর খেলাধূলায় পড়ে রয়েছে। (পারা-১৭, সূরা আম্বিয়া, আয়াত-২,৩)

مَا يَأْتِيُهِمُ مِّنَ ذِكْرٍ مِّنَ رَّبِهِمُ مُّحْدَثٍ إلَّا اسْتَمَعُوهُ وَهُمُ يُلْعَبُونَ فَي لَاهِيَةً قُلُوبُهُمُ لَا

হযরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

এজন্য একনিষ্টতার সাথে সুন্নতে ভরপুর বয়ানের ক্যাসেট শ্রবণ করার অভ্যাস গড়ে নিন। ইনশাআল্লাহ আপনাদের সেই বরকত অর্জন হবে যাতে আপনারা আশ্চর্য্য হয়ে যাবেন।

(১) সুন্নতে ভরা বয়ানের ক্যাসেটের বরকতের ব্যাপারে বিস্তারিত জানতে (বয়ানের ক্যাসেটের কারিশমা) নামক রিসালা (৫৪ পৃ: সম্বলিত) মাকতাবাতুল মদীনা থেকে হাদীয়া দিয়ে সংগ্রহ করে পড়ে নিন। মজলিসে মাকতাবাতুল মদীনা

গোটা বছরের নেকী সমূহ বরবাদ

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস ুর্ত্ত । এই প্রথিত পূর্ব থেকে বর্ণিত, আল্লাহর মাহবুব হযরত মুহাম্মদ ুর্নির গাড় গুড় গুড় গুড় গুড় গুড় এর মহান ফরমান, "নিশ্চয় জান্নাতকে মাহে রমযানের জন্য বছরের শুরু থেকে অন্য বছর পর্যন্ত সাজানো হয়। অতঃপর যখন রমযান আসে তখন জান্নাত বলে, "হে আল্লাহ! আমাকে এ মাসে আপনার বান্দাদের থেকে (আমার মধ্যে বসবাসকারী) দান করুন!" আর 'হুরেরা' বলে, "হে আল্লাহ! এ মাসে আমাদেরকে আপনার বান্দাদের থেকে স্বামী দান করুন!" তারপর সরকার হযরত মুহাম্মদ ত্রু গুড় গুড় গুড় গুড় গুড় এ মাসে নিজের প্রবৃত্তিকে দমন করেছে, কোন নেশার বস্তু পান করেনি, কোন মু'মিনের বিরুদ্ধে অপবাদ রচনা করেনি, এ মাসে কোন গুনাহের কাজ করেনি, তবে আল্লাহ প্রতিটি রাতের বিনিময়ে একশ' হুরের সাথে তার বিয়ে করিয়ে দেবেন। আর তার জন্য জানাতে স্বর্ণ, রূপা, পদ্মারাগ ও পানার এমনি মহল তৈরী করবেন যে, যদি সমগ্র দুনিয়া একত্রিত হয়ে এ মহলের মধ্যে এসে যায়, তাহলে ওই মহলের এতটুকু জায়গা দখল করবে, যতটুকু জায়গা দুনিয়ায় ছাগলের বেষ্টনী-বেড়া ঘিরে থাকে।

আর যে ব্যক্তি এ মাসে কোন নেশার বস্তু পান করে কিংবা কোন মু'মিনের বিরুদ্ধে অপবাদ রচনা করে, অথবা এ মাসে কোন গুনাহের কাজ করে, আল্লাহ তা'আলা তার এক বছরের আমল (সৎকর্ম) বিনষ্ট করে দেবেন। সুতরাং তোমরা রম্যানের বেলায় অলসতা করতে ভয় করো। কেননা, এটা আল্লাহর মাস। আল্লাহ

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

তা'আলা তোমাদের জন্য এগার মাস (সৃষ্টি) করেছেন। যাতে তোমরা সেগুলোতে নে'মতগুলোর স্বাদ গ্রহণ করতে পারো, আর নিজের জন্য একটা মাত্র মাসকে বিশেষভাগে নির্ধারণ করেছেন। সুতরাং তোমরা রমযান মাসের বেলায় ভয় করো।" (মুজামূল আউছাত, খভ-২য়, পৃ-৪১৪, হাদীস নং-৩৬৮৮)

প্রিয় ইসলামী ভাইয়েরা! জানা গেলো যে, যেখানে মাহে রমযানুল মুবারকের প্রতি সম্মান প্রদর্শনকারীদের জন্য পরকালীন পুরস্কার ও সম্মানের সুসংবাদ দিয়েছেন, সেখানে বরকতময় মাসের প্রতি অসম্মান প্রদর্শনকারী তাতে গুনাহের কাজ সম্পন্নকারীদের জন্য শান্তির হুমকিও এসেছে। এ হাদীসে পাকে নেশাদায়ক বস্তু পান করা ও মু'মিনের বিরুদ্ধে অপবাদ দেয়ার কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। মনে রাখবেন, মদ হচ্ছে সব-ধরণের অপকর্মের মূল। মদ পান করা হারাম ও জাহান্নামে নিক্ষেপকারী কাজ। হয়রত সায়্যিদুনা জাবির فَنَى اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ وَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মহামদ করেছেন, "যে জিনিষ বেশী পরিমাণে নেশার উদ্রেক করে সেটার সামান্যতম পরিমাণও হারাম।" (আরু দাউদ, খভ-৩য়, পৃ-৪৫৯, হাদীস নং-৩৬৮১)

দোযখীদের রক্ত ও পুঁজ

মু'মিনের বিরুদ্ধে অপবাদ দেয়া হারাম এবং জাহানামে নিক্ষেপকারী কাজ। হাদীসে পাকে বর্ণিত হয়েছে, "যে ব্যক্তি কোন মু'মিন সম্পর্কে এমন কথা বলবে, যা তার মধ্যে নেই, আল্লাহ তাআলা ওই (অপবাদদাতা)-কে ততক্ষণ পর্যন্ত 'রাদগাতুল খাবাল'-এ রাখবেন, যতক্ষণ পর্যন্ত তার শাস্তি পূরণ না হয়।" (আরু দাউদ, খন্ড-৩য়, পৃ-৪২৭, হাদীস নং-৩৫৯৭) (রাদগাতুল খাবাল হচ্ছে জাহানামের ওই স্থান, যেখানে দোযখীদের রক্ত ও পুঁজ জমা হয়।)

(মিরাজুল মানাজিহ, খন্ড-৫ম, পৃ-৩১৩)

এই হাদীসের ব্যাখ্যায় প্রখ্যাত মুহাদ্দিস, হযরত শাহ আবদুল হক মুহাদ্দিস দেহলভী رَحْمَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ ইরশাদ করেন, "এমনকি সে নিজের কথিত কথা থেকে বের হয়ে আসবে।" অর্থাৎ সেই গুনাহ্ থেকে তওবার মাধ্যমে

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

কিংবা যেই শাস্তির সে হকদার হয়েছিল তা ভোগ করার পর সে পবিত্র হবে।
(আশিয়্যাতুল লুমআত, খন্ড-৩য়, পৃ-২৯০)

রম্যানে পাপাচারী

সায়্যিদাতুনা উন্মে হানী رَفِيَ اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم علام اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم الله تَعَالَ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عما الله تَعالَ الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلَّم ضَمَّ الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلَّم कि?" হুয়ু مَلَى الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلَّم हें हिंश स्त्रा ति कि?" ह्यू के के के वा ।" তারপর ইরশাদ করলেন, "এই মাসের মধ্যে তাদের হারাম কাজ করা ।" তারপর ইরশাদ করলেন, "যে ব্যক্তি এ মাসে যিনা করেছে কিংবা মদ পান করেছে, আগামী রমযান পর্যন্ত আল্লাহ তাআলা ও যত সংখ্যক আসমানী ফিরিশতা রয়েছে সবাই তার উপর লানত করে । সুতরাং ওই ব্যক্তি যদি পরবর্তী রমযান মাস আসার পূর্বে মারা যায়, তবে তার নিকট এমন কোন নেকী থাকবেনা, যা তাকে জাহান্নামের আযাব থেকে বাঁচাতে পারে । সুতরাং তোমরা মাহে রমযানের ক্ষেত্রে ভয় করো । কেননা, যেভাবে এ মাসে অন্যান্য মাসের তুলনায় নেকী (সাওয়াব) বৃদ্ধি করে দেয়া হয় তেমনি গুনাহগুলোর বিষয়ও।" (তাবারানী কৃত মুজামে সগীর, খভ-৯ম, পূ-৬০, হাদীস নং-১৪৮৮)

تُوبُوا إِلَى الله! اَسْتَغُفِرُ الله ওহে (যারা গুরুত্ব দিচ্ছো না) তোমরা সাবধান!

প্রিয় ইসলামী ভাইয়েরা! ভয়ে কেঁপে উঠুন! মাহে রমযানের গুরুত্ব না দেয়ার মতো জঘন্য কাজ থেকে বেঁচে থাকার জন্য চেষ্টা করুন! এ বরকতময় মাসে অন্যান্য মাসের তুলনায় যে ভাবে নেকী বৃদ্ধি করা হয়, তেমনিভাবে অন্যান্য মাসের তুলনায় গুনাহ্ সমূহের ধবংসাতাক প্রভাবও বৃদ্ধি করা হয়।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

মাহে রম্যানে মদ্যপায়ী ও ব্যভিচারীতো এতোই হতভাগ্য যে, আগামী রম্যানের পূর্বে মৃত্যু মুখে পতিত হলে তখন তার নিকট এমন কোন নেকী থাকবে না, যা তাকে জাহান্নামের আগুন থেকে বাঁচাতে পারবে।

মনে রাখবেন! চোখের যিনা হচ্ছে কুদৃষ্টি, হাতের যিনা হচ্ছে-পরনারীকে কিংবা যৌন প্রবৃত্তিসহকারে 'আমরাদ' (দাড়ি গজায়নি এমন বালক)-কে স্পর্শ করা। সুতরাং খবরদার! সাবধান! বিশেষ করে, মাহে রমযানে নিজেকে নিজে কুদৃষ্টি ও বালকের প্রতি যৌন-প্রবৃত্তি সহকারে দৃষ্টিপাত থেকে বিরত রাখুন! যথাসম্ভব চক্ষুদ্বয়কে কুফ্লে মদীনা লাগিয়ে নিন অর্থাৎ দৃষ্টিকে নিচু রাখার পূর্ণাঙ্গ চোলান। আফসোস! শত কোটি আফসোস! কখনো কখনো নামাযী এবং রোযাদারও মাহে রমযানের অসম্মান করে পরাক্রমশালী আল্লাহর ক্রোধের শিকার হয়ে দোযখের আযাবে গ্রেফতার হয়ে যায়।

কলবের উপর কালো দাগ পড়ে যায়

হাদিস মুবারকে এসেছে যে, "যখন কোন মানুষ গুনাহ্ করে তখন তার অন্তরে একটি কালো দাগ পড়ে। দ্বিতীয়বার গুনাহ করলে ২য় বার কালো দাগ পড়ে, এমনিভাবে তার অন্তর (দাগে দাগে) কালো হয়ে যায়। তখন ভাল কথাও তার অন্তরে কোন প্রভাব বিস্তার করে না।" (দুররে মনছুর, খড-৮ম, পৃ-৪৪৬) এখন স্পষ্ট যে, যার অন্তর কালো হয়ে গেছে তার অন্তরে ভালো কথা, নছীহত, উপদেশ কোথায় প্রভাব ফেলবে? রমযান মাস হোক কিংবা রমযান ব্যতীত অন্য মাস হোক এ ধরনের মানুষের গুনাহ থেকে বেঁচে থাকাটা অত্যন্ত কষ্টসাধ্য হয়ে যায়। তার অন্তর নেকীর দিকে ঝুঁকেই না। যদিও সে নেকীর দিকে এসেও যায় তাহলে প্রায় তার অন্তর সে ময়লার কারণে নেকীর সাথে ভালভাবে লাগতে পারে না এবং সে সুনুতে ভরা মাদানী পরিবেশ থেকে পালিয়ে যাওয়ার বাহানা বের করার চিন্তায় ব্যন্ত থাকে। তার অন্তর তাকে লম্বা আশার স্বপু দেখায়, অলসতা তাকে ঘিরে রাখে, আর সেই দুর্ভাগা সুনুতে ভরপুর মাদানী পরিবেশ থেকে দূরে ছিটকে পড়ে। রমযান মাসের মুবারক সময়গুলো মাঝে মধ্যে সম্পূর্ণ রাত এ সমস্ত লোকেরা খেলাধুলা, গান বাজনা, তাস, দাবা, গল্প স্বল্প ইত্যাদিতে নষ্ট করে দেয়।

হ্**যরত মুহাম্মদ**্লাঞ্জু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

কলবের কালো দাগের চিকিৎসা

এই কালো অন্তরের (কলবের) চিকিৎসা অত্যন্ত জরুরী। এই চিকিৎসার একটি কার্যকরী মাধ্যম হচ্ছে পীরে কামেল। অর্থাৎ কোন বুযুর্গ ব্যক্তির হাতে হাতরেখে বায়আত গ্রহণ করা, যিনি পরহিযগার ও সুনুতের অনুসারী। যার সাক্ষাত আল্লাহ ও রাসুল مَنَى اللّهُ تَكَالَى عَلَيْهِ وَاللّهِ وَسَلّم এর স্মরণ করিয়ে দেয়। যার কথা নামায ও সুনুতের প্রতি ধাবিত করে। যার সংস্পর্শ মৃত্যু ও আখিরাতের প্রস্তুতির প্রেরণা বৃদ্ধি করে। যদি সৌভাগ্যবশত এ ধরনের পীরে কামেল মিলে যায় তাহলে وَهَا اللّهُ عَزَوْمَا কলবের কালো দাগের চিকিৎসা অবশ্যই হয়ে যাবে। কিন্তু কোন নির্দিষ্ট পাপী মুসলমানকে এই কথা বলার অনুমতি নেই যে, "তার অন্তরে মোহর অঙ্কিত হয়েছে" বা তার কলব কালো হয়ে গেছে" তাই নেকীর দা'ওয়াত তাকে প্রভাবিত করছে না। অবশ্যই আল্লাহ তাআলা এ কথার উপর ক্ষমতা রাখেন যে, তাকে তওবার তাওফিক দিতে পারেন, যাতে সে সঠিক পথে আসতেও পারে। আল্লাহ তাআলা আমাদের অন্তরের কালিমা দূর করুন!

वाभीन विकारिन्नाविशिष्ण वाभिन وسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَالَمُ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَالَمُ عَالَمُ عَالَمُ عَاللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللَّهِ وَسَلَّم عَالَمُ عَلَيْهِ وَاللَّهِ وَسَلَّم عَلَيْهِ وَاللَّهِ عَلَيْهِ وَاللَّهِ عَلَيْهِ وَاللَّهِ عَلَيْهِ وَاللَّهِ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ عَلْمُ عَلَيْهِ عَلَّهُ عَلَيْهِ عَلَّهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْكُمِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْه

একটা শিক্ষামূলক ঘটনা পেশ করছি। তা শুনুন এবং আল্লাহর ভয়ে কেঁপে উঠুন! বিশেষ করে ওইসব লোক এ ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করুন, যারা রোযা পালন করা সত্ত্বেও তাশ, দাবা, লুডু, ভিডিও-গেমস, ফিল্ম, নাটক, গান-বাদ্য ইত্যাদি মন্দ কাজের মধ্যে রাত দিন মগ্ন থাকেন। বর্ণিত আছেঃ

কবরের ভয়ানক দৃশ্য

একদা হযরত সায়্যিদুনা আলী মুরতাজা نون الله تَعَالَى عَنْهُ! কবর যিয়ারত করার জন্য কূফার কবরস্থানে তশরীফ নিয়ে যান। সেখানে একটা নতুন কবরের উপর তার দৃষ্টি পড়লো। তিনি وَضِيَ اللّهُ تَعَالَى عَنْهُ صَالَى اللّهُ تَعَالَى عَنْهُ का प्रिक्त प्रक्ता । তিনি وَضِيَ اللّهُ تَعَالَى عَنْهُ مَا اللّهُ تَعَالَى عَنْهُ का गांत (কবরের মৃত) অবস্থাদি জানার কৌতুহল সৃষ্টি হলো। মহামহিম আল্লাহর মহান দরবারে আর্য করলেন, "হে মহামহিম আল্লাহ! এ মৃতের অবস্থা আমার সামনে প্রকাশ করে দিন!"

হ্**যরত মুহাম্মদ**্ল্ল্ট্র্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

তাৎক্ষণিকভাবে আল্লাহ তাআলার মহান দরবারে তাঁর ফরিয়াদ মঞ্জুর হলো। আর দেখতে দেখতেই তাঁর ও ওই মৃতের মধ্যবর্তী যতো পর্দা ছিলো সবই তুলে ফেলা হলো। তখন এক ভয়ঙ্কর দৃশ্য তাঁর সামনে আসল। কী দেখলেন? দেখলেন, মৃত লোকটি আগুনের লেলিহানের মধ্যে ডুবে রয়েছে। আর কেঁদে কেঁদে তার দরবারে ফরিয়াদ করছিলো

يَا عَلِيُّ! أَنَا غَرِيْقُ فِي النَّارِ وَحَرِيْقُ فِي النَّار

আর্থাৎ "ওহে আলী الله تعنى تعنى الله تعنى الل

মওলায়ে কাইনাত, মওলা আলী الله تعالى عنه এ কথা শুনে আরো দুঃখিত হলেন এবং সিজদায় পড়ে কেঁদে কেঁদে আরয় করতে লাগলেন, "হে আল্লাহ! আমার মান সম্মান তোমার কুদরতের হাতে! এ বান্দা বড় আশা নিয়ে আমার কাছে সাহায্যের আবেদন করেছে। আমার মালিক! তুমি আমাকে তার সামনে অপমানিত করো না! তার অসহায়ত্বের উপর দয়াবান হও এবং এ বেচারাকে ক্ষমা করে দাও!" হযরত আলী غنځ الله تعالى করছিলেন। আল্লাহর রহমতের সাগরে ঢেউ উঠল আর আহ্বান আসলো, "ওহে আলী! غنځ اله تعالى الله تعالى تعالى الله تعالى الله تعالى تعالى الله تعالى الله تعالى تعال

(আনীসুল ওয়ায়েযীন, পৃ-২৫)

হযরত মুহাম্মদ ৠ ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

নুত্ত ক্রিট্র ক্রিট্

صَلُّواعَلَىالْحَبِيْب! صَلَّىاللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُحَتَّى اللهُ تَعَالَىعَلَىمُ اللهُ تَعَالَىعَلَىمُ اللهُ تَعَالَىعَلَىمُ اللهُ تَعَالَىعَلَىمُ اللهُ تَعَالَىعَلَى مُحَتَّى اللهُ تَعَالَىعَلَى مُحَتَّى اللهُ تَعَالَىعَلَى مُحَتَّى اللهُ تَعَالَىعَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَىءَ اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَىءَ اللهُ تَعْلَىءُ اللهُ تَعَالَىءَ اللهُ تَعَالَىءُ عَلَى مُعَمِّدًا اللهُ تَعَالَىءَ اللهُ تَعَالَىءُ اللهُ تَعَالَىءَ اللهُ تَعَالَىءَ اللهُ تَعْلَىءُ مُعْلَىءُ اللهُ تَعْلَىءُ مُعْلَىءُ اللهُ تَعْلَىءُ عَلَىءُ مُعْلَىءُ اللهُ تَعْلَىءُ مُعْلَىءُ اللهُ تَعْلَىءُ مُعْلَىءُ مُعْلَىءُ مُعْلَىءُ مُعْلَىءُ مُعْلَىءُ اللّهُ تَعْلَىءُ عَلَىءُ مُعْلَىءُ مُعْلِمُ عُلَىءُ مُعْلَىءُ مُعْلَ

প্রিয় ইসলামী ভাইয়েরা! মওলা আলী গ্রাইটেট গ্রাটিট এর মহত্ব ও উচ্চ মর্যাদার কথা কী বলবো? আল্লাহর দানক্রমে, তিনি গ্রাইটিট গ্রিটিট কবরবাসীদের সাথেও কথা বলতেন। এখানে আরো একটি ঘটনা পেশ করা হচ্ছে। যেমন ঃ হ্যরত আল্লামা জালাল উদ্দীন সুয়ূতী শাফিল করেন, "হ্যরত সায়্যিদুনা সালদ ইবনে মুসাইয়্যাব গ্রাইটিটিটিট এর সাথে কবরস্থানের পাশ করেন মুশ্রিটিলাম। হ্যরত মওলা আলী গ্রাইটিটিটিট বললেন,

اَلسَّلَامُ عَلَيْكُمْ يَا اَهْلَ الْقَبُورِ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ

(অর্থাৎ তোমাদের উপর সালাম ওহে কবরবাসী! এবং আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক!)

তোমরা কি আমাদেরকে তোমাদের অবস্থাদি সম্পর্কে জানাবে? না আমরা তোমাদেরকে আমাদের খবরাদি জানাব? বর্ণনাকারী বলেন, আমরা একটা কবরের ভিতর থেকে আওয়াজ শুনলাম

وَعَلَيْكَ السَّلَامُ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ

অর্থাৎ হে আমীরুল মুমিনীন غُنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ । আপনাদের উপর সালাম, আল্লাহর রহমত ও বরকতসমূহ বর্ষিত হোক।

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

আপনি আমাদেরকে বলুন, আমাদের পর দুনিয়ার মধ্যে কি ঘটেছে? তদুত্তরে তিনি বললেন, তোমাদের বিবিগণ নতুন বিয়ে করেছে, তোমাদের ধনসম্পদ বন্টন হয়ে গেছে, তোমাদের ছেলেমেয়েরা এতিমদের দলভুক্ত হয়ে গেছে, ওই ঘর, যা তোমরা তৈরী করেছিলে, সেগুলোতে তোমাদের শক্ররা বসবাস করছে। এখন শোনাও তোমাদের নিজেদের অবস্থা!" তদুত্তরে এক কবর থেকে আওয়াজ আসলো, "কাফন ফেটে গেছে, চুলগুলো বিক্ষিপ্ত হয়ে গেছে, চামড়াগুলো টুকরো টুকরো হয়ে গেছে, চোখগুলো চেহারাগুলোর উপর থেকে বের হয়ে গেছে এবং নাকের ছিদ্রগুলো পূঁজে ভর্তি হয়ে গেছে, যেমন কাজ করেছি, তেমনি ফল পাচ্ছি। যা ছেড়ে এসেছি তাতে ক্ষতিগ্রস্থ হয়েছি আর এখন কৃতকর্মগুলোর বিনিময়ে আযাবে বন্দী হয়ে আছি।" (অর্থাৎ যার কৃতকর্ম ভালো হবে, সে আখিরাতে আরাম পাবে, আর মন্দ কাজ সম্পন্নকারী আপন কৃতকর্মের কুফল ভোগ করবে।) (শরহুস সুদূর, পূ-২০৯)

রম্যানের রাতগুলোতে খেলাধুলা

প্রিয় ইসলামী ভাইয়েরা! উপরোল্লেখিত ঘটনা দুটিতে আমাদের শিক্ষার জন্য অগণিত মাদানী ফুল রয়েছে। জীবিত মানুষ খুব হেলেদুলে চলে; কিন্তু মৃত্যুর শিকার হয়ে যখন কবরে নামিয়ে দেয়া হয়, তখন চোখগুলো বন্ধ হবার পরিবর্তে বাস্তবিক পক্ষে খুলেই যায়। সৎকার্যাদি ও আল্লাহ রাস্তায় প্রদন্ত সম্পদ তো কাজে আসে; কিন্তু যা কিছু সম্পদ রেখে যায় তাতে মঙ্গলের সম্ভাবনা খুব কমই থাকে। কারণ, ওয়ারিশগণের দিক থেকে এ আশা খুব কমই করা হয় যে, তারা তাদের মরহুম প্রিয়জনের আখিরাতের মঙ্গলের জন্য বেশি মাল খরচ করবে, বরং মৃত্যুবরণকারী যদি হারাম ও অবৈধ মাল, যেমন-গুনাহের উপকরণাদি-বাদ্যযন্ত্র, ভিডিও গেমসের দোকান, মিউজিক সেন্টার, হারাম মিশ্রিত মালের কারবার ইত্যাদি রেখে যায়, তবে তার জন্য মৃত্যুর পর কঠিন ও অস্বাভাবিক শাস্তি অবধারিত। 'কবরের ভয়ানক দৃশ্য' নামীয় ঘটনায় রমযানুল মুবারকের প্রতি

হ্যরত মুহাম্মদ শ্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

অসম্মান প্রদর্শনকারীর ভয়ানক পরিণতির কথা উল্লেখ করা হয়েছে। তা থেকে শিক্ষা গ্রহণ করুন। আফসোস! শত আফসোস!! রমযানুল মুবারকের পবিত্র রাতগুলোতে আমাদের কিছু সংখ্যক যুবক ইসলামী ভাই মহল্লায় ক্রিকেট, ফুটবল ইত্যাদি খেলায় মশগুল থাকে, খুব শোর-চিৎকার করে। অনুরূপভাবে, এসব হতভাগা লোক নিজেরা তো ইবাদত থেকে বঞ্চিত থাকে, এবং অন্যান্য লোকের জন্যও সীমাহীন পেরেশানীর কারণ হয়ে যায়। না নিজেরা ইবাদত করে, না অন্যান্য লোককে ইবাদত করতে দেয়।

এ ধরণের খেলাধুলা আল্লাহ তাআলার স্মরণ থেকে উদাসীনকারী। নেককার লোকেরা সর্বদা এসব খেলাধুলা থেকে দূরে থাকেন। নিজেদের খেলাতো দূরের কথা, এমন খেলা তামাশা দেখেনও না; বরং এ ধরণের খেলাধূলার কথাবার্তা (COMMENTARY)ও শুনেন না। সুতরাং আমাদেরও এসব কাজ থেকে বিরত থাকা উচিত। বিশেষ করে রমযানুল মুবারকের বরকতময় মুহুর্তগুলোকে এভাবে কখনো বিনষ্ট করা উচিৎ নয়।

রমযান মাসে সময় অতিবাহিত করার জন্য.....

এছাড়া এ ধরণের বহু মূর্খলোকও দেখা যায়, যারা যদিও রোযা রেখে নেয়, কিন্তু ওইসব বেচারার সময় কাটে না। সুতরাং তারাও রমযানের মর্যাদাকে একদিকে রেখে দিয়ে হারাম ও নাজায়িয় কাজের আশ্রয় নিয়ে সময় 'কাটায়'। আর এভাবে রমযান শরীফে দাবা, তাস, লুডু, গান-বাদ্য, ইত্যাদিতে কিছু লোক বেশি মাত্রায় জড়িয়ে পড়ে। মনে রাখবেন, যদিও দাবা ও তাস ইত্যাদির উপর কোন ধরণের বাজি কিংবা শর্ত না লাগানো হয় তবুও এ খেলা অবৈধ; বরং তাসের মধ্যে যেহেতু প্রাণীর ছবিও থাকে, সেহেতু আলা হযরত کِنْهُ الله تَعَالَى عَلَيْهِ कুয়া ছাড়া তাস খেলাকেও হারাম লিখেছেন। (ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খভ-২৪, প্-১৪১)

হযরত মুহাম্মদ শ্লিঙ্ডি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

উত্তম ইবাদত কোনটি?

ওহে জান্নাতপ্রার্থী রোযাদার ইসলামী ভাইয়েরা! রমযানুল মুবারকের পবিত্র মুহুর্তগুলোকে অনর্থক কথাবার্তা ও কার্যাদির মধ্যে বিনষ্ট হওয়া থেকে বাঁচান। জীবন অত্যন্ত সংক্ষিপ্ত। সেটাকে অতিরিক্ত সুযোগ মনে করুন। তাস খেলা ও ফিল্মের গানগুলোর মাধ্যমে সময় নষ্ট করার পরিবর্তে কোরআন তিলাওয়াত এবং যিকির ও দুরূদের মধ্যে সময় কাটানোর চেষ্টা করুন! ক্ষুধা-পিপাসার কঠোরতা যতোই বেশি অনুভূত হবে ততোই ধৈর্যধারণের জন্য, الله عَيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم صَالَّا الله تَعَالَى عَلَيْهِ وَالْهِ وَسَلَّم عَلَيْهِ وَالْهِ وَسَلَّم صَالَّا الله الله تَعَالَى عَلَيْهِ وَالْهِ وَسَلَّم صَالَّا الله تَعَالَى عَلَيْهِ وَالْهِ وَسَلَّم صَالَّا الله تَعَالَى عَلَيْهِ وَالْهِ وَسَلَّم سَالَّا صَالَّا وَالله وَ عَلَيْهِ وَالْهِ وَسَلَّم صَالْمَا فَيْ مَالُوه وَ عَلَا الله عَلَيْهِ وَالْهِ وَسَلَّم صَالْمَا مَا وَالله وَ عَلَيْهِ وَالْهُ وَ كَالْمَا وَ هُمَا وَ عَلَيْهِ وَالْهُ وَ كَالم وَ حَلَيْهِ وَالْهُ وَ كَالْمَا وَالله وَ عَلَيْهِ وَالْهُ وَلَا الله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْهِ وَالْمَا وَالله وَ عَلَيْهِ وَالْهُ وَلَا الله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْهِ وَالله وَ الله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْه وَالله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْهِ وَالله وَ عَلَيْهِ وَالله وَ عَلْه وَالله وَله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

ইমাম শরফুদ্দীন নববী رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ বলেন ৪ "যে ইবাদতের মধ্যে কঠোর পরিশ্রম ও টাকা বেশি খরচ হয় এতে সওয়াব ও ফযীলত বেশি হয়।"

(শরহে সহীহ মুসলিম লিন নববী, খড-১ম, পৃ-৩৯০)

ওলীয়ে কামিল হযরত সায়্যিদুনা ইব্রাহীম ইবনে আদহাম رَحْبَةُاللّٰه تَعَالَىٰ عَلَيهِ বলেন, "দুনিয়ার মধ্যে যেই সৎকর্ম যতো কঠিন হবে, কিয়ামতের দিন নেকীগুলোর পাল্লাও ততো বেশি ভারী হবে।" (তাযকিরাতুল আওলিয়া, পু-৯৫)

এ থেকে সুস্পষ্টভাবে প্রকাশ পেলো যে, আমাদের জন্য রোযা রাখা যতো কঠিন। পাপীষ্ট, নফস প্রবৃত্তি এর জন্য ততো অসহনীয়। اِنْ شَاءَ اللّٰهِ عَزَّوْجَلّ । কিয়ামতের দিন আমলের পাল্লায় ততো বেশি ভারী হবে।

রোযা পালনকালে বেশি ঘুমানো

হুজ্জাতুল ইসলাম সায়িয়দুনা ইমাম গায্যালী رَحْبَةُ اللّٰهِ تَعَالَىٰ عَلَيهِ 'কীমিয়ায়ে সা'আদাত' কিতাবে লিখেছেন, "রোযাদারের জন্য সুন্নত হচ্ছে দিনের বেলায় বেশিক্ষণ না ঘুমানো; বরং জাগ্রত থাকা, যাতে ক্ষুধা ও দূর্বলতার প্রভাব অনূভব হয়।" (কীমিয়ায়ে সা'আদাত, প্-১৮৫)

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট্ট্ট্ট্ররশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

(যদিও কম শোয়া উত্তম তারপরও প্রয়োজনীয় ইবাদত করার পর কোন ব্যক্তি শুয়ে থাকলে এতে সে গুনাহগার হবে না।)

প্রিয় ইসলামী ভাইয়েরা! সুস্পষ্টভাবে এ থেকে বুঝা যায় যে, যে ব্যক্তি রোযা পালনকালে দিনভর ঘুমে সময় অতিবাহিত করে দেয়, সে রোযার মর্যাদা বা কিভাবে পাবে? একটু চিন্তা করুন তো! ইমাম মুহাম্মদ গায্যালী يَحْمَدُ الله تَعَالَ عَلَيْهِ তো বেশি ঘুমাতেও নিষেধ করেছেন। কারণ তাতে অনর্থক সময় অতিবাহিত হয়ে যাবে। সুতরাং যারা খেল তামাশা ও হারাম কার্যাদিতে সময় নষ্ট করে তারা কতোই বঞ্চিত ও হতভাগা! এ বরকতময় মাসের প্রতি যত্নবান হোন! এর প্রতি সম্মান প্রদর্শন করুন! এতে খুশী মনে রোযা রাখন! আর আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করুন!

হে আমাদের প্রিয় আল্লাহ! রমযানের কল্যাণে স্রোতধারা থেকে প্রতিটি মুসলমানকে উপকৃত ও ধন্য করুন! এ বরকতময় মাসের প্রতি গুরুত্ব দেয়ার সৌভাগ্য আমাদেরকে দান করুন! এর প্রতি অশালীনতা প্রদর্শন করা থেকে আমাদেরকে বিরত রাখুন! আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযান মাসের সম্মানের জন্য অন্তরের আগ্রহকে বাড়াতে বরকত লাভের জন্য ও নেকী অর্জন করতে এবং নিজেকে গুনাহ্ থেকে বাঁচাতে তবলীগে কোরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশকে আপন করে নিন এবং আশিকানে রসূলদের সাথে মাদানী কাফিলায় সুন্নতে ভরপুর সফর করার সৌভাগ্য অর্জন করুন। তিইটুই টা সেই সফলতা পাবেন যা দেখে আপনি আশ্চর্য হবেন। এক আশিকে রসূল এর চমৎকার ঘটনা শুনুন ও আন্দোলিত হোন।

প্রতিদিন ফিকরে মদীনা করার পুরস্কার

এক ইসলামী ভাই এর বক্তব্যের সারমর্ম এই যে, الْحَبُدُ لِللهُ عَزَّوْجَلَّ মাদানী ইনআমাত আমার প্রিয় এবং দৈনন্দিন "ফিকরে মদীনা" করা প্রায় আমার অভ্যাস।

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

একবার আমি তবলীগে কোরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর সুনুতের তরবীয়্যতের মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সুবায়ে বেলুচিস্তান সফরে ছিলাম। সে সময় আমি গুনাহগারের জন্য দয়ার দরজা খুলে গেল। اَلْحَيْنُ بِللَّهُ عَزَّوَجَلَّ । যখন আমি ঘুমালাম তখন আমার ভাগ্য চমকে উঠল। স্বপ্নে হ্যরত মুহাম্মদ مَسَّه تِعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم অশরীফ আনলেন। তখন ঘর আলোকজ্জল হয়ে উঠল আর হুজুর হ্যরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ঠাট মুবারক নাড়াচড়া করলেন, রহমতের ফুল বর্ষণ হলো। তার বর্ণিত শব্দগুলো কিছুটা এরকম: যারা মাদানী কাফিলায় দৈনন্দিন "ফিকরে মদীনা" করে আমি তাদেরকে আমার সাথে জানাতে নিয়ে যাবো।"

> شكريه كيول كرادا هوآپ كايا مصطفال که پژوسی خُلد میں اپنا بنایا شکریہ

শুকরিয়া কিউ কর আদা হো আপ কা ইয়া মুস্তফা কে পড়ছি খুলদ্ মে আপনা বানায়া শুকরিয়া

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

ফিক্রে মদীনা কি?

প্রিয় ইসলামী ভাইয়েরা! মুসলমানদের দুনিয়া ও আখিরাতকে কল্যাণময় করার জন্য প্রশ্লাকারে ইসলামী ভাইদের জন্য ৭২টি, ইসলামী বোনদের জন্য ৬৩টি, জামেয়ার ছাত্রদের জন্য ৯২টি, জামেয়ার ছাত্রীদের জন্য ৮৩টি, মাদানী মুনা (বাচ্চা) দের জন্য ৪০টি মাদানী ইনআমাত পেশ করা হয়েছে। মাদানী ইনআমাতের রিসালা মাকতাবাতুল মদীনায় পাওয়া যায়। দৈনিক ফিক্রে মদীনার মাধ্যমে তা পূর্ণ করে মাদানী মাসের ১০ তারিখের মধ্যে আপনার এলাকার দা'ওয়াতে ইসলামীর যিম্মাদারের নিকট জমা করতে হয়। নিজের পাপ হিসাব করা, কবর ও হাশরের ব্যাপারে চিন্তা ভাবনা করা এবং নিজের ভাল-মন্দ কাজের

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

হিসাব নেয়ার নিয়্যতে মাদানী ইনআমাত রিসালা পূর্ণ করাকে দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে ফিক্রে মদীনা বলা হয়। আপনিও রিসালা সংগ্রহ করুন।

অখন থেকে যদি পূরণ করতে ইচ্ছা না হয় তো না করণ। অন্তত এটা করণ যে, ওলীয়ে কামিল, আশিকে রসূল, আলা হযরত ইমাম আহমদ রযা খান معند وَحَمَةُ اللّه تَعَالَ عَلَيهِ এর ২৫ তারিখ বিলাদত শরীফের নিছবতে দৈনন্দিন ২৫ সেকেন্ড মাদানী ইনআমাত রিসালা দেখুন। وَشَاءَ اللّه عَزَّوَجَلّ দেখতে দেখতে পড়ার, পড়তে পড়তে ফিকরে মদীনা করার এবং ঐ রিসালা পূরণ করার মন-মানসিকতা তৈরী হবে। আর যদি মাদানী ইনআমাত রিসালা পূরণ করার অভ্যাস হয়ে যায় তাহলে وَحَمَدُ وَاللّهُ عَزْوَجَلّ এর বরকত নিজ চোখে দেখতে পাবেন।

مُدنی انعامات پر کرتا ہے جو کوئی عمل مغفرت کر بے حساب اس کی خدائے لم یُڑل

মাদানী ইন্আমাত পর করতা হায় জো কুয়ি আমল, মাগফিরাত কর বেহিসাব উছকি খোদায়ে লাম ইয়া ঝাল। আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন صَلَّى اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّى

দেখতে থাকুন মাদানী চ্যানেল।

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ وَالصَّلَوٰةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالصَّلَوٰةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالسَّيْطُنِ الرَّجِيْم ط بِسْمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط وَسْمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط

রোযার বিধানাবলী (হানাফী) * দুরূদ শরীফের ফযীলত

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

* ফয়যানে সুনতে সব জায়গায় মাসআলা মাসায়েল হানাফী মাযহাব অনুসারে লিপিবদ্ধ করা হয়েছে। এজন্য শাফেয়ী, মালেকী হাম্বলী মাযহাবের ইসলামী ভাইয়েরা ফিকহী মাসআলার ক্ষেত্রে নিজ নিজ মাযহাবের ওলামায়ে কিরামের মতামত গ্রহণ করবেন।

হ্যরত মুহাম্মদ ૣ ইইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আল্লাহ তা'আলার কতো বড়ো দয়া! তিনি আমাদের মাহে রমযানুল মুবারকের রোযা ফর্য করে আমাদের জন্য তকওয়া ও তাঁর সন্তুষ্টি লাভের উপায় করে দিয়েছেন। আল্লাহ তাআলা ইরশাদ করেন-

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

হে ঈমানদারগণ! তোমাদের উপর রোযা ফর্য করা হয়েছে. যেমন তোমাদের পূর্ববর্তীদের উপর ফরয হয়েছিলো. করা যাতে তোমরা পরহিযগারী লাভ করো, গণনার দিনসমূহ! সুতরাং তোমাদের মধ্যে যে কেউ অসুস্থ হয়, কিংবা সফরে থাকে, তবে ততসংখ্যক রোযা অন্যান্য দিনগুলোতে, আর যারা তা পালন করার শক্তি রাখে না, তবে বিনিময়ে একজন মিসকীনের খাবার, অতঃপর নেকী বেশী স্বতঃস্ফুর্তভাবে পরিমাণে করে, তবে তা তার জন্য উত্তম, আর রোযা রাখা তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানো। (পারা-২, সুরা বাকারা, আয়াত-১৮৩-১৮৪)

রোযা কার উপর ফরয?

তাওহীদ ও রিসালাতকে বিশ্বাস করা ও দ্বীনের সব জরুরী বিষয়ের উপর সমান আনার পর যেভাবে প্রত্যেক মুসলমানের উপর নামায ফর্য বলে সাব্যস্ত করা হয়েছে, অনুরূপভাবে রম্যান শরীফের রোযাও প্রত্যেক মুসলমান (নর ও নারী) বিবেকসম্পন্ন ও প্রাপ্ত বয়স্কের উপর ফর্য। 'দুররে মুখতার' এর মধ্যে

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

উল্লেখ করা হয়েছে, রোযা ২য় হিজরীর ১০ই শা'বানুল মুআয্যামে ফরয হয়েছে। (রদ্দুল মুহতার সম্বলিত দুররে মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৩০)

রোযা ফর্য হ্বার কারণ

রাখার জন্য নির্ধারিত হয়েছে। যেমন, সাফা ও মারওয়ার মধ্যখানে হাজীদের 'সাঈ' হযরত সায়্যিদাতুনা হাজেরা ক্লিটের গ্রেটির পাহাড়ের মাঝখানে সাতবার প্রদক্ষিণ করেছেন ও দৌড়িয়েছেন। আল্লাহর নিকট হযরত সায়্যিদাতুনা হাজেরা ক্রিটির গ্রেটির গ্রেটির এই 'সুনতে হাজেরা' ক্রেটির গ্রেটির কল্য কে আল্লাহ তাআলা স্থায়ীত্ব দানের জন্য হাজীগণ ও ওমরা পালনকারীদের জন্য 'সাফা' ও 'মারওয়া'র সাঈকে (প্রদক্ষিণ করাকে) ওয়াজিব করে দিয়েছেন। অনুরূপভাবে, রম্যানের দিনগুলোতে কিছুদিন, আমাদের প্রিয় আকা, মক্কা ও মদীনার তাজেদার হুযুর পুরন্র হ্যরত মুহাম্মদ ক্রিটির ইটির ইটির ইটির ক্রিটির গ্রেটির গ্রাটির করেছিলেন। তখন হুযুর পুরন্র ক্রাত মুহাম্মদ ক্রিটির গ্রেটির ইটার ক্রিটির মাণগুল থাকতেন। তাই আল্লাহ তাআলা ওই দিন গুলোর স্মরণকে তাজা করার জন্য রোযা ফর্য করেছেন; যাতে তাঁর মাহবুব গুটেরটির ক্রিটির সারী হয়ে যায়।

সম্মানিত নবীগণ এর রোযা

রোযা পূর্ববর্তী উম্মতদের মধ্যেও ছিলো। তবে তাদের রোযার ধরণ আমাদের চেয়ে ভিন্ন ছিলো। বর্ণনাগুলো থেকে বুঝা যায় যে, হয়রত সায়িয়দুনা আদম সফিয়ৢয়ৢয়াহ عَلْ نَبِيِّناوَعَلَيْهِ الصَّلاةُ وَالسَّلا م (প্রত্যেক মাসের) ১৩,১৪ ও ১৫ তারিখ রোযা রাখতেন। (কানয়ুল ওম্মাল, খভ-৮ম, পৃ২৫৮, হাদীস নং-২৪১৮৮)

হ্যরত মুহাম্মদ্শিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

হযরত সায়্যিদুনা নূহ السَّلام (দুই ঈদ ছাড়া) সব সময় রোযা পালন করতেন। (ইবনে মাজাহ, খন্ড-২য়, পৃ-৩৩৩, হাদীস নং-১৭১৪)

হযরত ঈসা على نَبِيِّناوَعَلَيْهِ الصَّلاةُ وَالسَّلا م সময় রোযা রাখতেন কখনো ছাড়তেন না। (কানযুল উম্মাল, খন্ড-৮ম, পৃ-৩০৪, হাদীস নং-২৪৬২৪)

হযরত সায়্যিদুনা দাউদ من يَبِيناوَعَلَيْهِ । এই একদিন পর পর একদিন রোযা রাখতেন। (মুসলিম শরীফ, পৃ-৫৮৪, হাদীস নং-১১৮৯)

হযরত সায়্যিদুনা সুলায়মান على نَبِيِّناوَعَلَيْهِ الصَّلاةُ وَالسَّلا م মাসের শুরুতে তিন দিন, মাসের মধ্যভাগে তিন দিন এবং মাসের শেষভাগে তিন দিন (অর্থাৎ মাসে ৯ দিন) রোযা রাখতেন। (কানযুল ওন্মাল, খভ-৮ম, পৃ-৩০৪, হাদীস নং-২৪৬২৪)

রোযাদারের ঈমান কতোই পাকাপোক্ত

প্রিয় ইসলামী ভাইয়েরা! প্রচন্ড গরম, পিপাসায় কণ্ঠনালী শুকিয়ে যাচ্ছে, ওষ্ঠদ্বয় শুষ্ক হয়ে যাচ্ছে; কিন্তু পানি থাকা সত্ত্বেও রোযাদার সেদিকে দেখছেও না। খাদ্য মওজুদ আছে; ক্ষুধার প্রচন্ডতার অবস্থা খুবই শোচনীয়! কিন্তু খাবারের দিকে হাত বাড়াচ্ছে না। আপনি অনুমান করুন। ওই ব্যক্তির ঈমান পরম করুনাময় আল্লাহর উপর কতোই পাকাপোক্ত। কেননা, সে জানে, তার কার্যকলাপ সমগ্র দুনিয়া থেকে তো গোপন থাকতে পারে, কিন্তু আল্লাহ তাআলার নিকট থেকে গোপন থাকতে পারে না। আল্লাহ তাআলার উপর তার পূর্ণ বিশ্বাসই হচ্ছে রোযা পালনের কারণ। কেননা, অন্যান্য ইবাদত কোন না কোন প্রকাশ্য কাজ দ্বারা সম্পন্ন করা হয়, কিন্তু রোযার সম্পর্ক হচ্ছে হ্বদয়ের সাথে। তার অবস্থা মূলতঃ আল্লাহ তাআলা ব্যতীত অন্য কেউ জানে না। যদি সে গোপনে পানাহার করে ফেলে, তবুও লোকজন একথাই মনে করবে যে, সে রোযাদার। কিন্তু সে একমাত্র 'আল্লাহর ভয়'-এর কারণে পানাহার থেকে নিজেকে বিরত রাখছে।

প্রিয় ইসলামী ভাইয়েরা! সম্ভব হলে নিজের ছেলেমেয়েদেরকে তাড়াতাড়ি রোযা রাখতে অভ্যস্ত করে তুলুন যাতে তারা যখন বালিগ হবে তখন রোযা পালনে

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

কষ্ট অনুভব না হয়। যেমন সম্মানিত ফকীহগণ ১৮৯৯ বিলেন, "সন্তানের বয়স যখন দশ বছর হয়ে যায় এবং তার মধ্যে রোযা রাখার শক্তি হয়, তখন তার দ্বারা রমযানুল মুবারকে রোযা পালন করাবে। যদি পূর্ণ শক্তি হওয়া সত্ত্বেও রোযা না রাখে, তবে মারধর করে রাখাবেন। যদি রোযা রেখে ভেঙ্গে ফেলে, তাহলে ক্বাযার নির্দেশ দেবেন না; কিন্তু নামায আরম্ভ করে ভেঙ্গে ফেলেল পুনরায় পড়াবেন।" (রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৩৮৫)

রোযা রাখলে কি মানুষ অসুস্থ হয়ে পড়ে?

সাধারণ লোকদের মধ্যে এ ধারণা পাওয়া যায় যে, রোযা রাখলে মানুষ নাকি দূর্বল হয়ে অসুস্থ হয়ে পড়ে; অথচ এমন নয়। এ প্রসঙ্গে ইমামে আহলে সুন্নাত আলা হয়রত মাওলানা শাহ আহমদ রেয়া খান عِنَهُ الله تعَالَى عَلَيْهِ وَالله تَعَالَى عَلَيْهِ وَالله عَلَيْهِ وَالله وَعَالَى عَلَيْهِ وَالله وَسَامً অগণি তোমরা রোযা রাখো এবং সুস্থতা লাভ করো!) অর্থাৎ রোযা রাখলে সুস্থ হয়ে যারে । (দুররে মনসুর, খভ-১ম)

রোযা রাখলে সুস্বাস্থ্য পাওয়া যায়

এ প্রসঙ্গে আমীরুল মু'মিনীন হযরত মওলায়ে কায়িনাত, আলী মুরতাজা, শেরে খোদা رَضِيَ اللّٰهُ تَعَالَىٰ عَنْهُ اللّٰهُ ال

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্র্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

হযরত মুহাম্মদ ﷺ এই এইটি এর সুস্থতা প্রদানকারী বাণী, নিশ্চয় আল্লাহ তাআলা বনী ইস্রাইলের এক নবী الله وَالله وَالله

পাকস্থলীর ফুলা

প্রিয় ইসলামী ভাইয়েরা! মহামহিম আল্লাহরই জন্য সমস্ত প্রশংসা! বরকতময় হাদীস শরীফ সমূহ থেকে বুঝা যায় যে, রোযা সাওয়াব ও প্রতিদানের সাথে সাথে সুস্বাস্থ্য অর্জন করারও মাধ্যম। এখনতো চিকিৎসা বিজ্ঞানীরাও তাঁদের গবেষণায় এ বাস্তবতাটুকু মেনে নিতে শুরু করেছে। যেমন, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মূর প্যালিড বলেন, "আমি ইসলামী বিষয়াদি পড়ছিলাম। যখন রোযা সম্পর্কে পড়লাম তখন খুশিতে মেতে উঠলাম। ইসলাম তো সেটার অনুসারীদেরকে এক মহান ব্যবস্থাপনা দিয়েছে! আমার মধ্যে আগ্রহ জন্মালো। সুতরাং আমিও মুসলমানদের মতো রোযা রাখতে শুরু করে দিলাম। দীর্ঘ দিন যাবত আমার পাকস্থলীতে ফুলা ছিলো। কিছু দিনের ব্যবধানে আমার কষ্ট কম অনুভূত হলো। আমি রোযা রাখতে থাকলাম। শেষ পর্যন্ত এক মাসের মধ্যে আমার রোগ সম্পূর্ণ সুস্থ হয়ে গেলো।"

চাঞ্চল্যকর রহস্য উদ্ঘাটন

হল্যান্ডের পাদ্রী 'এ্যলফ গাল' বলেন, "আমি সুগার (ডায়াবেটিক), হদরোগ ও পাকস্থলীর রোগীকে নিয়মিতভাবে ত্রিশ দিন রোযা পালন করালাম। ফলশ্রুতিতে ডায়াবেটিক রোগীদের 'সুগার' নিয়ন্ত্রণে এসে গেল, হদ-রোগীদের আশংকা ও হৃদযন্ত্রের ফুলা দূরীকরণে এবং পাকস্থলীর রোগীদের সর্বাপেক্ষা বেশি উপকার হয়েছে। একজন ইংরেজ মানসিক রোগ-বিশেষজ্ঞ 'সিগম্যান্ড ফ্রাইড' এর বর্ণনা, "রোযার ফলে দেহের খিচুনী, মানসিক চাপ (অস্থিরতা) এবং মানসিক অন্যান্য রোগগুলো দূর হয়ে যায়।"

হ্যরত মুহাম্মদ ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

চিকিৎসা বিজ্ঞানীদের অনুসন্ধান টিম

"যেহেতু মুসলমান নামায পড়ে ও রমযানুল মুবারকে সেটার প্রতি বেশি যত্নবান হয়, সেহেতু ওয়ু করার ফলে নাক-কান-গলার রোগগুলো কমে যায়। তাছাড়া, মুসলমান রোযার কারণে কম আহার করে। ফলে পাকস্থলী, কলিজা, হৃদয় ও শরীরের জোড়াগুলোর রোগে কম আক্রান্ত হয়।"

খুব বেশি আহার করলে বিভিন্ন রোগ সৃষ্টি হয়

প্রিয় ইসলামী ভাইয়েরা! রোযার সন্তায় কোনরূপ রোগই নেই, বরং সাহারী ও ইফতারের বেলায় অসতর্কতার কারণে, তাছাড়া, উভয় ওয়াক্তে বেশি পরিমাণে তেল-চর্বিযুক্ত খাদ্য খেলে এবং রাতের বেলায় কিছুক্ষণ পর পর খাবার খেতে থাকার কারণে রোযাদার অসুস্থ হয়ে পড়ে। সুতরাং সাহারী ও ইফতারের সময় পানাহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা চাই। রাতের বেলায় পেটের মধ্যে খাদ্যের এতো বেশী ভান্ডার তৈরী করে নেয়া উচিত নয় য়েনো সারা দিন ঢেকুরই উঠতে থাকে আর রোযা পালনকালে ক্ষুধা ও পিপাসা অনুভূবই না হয়। কেননা, যদি ক্ষুধা-পিপাসা অনুভবই না হয়, তাহলে রোযার তৃপ্তিই বা কি রইলো? রোযার মজাই তো এতে য়ে, তীব্র গরম হবে, পিপাসার চোটে ঠোট দুটি শুকিয়ে যাবে এবং ক্ষুধায় অত্যন্ত কাতর হয়ে যাবে। আর এমনি অবস্থায় আহা! যদি মদীনা মুনাওয়ারার প্রিয় প্রিয় তাপ ও মিষ্টি মিষ্টি রোদের ক্ষরণ হয়ে যায়! আহা! কারবালার উত্তপ্ত ময়দান এবং সেখানে নুবয়তের বাগানের সুবাসিত নব-প্রফুটিত ফুলগুলোর তিন দিনের ক্ষুধা-পিপাসার কারণে অস্থিরতার কথা, মদীনার প্রকৃত

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

کیے آقانوُں کا ہوں بندہ رضّا بول بالے مری سرکاروں کے محتقانوں کا ہوں بندہ رضّا محتا ہے ہوں بندہ رضّا محتا ہے ہوں بندہ رضّا محتا ہے ہوں بندہ رضّا ہے۔ محتا ہے۔ م

(হাদায়েখে বখশিশ)

বিনা অপারেশনে জন্ম হয়ে গেল

প্রিয় ইসলামী ভাইয়েরা! রোযার নুরানিয়্যাত ও রহানিয়্যাত লাভ করার জন্য এবং মাদানী যেহেন (মন মানসিকতা) তৈরী করার জন্য তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সম্পৃক্ত হয়ে যান এবং সুন্নতের তরবিয়্যাতের জন্য মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সুনুতে ভরপুর সফরের সৌভাগ্য অর্জন করুন।

بَنْبُحْنَ اللَّهُ عَزَّوَجَلَّ দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশ, সুন্নতে ভরপুর ইজতিমা সমূহ এবং মাদানী কাফিলারও কি সুন্দর বাহার ও বরকত রয়েছে।

অতএব হায়দারাবাদের (বাবুল ইসলাম সিন্দ এর) এক ইসলামী ভাই এর বয়ানের সারাংশ : সম্ভবতঃ ১৯৯৮ সালের ঘটনা। আমার স্ত্রী সন্তান সম্ভবা ছিল। সময় পূর্ণ হয়ে গেল। ডাক্তার বলেছিল, সম্ভবত অপারেশন করতে হবে। ব্যানের ফ্যীলত

হযরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

তবলীণে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক তিন দিনের সুনুতে ভরপুর ইজতিমা (সাহরায়ে মদীনা মুলতান) সন্নিকটে ছিল। ইজতিমার পর সুনুতের প্রশিক্ষণের ৩০ দিনের মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সফর করার আমার নিয়্যত ছিল। ইজতিমায় রওয়ানা হওয়ার সময় কাফিলার সামগ্রী নিয়ে হাসপাতাল পৌঁছলাম। যেহেতু আমার পরিবারের অন্যান্য লোকেরা হাসপাতালে সাহায্য সহযোগীতার জন্য উপস্থিত ছিল। আমার স্ত্রী অশ্রুসিক্ত নয়নে আমাকে সুনুতে ভরপুর ইজতিমার (মূলতানের) জন্য বিদায় জানাল। আমি মনে মনে চিন্তা করলাম আমাকেতো এখন আন্তর্জাতিক সুনুতের ভরপুর ইজতিমায় এরপর সেখান থেকে ৩০ দিন মাদানী কাফিলা অবশ্যই সফর করতে হবে। আহ! এর বরকতে (আমার স্ত্রীর) নিরাপদে যেন সন্তান প্রসব হয়ে যায় আমি গরীবের কাছে তো অপারেশনের খরচও নেই।

সর্বোপরী আমি মদীনাতুল আউলিয়া মূলতান শরীফে উপস্থিত হয়ে সুনতে ভরপুর ইজতিমায় খুব দু'আ করলাম ইজতিমার শেষে অশ্রু সজল দু'আর পর ঘরে ফোন করলাম। তখন আমার আন্মাজান বললেন, "মোবারক হোক! গত রাতে আল্লাহ তাআলা তোমাকে বিনা অপারেশনে একটি চাঁদের মত মাদানী মুন্নী দান করেছেন। আমি খুশীতে লাফাতে লাফাতে বললাম, "আন্মাজান! আমার জন্য কি নির্দেশ?" আমি কি এসে যাব নাকি ৩০ দিনের জন্য মাদানী কাফিলার মুসাফির হব? আন্মাজান বললেন, "বেটা! বিনা দ্বিধায় মাদানী কাফিলায় সফর কর।" নিজের মাদানী মুন্নীকে দেখার ইচ্ছাকে অন্তরে চেপে রেখে تَحْوَيُونَ আমি ৩০ দিনের মাদানী কাফিলায় আশিকানে রস্লদের সাথে রওয়ানা হয়ে গেলাম। তিনের মাদানী কাফিলায় আশিকানে রস্লদের সাথে রওয়ানা হয়ে গেলাম। তিন্তের মাদানী কাফিলায় সফরের নিয়্যতের বরকতে আমার মুশকিল আসান হয়ে গেল।

মাদানী কাফিলার বরকতের কারণে পরিবারের সকলের খুব মাদানী মন মানসিকতা সৃষ্টি হল। এমনকি আমার বাচ্চার মা বলতে লাগল, আপনি যখন মাদানী কাফিলায় মুসাফির হন তখন আমি আমার বাচ্চাসহ নিজেদের নিরাপদ মনে করি। হ্যরত মুহাম্মদ শ্ল্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

صَلُّوْاعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُعْتَعَلَى عَلَى مُعَلِّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُعْتَى اللّهُ تَعْلَى عَلَى مُعْتَى اللّهُ تَعْلَى عَلَى مُعْتَى اللّهُ تَعْلَى عَلَى مُعْتَى اللّهُ عَلَى مُعْتَى اللّهُ تَعْلَى عَلَى مُعْتَى اللّهُ تَعْلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى مُعْتَعَلِى عَلَى عَلَى

হযরত সায়্যিদুনা আবৃ সাঈদ খুদরী غنه الله تعالى عنه থেকে বর্ণিত, আমাদের প্রিয় প্রিয় মাদানী আকা হযরত মুহাম্মদ مَلَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ ফরমান, "যে ব্যক্তি রমযানের রোযা রেখেছে, সেটার সীমারেখা চিনেছে এবং যা থেকে বিরত থাকা চাই, তা থেকে বিরত থেকেছে, তবে সে (যেসব গুনাহ্) ইতোপূর্বে করেছে, সেগুলোর কাফ্ফারা হয়ে গেল।"

(আল ইহসান বিতরতীবে সহীহ ইবনে হাব্বান, খন্ড-৫ম, পূ-১৮৩, হাদীস-৩৪২৪)

রোযার প্রতিদান

হযরত সায়্যিদুনা আবৃ হুরাইরা رَضِى اللهُ تَعَالَى عَنْهُ (থেকে বর্ণিত, সুলতানে মদীনা, সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ مَلَّهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেন, "মানুষের প্রতিটি সৎকর্মের বিনিময় (সাওয়াব) দশগুণ থেকে সাতশ গুণ পর্যন্ত দান করা হয়।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِلَّا الصَّوْمَ فَإِنَّهُ لِي وَأَنَا أَجْزِي بِهِ

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

(কিন্তু রোযা এর ব্যতিক্রম; সেটা আমার জন্য। আমিই তার প্রতিদান দেবো)। আল্লাহ আরো ইরশাদ করেন, "বান্দা তার ইচ্ছা ও আহার শুধু আমারই কারণে ছেড়ে দেয়। রোযাদারের জন্য দুটি খুশী একটা ইফতারের সময়, অন্যটা আল্লাহ তাআলার সাথে সাক্ষাতের সময়। রোযাদারের মুখের গন্ধ আল্লাহ তাআলার নিকট মুশক অপেক্ষাও বেশি উত্তম।" (সহীহ মুসলিম, পৃ-৫৮০, হাদীস নং-১১৫১)

আরো ইরশাদ ফরমায়েছেন, "রোযা হচ্ছে ঢাল। আর যখন কারো রোযার দিন আসে তখন সে না অনর্থক কথা বলে, না শোর-চিৎকার করে। অতঃপর যদি কেউ তাকে গালি গালাজ করে, কিংবা ঝগড়া-বিবাদ করতে উদ্যত হয়, তখন সে যেনো এ কথা বলে দেয়, "আমি রোযাদার।"

(বোখারী, খন্ড-১ম, পৃ-৬২৪, হাদীস নং-১৮৯৪)

রোযার বিশেষ পুরস্কার

প্রিয় ইসলামী ভাইয়েরা! উপরোল্লেখিত বরকতময় হাদীস শরীফগুলোতে রোযার কয়েকটি বিশেষত্বের কথা ইরশাদ হয়েছে। কতোই প্রিয় সুসংবাদ ঐ রোযাদারের জন্য, যে তেমনভাবে রোযা রেখেছে, যেমন রোযা রাখা কর্তব্য। অর্থাৎ পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকার সাথে সাথে নিজের সমস্ত অঙ্গ প্রত্যঙ্গকেও গুনাহের কাজগুলো থেকে বিরত রেখেছে। এমন রোযা, আল্লাহর অনুগ্রহ ও দয়ায় রোযাদারদের জন্য সমস্ত গুনাহের কাফ্ফারা হয়ে যায়। তাছাড়া, হাদীসে মুবারকের এ বাণীতো বিশেষভাবে দেখার মতোই যে, হয়রত মুহাম্মদ ﷺ আপন মহান প্রতিপালকের খুশবুদার ফরমানই শুনাচ্ছেন ঃ

আমি নিজেই দেবো। হাদীসে কুদসীর এ ইরশাদে পাককে কোন কোন সম্মানিত মুহাদ্দিস الله تعالى পড়েছেন। যেমন তফসীরে নঈমী ইত্যাদিতে উল্লেখ করা হয়েছে।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

সুতরাং এর অর্থ দাঁড়ায় "রোযার প্রতিদান আমি নিজেই হব।" سُبُحٰنَ الله عَزَّوَجَلَّ রোযা রেখে রোযাদার খোদ আল্লাহ তাআলাকে পেয়ে যায়।

সৎকাজের প্রতিদান হচ্ছে জান্নাত

প্রিয় ইসলামী ভাইয়েরা! কুরআনে করীমের বিভিন্ন জায়গায় বর্ণনা এসেছে যে, যে ব্যক্তি ভালো কাজ করবে, সে জান্নাত পাবে। যেমন আল্লাহ তাআলা ইরশাদ করেন-

কানযুল ঈমান থেকে অনুবাদ ৪
নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকর্ম
করেছে, তারাই সমস্ত সৃষ্টির মধ্যে
সেরা। তাদের প্রতিদান তাদের
প্রতিপালকের নিকট রয়েছে,
বসবাসের বাগানসমূহ, যেগুলোর
নিমুদেশে নহরসমূহ প্রবাহমান।
সেগুলোর মধ্যে তারা স্থায়ীভাবে
থাকবে। আল্লাহ তা'আলা তাদের
উপর সন্তুষ্ট এবং তারা তাঁর উপর
সন্তুষ্ট। এটা তার জন্য, যে আপন
রবকে ভয় করে। (সূরা-বায়্যিনা, আয়াত-

اِنَّ الَّذِيْنَ الْمَنُوا وَ عَمِلُوا السَّلِحْتِ أُولَيِكَ هُمْ خَيْرُ السَّلِحْتِ أُولَيِكَ هُمْ خَيْرُ الْمَرِيَّةِ فَى جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمُ الْمَرِيَّةِ فَى جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمُ الْمَرِيَّةِ فَى جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمُ جَنْتُ عَدْنٍ تَجْرِى مِنْ تَحْتِهَا الْاَنْهُرُ خُلِدِيْنَ فِيها الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ لَا رَضِي الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ لَا كَلُا لَمِنْ خَشِي رَبَّهُ فَى الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ لَا الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ لَا الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ لَا الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَمْ الله عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ الله وَلَا عَنْهُ اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ اللهُ عَنْهُمْ وَاللهُ اللهُ عَنْهُمْ وَرَضُولُ اللهُ عَنْهُمْ وَرَضُولُ اللهُ اللهُ عَنْهُمْ وَاللهُ اللهُ عَنْهُمْ وَرَضُولُ اللهُ اللهُ عَنْهُمْ وَرَصُولُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْهُمْ وَاللهُ اللهُ عَنْهُ اللهُ ال

৭,৮, পারা-৩)

সাহাবা ব্যতীত অন্য কারো জন্য (مُنِيَ اللهُ تَعَالَىٰ عَنْهُ) বলা কেমন?

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ কথাটি সম্পূর্ণ ভুল যে, وَضِىَ اللّٰهُ تَعَالَىٰ عَنْهُ رَضِى اللّٰهُ تَعَالَىٰ عَنْهُ সাহাবীর নামের সাথে নির্ধারিত। বা উল্লেখিত আয়াতের শেষাংশ

رَضِيَ اللهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ﴿ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبُّه

(অর্থাৎ আল্লাহ তাআলা তাদের উপর সন্তুষ্ট আর তারাও তাঁর উপর সন্তুষ্ট)।

বৃষ্ণ বিষয়ে বিষয় বি

হ্যরত মুহাম্মদ্লিট্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

আটা তার জন্য, যে আপন মহামহিম আল্লাহ তাআলাকে ভয় করে।) ওই সাধারণ লোকদের ভুল ধারণার মূলোৎপাটন করে দিয়েছে। আল্লাহ তাআলার ভয় রাখেন এমন প্রতিটি মু'মিনের জন্য এ মহা সুসংবাদ অবতীর্ণ হয়েছে। যে কেউ আল্লাহকে ভয় করে, সে مَعْنَدُ لَا عَنْدُ اَ عَنْدُ اَ عَنْدُ اَ عَنْدُ وَا مَعْنَدُ وَا مَعْنَدُ وَا مَعْنَدُ وَا مَعْنَدُ وَا مَعْنَدُ وَا مَعْنَدُ الله عَنْدُ الله عَنْدُ الله عَنْدُ الله عَنْدُ الله تَعَالَ الله تَعَالَ عَنْدُ الله تَعَالَ الله تَعَالَ عَنْدُ الله تَعَالَ عَنْدُ الله تَعَالَ الله تَعَالَ الله تَعَالَ الله تَعَالَ الله تَعَالَ عَلَا عَلَيْهُ الله تَعَالَ عَلَا عَلَيْهُ وَالله تَعَالَ عَلَيْهُ وَلَا الله تَعَالَ عَلَا عَلَيْهُ وَالله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَيْهُ وَالله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَا الله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَيْهُ وَالله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَا الله تَعَالَ عَلَى عَلَى الله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَى الله تَعَالَ عَلَى عَلَى

আর যখন সাহাবী নন এমন কারো জন্য লিখা কিংবা বলা হবে, তখন দু'আ সূচক অর্থ হবে। অর্থাৎ "আল্লাহ তাআলা তাঁর প্রতি সন্তুষ্ট হোন!" গ্রুট্র এর কথাতে প্রাসন্ধিকভাবে এসে গেলো, আসলে এটা বলার উদ্দেশ্য ছিলো যে, নামায, হজু, যাকাত, গরীবদের সাহায্য, রোগীদের দেখা-শোনা, মিসকীনদের খবরাখবর নেয়া ইত্যাদি সবই সৎকাজ। এগুলোর বিনিময়ে জান্নাত পাওয়া যায়, কিন্তু রোযা এমন এক ইবাদত যার বিনিময়ে জান্নাতের মহান স্রষ্টা অর্থাৎ খোদ্ প্রকৃত মালিক আল্লাহকেই পাওয়া যায়। যেমন বলা হয়-

আমার মুক্তার মালিককেই দরকার

একবার সুলতান মাহমুদ গযনভী کشتهٔ الله تکالی علیه কিছু মূল্যবান মণিমুক্তা তাঁর মন্ত্রিদের সামনে ছুঁড়ে মারলেন। আর বললেন, "কুঁড়িয়ে নিন!" একথা বলে তিনি সামনের দিকে চলে গেলেন। কিছুদূর যাবার পর ফিরে দেখলেন, "আয়ায ঘোড়ায় চড়ে তাঁর পিছনে পিছনে চলে আসছে।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্টি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

বললেন, "আয়ায! তোমার কি মণি-মুক্তার দরকার নেই?" আয়ায বললো, "আলীজাহ্! যারা মণিমুক্তার প্রার্থী ছিলো, তারাতো নিয়েছে, আমারতো মনিমুক্তার মালিককেই দরকার।"

আমরা হলাম রস্লুল্কাহ ক্রিটা এর, আর জানাত হচ্ছে রসূলুল্লাহ ক্রিটা এর

> تچھ سے تحجی کو مانگ لوں توسب کچھ مل جائے سو سُوالوں سے بِہی ایک سُوال اچھا ہے

তুঝ্ সে তুঝী কো মাঙ্গ লোঁ তো সব কুছ মিল জায়ে, সও সুওয়া-লোঁ ছে ইয়েহী এক সাওয়াল আচ্ছা হে।

রহমতের সাগরে আরো বেশি পরিমাণে ঢেউ উঠল! হুযুর مَنَّى اللهُ تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করলেন, ! اَوَغَيْرَ ذَٰلِك (অর্থাৎ আরো কিছু চাওয়ার আছে কি?) আমি আরয করলাম, "ব্যাস্! শুধু এতটুকুই!" অর্থাৎ ঃ হে মহামহিম আল্লাহর রসূল مَنَّى اللهُ تَعَالَى জান্নাতুল ফিরদাউসে আপনার প্রতিবেশীত্ব চাওয়ার পর এখন দুনিয়াও আথিরাতের আর কোন্ নে'মতই বাকী রইলো, যা আমি প্রার্থনা করবো?"

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

تجھ سے تُحبی کو مانگ کر مانگ کی ساری کائِنات مجھ سا کوئی گدانہیں 'تجھ سا کوئی سُحیٰ نہیں

তুঝ ছে তুঝি কো মাঙ্গকর মাঙ্গলী ছারি কায়েনাত, মুঝ ছা কোয়ী গদা নেহী, তুম ছা কোয়ী ছখী নেহী।

যখন হ্যরত সায়্যিদুনা রবী আ ইবনে কা আব আসলামী رَضِيَ اللّٰهُ تَعَالَى عَنْهُ প্রতিবেশীত্ব চাইলেন, আর অন্য কিছু চাইতে অস্বীকার করলেন, তখন এর উপর হুযুর صَلَّى اللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ ফরমালেন,

فَاعِنِّي عَلَى نَفْسِكَ بِكَثْرَةِ السُّجُود

নিজের সত্তার উপর বেশি পরিমাণে নফল নামায দ্বারা আমাকে সাহায্য করো! (মুসলিম, পৃ-২৫৩, হাদীস নং-৪৮৯) অর্থাৎ আমি তোমাকে জানাত তো দান করেই দিয়েছি এখন তুমিও এর কৃতজ্ঞতা স্বরূপ বেশি পরিমাণে নফল ইবাদত করতে থাকো!

صَلُّوْاعَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

যা চাওয়ার, চেয়ে নাও

ইন্ট্রন্ট الله عَزَّوَجَلَّ اسُبْحٰنَ الله عَزَوَجَلَّ اسُبْحٰنَ الله عَزَوَجَلَّ اسُبْحٰنَ الله عَزَوَجَلَّ اسُبْحٰنَ الله عَنوه والله وَسَلَّم रयद् क्लानक्त भार्णाताभ उपत्र क्रानक्त क्लाता क्रों الله تَعَالَى عَنيْهِ والله وَسَلَّم रयद् क्लानक्त भार्णाताभ उपत्र क्रानक्त व्राठित्त्रक्र क्रानक्त क्लात्वा विभाषीक्त व्राठित्त्रक्र क्रानक्ति निश्नार्ज्ञात् व्लाहिल, हाउ कि हाउद्याद व्लाहिल

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

সেহেতু তা একথাই সুস্পষ্ট করে দেয় যে, সমগ্র বিষয়টিই হুযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ এর নূরানী হাতে রয়েছে। যা চায়, যাকেই চায়, আপন মহামহিম আল্লাহর নির্দেশে দান করে দেন। আল্লামা বুসীরী رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ কসীদায়ে বোরদা শরীফে বলেন ঃ

فَإِنَّ مِنْ جُوْدِكَ الدُّنْيَا وَضَرَّتَهَا وَمِنْ عُلُوْمِكَ عِلْمَ اللَّوْجِ وَالْقَلَمِ

অর্থাৎ হে আল্লাহর রসূল صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم দুনিয়া ও আখিরাত আপনারই দানের অংশ মাত্র। আর লওহ ও কলমের জ্ঞান তো আপনার জ্ঞান মুবারকের একটা অংশ মাত্র। (আশআতুল লুমআত, খন্ড-১ম, প্-৪২৪) ৪২৫)

ا گرخیریت دُنیاوعُقُلٰی آررُوداری بَدَرُ گاہَش بِیَادِہَر چِہِ مَنْ خَواہی تمنّا کُن

আগর খাইরিয়্যতে দুনিয়া ও ওকবা আর্য দারী, বদরগাহ্শ্ বইয়াদে হার ছেহ্ 'মান' খাহী তামান্নাকুন্।

অর্থ ঃ যদি দুনিয়া ও আখিরাতের মঙ্গল চাও তবে এ আরশরূপী আস্তানায় এসো! আর যা চাওয়ার আছে চেয়ে নাও!

> خالقِ کُل نے آپ کو مالکِ کُل بنادیا د ونوں جہان دے دیئے قبضہ واختیار میں

খালিকে কুলনে আপকো মালিকে কুল বানা দিয়া, দোনো জাঁহা দে দিয়ে কবযা ও ইখতিয়ার মে।

হ্যরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

জান্নাতী দরজা

হযরত সায়্যিদুনা সাহল ইবনে আবদুল্লাহ رض الله تكال عنه (থেকে বর্ণিত, মাহে নুবুওয়াত হযরত মুহাম্মদ صَلَّى الله تكال عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান বাণী, "নিশ্চয় জান্নাতে একটা দরজা আছে, যাকে 'রাইয়ান" বলা হয়। এটা দিয়ে কিয়ামতের দিন রোযাদাররাই প্রবেশ করবে। তারা ব্যতীত অন্য কেউ প্রবেশ করবে না। বলা হবে, 'রোযাদারগণ কোথায়?' অতঃপর এসব লোক দাঁড়াবে। তারা ব্যতীত অন্য কেউ ওই দরজা দিয়ে প্রবেশ করবে না। যখন রোযাদাররা প্রবেশ করবে, তখন দরজা বন্ধ করে দেয়া হবে। তারপর ওই দরজা দিয়ে অন্য কেউ প্রবেশ করবে না। যখন রোযাদাররা ক্রেট প্রবেশ করবে না। গ্রেই বোখারী, খড্-১ম, প্-৬২৫, হাদীস নং-১৭৯৬)

প্রিয় ইসলামী ভাইয়েরা! سُبُخْنَ اللَّهُ عَزَّوَجَلَّ রোযাদাররা বড়ই সৌভাগ্যবান।
কিয়ামতের দিনে তাদেরকে বিশেষভাবে সম্মান করা হবে। অন্যান্য সৌভাগ্যবানগণও দলে দলে জান্নাতে প্রবেশ করতে পারবে, কিন্তু রোযাদারগণ বিশেষভাবে 'বাবুর রাইয়ান' দিয়ে জান্নাতে প্রবেশ করবে।

একটা রোযার ফ্যীলত

হযরত সায়্যিদুনা সালমা ইবনে কায়সার الله تَعَالَى عَنْهُ (الله تَعَالَى عَنْهُ حَالِهِ وَسَلَّم থেকে বর্ণিত, নবীগণের সারদার হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর খুশবুদার ফরমান, "যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য একদিনের রোযা পালন করেছে, আল্লাহ তাকে জাহান্নাম থেকে এতো দূরে রাখবেন যেমন একটা কাক, যা সেটার শৈশব থেকে উড়তে আরম্ভ করে, শেষ পর্যন্ত বুড়ো হয়ে মরে যায়।"

(মুসনাদে আবী ইয়ালা, খন্ড-১ম, পৃ-৩৮৩, হাদীস নং-৯১৭)

কাকের বয়স

প্রিয় ইসলামী ভাইয়েরা! কাক দীর্ঘায়ুসম্পন্ন পাখী, 'গুনিয়াতুতোয়ালিবীন' এর মধ্যে রয়েছে, "কথিত আছে যে, কাকের বয়স পাঁচশ বছর পর্যন্ত হয়।"

হযরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

লাল পদ্মরাগ মণির প্রাসাদ

আমীরুল মু'মিনীন হ্যরত সায়্যিদুনা উমর ফারুকে আ্যম رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ مِاللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم থের মহান বাণী, "যে ব্যক্তি মাহে রম্যানের একটা মাত্র রোযাও নীরবতা এবং শান্তভাবে রেখেছে, তার জন্য জান্নাতে একটা ঘর লাল পদ্মরাগ-মণি কিংবা সবুজ পান্না দিয়ে তৈরী করা হবে।"

(মাজমাউয যাওয়ায়িদ, খন্ড-৩য়, পৃ-৩৪৬, হাদীস নং-৪৭৯২)

শরীরের যাকাত

হযরত সায়্যিদুনা আবু হুরাইরা رَضِى اللَّهُ تَعَالَى عَنْهُ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, হুযুরে পুরনূর হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم এর আনন্দদায়ক ফরমান, "প্রতিটি বস্তুর জন্য যাকাত রয়েছে, শরীরের যাকাত হচ্ছে রোযা। আর রোযা হচ্ছে ধৈর্যের অর্ধেক।" (ইবনে মাজাহ, খভ-২য়, পৃ-৩৪৭, হাদীস নং-১৭৪৫)

ঘুমানোও ইবাদত

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আওফা رَضِى اللّٰهُ تَعَالَىٰ عَنْهُ اللّٰهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم शरत्त বর্ণত, মাহবুবে রব্বে আকবর হযরত মুহাম্মদ صَلَّى اللّٰهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم هِ هِ اللهِ وَسَلَّم هِ هُ اللهِ وَسَلَّم هُ وَاللهِ وَسَلَّم هُ وَاللهِ وَسَلَّم هُ وَاللهِ وَسَلَّم هُ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ اللهُ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ اللهُ اللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ وَاللهُ اللهُ اللهُ

কে পরিমাণ সৌভাগ্যবান! তার ঘুমানো ইবাদত, তার নীরবতা মানে তাসবীহ পাঠ করা, দু'আ ও নেক কার্যাদি আল্লাহর দরবারে মকবুল।

দুর্ভিট্য নাত্র করম ছে আয় করীম! কোন ছি শাই মিলি নেহী

ঝুলি হামারি তঙ্গ হায়, তেরে ইহা কমী নেহী।

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

অঙ্গ প্রত্যঙ্গ তসবীহ পড়ে

উম্মূল মু'মিনীন সায়্যিদাতুনা আয়িশা رَفِيَ اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান বাণী, "যে বান্দা রোযা পালনরত অবস্থায় ভোরে জাগ্রত হয়, তার জন্য আসমানের দরজাগুলো খুলে দেয়া হয়, তার অঙ্গ-প্রত্যঙ্গ তাসবীহ পড়ে এবং প্রথম আসমানের অবস্থানকারী ফিরিশতা তার জন্য সূর্য অন্ত যাওয়া পর্যন্ত মাগফিরাতের দু'আ করে, যদি সে এক অথবা দুই রাকআত নামায পড়ে তবে আসমানে তার জন্য আলো উদ্ভাসিত হয়ে যায়। আর হুরদের মধ্য থেকে তার দ্রীরা বলে, "হে মহামহিম আল্লাহ তাআলা তাকে আমাদের নিকট পাঠিয়ে দাও! আমরা তার সাক্ষাতের জন্য অত্যন্ত আগ্রহী।"

"আর যদি সে اللهُ اَكُبَر কংবা سُبَحٰنَ الله অথবা اللهُ اَكُبَر পড়ে, তবে সত্তর হাজার ফিরিশতা তার সাওয়াব সূর্য অস্ত যাওয়া পর্যন্ত লিখতে থাকে।"

(শুআবুল ঈমান, খভ-৩য়, পু-২৯৯, হাদীস নং-৩৫৯১)

শেষ নুট্ الله عَزَّوَجَلَّ الله عَزَوَجَلَّ الله عَزَوَجَلَ الله عَزَوَجَلَّ الله عَزَوَجَلَّ الله عَزَوَجَلَّ الله عَزَوَجَلَّ الله عَزَوَجَلَ الله عَزَوَجَلَ الله عَزَوَجَلَ الله عَزَوجَلَ الله عَزَوَجَلَ الله عَزَوَجَل الله عَزَوَجَل الله عَزَوْجَل الله عَزَوْجَل الله عَزَوْجَلَ الله عَزَوْجَلَ الله عَزَوْجَلَ الله عَزَوْجَلَ الله عَزَوْجَلَ الله عَزَوْجَلَ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلَ الله عَزَوْجَل الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُولُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُولُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَزَوْجَلُ الله عَرَوْجَلُولُ الله عَزَوْجَلُ الله عَنْ الله عَنْهُ عَلَى الله عَنْهُ الله عَنْهُ عَلَى الله عَنْهُ الله عَنْهُ الل

হ্**যরত মুহাম্মদ**্লাঞ্জি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

জান্নাতী ফল

আমীরুল মু'মিনীন হযরত সায়্যিদুনা আলী মুরতাজা رَخِيَ اللَّهُ تَعَالَى عَنْيُهِ رَالِهِ رَسَلَّم হতে বর্ণিত, রহমাতুল্লিল আলামীন হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَنْيُهِ رَالِهِ رَسَلَّم এর হৃদয়গ্রাহী বাণী, "যাকে রোযা পানাহার থেকে বিরত রেখেছে, যার প্রতি মনের আগ্রহ ছিলো, আল্লাহ তা'আলা তাকে জান্নাতী ফলমূল আহার করাবেন আর জান্নাতী পানীয় পান করাবেন।" (শুআবুল ঈমান, খড-৩য়, পু-৪১০, হাদীস নং-৩৯১৭)

স্বর্ণের দস্তরখানা

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস وَضَى اللّٰهُ تَعَالَى عَنَهُ وَالِهِ وَسَلَّم याহবূবে রবেব দা'ওয়ার হযরত মুহাম্মদ صَلَّى اللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর পূর্ণ হদয়গ্রাহী বাণী, "কিয়ামতের দিন রোযাদারদের জন্য স্বর্ণের একটা দস্তরখানা রাখা হবে, অথচ লোকজন (হিসাব নিকাশের জন্য) অপেক্ষমান থাকবে।"

(কানযুল উম্মাল, খভ-৮ম, পৃ-২১৪, হাদীস নং-২৩৬৪)

সাত প্রকারের আমল

হ্যরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে উমর رخى الله تعالى عنها (থেকে বর্ণিত, বরী করীম, রউফুর রহীম صَلَّى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেন, "আল্লাহর নিকট 'কাজসমূহ' সাত প্রকার। দু'টি ওয়াজিবকারী, দু'টির প্রতিদান (সেগুলোর) মতোই, একটা আমলের প্রতিদান সেটার দশগুণ বেশি। একটা আমলের প্রতিদান সাতশত গুণ পর্যন্ত, আরেক আমলের প্রতিদান তেমন, যেটার সাওয়াব আল্লাহ তা'আলা ব্যতীত অন্য কেউ জানে না।"

যে দু'টি 'আমল' কাজ ওয়াজিবকারী। সে দু'টি হচ্ছে ঃ ১. ওই ব্যক্তি, যে আল্লাহর সাথে এমতাবস্থায় সাক্ষাত করেছে যে, আল্লাহর ইবাদত নিষ্ঠার সাথে করেছে এবং কাউকে তাঁর সাথে শরীক করেননি,

হ্**যরত মুহাম্মদ**্লাঞ্জু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

অতএব তার জন্য জানাত ওয়াজিব হয়েছে। ২. যে আল্লাহ তাআলার ইবাদত এমতাবস্থায় করেছে যে, তাঁর সাথে কাউকে শরীক সাব্যস্ত করেছে। তার জন্য দোযখ ওয়াজিব হয়েছে। ২. আর যে ব্যক্তি একটা গুনাহ করেছে, সেটার সমসংখ্যক (অর্থাৎ একটি গুনাহের) শাস্তি পাবে। ৩. আর যে ব্যক্তি শুধু সৎকাজের ইচ্ছা করেছে, তাহলে একটা নেকীর সাওয়াব পাবে আর যে ব্যক্তি নেকীর কাজটি করে নিয়েছে, তাহলে সে দশ (নেকীর সাওয়াব) পাবে। ৬. তাছাড়া, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় আপন সম্পদ ব্যয় করেছে, তখন তার ব্যয়কৃত একটা মাত্র দিরহামকে সাতশ দিরহামে, এক দিনারকে সাতশ' দিনারে বর্ধিত করা হবে। ৭. রোযা আল্লাহ তা'আলার জন্য। তা পালনকারীর সাওয়াব আল্লাহর নিকট। তা পালনকারীর সাওয়াব আল্লাহ তাআলা ব্যতীত অন্য কেউ জানে না।"

(কানযুল উম্মাল, খন্ড-৮ম, পু-২১১, হাদীস নং-২৩৬১৬)

প্রিয় ইসলামী ভাইয়েরা! যার ইনতেকাল ঈমানের উপর হবে সে হয়তো আল্লাহ তাআলার রহমতে হিসাব ছাড়া, অথবা আল্লাহরই পানাহ! গুনাহ সমূহের শাস্তি হলেও শেষ পর্যন্ত নিশ্চয় জান্নাতে প্রবেশ করবে। পক্ষান্তরে, আল্লাহর পানাহ যার মৃত্যু কুফরের উপর হয়, সে সর্বদা দোযখেই থাকবে। যে ব্যক্তি একটা গুনাহ্ করেছে, সে একটা গুনাহরই শাস্তি পাবে। আল্লাহর রহমতের প্রতি কুরবান হয়ে যাই! শুধু নেকীর নিয়্যত করলেই একটা নেকীর সাওয়াব পাওয়া যায়। আর নেকী সম্পন্ন করে নিলেতো সাওয়াব দেশগুণ, আল্লাহর পথে ব্যয়কারীকে সাতশ' গুণ এবং রোযাদারের কতো বড়ো মর্যাদা য়ে, তার সাওয়াব সম্পর্কে আল্লাহ ব্যতীত অন্য কেউ জানে না।

হিসাব বিহীন প্রতিদান

হযরত সায়্যিদুনা কা'আবুল আহবার رُخِيَ اللهُ تَعَالَىٰ عَنْهُ (থেকে বর্ণিত, তিনি বলেন, "কিয়ামতের দিন একজন আহ্বানকারী এ বলে আহবান করবে, "প্রতিটি আমলকারী কে তার আমল এর সমান সাওয়াব দেয়া হবে, কুরআনের জ্ঞানিগণ ও রোযাদারগণ ব্যতীত। তাদেরকে সীমাহীন ও হিসাব ছাড়া সাওয়াব দান করা হবে।" (শুআবুল ঈমান, খভ-৩য়, পৃ-৪১৩, হাদীস নং-৩৯২৮)

হযরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! দুনিয়ায় যেমন চাষ করবেন, তেমনি ফসল পাবেন। সম্মানিত আলিমগণ (আল্লাহ তাদেরকে দয়া করুন!) এবং রোযাদারগণ অত্যন্ত সৌভাগ্যবান। কিয়ামত-দিবসে তাদেরকে বে হিসাব প্রতিদান দান করা হবে।

জন্ডিস ভাল হয়ে গেল

রোযার বরকত পেতে এবং নিজের অভ্যন্তরে ইলমে দ্বীন দ্বারা আলোকিত করার জন্য তাবলীগে কুরআন ও সুনাতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশকে আপন করে নিন। নিজের সংশোধনের জন্য মাকতাবাতুল মদীনা হতে মাদানী ইনআমাতের রিসালা সংগ্রহ করে তা পূরণ করে প্রত্যেক মাদানী মাসের ১০ তারিখের মধ্যে আপনার এলাকার দা'ওয়াতে ইসলামীর যিম্মাদারের নিকট জমা দিন এবং সুনতের তরবিয়্যতের মাদানী কাফিলায় আশিকানে রস্লদের সাথে সুনুতে ভরপুর সফরকে আপনার অভ্যাসে পরিণত করুন। মাদানী কাফিলার কি চমৎকার বাহার রয়েছে!

দিন দিন রোগ ভাল হতে লাগল। ৫ম দিন বাবুল মদীনা করাচী থেকে দূরে সফর ছিল। আমি যখন ফোন করলাম, তখন আমি এই

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

আনন্দময় সংবাদ শুনতে পেলাম। الْكَنْدُ لِلّٰهُ عَزِّرَجَلٌ জন্তিস টেস্টের রিপোর্ট একেবারে স্বাভাবিক হয়ে এসেছে এবং ডাক্তার স্বস্তি প্রকাশ করেছেন। আল্লাহ তাআলার শোকর আদায় করতে করতে আমি আনন্দ চিত্তে আশিকানে রস্লদের সাথে মাদানী কাফিলায় আরো সামনে রওয়ানা হয়ে গেলাম।

زوجہ بیار ہے ،قرض کا بار ہے آئوسب غم مٹیں ' قافلے میں چلو کالایر قان ہے 'کیوں پریشان ہے پائے گاضحتیں ' قافلے میں چلو

জাওযা বীমার হায় করজ কা বার হায়, আ-ও ছব গম মিঠে কাফিলে মে চলো। কালা ইরকান হায় কিউ পেরিশান হায় পায়েগা ছিহ্যাতে কাফিলে মে চলো।

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

জাহান্নাম থেকে দূরে

হ্যরত সায়্যিদুনা আবু সাঈদ খুদরী وَفِى اللَّهُ تَعَالَى عَنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ الله تَعَالَى عَنْهُ وَالِهِ وَسَلَّم থেকে বর্ণিত, নবীগণের সারদার হ্যরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সুগিন্ধি বিতরণকারী বাণী, "যে ব্যক্তি আল্লাহর পথে একদিন রোযা রাখবে, আল্লাহ তাআলা তাকে জাহান্নাম থেকে সত্তর বছরের দূরত্বে রাখবেন।"

(সহীহ বোখারী শরীফ, খন্ড-২য়, পৃ-২৬৫, হাদীস নং-২৮৪০)

প্রিয় ইসলামী ভাইয়েরা! যেখানে রোযা রাখার অগণিত ফযীলত রয়েছে, সেখানে কোন বিশুদ্ধ কারণ ছাড়া রমযানুল মুবারকের রোযা না রাখার ব্যাপারে কঠোর শাস্তির হুমকিও এসেছে। রমযান শরীফের একটা রোযা, যে কোন শরীয়তসম্মত ওযর ছাড়াই জেনে বুঝে ছেড়ে দেয়, তবে যদি সারা বছরও রোযা রাখে তবুও এ-ই ছেড়ে দেয়া একটা রোযার ফযীলত পর্যন্ত পৌঁছতে পারে না।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

একটা রোযা না রাখার ক্ষতি

হযরত সায়্যিদুনা আবূ হোরায়রা رَضَى اللَّهُ تَعَالَى عَنْهُ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, রসুলগণের সরদার হযরত মুহাম্মদ سَلَّم ইরশাদ করেন, "যে ব্যক্তি রমযানের এক দিনের রোযা শরীয়তের অনুমতি ও রোগাক্রান্ত হওয়া ছাড়া ভেঙ্গেছে (অর্থাৎ রাখেনি) তাহলে, সমগ্র মহাকাল যাবৎ রোযা রাখলেও সেটার 'কাযা' সম্পন্ন হবে না। যদিও পরবর্তীতে রেখেও নেয়।"

(সহীহ বোখারী, খন্ড-১ম, পৃ-৬৩৮, হাদীস নং-১৯৩৪)

(অর্থাৎ ওই ফযীলত, যা রমযানুল মুবারকে রোযা রাখার বিনিময়ে নির্ধারিত ছিলো, এখন সেটা কোন মতেই পেতে পারে না। আমাদের কখনোই অলসতার শিকার হয়ে রমযানের রোযার মতো মহান নে'মত ছেড়ে দেয়া উচিত হবে না। যেসব লোক রোযা রেখে কোন বিশুদ্ধ বাধ্যবাধকতা ছাড়াই ভঙ্গ করে বসে, তারা যেনো আল্লাহর কহর ও গযবকে ভয় করে। যেমন

উপুড় করে লটকানো মানুষ

হযরত সায়্যিদুনা আবু উমামা বাহেলী হাই ট্রাইট্রাটিলের বলেন, আমি সারকারে মদীনা হযরত মুহাম্মদ আইন হাঁদ্র হাঁদ্র হাঁদ্র করতে শুনেছি, "আমি ঘুমিয়ে ছিলাম। তখন স্বপ্লে দুজন লোক আমার নিকট আসলো। আর আমাকে এক দুর্গম পাহাড়ের উপর নিয়ে গেলো। আমি যখন পাহাড়ের মাঝামাঝি পৌঁছলাম, তখন শুনতে পেলাম খুব ভয়ঙ্কর আওয়াজ আসছে।" আমি বললাম, "এ কেমন আওয়াজ?" তখন আমাকে বলা হলো, "এটা জাহান্নামীদের আওয়াজ।" তারপর আমাকে আরো সামনে নিয়ে যাওয়া হলো। তখন আমি এমন কিছু লোকের পাশ দিয়ে যাচ্ছিলাম, যাদেরকে তাদের পায়ের রগদ্বারা গোড়ালীতে বেঁধে উপুড় করে লটকানো হয়েছে, আর ওইসব লোকের চিবুকগুলো চিরে ফেলা হয়েছে। ফলে সেগুলো থেকে রক্ত প্রবাহিত হচ্ছিলো। তখন আমি জিজ্ঞাসা করলাম-এসব কারা?

হ্যরত মুহাম্মদ ﴿ ইর্শাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

তদুত্তরে, আমাকে বলা হলো, "এসব লোক রোযা ভঙ্গ করতো-এরই পূর্বে যখন রোযার ইফতার করা হালাল।" (অর্থাৎ ইফতারের পূর্বে রোযা ভঙ্গ করে ফেলত) (সহীহ ইবনে হাব্বান, খড়-৯ম, পৃ-২৮৬, হাদীস-৭৪৪৮)

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযানের রোযা শরীয়তসম্মত অনুমতি ছাড়া, না রাখা কবীরা গুনাহ (মহাপাপ, যা তওবা ছাড়া ক্ষমা হয় না)। আর রোযা রেখে শরীয়ত সম্মত অপারগতা ছাড়া ভঙ্গ করাও জঘন্য গুনাহ। সময় হবার পূর্বে ইফতার করার অর্থ হচ্ছে রোযাতো রেখে নিয়েছে, কিন্তু সূর্য অস্ত যাবার পূর্বে জেনে বুঝে কোন বিশুদ্ধ অপারগতা ছাড়াই ভঙ্গ করে ফেললো। এ হাদীসে পাকে যে আযাবের কথা বর্ণিত হয়েছে, তা রোযা রেখে ভঙ্গ করে ফেলার ব্যাপারে। আর যে ব্যক্তি কোন শরীয়ত সম্মত ওযর ছাড়া রমযানের রোযা ছেড়ে দেয়, তারও এ শাস্তির হুমকিতে ভীত হওয়া চাই। আল্লাহ তাআলার আপন প্রিয় হাবীব হযরত মুহাম্মদ টিল্ট কর্নন! আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন ক্রাট্র হুট্রেই রাট্র ইটাট্র ইটা

তিনজন হতভাগা

হযরত সায়্যিদুনা জাবির ইবনে আবদুল্লাহ رَفِيَ اللهُ تَعَالَ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, তাজেদারে মদীনা হযরত মুহাম্মদ سَلَّم এর মহান ইরশাদ হচ্ছে, "যে ব্যক্তি রমযান মাস পেয়েছে এবং সেটার রোযা রাখেনি, সেই ব্যক্তি হতভাগা। যে ব্যক্তি আপন মাতাপিতাকে কিংবা উভয়ের একজনকে পেয়েছে কিন্তু তাদের সাথে সদ্যবহার করেনি, সেও হতভাগা, আর যার নিকট আমার নাম উল্লেখ করা হয়েছে, কিন্তু সে আমার উপর দুর্নদ শরীফ পাঠ করেনি, সেও হতভাগা।"

(মাজমাউয যাওয়ায়িদ, খভ-৩য়, পু-৩৪০, হাদীস নং-৪৭৭৩)

صَلُّوْاعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

হ্**যরত মুহাম্মদ**্বিশ্রিষ্ট ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

নাক মাটিতে মিশে যাক

হযরত সায়্যিদুনা আবু হুরাইরা رَخِيَ اللَّهُ تَعَالَى عَنْيُهِ رَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, "ওই ব্যক্তির নাক ধুলায় মলিন হোক, যার নিকট আমার নাম নেয়া হয়েছে, কিন্তু সে আমার উপর দুরূদ পড়েনি এবং ওই ব্যক্তির নাক ধুলায় মলিন হোক, যে রমযানের মাস পেয়েছে, তারপর তার মাগফিরাত হওয়ার পূর্বে সেটা অতিবাহিত হয়ে গেছে। আর ওই ব্যক্তির নাক ধুলোয় মলিন হোক, যার নিকট তার পিতামাতা বার্ধক্যে পৌছেছে এবং তার পিতামাতা তাকে জানাতে প্রবেশ করায়নি। (অর্থাৎ বুড়ো মাতাপিতার খিদমত করে জানাত অর্জন করতে পারেনি।) (মুসনাদে আহমদ, খভ-৩য়, পৃ-৬৯, হাদীস নং-৭৪৫৫)

صَلَّوْاعَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى مَلُّوْاعَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى مَلْوُاعِينَ اللهِ المُعَالَى اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُولِي اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ

প্রিয় ইসলামী ভাইয়েরা! রোযার জন্য প্রকাশ্য পূর্বশর্ত যদিও এটাই যে, রোযাদার ইচ্ছাকৃতভাবে পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকবে, তবুও রোযার জন্য কিছু অভ্যন্তরীন নিয়মাবলীও রয়েছে। যেগুলো জানা জরুরী, যাতে প্রকৃত অর্থে আমরা রোযার বরকতসমূহ লাভ করতে পারি। যেমন ১.সাধারণ লোকদের রোযা, ২. বিশেষ লোকদের রোযা এবং ৩. বিশেষতম লোকদের রোযা।

১. সাধারণ লোকদের রোযা

'সওম' বা রোযার আভিধানিক অর্থ হচ্ছে বিরত থাকা। সুতরাং শরীয়তের পরিভাষায় সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত ইচ্ছাকৃতভাবে পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকাকে রোযা বলে। এটাই হচ্ছে সাধারণ মানুষের রোযা।

২. বিশেষ লোকদের রোযা

পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকার সাথে সাথে শরীরের সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গকে মন্দ কাজ থেকে বিরত রাখা হচ্ছে বিশেষ লোকদের রোযা।

হযরত মুহাম্মদ ্ল্লিট্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

৩. বিশেষতম লোকদের রোযা

নিজেদেরকে সমস্ত বিষয় থেকে বিরত রেখে শুধুমাত্র আল্লাহর দিকে মনোনিবেশ করা। এটাই হচ্ছে বিশেষতম লোকদের রোযা।

প্রিয় ইসলামী ভাইয়েরা! প্রয়োজন হচ্ছে-পানাহার ইত্যাদি থেকে "বিরত থাকার" সাথে সাথে নিজের শরীরের সমস্ত অঙ্গ প্রত্যঙ্গকেও রোযার আওতাভুক্ত করা।

হ্যরত দাতা বুর্টিটের আর্বিট্র এর বাণী

হযরত সায়্যিদুনা দাতা গঞ্জে বখ্শ আলী হাজবেরী وخَمَةُ اللّه تَعَالَىٰ عَلَيْهِ বলেন, রোযার বাস্তবতা হচ্ছে-'বিরত থাকা'। আর বিরত থাকারও অনেক পূর্বশর্ত রয়েছে। যেমন, পাকস্থলীকে পানাহার থেকে বিরত রাখা, চোখকে প্রবৃত্তির দৃষ্টি থেকে বিরত রাখা, কানকে গীবত শোনা থেকে, জিহ্বাকে অনর্থক কথাবার্তা ও ফ্যাসাদ সৃষ্টিকারী কথাবার্তা বলা থেকে এবং শরীরকে আল্লাহ তাআলার নির্দেশের বিরোধীতা থেকে বিরত রাখা হচ্ছে রোযা। যখন বান্দা এসব পূর্বশর্তের অনুসরণ করবে, তখনই সে প্রকৃতপক্ষে রোযাদার হবে। (কাশফুল মাহজুব, পৃ-৩৫৩, ৩৫৮)

আফসোস! শত আফসোস! আমাদের অনেক ইসলামী ভাই রোযার নিয়মাবলীর একেবারে ধার ধারে না। তারা শুধু ক্ষুধার্ত ও পিপাসার্ত থাকাকেই বড় বাহাদুরী মনে করে। রোযা রেখে এমন অনেক কাজ করে বসে, যেগুলো শরীয়াত বিরোধী। এভাবে ফিকহ শাস্ত্র অনুসারে রোযাতো হয়ে যাবে, কিন্তু এমন রোযা রাখলে আত্মার অবস্থার পরিবর্তন ও শান্তি অর্জিত হতে পারে না।

প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহর ওয়াস্তে শোচনীয় অবস্থার জন্য ভীত হোন! গভীরভাবে চিন্তা করুন, যে রোযাদার এ মাসে দিনের বেলায় পানাহার ছেড়ে দেয়, অথচ এ পানাহার রমযান শরীফের মাসটির পূর্ববর্তী দিনটিতেও করা

হ্**যরত মুহাম্মদ**্লিট্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

একেবারে বৈধ ছিলো; কিন্তু রমযান মাসে নিষিদ্ধ হয়ে যায়। তারপর নিজেই চিন্তা করে নিন যে, যে সব জিনিষ রমযান শরীফের পূর্বে হালাল ছিলো, তা যখন এ বরকতময় মাসের পবিত্র দিন গুলোতে হারাম করা হয়েছে, তখন যেসব বস্তু রমযান মুবারকের পূর্বেও হারাম ছিলো, যেমন-মিথ্যা, গীবত, চোগলখোরী, ঝগড়া-বিবাদ, গালি-গালাজ, দাড়ি মুন্ডানো, মাতাপিতাকে কন্ট দেয়া, শরীয়তের অনুমতি ব্যতীত মানুষের মনে কন্ট দেয়া ইত্যাদি এই রমযান মাসে কেন আরো কঠোরভাবে হারাম হবে না? অর্থাৎ রোযাদার যখন রমযান শরীফের মাসে হালাল ও পবিত্র খাদ্য ও পানীয় ছেড়ে দেয়, তখন সে মিথ্যা, চুগলখোরী, গালি-গালাজ, দাড়ি মুন্ডানো ইত্যাদি হারাম কাজ কেন ছাড়বে না? এখন বলুন! যে ব্যক্তি পাক ও হালাল খাদ্য-পানীয় ছেড়ে দেয়, কিন্তু হারাম ও নাপাক কথাবার্তা ছাড়ে না, যেমন-মিথ্যা, গীবত, চোগলখোরী, ওয়াদাভঙ্গ করা, গানবাদ্য শোনা, কুদৃষ্টি দেয়া, গালি-গালাজ করা, ঝগড়া-বিবাদ করা, দাড়ি মুন্ডানো ইত্যাদি পূর্বের ন্যায় অব্যাহত রাখে. সে কি ধরণের রোযাদার?

আল্লাহ তাআলার কিছুর প্রয়োজন নেই

মনে রাখবেন, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَكَالُ عَلَيْهِ رَالِهِ رَسَلَّم এর আলীশান ফরমান, "যে ব্যক্তি খারাপ কথা বলা ও তদনুযায়ী কাজ কর্ম পরিহার করবে না, তার ক্ষুধার্ত ও পিপাসার্ত থাকার কোন প্রয়োজন আল্লাহর কাছে নেই।" (সহীহ বোখারী, খভ-১ম, পৃ-৬২৮, হাদীস নং-১৯০৩) অন্য এক স্থানে ইরশাদ করেছেন, "শুধু পানাহার থেকে বিরত থাকার নাম রোযা নয়, বরং রোযা হচ্ছে, অনর্থক ও অপ্রয়োজনীয় কথাবার্তা থেকে বিরত থাকা।" (হাকিম কৃত মুস্তাদরাক, খভ-২য়, পৃ-৬৭, হাদীস নং-১৬১১)

আমি রোযাদার

রোযাদারের উচিত হচ্ছে- সে রোযা পালনকালে যেখানে পানাহার ছেড়ে দেয়, সেখানে মিথ্যা, ধোঁকা, প্রতারণা, ঝগড়া-বিবাদ ও গালি-গালাজ, ইত্যাদির গুনাহও ছেড়ে দেবে। এক জায়গায় হুযুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, "তোমাদের সাথে যদি কেউ ঝগড়া করে গালি দেয়, তবে তোমরা তাকে বলে দাও, "আমি রোযাদার।" (আন্তারগীব ওয়ান্তারহীব, খভ-১ম, প্-৮৭, হাদীস নং-১)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

রোযার ইফতার তোকে দিয়েই করবো!

প্রিয় ইসলামী ভাইয়েরা! আজকাল তো মামলাই উল্টা নজরে পড়ছে বরং এখনতো বাস্ত বিক অবস্থা এমন হয়ে গেছে যে, যখন কেউ কারো সাথে ঝগড়া করে বসে, তখন গর্জে ওঠে এমনি বলে ফেলে, "চুপ হয়ে যা! নতুবা মনে রাখিশ! আমি রোযাদার। আর এ রোযার ইফতার তোকে দিয়েই করবো।" অর্থাৎ তোকে খেয়ে ফেলবো। আল্লাহর পানাহ! তওবা!! তওবা!!! এ ধরণের কথা কখনো মুখ থেকে বের না হওয়া চাই; বরং বিনয়ই প্রকাশ করা চাই। এসব বিপদ থেকে আমরা শুধু তখনই বাঁচতে পারবো, যখন নিজের অঙ্গ-প্রত্যঙ্গকে নিয়মিতভাবে রোযা পালনের চেষ্টা করাবো।

অঙ্গ প্রত্যঙ্গের রোযার সংজ্ঞা

সুতরাং এখন অঙ্গ-প্রত্যঙ্গের রোযা অর্থাৎ দেহের সমস্ত অঙ্গকে গুনাহ্ থেকে রক্ষা করা' এটা শুধু রোযার জন্য নির্দিষ্ট নয়, বরং গোটা জীবনই ওইসব অঙ্গ-প্রত্যঙ্গকে গুনাহ্ থেকে বিরত রাখা জরুরী। আর এটা তখনই সম্ভব, যখন আমাদের অন্তরগুলোতে আল্লাহর ভয় পাকাপোক্ত হয়ে যাবে। আহ! কিয়ামতের ওই বেহুঁশকারী দৃশ্য স্মরণ করুন, যখন চতুর্দিকে নফসী নফসী' এর অবস্থা হবে, সূর্য-আগুন বর্ষণ করবে, জিহ্বাগুলো পিপাসার তীব্রতার কারণে মুখ থেকে বের হয়ে পড়বে, স্ত্রী স্বামী থেকে, মা তার কলিজার টুকরা সন্তান থেকে, পিতা আপন পুত্র, আপন চোখের মণি থেকে পালাবে, অপরাধী-পাপীদেরকে ধরে ধরে নিয়ে যাওয়া হবে, তাদের মুখের উপর মোহর চেপে দেয়া হবে এবং তাদের অঙ্গ-প্রত্যঙ্গ তাদের গুনাহসমুহের তালিকা শুনাতে থাকবে, যা কুরআন পাকের সূরা 'ইয়াসীন'-এ এভাবে উল্লেখ করা হয়েছে

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আজ আমি তাদের মুখগুলোর উপর মোহর করে দেবো। আর তাদের হাতগুলো আমার সাথে কথা বলবে এবং তাদের পাগুলো তাদের কৃতকর্মের সাক্ষ্য দেবে। (পারা-২৩, ইয়াসিন, আয়াত-৬৫)

اَلْيَوْمَ نَخْتِمُ عَلَى اَفُواهِ هِمْ وَ تُشْهَدُ تُكَلِّمُنَا اَيْدِيْهِمْ وَ تَشْهَدُ اَرْجُلُهُمْ بِمَا كَانُوا اَرْجُلُهُمْ بِمَا كَانُوا اَرْجُلُهُمْ بِمَا كَانُوا

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

হায়! দূর্বল ও অক্ষম মানুষ! কিয়ামতের ওই কঠিন সময় সম্পর্কে নিজের হৃদয়কে সতর্ক করুন। সর্বদা নিজের শরীরের অঙ্গ-প্রত্যঙ্গকে গুনাহের কাজ থেকে বিরত রাখার চেষ্টায় অব্যাহত রাখুন। এখন অঙ্গ-প্রত্যঙ্গের রোযার বিস্তারিত বর্ণনা পেশ করা হচ্ছে-

চোখের রোযা

প্রিয় ইসলামী ভাইয়েরা! চোখের রোযা এভাবে রাখতে হবে যে, চোখ যখনই দৃষ্টিপাত করবে তখন শুধু বৈধ বিষয়াদির প্রতি করবে। চোখ দ্বারা মসজিদ দেখুন! কুরআন মজীদ দেখুন! আউলিয়া কিরাম الله تعالى এর মাযারগুলোর যিয়ারত করুন! সম্মানিত ওলিগণ (আল্লাহ তাঁদের উপর রহমত বর্ষণ করুন) ও নেকবান্দাদের দীদার করুন! (আল্লাহ দেখালে) কাবা-ই-মুআয্যামার ক্রিন্টুইইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিই আলোকময় পরিবেশ দেখুন! মক্কা মুকাররমার ক্রিক্রই ইইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইব্রুইটিইবর্ষইটিইটিইবর্ষর আলোর ছড়াছড়ি দেখুন! জান্নাতের প্রিয় বাগানের বাহার দেখুন! খুশবুদার মদীনার ঘরবাড়ী ও দেয়ালগুলো দেখুন! সবুজ সবুজ গম্বুজ ও মিনারগুলো দেখুন! প্রিয় মদীনার ময়দান ও বাগান দেখুন! হুযুর মুফতীয়ে আয়মে হিন্দ সায়্যিদুনা মোস্তফা রযা খান হুইটাটেইইটাটেইটিবর্টির আল্লাহ তাআলার মহান দরবারে আরয় করেন ৪-

کچھ ایباکر دے مرے کردگار آنکھوں میں ہمیشہ نقُش رہے رُوئے یار آنکھوں میں انہیں نہ دیکھا تو کس کام کی ہیں یہ آنکھیں کہ دیکھنے کی ہے ساری بُہار آنکھوں میں

কুছ এয়সা করদে মেরে কিরদিগার আঁখো মে, হামীশাহ্ নকশ রহে রুয়ে ইয়ার আঁখো মে। উনহী না দেখা তো কিছ্ কাম কী হায় ইয়েহ আখেঁ? কেহ্ দেখ্নে কী হায় সারী বাহার আখোঁ মে।

(ছামানে বখশিশ শরীফ)

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

প্রিয় রোযাদাররা! চোখের রোযা রাখুন! অবশ্যই রাখুন! বরং রোযাতো চিব্রিশ ঘন্টা, ত্রিশ দিন ও বার মাসই রাখা চাই। আল্লাহর প্রদন্ত পবিত্র চোখগুলো দিয়ে কখনোই ফিল্ম দেখবেন না, নাটক দেখবেন না, না-মুহরিম নারী (পরনারী)দের দিকে তাকাবেন না। যৌন প্রবৃত্তি সহকারে 'আমরাদ' অর্থাৎ দাড়ি গজায়নি এমন বালকদের দিকে তাকাবেন না। কারো বিবস্ত্র লজ্জাস্থানের দিকে দেখবেন না। আল্লাহর স্মরণ থেকে উদাসীন করে দেয় এমন খেলাধুলা ও তামাশা, যেমন-প্রতিযোগীতা, বানরের নাচ ইত্যাদি দেখবেন না। (সেগুলোকে নাচানো ও নাচ দেখা উভয়ই অবৈধ)। ক্রিকেট, কাবাডী, ফুটবল, হকি, তাস, দাবা, ভিডিও গেমস, টেবিল-টেনিস, ইত্যাদি খেলা দেখবেন না। (যখন দেখারই অনুমতি নেই তখন খেলার কিভাবে অনুমতি থাকবে?)

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ পবিত্র হাদীসেও ইফতার তাড়াতাড়ি করার প্রতি সন্তুষ্টি প্রকাশ করা হয়েছে। ইফতারে দেরী করা যেহেতু ইহুদী ও খৃষ্টানদের কাজ, সেহেতু তাদের মতো কাজ করা থেকে বিরত থাকা উচিত।

৬. হযরত সায়্যিদুনা যায়দ ইবনে খালিদ জুহানী وَضِىَ اللَّهُ تَعَالَى عَنْهُ তাজদারে মদীনা হযরত মুহাম্মদ سَلَّم وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন,

অর্থ ঃ যে ব্যক্তি কোন ধর্মীয় যোদ্ধা কিংবা হাজীকে সামগ্রী (পাথেয়) যোগান দিয়েছে, কিংবা তার পেছনে তার পরিবার-পরিজনের দেখাশুনা করেছে, অথবা কোন রোযাদারকে ইফতার করিয়েছে, সেও তার সমপরিমাণ সাওয়াব পাবে-তাদের সাওয়াবে কোনরূপ কম করা হবে না। (নাসায়ীকৃত আস্সুনানুল কুবরা, খড-২য়, পৃ-২৫৬, হাদীস নং-৩৩৩০)

مَنْ جَهَّرَ غَازِيًا أَوْحَاجًا أَوْ حَاجًا أَوْ حَاجًا أَوْ خَلَفَة فِي آهُلِه أَوْ فَطَّرَصَايِمًا كَانَ لَهُ مِثْلُ أَجُرِهِ مِنْ غَيْرِ أَنْ يَّنْقُصَ أَجُرِهِ مِنْ غَيْرِ أَنْ يَّنْقُصَ مِنْ أَجُوْرِهِمْ شَيَّ عُمْرِ أَنْ يَنْقُصَ مَنْ أَجُوْرِهِمْ شَيَّ

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

شَيْخَىٰ اللّٰهِ عَزَّوْجَلً करा शिय़ সুসংবাদ! গাযী (ধর্মীয় যোদ্ধা) কে জিহাদের সামগ্রী যোগান দাতাকে গাযীরই মতো, হজ্জ যাত্রীকে আর্থিক সাহায্য করার জন্য হজ্জের আর ইফতারের ব্যবস্থাকারীকে রোযাদারের মতো সাওয়াব দেয়া হবে। দয়ার উপর দয়া হচ্ছে এ যে, ওইসব লোকের সাওয়াবের মধ্যেও কোনরূপ কম করা হবে না। এটাতো আল্লাহ তাআলার অনুগ্রহ। তবে উল্লেখ্য যে, হজ্জ ও ওমরার জন্য ভিক্ষা করা হারাম। এ ভিক্ষাকারীকে ভিক্ষা দেয়াও গুনাহ।

ইফতার করানোর মহা ফযীলত

৭. হযরত সায়্যিদুনা সালমান ফারসী غنه رون الله تعالى عنه (থেকে বর্ণিত, মক্কা-মদীনার সুলতান, রহমতে আলামিয়ান হযরত মুহাম্মদ صَلَّى الله تعالى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم الله تعالى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم الله تعالى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم কিংবা পানীয় দ্বারা (কোন মুসলমান) কে রোযার ইফতার করালো, ফিরিশতাগণ মাহে রমযানের সময়গুলোতে তার জন্য ইস্তিগফার করেন। আর (হযরত) জিব্রাঈল عَنَيْهِ الصَّلُوةُ وَالسَّلُام কন্য ইস্তিগফার করেন।

(তাবরানী আল-মু'জামূল কবীর, খন্ড-৬ষ্ঠ, পৃ-২৬২, হাদীস নং-৬১৬২)
الله عَزَّوْجَكَّ কোরবান হোন আল্লাহর রহমতের উপর! কোন ইসলামী
ভাই মাহে রমযানে যদি কোন রোযাদার ইসলামী ভাইকে এক আধটা খেজুর দ্বারা
এক ঢোক পানি দ্বারা ইফতার করান, তবে তার জন্য আল্লাহ তাআলার নিম্পাপ
ফিরিশতাগণ রমযানুল মুবারকের সময়গুলোতে আর ফিরিশতাদের সারদার হযরত
সায়্যিদুনা জিব্রাঈল عَلَيْهِ الصَّلِوَةُ وَالسَّلام শবে কদরে মাগফিরাতের দু'আ করেন।
(সমস্ত প্রশংসা আল্লাহ তাআলারই অনুগ্রহের জন্য)।

জিব্রাইল কর্তৃক মুসাফাহার নমুনা

৮. অন্য এক বর্ণনায় এসেছে, যে ব্যক্তি হালাল উপার্জন থেকে রমযানে রোযার ইফতার করায়, রমযানের সমস্ত রাতে ফিরিশতাগণ তার উপর দুরূদ (রহমত) প্রেরণ করেন, আর শবে ক্বদরে জিব্রাঈল عَلَيْهِ الصَّالِةُ وَالسَّلام তার সাথে মোসাফাহা

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

করেন। বস্তুতঃ যার সাথে হযরত জিব্রাঈল عَلَيْهِ الصَّلَاءُ وَالسَّلَامِ মোসাফাহা করেন, তার চোখ দুটি আল্লাহ তাআলার ভয়ে অশ্রুণসিক্ত হয়ে যায় এবং তার হৃদয় গলে যায়। (কানযুল উম্মাল, খন্ড-৮ম, পৃ-২১৫, হাদীস নং-২৩৬৫৩)

রোযাদারকে পানি পান করানোর ফ্যীলত

৯. অন্য এক বর্ণনায় এসেছে, "যে ব্যক্তি রোযাদারকে পানি পান করাবে, আল্লাহ তাআলা তাকে আমার 'হাওয' থেকে পান করাবেন। ফলে সে জানাতে প্রবেশ করা পর্যন্ত কখনো পিপাসার্ত হবে না।"

(সহীহ ইবনে খুযাইমা, খন্ত-৩য়, প্-১৯২, হাদীস নং-১৮৮৭) ১০. হযরত সায়্যিদুনা সালমান ইবনে আমের رَضِيَ اللّٰهُ تَعَالَى عَنْهُ دَالْمُ مَا اللّٰهُ تَعَالَى عَنْهُ دَالْمُ اللّٰهُ اللّٰهُ تَعَالَى عَنْهُ ਨਾ ਪਟਿਨ বর্ণিত,

তাজদারে মদীনা, হযরত মুহাম্মদ مَلَّىٰ اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, যখন তোমাদের মধ্যে কেউ রোযার ইফতার করে, তবে সে যেনো খেজুর কিংবা খোরমা দিয়ে ইফতার করে। কারণ, তা হচ্ছে বরকত। আর তা না হলে পানি দ্বারা করবে,

তাতো পবিত্রকারী।" (জামে তিরমিয়ী, খন্ত-২য়, পৃ-১৬২, হাদীস নং-৬৯৫)
এ হাদীসে পাকে এ উৎসাহ দেয়া হয়েছে যে, সম্ভব হলে খেজুর কিংবা

এ হাদাসে পাকে এ উৎসাহ দেয়া হয়েছে যে, সম্ভব হলে খেজুর কিংবা খোরমা দিয়ে যেনো ইফতার করা হয়। কারণ, এটা সুন্নত। আর যদি খেজুর পাওয়া না যায়, তবে যেনো পানি দিয়ে ইফতার করে নেয়া হয়। এটাও পবিত্রকারী।

كك. হযরত সায়্যিদুনা আনাস وَضَى اللَّهُ تَعَالَى عَنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم থেকে বর্ণিত, "শাহানশাহে মদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم নামাযের পূর্বে তাজা-ভেজা খেজুর সমূহ দারা ইফতার করতেন। এটা না থাকলে কয়েকটা খোরমা দিয়ে আর তাও না থাকলে কয়েক (গ্লাস) পানি দারা ইফতার করে নিতেন।

(সুনানে আবু দাউদ, খন্ড-২য়, পৃ-৪৪৭, হাদীস নং-২৩৫৬)

এ হাদীসে পাকে ইরশাদ হয়েছে যে, আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم প্রথমতঃ ভেজা-তাজা খেজুর দিয়ে ইফতার করতে পছন্দ করতেন, যদি তা না থাকতো তবে শুকনা খেজুর (খোরমা) দিয়ে, তাও না

হ্যরত মুহাম্মদ শ্লু ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

থাকলে পানি দিয়ে ইফতার করতেন। সুতরাং আমাদের প্রচেষ্টাও এটাই থাকা উচিত। আমরাও ইফতারের জন্য মিষ্ট মিষ্ট খেজুর পাওয়া গেলে, যা প্রিয় আকা صَلَّى এর প্রিয় সুন্নত, তা দিয়ে; এটা পাওয়া না গেলে, খোরমা দিয়ে, আর তাও পাওয়া না গেলে পানি দ্বারা ইফতার করে নেবো!

প্রিয় ইসলামী ভাইয়েরা! বরকতময় হাদীস সমুহে সাহারী ও ইফতারের ক্ষেত্রে খেজুর ব্যবহারের প্রতি যথেষ্ট উৎসাহ প্রদান করা হয়েছে। খেজুর খাওয়া, খেজুর ভিজিয়ে সেটার পানি পান করা, তা দ্বারা চিকিৎসাপত্র নির্ণয় করা-এ সবই সুনুত। মোটকথা, এতে অসংখ্য বরকত রয়েছে। এতে অগণিত রোগের চিকিৎসা রয়েছে। যেমন

খেজুরের ২৫ টি মাদানী ফুল

- ك. চিকিৎসকদের চিকিৎসক আল্লাহর হাবীব হযরত মুহাম্মদ مَنْ وَالِهِ وَالِهِ مِنْ اللّٰهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ مِنْ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ مِنْ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ وَاللّٰهِ مِنْ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ وَاللّٰهِ مَا أَمْ وَمَ مَا أَمْ اللّٰهِ تَعَالَىٰ عَلَىٰ وَهُ وَمَ اللّٰهُ تَعَالَىٰ عَلَىٰ عَل
- ২. প্রিয় আকা হযরত মুহাম্মদ মুস্তফা صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর জান্নাত রূপী বাণী হচ্ছে, "আজওয়া খেজুর জান্নাত থেকে।" এটা বিষ-আক্রান্তকে আরোগ্য দান করে।"(তিরমিয়ী শরীফ, খল্ড-৪র্থ, প্-১৭, হাদীস নং-২০৭৩) বোখারী শরীফের বর্ণনানুসারে, যে ব্যক্তি সকালে ৭টা 'আজওয়া' খেজুর খেয়ে নেয়, ওই দিন যাদু এবং বিষ তাকে ক্ষতি করতে পারবে না।"

(সহীহ বোখারী, খন্ড-৩য়, পৃ-৫৪০, হাদীস নং-৫৪৪৫)

৩. সায়্যিদুনা আবু ছুরাইরা نَوْىَ اللَّهُ تَعَالَىٰ عَنْهُ থেকে বর্ণিত, খেজুর খেলে 'কুলাজ' রোগ (কুলাজকে ইংরেজীতে APPENDIX বলা হয়) হয় না।" (কানযুল ওম্মাল, খড-১০ম,পৃ-৬২, হাদীস নং-২৪১৯১)

হ্**যরত মুহাম্মদ** ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

- 8. চিকিৎসকদের মহাচিকিৎসক আল্লাহর হাবীব হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَاللهِ وَاللّهِ وَاللهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ و
- ৫. হযরত সায়্যিদুনা রবীই ইবনে হাসীম رُخِیَ اللّٰهُ تَعَالٰی عَنْهُ বলেন, "আমার মতে গর্ভবতী নারীর জন্য খেজুর অপেক্ষা, আর অন্যান্য রোগীর মধু অপেক্ষা উত্তম অন্য কোন বস্তুর মধ্যে শেফা (আরোগ্য) নেই।" (দুররে মানসুর, খভ-৫ম, পৃ-৫০৫)
- ৬. সায়্যিদী মুহাম্মদ আহমদ যাহবী کئیه الله تَعَالی عَلَیهِ বলেন, "গর্ভবর্তীকে খেজুর আহার করানো হলে إِنْ شَاءَ الله عَزَّرَ جَلَّ পুত্রসন্তান প্রসব করবে, যে সুশ্রী, ধৈর্য এবং পরম স্বভাবের হবে।"
- ৭. যে ব্যক্তি উপবাসের কারণে দুর্বল হয়ে গেছে, তার জন্য খেজুর অত্যন্ত উপকারী, কেননা, এটার মধ্যে খাদ্যপ্রাণ (খাদ্যের উপাদান) ভরপুর। তা আহার করলে তাড়াতাড়ি শক্তি ফিরে আসে। সুতরাং খেজুর দ্বারা ইফতার করার মধ্যে এ রহস্যও রয়েছে।
- ৮. রোযায় তাৎক্ষণিকভাবে বরফের ঠান্ডা পানি পান করে নিলে গ্যাস সৃষ্টি হয়ে পাকস্থলী ও কলিজা ফুলে যাবার আশংকা বেশি থাকে। খেজুর খেয়ে ঠান্ডা পানি পান করলে ক্ষতির আশংকা মুক্ত হওয়া যায়। অবশ্য, খুব বেশি ঠান্ডা পানি পান করা যে কোন সময়েই ক্ষতিকর।
- ৯. খেজুর ও সষা, অনুরূপভাবে খেজুর ও তরমুজ একসাথে খাওয়া সুনুত। এতে ও হিকমতের মাদানী ফুল রয়েছে। الْحَنْدُولِيَّا আমাদের পালনের জন্য এ সুনুতটাই যথেষ্ট। চিকিৎসা বিজ্ঞানীদের অভিমত হচ্ছে, "এতে জৈবিকগত ও দৈহিকগত দূর্বলতা দূর হয়ে যায়। মাখনের সাথে খেজুর খাওয়াও সুনুত। (সুনানে ইবনে মাজাহ খড-৪,পৃ-৪১, হাদীন নং-৩৩৩৪) এক সাথে পুরানা ও তাজা খেজুর আহার করাও সুনুত। 'ইবনে মাজাহ' শরীফে আছে-যখন শয়তান কাউকে এমন করতে দেখে তখন এ বলে (আফসোস করে) "পুরানার সাথে নতুন খেজুর খেয়ে মানুষ মজবুত দেহ বিশিষ্ট হয়ে গেলো।" (সুনানে ইবনে মাজাহ শরীফ, খড-৪র্থ, পৃ-৪০, হাদীস নং-৩৩৩০)

হ্যরত মুহাম্মদ ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

- ১০. খেজুর খেলে পুরানো 'কোষ্টকাঠিন্য' দূর হয়ে যায়।
- ১১. হৃদরোগ এবং যকৃত মুত্রথলী, প্লীহা ও অন্ত্রের রোগ-ব্যাধির জন্য খেজুর উপকারী। এটা কফ বের করে দেয়। মুখের শুষ্কতা দূর করে। যৌন শক্তি বৃদ্ধি করে এবং প্রস্রাব সহজে বের হতে সাহায্য করে।
- ১২. হৃদরোগ ও চক্ষুর কালো ছানি রোগের জন্য খেজুরকে দানা সহকারে পিষে খেলে উপকার পাওয়া যায়।
- ১৩. খেজুরকে ভিজিয়ে সেটার পানি পান করে নিলে, কলিজার রোগ-ব্যাধি দূর হয়ে যায়। আমাশয় রোগের জন্যও এ পানি উপকারী। (রাতে ভিজিয়ে ভোরের নাস্তায় ওই পানি পান করবেন, কিন্তু ভেজানোর জন্য ফ্রিজের মধ্যে রাখবেন না।)
- ১৪. খেজুরকে দুধের সাথে গরম করে খাওয়া সর্বোত্তম শক্তিশালী খাদ্য। এ খাদ্য রোগের পরবর্তী দূর্বলতা দূর করার জন্য সীমাহীন উপকারী।
- ১৫. খেজুর আহার করলে আঘাত তাড়াতাড়ি পূর্ণ হয়ে যায়।
- ১৬. প্লীহা রোগীর জন্য খেজুর উত্তম ঔষধ।
- ১৭. তাজা-পাকা খেজুর 'হলদে' (যা বমির সাথে তিক্ত পানি বের হয়) 'এসিডিটী' শেষ করে।
- ১৮. খেজুরের বিচিগুলোকে আগুনে পুড়ে সেগুলো দিয়ে মাজন তৈরী করে নিন। এটা দাঁতগুলোকে উজ্জ্বল করে এবং মুখের দুর্গন্ধ দূর করে।
- ১৯. খেজুরের পোড়া বিচির ছাই লাগালে আঘাতের রক্ত বন্ধ হয়ে যায় এবং আঘাত তাড়াতাড়ি ভরে ওঠে।
- ২০. খেজুর বিচিকে আগুনে ফেলে ধোঁয়া নিলে অর্শ্বরোগের ক্ষতগুলো শুকে যায়।
- ২১. খেজুর গাছের শিকড়গুলো কিংবা পাতাগুলোর পোড়া ছাই দ্বারা মাজন তৈরী করে দাঁত মাজলে দাঁতের ব্যথা দূর হয়। শিকড় ও পাতাগুলো সিদ্ধ করে তা দ্বারা কুলি করলেও দাঁতের ব্যথা দূর হয়।
- ২২. যে ব্যক্তির খেজুর খেলে পার্শ্ব প্রতিক্রিয়া SIDE EFFECT দেখা দেয়, সে আনারের রস কিংবা পোস্তা-দানা অথবা কালো মরিচের সাথে খেলে, اِنْ عَاءَاللّٰهُ عَزَّوْءَكُمْ ! উপকার পাওয়া যাবে।

হ্**যরত মুহাম্মদ**্শৃশ্ভি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

২৩. আধ-পাকা ও পুরানা খেজুর একসাথে খেলে ক্ষতি করে। অনুরূপভাবে, খেজুরের সাথে আঙ্গুর কিংবা কিসমিস বা মুনাক্কা মিলিয়ে খাওয়া, খেজুর ও ডুমুর ফল একসাথে খাওয়া, রোগ উপশম হবার সাথে সাথেই দূর্বলতার সময় বেশী খেজুর খাওয়া এবং চোখের রোগে খেজুর খাওয়া ক্ষতিকর। একই সময়ে পাঁচ তোলা (অর্থাৎ-প্রায় ৬০ গ্রাম) অপেক্ষা বেশী খেজুর খাবেন না।

পুরানা খেজুর খাওয়ার সময় ছিড়ে ভিতরে দেখে নেয়া সুন্নত। কেননা, তাতে কখনো কখনো ছোট ছোট লাল বর্ণের পোকা থাকে। সুতরাং পরিস্কার করে খাবেন। যেই খেজুরের ভিতর পোকা হওয়ার সম্ভাবনা হয় তা পরিস্কার ছাড়া খাওয়া মাকরহ। (আউনুল মাবুদ, খভ-১০ম, পৃ-২৪৬) বিক্রেতা খেজুরকে উজ্জল করার জন্য বেশীরভাগ সময় সরিষার তেল লাগায়। সুতরাং উত্তম হচ্ছে খেজুরকে কয়েক মিনিট পানিয়ে চুবিয়ে রাখা। যাতে মাছির আবর্জনা ও ধুলি-বালি আলাদা হয়ে যায়। গাছ-পাকা খেজুর বেশী উপকারী।

২৫. মদীনা মুনাওয়ারার খেজুরের বিচি এদিক-সেদিক ফেলবেন না। কোন আদব সম্পন্ন জায়গায় অথবা সমুদ্রে ফেলবেন কিংবা বপন করে দেবেন। অথবা যাঁতাকল দিয়ে ছোট ছোট টুকরো করে ডিব্বায় ভরে রেখে দেবেন এবং সুপারীর স্থলে ব্যবহার করে সেগুলোর বরকত লুফে নিবেন। 'মদীনা মুনাওয়ারা ' হয়ে আসা যে কোন জিনিস চাই তা দুনিয়ার যে কোন ভূখন্ডের হোক না কেন, মদীনা পাকের আকাশের নিচে প্রবেশ করতেই সেটা মদীনার হয়ে যায়। সুতরাং আশেকগণ সেটার প্রতি আদব করেন।

ইফতারের সময় দু'আ কবুল হয়

প্রিয় ইসলামী ভাইয়েরা! রোযাদার কতোই সৌভাগ্যবান হয় যে, সে সব সময় আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করতে থাকে। এমনকি যখন ইফতারের সময় আসে তখন সে যে কোন দু'আই করুক, আল্লাহ তাআলা তাঁর অনুগ্রহ ও বদান্যতায় তা কবুল করে নেন। যেমন সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আমর ইবনুল আস نوني الله تعالى عنها থেকে বর্ণিত, রহমাতুল্লিল আলামীন, সায়্যিদুল মুরসালীন

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

হ্যরত মুহাম্মদ مَلَى الله تَعَالىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর হৃদয়গ্রাহী বাণী,

إِنَّ لِلصَّابِمِ عِنْدَ فِطْرِهِ لَدَعُوةً مَّاتُرَدُّ

অর্থ ঃ নিশ্চয় রোযাদারের জন্য ইফতারের সময় এমন একটি দু'আ থাকে, যা ফিরিয়ে দেয়া হয় না (আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-২, পৃ-৫৩, হাদীস নং -২৯)

(সুনানে ইবনে মাজাহ, খন্ড-২য়, পৃ-৩৪৯, হাদীস নং-১৭৫২)

আমরা পানাহারে লিপ্ত থেকে যাই

প্রিয় রোযাদার! আপনাকে ধন্যবাদ! আপনার জন্য এ সুসংবাদ রয়েছে যে, ইফতারের সময় যে দু'আই করেন কবুল হবার মর্যাদা পর্যন্ত পৌঁছে যায়। কিন্তু আফসোস! আজকাল আমাদের অবস্থা কিছুটা এমনই আশ্চর্যজনক হয়ে গেছে যে, দোয়ার সময় দোয়া করবেন না। ইফতারের সময় আমাদের 'নফস' বড়ই পরীক্ষায় পড়ে যায়। কেননা, সাধারণতঃ ইফতারের সময় আমাদের সামনে নানা প্রকার ফলমূল, কাবাব, সামুসা, পেয়াজু-বুট ইত্যাদির সাথে সাথে, গরমের মৌসুম হলে তো ঠাভা ঠাভা শরবতের গ্লাস মওজুদ থাকে। ক্ষুধা-পিপাসার তীব্রতার কারণে আমরা ক্লান্ত-পরিশ্রান্ত তো হয়ে থাকি। ব্যাস! সূর্য অন্ত যেতেই খাদ্য ও শরবতের উপর এমনিভাবে ঝাপিয়ে পড়ি যে, দু'আর কথাও মনে থাকে না; দু'আ দু'আই থেকে যায়।

হযরত মুহাম্মদ ্ল্ল্ট্টু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

আমাদের অগণিত ইসলামী ভাই ইফতারের সময় পানাহারে এতো বেশি মগ্ন হয়ে যায় যে, তাঁরা মাগরিবের নামাযও পুরোপুরি পান না; বরং আল্লাহ থেকে পানাহ! কেউ কেউ তো এতো বেশি অলসতা করে যে, ঘরে ইফতার করে সেখানেই জামা'আত ছাড়া নামায পড়ে নেয়। তওবা! তওবা!! ওহে জান্নাত প্রার্থীরা! এতটুকু অলসতা করবেন না! জামাআত সহকারে নামায পড়ার কঠিন তাকীদ এসেছে শরীয়তে। আর সর্বদা মনে রাখবেন! কোন শরীয়তসম্মত বাধ্যবাধকতা ছাড়া মসজিদে নামাযের জামা'আত ছেড়ে দেয়া গুনাহ্।

ইফতারের সতর্কতা সমুহ

উত্তম হচ্ছে এই যে, ১টি বা অর্ধেক খেজুর দ্বারা ইফতার করে দ্রুত মুখ পরিস্কার করে নিবেন এবং জামাআতে শরীক হবেন। আজকাল মানুষ মসজিদে ফলমুল খেয়ে মুখ ভালভাবে পরিস্কার না করে দ্রুত জামাআতে শরীক হয়ে যায়। অথচ খাবারের সামান্য অংশ কিংবা স্বাদ মুখে না থাকা চাই। যেহেতু হযরত মুহাম্মদ ﷺ এর বাণী, "কিরামান কাতেবীনের (তথা আমল লিপিবদ্ধকারী দুজন সম্মানিত ফিরিস্তা) নিকট এর চেয়ে কোন কঠিন কিছু নেই যে তারা যার নিকট নির্দিষ্ট থাকে তিনি এমন অবস্থায় নামায পড়তে দেখেন যে, তার দাঁতের ভিতর কিছু (খাদ্য দ্ব্য) থেকে যায়।"

(তাবরানী কবীর, খন্ড-৪র্থ, পৃ-১৭৭, হাদীস নং-৪০৬১)

আমার আকা আলা হযরত رَحْمَةُ الله تَعَالَىٰ عَلَيهِ বর্ণনা করেন, অনেক হাদিসে ইরশাদ হয়েছে যে, বান্দা যখন নামাযে দাঁড়ায় ফিরিস্তা, তার মুখের সাথে নিজের মুখ রাখে, বান্দা যা পড়ে তা তার মুখ থেকে ফিরিস্তার মুখে প্রবেশ করে, সে সময় যদি কোন খাদ্য দ্রব্য তার মুখে থাকে তাহলে তাতে ফিরিস্তার এত কন্ট হয় যে, যা অন্য কোন কিছুতে এত কন্ট হয় না।

হুজুরে আকরাম নূরে মুজাস্সাম, হযরত মুহাম্মদ مَلَى اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, "যখন তোমাদের মধ্যে কেউ রাতে নামাযের জন্য দাঁড়ায় তাহলে সে যেন মিসওয়াক করে নেয়। কেননা সে যখন নিজ নামাযে কিরাত পড়ে তখন

হ্যরত মুহাম্মদ শ্লিঙ্ডি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

ফিরিস্তা তার মুখ ঐ বান্দার মুখের সাথে রাখে এবং যা ঐ বান্দার মুখ থেকে বের হয় তা ঐ ফিরিস্তার মুখে প্রবেশ করে।" (কানযুল উম্মাল, খন্ড-৯ম, পৃ-৩১৯) এবং ইমাম তাবরানী কবীরের মধ্যে হযরত আবু আইয়ুব আনসারী وضِيَ اللَّهُ تَعَالَى বি খেকে বর্ণনা করেন দুই ফিরিস্তার নিকট এর চেয়ে বেশি কঠিন কোন বস্তু নাই যে তারা নিজ সাথীকে নামায পড়তে দেখে, যে অবস্থায় তার দাঁতের ভিতর খাদ্যের অংশ থাকে।" (ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খন্ড-১ম, পূ-৬২৪, ৬২৫) মসজিদে ইফতারকারীদের অধিকাংশ ক্ষেত্রে মুখ পরিস্কার করতে কষ্টকর হয় যে, ভালভাবে পরিস্কার করতে গেলে জামাআত শেষ হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এজন্য পরামর্শ রইলো যে শুধুমাত্র এক বা অর্ধেক খেজুর খেয়ে পানি পান করে নিন। পানি মুখের ভিতর ভালভাবে ঘুরিয়ে কুলি করে নিবেন। যাতে খেজুরের মিষ্টি স্বাদ ও অংশ দাঁত থেকে ছুটে পানির সাথে পেটের ভিতর চলে যায়। প্রয়োজন হলে দাঁতে খিলালও করে নিবেন। যদি মুখ পরিস্কার করার সুযোগ না থাকে তখন সহজ ব্যবস্থা হল শুধু পানি দিয়ে ইফতার করে নিন। ঐ সমস্ত রোযাদার আমার নিকট খুব প্রিয়, যারা রকমারী ইফতারীর থালা ফেলে সূর্য ডোবার পূর্বে মসজিদের প্রথম কাতারে খেজুর পানি নিয়ে বসে যায়। এভাবে ইফতার দ্রুত শেষ হয়। মুখ পরিস্কার করাও সহজ এবং প্রথম কাতারে প্রথম তাকবীরের সাথে জামাআতের সাথে নামায আদায় করাও নছীব হয়।

ইফতারের দু'আ

এক-আধটা খেজুর ইত্যাদি দিয়ে রোযার ইফতার করে নিন! তারপর দু'আ অবশ্যই করে নেবেন। কমপক্ষে এক/দুইটি দু'আ মাসূরা পড়ে নিন। তাজেদারে মদীনা, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বিভিন্ন সময় যেসব পৃথক পৃথক দু'আ করেছেন, তন্মধ্যে কমপক্ষে একটা দু'আ তো মুখস্থ করে নেয়া চাই। আর সেটা পড়ে নেয়া চাই। ইফতারের পরবতী একটা প্রসিদ্ধ দু'আ (পূর্ববর্তী পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে অন্য একটা বর্ণনা দেখুন!

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

যেমন আবূ দাউদ শরীফের বর্ণনায় এসেছে, সরকারে নামদার হযরত মুহাম্মদ صَلَّى ইফতারের সময় এ দু'আ পড়তেন ৪-

اَللَّهُمَّ لَكَ صُمْتُ وَعَلَى رِزْقِكَ اَفْطَرْتُ

"হে আল্লাহ! তোমারই জন্য আমি রোযা রাখলাম এবং তোমারই প্রদত্ত রিযকের উপর ইফতার করলাম।" (সুনানে আবু দাউদ, খভ-২য়, পু-৪৪৭, হাদীস নং-২৩৫৮)

প্রিয় ইসলামী ভাইয়েরা! উপরোল্লেখিত বরকতময় হাদীসে ইরশাদ হয়েছে যে, ইফতারের সময় দু'আ প্রত্যাখ্যাত হয় না। কোন কোন সময় দু'আ কবূল হওয়াও তা প্রকাশ পাবার উপর প্রভাব ফেলে। এ ভিত্তিতে আমাদের ইসলামী ভাইদের মনে একথা আসে যে, দু'আ শেষ পর্যন্ত কবুল হয় না কেন? হাদীসে মুবারকে তো দু'আ কবুল হবার সুসংবাদ এসেছে?

সায়্যিদী আলা হ্যরত رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ এর সম্মানিত পিতা ইসলামী দর্শন শাস্ত্রের ইমাম সায়্যিদুনা নকী আলী খান رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ 'আহ্সানুল বিআ লি আদাবিদ্দুআ' নামক কিতাবের ৭ম পৃষ্ঠায় উল্লেখ করেন ঃ

দু'আর তিনটি উপকারিতা

তাজেদারে মদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, বান্দার দু'আর তিনটা অবস্থার যে কোন একটা অবশ্যই হয় ঃ ১. তার গুনাহ ক্ষমা

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

করা হয়, ২. তার উপকার করে এবং ৩. তার জন্য আখিরাতে কল্যাণ সঞ্চয় করা হয়। সুতরাং বান্দা যখন আখিরাতে তার দু'আ গুলোর সাওয়াব দেখবে, যেগুলো দুনিয়ায় প্রতিদান পেয়েছিল, তখন এ কামনাই করবে, 'আহা! দুনিয়ায় যদি আমার কোন দু'আরই প্রতিদান দেয়া না হতো, আর সবই এখানকার (অর্থাৎ আখিরাতের) জন্য থেকে যেতো!" (আন্তারগীব ওয়ান্তারহীব, খন্ত-২য়, পু-৩১৫)


দু'আর মধ্যে পাঁচটা সৌভাগ্য

প্রিয়ে ইসলামী ভাইয়েরো! আপনারা শুনলেন তো! দু'আ বিনষ্ট তো হয়ই না। দুনিয়ায় সেটার প্রকাশ যদি নাও পায়, তবুও আখিরাতে সাওয়াব ও প্রতিদান তো পাওয়া যাবেই। সুতরাং দু'আর মধ্যে অলসতা করা উচিত নয়।

পাঁচটি মাদানী ফুল

 প্রথম উপকার হচ্ছে-আল্লাহর নির্দেশ পালন করা হয়। তাঁর নির্দেশ হচ্ছে, "আমার নিকট দু'আ প্রার্থনা করতেই থাকো। যেমন, কুরআন পাকে ইরশাদ হয়েছে.

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ
"আমার নিকট চাও! আমি কবুল করবো। (পারা-২৪, মুমিন, আয়াত-৬০)



- ২. দু'আ প্রার্থনা করা সুন্নত। কারণ, আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ صَلَّى اللهُ وَسَلَّم (বিশির ভাগ সময় দু'আ করতেন। তাই দু'আ করার মধ্যে 'সুন্নাতকে জীবিত করার সৌভাগ্যও লাভ হবে।
- ৩. দু'আ করার মধ্যে রসূল পাক হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم স্থাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم স্থাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم স্থাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পাওয়া যায়। কারণ, হুযুর হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পাণন গোলামদেরকে দু'আ করার তাকীদ দিতে থাকেন।
- 8. দু'আ-প্রার্থনা ইবাদতপরায়ণ লোকদের দলভুক্ত হয়ে যায়। কারণ, দু'আ নিজেই একটি ইবাদত বরং ইবাদতের মগজই। যেমন, আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান বাণী ঃ

হ্যরত মুহাম্মদ্শিট্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

আর্থ ঃ দু'আ হচ্ছে ইবাদতের মগজ। (তিরমিযী اَلدُّعَاءُ مُخُّرُ الْعِبَادَةِ শরীফ, খন্ড-৫ম, পৃ-২৪৩, হাদীস নং-৩৩৮২)

৫. দু'আ প্রার্থনা করলে হয়তো তার গুনাহ্ ক্ষমা হয়, কিংবা দুনিয়াতেই তার
সমস্যাদির সমাধান তারপর ওই দু'আ তার জন্য আখিরাতে ভাভার হয়ে যায়।

জানিনা কোন গুনাহ্ হয়ে গেলো

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! দু'আ-প্রার্থনা করার মধ্যে আল্লাহ রব্বুল ইয্যাত এবং তার প্রিয় হাবীব, নবৃয়তের চান্দ হযরত মুহাম্মদ عَنْهِ اللهُ تَعَالَىٰ عَنْهِ اللهُ وَسَلَم এর আনুগত্যও রয়েছে, দু'আ-প্রার্থনা করা সুনুতও। দু'আ প্রার্থনা করলে ইবাদতের সাওয়াবও পাওয়া যায়। তাছাড়া, দুনিয়াও আখিরাতের বহু উপকারও অর্জিত হয়। কোন কোন লোককে দেখা গেছে যে, তারা দু'আ কবুল হবার জন্য খুব তাড়াহুড়া করে; বরং আল্লাহর পানাহ! একথা বলে যে, 'আমরা তো এত দীর্ঘদিন যাবৎ দু'আ করে আসছি, বুযুর্গদের দ্বারাও দু'আ করালাম, কোন পীর ফকীর বাদ নিলাম না? এসব ওযীফাও পড়ি, ওইসব দৈনন্দিন ওযীফাদি পড়ি, অমুক অমুক মাযারেও গেলাম, কিন্তু আল্লাহ তাআলা আমার চাহিদা পূরণই করেন না।' বরং কেউ কেউ একথাও বলে বেড়াতে শুনা যায়, "জানিনা এমন কোন্ গুনাহু হয়ে গেলো, যার শান্তি পাওয়া যাচ্ছে?"

নামায না পড়া যেনো কোন ভুলই নয়

এ ধরণের অদ্ভুদ কথা বার্তা যারা বলে তাদেরকে যদি বলেন, "ভাই! আপনি সম্ভবতঃ নামায পড়েন?" তখন জবাব পাওয়া যায়, "জী, না।" আপনি শুনলেন তো! মুখে তো অনায়াসে বের হয়ে যাচেছ, "আমার দ্বারা এমন কোন গুনাহ সম্পন্ন হয়েছে, যার শাস্তি আমি পাচিছ?" আর নামাযের ক্ষেত্রে তার অলসতা তো তার নজরেই পড়ছে না। আল্লাহর পানাহ! নামায না পড়া যেনো তার দৃষ্টিতে কোন গুনাহই না। আরে! নিজের ছোউ দেহটিরপ্রতি যদি সামান্য দৃষ্টিই দিতো! দেখুন না! মাথার চুল ইংরেজী, খৃষ্টানদের মতো, মাথাও খোলা, লেবাসও ইংরেজী, চেহারা হয়ুর মুস্তফা হয়রত

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

মুহাম্মদ مَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর শক্ত তথা অগ্নিপূজারীদের মতো; অর্থাৎ তাজদারে রিসালাত, হযরত মুহাম্মদ مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পর মহান সুন্নত দাড়ি মুবারক চেহারায় নেই।

জীবন যাপনের রীতিনীতি ইসলামের শক্রদের মতোই। নামায পর্যন্ত পড়ে না; অথচ নামায না পড়া জঘন্য গুনাহ্। দাড়ি মুন্ডানো হারাম। তদুপরি, দিনভর মিথ্যা, গীবত, চোগলখোরী, ওয়াদা খেলাফী, মন্দ ধারণা, কুদৃষ্টি, পিতামাতার নাফরমানী, গালি-গালাজ, ফিল্ম-ড্রামা, গান-বাদ্য ইত্যাদি, জানিনা আরো কতো ধরণের গুনাহ করা হচ্ছে! কিন্তু এসব গুনাহ্ সাহেবের নজরেই পড়ছে না। এতো বেশি গুনাহ্ করা সত্ত্বেও শয়তান উদাসীন করে ছাড়ে। মুখে এসব অভিযোগপূর্ণ কথা উচ্চারিত হয়।

যেই বন্ধুর কথা আমরা মানি না, তিনি কি আমাদের কথা শুনবেন?

একটু চিন্তা করুন না! আপনার কোন অন্তরঙ্গ বন্ধু আপনাকে কোন কাজের জন্য কয়েকবার বললো; কিন্তু আপনি তার কাজিট করে দিলেন না। আর যদি আপনার কোন কাজ ওই বন্ধুর মাধ্যমে করাতে হয়, তাহলে একথা সুস্পষ্ট যে, আপনি প্রথমেই চিন্তা করবেন যে, 'আমি তো তার কাজ একটাও করিনি, এখন সে আমার কাজিট কেন করবে?' যদি আপনি সাহস করে অনুরোধ করতে পারবেন। আর সে বাস্তবিকই আপনার কাজ করেনি, তবুও আপনি অভিযোগ করতে পারবেন না। কারণ, আপনিও তো আপনার বন্ধুর কোন কাজ করেন নি।

এখন ঠান্ডা মাথায় ও স্থিরভাবে চিন্তা করুন! আল্লাহ তাআলা কতো কাজ করতে বলেছেন! কতো বিধান জারী করেছেন! কিন্তু আপনি নিজে তাঁর কোন কোন্ বিধান পালন করছেন? চিন্তা করলে বুঝা যাবে তাঁর কতো বিধান পালনে কতো ক্রুটি হয়েছে! আশাকরি, এ কথা বুঝে এসে গেছে যে, নিজে তো আপন মহামহিম প্রতিপালকের নির্দেশাবলী পালন করবেন না, আর তিনি যদি কোন কথা (অর্থাৎ দু'আ) এর প্রভাব প্রকাশ না করেন, তখন অভিযোগ নিয়ে বসে যান! দেখুন না! আপনি যদি আপনার কোন অন্তরঙ্গ বন্ধুর কোন কথা বারংবার প্রত্যাখ্যান করেন,

হ্যরত মুহাম্মদ ૣ ইইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

তাহলে হতে পারে যে, তিনি আপনার বন্ধুত্বেরই ইতি টানবে; কিন্তু আল্লাহ তাআলা বান্দাদের উপর কি পরিমাণ দয়াবান! লাখো বার তাঁর মহান নির্দেশের অমান্য করছে, তবুও তিনি আপন বান্দাদের তালিকা থেকে বাদ দেন না। তিনি দয়া ও করুণা করেই থাকেন।

একটু চিন্তা করুন! যে সব বান্দা উপকারের কথা ভুলে গিয়ে অকৃতজ্ঞতা প্রদর্শন করছে, যদি তিনিও শাস্তি স্বরূপ নিজের উপকারাদি তাদের দিক থেকে বন্ধ করে দেন, তাহলে তাদের কি পরিণতি হবে? নিশ্চয় তাঁর দান ছাড়া এক কদমও উঠানো সম্ভব না। আরে! তিনি যদি আপন মহান নে'মত বাতাসকে, যা একেবারে বিনামূল্যে দান করছেন, যদি কয়েকটা মিনিটের জন্য বন্ধ করে রাখেন, তখন তোলাশের স্তুপ পড়ে যাবে!!!

যে ব্যক্তি তাড়াতাড়ি পেতে চায় তার দু'আ কবুল হয় না

(দু'আর নিয়মাবলীর মধ্যে এটাও রয়েছে যে) দু'আ কবুল হবার ক্ষেত্রে তাড়াতাড়ি চাইবে না। হাদীস শরীফে রয়েছে-আল্লাহ তা'আলা তিনজনের দু'আ কবুল করেন না ঃ ১. যে ব্যক্তি গুনাহের দু'আ করে। ২. যে ব্যক্তি এমন কিছু চায়, যা দ্বারা আত্মীয়তার বন্ধন ছিন্ন হয় এবং ৩. যে ব্যক্তি কবুল হওয়ার ক্ষেত্রে তাড়াতাড়ি চায়। যেমন বলে 'আমি দু'আ করছি, কিন্তু কবুল হচ্ছে না।'

(আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-২য়, পৃ-৩১৪, হাদীস নং-০৯)

এ হাদীসে পাকে বলা হয়েছে যে, না জায়িয কাজের দু'আ না করা চাই। কারণ, তা কবুল হয় না। তাছাড়া, কোন নিকটাত্মীয়ের হক বিনষ্ট হচ্ছে এমন কিছুর জন্যও প্রার্থনা না করা চাই, আর দু'আ কবূল হওয়ারও তাড়াতাড়ি করা উচিত নয়। অন্যথায় দু'আ কবূল করা হবে না।

'আহসানুল বিআ লিআদাবিদদুআয়' এর উপর আলা হযরত মওলানা শাহ আহমদ রেযা খান رَحْبَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ হাশিয়া পার্শ্ব ও পাদটীকায় লিখেছেন। এক জায়গায় দু'আ কবূল হবার ক্ষেত্রে তাড়াহুড়াকারীদেরকে তিনি নিজের বিশেষ ও অতীব জ্ঞানগত ভঙ্গিতে বুঝিয়েছেন। যেমন আমার আকা আলা হযরত حَمْهُ اللّٰه تَعَالَى عَلَيهِ বলেন,

হ্যরত মুহাম্মদ্শিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

অফিসারদের নিকট তো বারংবার গিয়ে ধাক্কা খাও, কিন্তু.....

'সগানে দুনিয়া* (অর্থাৎ পার্থিব অফিসারদের করুণা) প্রার্থীদেরকে অর্থাৎ তাদের নিকট থেকে সার্থোদ্বারে ইচ্ছুকগণ একে একে তিন তিন বছর পর্যন্ত আশাবাদী হয়ে অতিবাহিত করে থাকে। সকাল-সন্ধ্যা তাদের কাছে ছুটাছুটি করে। আর তারা (অফিসারগণ) ফিরে তাকাইনা কথাও বলতে দেয়না বরং তিরস্কার করে, বিরক্ত হয়, নাক-ল্রু কুচকায়, তবুও হতাশ হয় না, নিজ পকেটের টাকা খরচ করে, নিজ ঘর থেকে খাবার খায়ে, পরিশ্রমও নিক্ষল হয় ও তদসংক্রোন্ত সব কষ্ট মাথা পেতে নেয়। এভাবে সেখানে অফিসারদের নিকট ধাক্কা খেতে খেতে) বছরের পর বছর অতিবাহিত করে অথচ এখনো যেনো প্রথম দিনই! কিন্তু এরা (পার্থিব অফিসারদের নিকট ধাক্কা খোরগণ) না হতাশ হয়, না অফিসারদের পিছন ছাড়ে। আর 'আহকামূল হাকিমীন' (শাসকদের শাসক), আকরামূল আকরামীন (সর্বাপেক্ষা বেশি সম্মানের মালিক) থেকে দূরে সরে যায়।

কেউ কেউ তো এমনভাবে সীমা অতিক্রম করে ফেলে (অর্থাৎ আয়ত্বের বাইরে চলে যায়) যে, আমল ও দু'আ সমূহের প্রভাবের প্রতি অবিশ্বাসী, বরং আল্লাহ তাআলার বদান্যতায় প্রতিশ্রুতির প্রতি নির্ভরহীনতা, আল্লাহর পানাহ! এমন লোকদেরকে বলা যায়, "ওহে নির্লজ্জ লোকেরা! নিজের বগলের ঘাণ নাও! যদি তোমাদের সম মর্যাদাবান কোন বন্ধু তোমাকে হাজারো বার কোন কাজের জন্য বলে, আর তুমি তার একটা কাজও করলে না, তাহলে তুমি নিজের কাজ করতে তাকে বলতে চাও তবে প্রথমে তো তুমি লজ্জাবোধ করবে, (আর চিন্তা করবে যে,)

(*) 'সাগান' শব্দটি 'সাগ' এর বহুবছন। 'সাগ' ফার্সিতে কুকুরকে বলে। যেহেতু আল্লাহ ওয়ালাগণ رَحْبَهُمُ اللّٰهُ تَعَالَى স্মতাসীনদের নিকট থেকে দূরে থাকেন, কেননা, এ স্তরের লোকেরা সাধারণতঃ যুলুম-অত্যাচার ও গর্ব-অহংকার থেকে বাঁচতে পারে না। ক্ষমতার নেশায় জানিনা এসব শাসক নিজেদেরকে কি মনে করে বসে? সেহেতু আলা হ্যরত رَحْبَةُ اللّٰهِ تَعَالَى عَلَيهِ তাদেরকে 'সাগানে দুনিয়া'

(দুনিয়ার কুকুর) বলে সম্বোধন করেছেন।

হযরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

'আমিতো তার কোন কথাই রাখিনি, এখন কোন মুখে তাকে আমার কাজের জন্য বলবো?' আর যদি কোন বড় উদ্দেশ্যই থাকে, তাকে বলেও ফেলো, আর সে যদি তোমার কাজ না করে, তবে তুমি সেটাকে মোটেই অভিযোগের বিষয় বলে মনে করবে না।' কারণ তো নিজেই বুঝতে পারছো যে, আমি (তার কাজ) কবে করেছিলাম, যার ভিত্তিতে সে আমার কাজও করে দিতো।

এখন যাচাই করো! তোমরা নিঃশর্ত মালিক এর কতগুলো বিধান পালন করছো? তাঁর নির্দেশ পালন না করা আর নিজের দরখাস্তের যে কোন অবস্থাতেই মঞ্জুরী চাওয়া কতোই নির্লজ্জতা!!!

ওহে নির্বোধ! তারপর পার্থক্য দেখ! নিজের মাথা থেকে পা পর্যন্ত গভীরভাবে দৃষ্টি কর। একেকটি রন্দ্রে কতো হাজার কতো লক্ষ বরং অগণিত নে'মত রয়েছে? তুমি ঘুমিয়ে থাক, আর তাঁর নিল্পাপ বান্দাগণ (ফিরিশতারা) তোমাকে রক্ষার জন্য পাহারা দিচ্ছেন! তুমি গুনাহ করছ! আর (এতদসত্ত্বেও) মাথা থেকে পা পর্যন্ত সুস্থতা ও আরাম! বালা-মুসিবত থেকে নিরাপত্তা, আহারের হজম, দেহের অতিরিক্ত জিনিষের (অর্থাৎ শরীরের ভিতরকার আবর্জনা) অপসারণ, রক্ত সঞ্চালন, অঙ্গ প্রত্যঙ্গে শক্তি, চোখে জ্যোতি, হিসাববিহীন দয়া, প্রার্থনা ছাড়াই তোমার উপর নেমে আসছে। তারপরও যদি তোমার কোন ইচ্ছা পূরণ না হয়, তবে কোন মুখে অভিযোগ করছ? তুমি কি জান? তোমার মঙ্গল কিসের মধ্যে? তুমি কি জান? কেমন কঠিন বিপদ আসার ছিলো? কিন্তু ওই (তোমার দৃষ্টিতে কবুল হয়নি এমন) দুআ কেন দূরীভূত করেছে? তুমি কি জান? ওই দু'আর পরিবর্তে তোমার জন্য কেমন সাওয়ার জমা হচ্ছে? তাঁর প্রতিশ্রুতি সত্য।

আর কবুল হবার এ তিনটি ধরণ রয়েছে, যে গুলোর মধ্যে প্রতিটির পরবর্তী সেটার পূর্ববর্তী অপেক্ষা উত্তম। হাাঁ! বিশ্বাস না হলে নিশ্চিতভাবে জেনে রাখ! তুমি মরেছিলে! অভিশপ্ত শয়তান তোমাকে তার মতো করে নিয়েছে। আল্লাহরই পানাহ্! তাঁরই পবিত্রতা এবং তিনি মহান।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

ওহে অধম মাটি! ওহে নাপাক পানি! নিজের মুখটি দেখ! আরও মহা মর্যাদায় গভীরভাবে চিন্তা কর! তিনি তাঁর দরবারে হাযির হবার, আপন পাক ও মহান নাম নেয়ার, তাঁর দিকে মুখ করার এবং তাঁকে ডাকার জন্য তোমাকে অনুমতি দিচ্ছেন! লাখো ইচ্ছা এ মহা অনুগ্রহের উপর কুরবান (উৎসর্গ)

ওহে ধৈর্যহীন! একটু ভিক্ষা চাওয়া শিখে নাও! এ উচ্চ-মর্যাদাশীল আস্তানার মাটির উপর লুটিয়ে পড়! আর জড়িয়ে থাক! এক নজরে তাকিয়ে থাক! হয়তো এক্ষুণি দিচ্ছেন! বরং আহ্বান করার ও তাঁর দরবারে মুনাজাত করার তৃপ্তিতে

এমনিভাবে ডুবে যাও যেনো ইচ্ছা-আকাঙ্খা কিছু স্মরণ না থাকে! নিশ্চিতভাবে বিশ্বাস কর! এ দরজা থেকে কখনো বঞ্চিত হয়ে ফিরবে না! যে ব্যক্তি দাতার দরজার কড়া নাড়া দেয়, সেটা খুলে যায়। আর শক্তি-সামর্থ্য মহামহিম আল্লাহর পক্ষ থেকে আসে।

দু'আ কবুলে বিলম্ব হওয়া তো দয়াই

হযরত সায়্যিদুনা মওলানা নকী আলী খান رَحْبَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ বলেন, "ওহে প্রিয়! তোমার প্রতিপালক বলেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আমি দু'আ কবুল করি আহ্বানকারীর যখন সে আমাকে আহ্বান করে।

(সুরা-বাকারা, আয়াত-১৮৬, পারা-২)

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আমি কতোই উত্তম কবুলকারী।

(সূরা-ছফ্ফাত, আয়াত-৭৫, পারা-২৩)

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আমার নিকট দু'আ প্রার্থনা করো!

আমি কবুল করবো!

(পারা-২৪, সূরা মু'মিন, আয়াত-৬০)

أُجِيْبُ دَعُوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ لَا

فَلَنِعْمَ الْمُجِيْبُوْنَ ﴿

أَدْعُونِي أَسْتَجِبُ لَكُمْ الْ

হ্**যরত মুহাম্মদ** শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

তাই নিশ্চিতভাবে বুঝে নাও যে, তিনি তোমাকে তাঁর দরজা থেকে বঞ্চিত করবেন না এবং আপন প্রতিশ্রুতি পূরণ করবেন। তিনি আপন হাবীব صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ কে ইরশাদ করেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

এবং ভিক্ষুককে তিরস্কার করো না।

وَ اَمَّا السَّآبِلَ فَلَا تَنْهَرُ عَ

(পারা-৩০, সূরা-ওয়াদ্ দোহা, আয়াত-১০)

সুতরাং আল্লাহ তাআলা কীভাবে তোমাকে আপন বদান্যতার দস্তরখানা থেকে দূরে সরিয়ে দেবেন? বরং তিনি তোমার প্রতি কৃপাদৃষ্টি রাখেন। কারণ, তোমার দুআ কবুল করার বেলায় বিলম্ব করেন। আল্লাহ তাআলার জন্য সমস্ত প্রশংসা-স্বাবস্থায়। (আহসানুল বিআ, পৃ-৩৩)

"ইরকুনিছা" নামক পায়ের ব্যথা সেরে গেল

প্রিয় ইসলামী ভাইয়েরা! الْحَنْدُ الله কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী ক্বাফিলার আশিকানে রসূলদের সাথে সুনুতে পরিপূর্ণ সফর করে সেখানে দু'আকারীদের সমস্যাদীর সমাধানের অনেক ঘটনা শুনতে পাওয়া যায়। এক ইসলামী ভাই এর বয়ান নিজস্ব ভাষায় বলার সৌভাগ্য অর্জন করছি।

আমাদের মাদানী কাফিলা টিট্টা শহরে অবস্থান করছিল। সফরকারী ইসলামী ভাইদের মধ্যে একজন 'ইরকুরিছা' নামক পায়ের প্রচন্ড ব্যথায় ভোগ ছিল। বেচারা ব্যথার যন্ত্রণায় অসহ্য হয়ে ছটফট করত। একবার ব্যথার যন্ত্রণায় সারারাত ঘুমাতে পারলনা। মাদানী কাফিলার শেষ দিন আমীরে কাফিলা বললেন, আসুন আমরা সবাই তার জন্য দু'আ করি। অতএব দু'আ শুরু হল। এ ইসলামী ভাইয়ের বর্ণনা স্বর্নই তার জন্য দু'আ করা অবস্থায় ব্যথা কমতে শুরু করল। কিছুক্ষণের মধ্যে 'ইরকুরিছা' নামক ব্যথা সম্পূর্ণভাবে চলে গেল। الْكَنْدُ لِللّهُ عَزَرُجُلّ সেই কাফিলার পর থেকে আজকের বর্ণনা পর্যন্ত অনেক দিন অতিবাহিত হয়েছে কিন্তু আমি আর ২য় বার ইরকুরিছা নামক ব্যথার ভোগান্তির শিকার হইনি।

হ্যরত মুহাম্মদ্শ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

اَلْحَنْدُ لِلّٰهُ عَزَّوَجَكَّ এই ঘটনা বর্ণনার সময় আমার এলাকায়ী মাদানী কাফিলা যিম্মাদার হিসাবে মাদানী কাফিলার খিদমত করার সুযোগ মিলেছে।

> گر ہو عرق النسا' یا عارضہ کوئی سا پانو گئے صحتیں' قافلے میں چلو ور یاریاں' اور پریٹانیاں ہوں گی بس چل پڑیں' قافلے میں چلو গরহু ইরকুন নিছা ইয়া আরেয়ী কোয়ী ছা পাও গিয়ে সিহ্যাতি কাফিলে মে চলো। দূর বিমারিয়া, আওর পেরিশানিয়া, হোগী বস ছল পড়ি কাফিলে মে ছলো।

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! মাদানী কাফিলার বরকতে ইরকুন্নিছার মত কষ্টদায়ক রোগ থেকে মুক্তি পাওয়া গেল। ইরকুন্নিছার পরিচয় হল এই রোগে গরুর হাটু থেকে পায়ের টাখনু পর্যন্ত মারাত্মক ব্যথা অনুভব হয়। তা এক বছরের কমে আরোগ্য হয় না।

'ইরকুন্নিছার ২টি রূহানী চিকিৎসা'

(১) ব্যথার স্থানের উপর হাত রেখে শুরুতে ও শেষে দুরূদ শরীফ পড়ে সূরা ফাতিহা ১ বার ও ৭ বার নিম্নোক্ত দুআটি পড়ে ফুঁক দিবেন।

হে আল্লাহ! আমার থেকে রোগটি দূর করে দিন। যদি অন্য কেউ ফুঁক দেয় তবে غَنْدُ এর স্থলে غَنْدُ বলবে। (সুস্থ না হওয়া পর্যন্ত)

(২) کامُحْیِی সাতবার পড়ে গ্যাস হোক বা পেটে পিঠে কষ্ট হোক, কিংবা কোন আঙ্গ নষ্ট হয়ে যাওয়ার ভয় থাকে তবে এর উপর ফুঁক মেরে দিন। الله عَزَّوَجَلَّ रिकल्येসু হবে। (চিকিৎসার সময়কালঃ ভাল হওয়া পর্যন্ত)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

রোযা ভঙ্গকারী ১৪ টি কারণ

- ১. পানাহার ও স্ত্রী সহবাস করলে রোযা ভঙ্গ হয়ে যায়; যদি রোযাদার হবার কথা স্মরণ থাকে। (রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৩৬৫)
- ২. হুক্কা, সিগারেট, চুরুট ইত্যাদি পান করলেও রোযা ভেঙ্গে যায়, যদিও নিজের ধারণায় কণ্ঠনালী পর্যন্ত ধোঁয়া পৌছেনি। (বাহারে শরীআত, খন্ড-৫ম, পূ-১১৭)
- ৩. পান কিংবা নিছক তামাক খেলেও রোযা ভেঙ্গে যায়। যদিও আপনি সেটার পিক বারংবার ফেলে দিয়ে থাকেন। কারণ, কণ্ঠনালীতে সেগুলোর হালকা অংশ অবশ্যই পৌছে থাকে। (প্রাগুক্ত)
- 8. চিনি ইত্যাদি, এমন জিনিষ, যা মুখে রাখলে গলে যায়, মুখে রাখলো আর থুথু গিলে ফেললো এমতাবস্থায় রোযা ভেঙ্গে গেল। (প্রাগুক্ত)
- ৫. দাঁতগুলোর মধ্যভাগে কোন জিনিষ ছোলা বুটের সমান কিংবা তদপেক্ষা বেশি ছিল। তা খেয়ে ফেললো। কিংবা কম ছিলো; কিন্তু মুখ থেকে বের করে পুনরায় খেয়ে ফেললো। এমতাবস্থায় রোযা ভেঙ্গে যাবে।(দুররে মুখতার, খভ-৩য়, পৃ-৩৯৪)
- ৬. দাঁত থেকে রক্ত বের হয়ে তা কণ্ঠনালীর নিচে নেমে গেলো। আর রক্ত থুথু অপেক্ষা বেশি কিংবা সমান অথবা কম ছিলো, কিন্তু সেটার স্বাদ কণ্ঠে অনুভূত হলো। এমতাবস্থায় রোযা ভেঙ্গে যাবে এবং যদি কম ছিলো আর স্বাদও কণ্ঠে অনুভূত হয়নি, তাহলে এমতাবস্থায় রোযা ভাঙ্গবে না।

(দুররে মুখতার, রদ্দুল মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৬৮)

- ৭. রোযার কথা স্মরণ থাকা সত্ত্বেও 'ঢুস' (*) নিলো, কিংবা নাকের ছিদ্র দিয়ে ঔষধ প্রবেশ করালো, তাহলে রোযা ভেঙ্গে যাবে। (আলমগীরী, খড-১ম, পৃ-২০৪)
- ৮. কুল্লী করছিলো। অনিচ্ছা সত্ত্বেও পানি কণ্ঠনালী বেয়ে নিচে নেমে গেলো। কিংবা নাকে পানি দিলো; কিন্তু তা মগজে পৌঁছে গেলো। তাহলে রোযা ভেঙ্গে

(*) অর্থাৎ কোন ঔষধের ফিতা কিংবা সিরিঞ্জ পায়খানার রাস্তায় প্রবেশ করালো, আর তা সেখানে

(*) অথাৎ কোন ঔষধের ফিতা কিংবা সিরিঞ্জ পায়খানার রাস্তায় প্রবেশ করালো, আর তা সেখানে স্থায়ীও হলো। হ্**যরত মুহাম্মদ** ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

যাবে। কিন্তু যদি রোযাদার হবার কথা ভুলে গিয়ে থাকে, তবে রোযা ভাঙ্গবে না। যদিও তা ইচ্ছাকৃত হয়। অনুরূপভাবে রোযাদারের দিকে কেউ কোন কিছু নিক্ষেপ করলো, আর তা তার কণ্ঠে পৌঁছে গেলো। তাহলে রোযা ভেঙ্গে যাবে।

(আল জাওয়াতুন নাইয়ারাহ, খন্ড-১ম, প্-১৭৮)

- ৯. ঘুমন্ত অবস্থায় পানি পান করলে, কিছু খেয়ে ফেললো, অথবা মুখ খোলা ছিলো; পানির ফোঁটা কিংবা বৃষ্টি অথবা শিলাবৃষ্টি কণ্ঠে চলে গেলো, তাহলে রোযা ভেঙ্গে যাবে। (আল-জাওহারাতুন নাইয়ারাহ, খভ-১ম, পৃ-১৭৮)
- ১০. অন্য কারো থুথু গিলে ফেললো। কিংবা নিজেরই থুথু হাতে নেয়ার পর গিলে ফেললো, তাহলে রোযা ভেঙ্গে যাবে। (আমলগীরী, খন্ড-১ম, পূ-২০৩)
- ১১. যতক্ষণ পর্যন্ত থুথু কিংবা কফ মুখের ভিতর মওজুদ থাকে। তা গিলে ফেললে রোযা ভঙ্গ হয় না। বারংবার থুথু ফেলতে থাকা জরুরী নয়।
- ১২. মুখে রঙ্গিন সূতা ইত্যাদি রাখার ফলে থুথু রঙ্গিন হয়ে গেলো। তারপর ওই রঙ্গিন থুথু গিলে ফেললে রোযা ভেঙ্গে যাবে। (আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৩)
- ১৩. চোখের পানি মুখের ভিতর চলে গেলে আর সেটা গিলে ফেললেন। যদি এক/দু' ফোটা হয় তবে রোযা ভাঙ্গবে না। আর যদি বেশি হয়। যারফলে সেটার লবণাক্ততা মুখে অনুভূত হয়। তাহলে রোযা ভেঙ্গে যাবে। ঘামেরও একই বিধান। (আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৩)
- ১৪. মলদ্বার বের হয়ে গেলো। এমতাবস্থায় বিধান হচ্ছে, তখন খুব ভাল করে কোন কাপড় ইত্যাদি দিয়ে তা মুছে ফেলার পর দাঁড়াবে যাতে সিক্ততা বাকী না থাকে। আর যদি কিছু পানি অবশিষ্ট ছিলো, আর দাঁড়িয়ে গেলো, যার কারণে পানি ভিতরে চলে গেলো, তাহলে রোযা ভেঙ্গে যাবে। এ কারণে সম্মানিত ফকীহগণ ঠুকুই বলেন, "রোযাদার পানি ব্যবহারের সময় নিবে না।'

(আলমগীরী, খড-১ম, পৃ-২০৪)

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

রোযা পালনকালে বমি হলে!

কখনো যদি রোযার সময় বিম হয়, তখন লোকেরা চিন্তিত হয়ে যায়, আবার কেউ কেউ মনে করে যে, রোযা পালন কালে এমনিতে নিজে নিজে বিম হয়ে গেলেও রোযা ভেঙ্গে যায়। অথচ তেমন নয়। যেমন সায়্যিদুনা আবু হুরাইরা رض طلق থেকে বর্ণিত, হুযুর পূরনুর হযরত মুহাম্মদ الله تعالى عنه এর মহান বাণী, "যার মাহে রমযানে আপনা আপনি বিম এসে যায়, তার রোযা ভাঙ্গে না। আর যে ব্যক্তি জেনে বুঝে, (সেচছায়) বিম করে তার রোযা ভেঙ্গে যায়।"(কানযুল উম্মাল, খভ-৮ম, পৃ-২৩০, হাদীস নং-২৩৮১৪)

অন্যত্র ইরশাদ করেছেন, "যার আপনা আপনি বমি এসেছে তার উপর কাযা নেই। আর যে জেনে বুঝে বমি করেছে সে কাযা করবে।"

(তিরমিয়ী, খন্ড-২য়, পূ-১৭৩, হাদীস নং-৭২০)

বমি সম্পর্কে সাতটা নিয়মাবলী

- ১. রোযা অবস্থায় যদি নিজে নিজে কয়েকবার বমি এসে যায়। (চাই বালতি ভরে হোক)-এর কারণে রোযা ভাঙ্গে না। (দুররে মুখতার, খন্ড-৩য়, পূ-৩৯২)
- ২. যদি রোযার কথা স্মরণ থাকা সত্ত্বেও স্বেচ্ছায় (জেনে বুঝে) বমি করলো, আর যদি তা মুখ ভর্তি করে আসে, (মুখ ভর্তির সংজ্ঞা সামনে আসছে), তাহলে রোযা ভেঙ্গে যাবে। (প্রাগুক্ত)
- ৩. ইচ্ছাকৃতভাবে মুখভর্তি বমি হওয়ার ক্ষেত্রে ঐ সময় রোযা ভেঙ্গে যাবে যখন বমির সাথে খানা অথবা পানি বা হলুদ ধরনের তিক্ত ঝাঁঝালো পানি অথবা রক্ত আসে।
- ৪. যদি বমিতে শুধু কফ বের হয়, তাহলে রোযা ভাঙ্গবে না।

(দুররে মুখতার, খন্ড-৩য়, পূ-৩৯৪)

৫. ইচ্ছাকৃতভাবে বমি করলো; কিন্তু সামান্য বমি আসলো, মুখ ভর্তি হয়ে আসেনি, তাহলে রোযা ভাঙ্গবে না। (দুররে মুখতার, খন্ড-৩য়, পু-৩৯৩)

হ্যরত মুহাম্মদ ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

- ৬. মুখভর্তি অপেক্ষা কম বমি হলে মুখ থেকে ফিরে গেলো। কিংবা নিজেই ফিরিয়ে দিয়েছে। এমতাবস্থায়ও রোযা ভাঙ্গবে না। (প্রাগুক্ত)
- ৭. বিনা ইচ্ছায় মুখভর্তি বমি হয়ে গেলো রোযা ভাঙ্গবে না। অবশ্য, যদি তা থেকে একটা বুটের সমানও গিলে ফেলা হয়, তাহলে রোযা ভেঙ্গে যাবে। আর এক বুটের পরিমাণের চেয়ে কম হলে রোযা ভাঙ্গবে না। (দুররে মুখতার, খড-২য়, পৃ-৩৯২)

মুখভর্তি বমির সংজ্ঞা

মুখভর্তি বমির অর্থ হচ্ছে-সেটা অনায়াসে চলে আসে, যা চেপে রাখা যায় না। (আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৪)

অযুবস্থায় বমির পাঁচটি শরয়ী বিধান

- ১. ওযু অবস্থায় (জেনে বুঝে করুক কিংবা নিজে নিজে হয়ে যাক উভয় অবস্থায়) যদি মুখভর্তি বমি আসে, আর তাতে খাদ্য, পানীয় কিংবা হলদে বর্ণের তিক্ত পানি আসে তবে ওযু ভেঙ্গে যাবে। (বাহারে শরীআত, খভ-২য়, পু-২৬)
- ২. যদি মুখভর্তি কফ-বমি হয়, তবে ওয়ু ভাঙ্গবে না। (প্রাগুক্ত)
- ৩. প্রবাহমান রক্ত বমি হলে ওযু ভেঙ্গে যাবে।
- 8. প্রবাহমান রক্তবমি তখনই ওয়ু ভেঙ্গে ফেলবে, যখন রক্ত থুথু অপেক্ষা বেশি হয়। (রদ্দে মুহতার, খভ-১ম, পৃ-২৬৭) অর্থাৎ রক্তের কারণে বমি লাল হয়ে যায়। তখন রক্ত বেশি বলে গণ্য হবে। এমতাবস্থায় ওয়ু ভেঙ্গে যায়। আর যদি থুথু বেশি হয় রক্ত কম হয়, তবে ওয়ু ভাঙ্গবে না। রক্ত কম হওয়ার চিহ্ন হচ্ছে-পূর্ণ বমি, যাতে থুথু থাকে, তা হলদে বর্ণের হবে।
- ৫. যদি বমিতে জমাট বাঁধা রক্ত বের হয়়, আর তা পরিমাণে মুখভর্তি থেকে কম
 হয়়, তবে ওয়ু ভাঙ্গবে না। (বাহারে শরীয়ত, খভ-২য়, পু-২৬)

প্রয়োজনীয় হিদায়াত

মুখভর্তি বমি, (কফ ব্যতীত) একেবারে প্রস্রাবের মতোই নাপাক। এর কোন ছিটা কাপড় কিংবা শরীরের উপর না পড়া চাই। এ ব্যাপারে সতর্কতা

হ্**যরত মুহাম্মদ** শ্লিঞ্জি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

অবলম্বন করুন! আজকাল লোকেরা এ ক্ষেত্রে বড়ই অসতর্কতা দেখায়। কাপড়ে ছিটা পড়ুক তাতে কোন পরোয়াই করে না। আর মুখ ইত্যাদির উপর যেই নাপাক বমি লেগে যায় তাও নির্দ্ধিয়া নিজের কাপড় দ্বারা মুছে নেয়। আল্লাহ তাআলা আমাদেরকে প্রত্যেক প্রকারের অপবিত্রতা থেকে রক্ষা করুন!

ভুলবশতঃ পানাহার করলে রোযা ভাঙ্গে না

হযরত সায়্যিদুনা আবু হুরাইরা غنه الله تعالى عنه থেকে বর্ণিত, তাজেদারে মদীনা হযরত মুহাম্মদ مَلَّى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেন, "যে রোযাদার ভুলবশতঃ পানাহার করেছে, সে যেন তার রোযা পূর্ণ করে। কারণ, তাকে আল্লাহ তাআলা পানাহার করিয়েছে। (সহীহ বোখারী, খভ-১ম, পৃ-৬৩৬, হাদীস নং-১৯৩৩)

রোযা ভঙ্গ হয় না এমন জিনিসের ব্যাপারে ২১ নিয়মাবলী

১. ভুলবশতঃ আহার করলে, পান করলে কিংবা স্ত্রী-সহবাস করলে রোযা ভাঙ্গে না, চাই ওই রোযা ফরয হোক কিংবা নফল।

(আদ-দুররুল মুখতার ও রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৩৬৫)

২. কোন রোযাদারকে এসব কাজে করতে দেখলে স্মরণ করিয়ে দেয়া ওয়াজিব। যদি আপনি স্মরণ করিয়ে না দেন তবে গুনাহগার হবেন।

হাঁ, যদি রোযাদার খুবই দুর্বল হয়, কিন্তু স্মরণ করিয়ে দিলে পানাহার ছেড়ে দেবে, যার ফলে তার দূর্বলতা এতোই বেড়ে যাবে যে, তার জন্য রোযা রাখা কঠিন হয়ে যাবে, আর পানাহার করে নিলে রোযাও ভালোমতে পূর্ণ করে নেবে এবং অন্যান্য ইবাদতও সুন্দরভাবে সম্পন্ন করতে পারবে, (যেহেতু সে ভুলে পানাহার করছে, এ কারণে তার রোযাও পূর্ণ হয়ে যাবে।) এমতাবস্থায়, স্মরণ করিয়ে না দেয়াই উত্তম।

কোন কোন মাশাইখ কিরাম الله تعال বলেন, "যুবককে দেখলে স্মরণ করিয়ে দেবেন, আর বৃদ্ধকে দেখলে স্মরণ করিয়ে না দিলেও ক্ষতি নেই।" কারণ, যুবক বেশিরভাগই শক্তি শালী হয়ে থাকে। আর বুড়ো হয় বেশিরভাগ দুর্বল। সুতরাং বিধান হচ্ছে এ যে, যৌবন ও বার্ধক্যের কোন কথা এখানে নেই,

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

বরং সক্ষম হওয়া ও দুর্বলতাই এখানে বিবেচ্য। অতএব যুবকও যদি এ পরিমাণ দূর্বল হয়,তবে স্মরণ করিয়ে না দেয়ার মধ্যে কোন ক্ষতি নেই। আর বয়স্ক অথচ যদি শক্তিশালী হয় তবে স্মরণ করিয়ে দেয়া ওয়াজিব।

(রদ্মুল মুহতার, খন্ড-৩য়, পু-৩৬৫)

৩. রোযার কথা মনে থাকা সত্ত্বেও যদি মাছি কিংবা ধুলিবালি কিংবা ধোঁয়া কণ্ঠনালী দিয়ে ভিতরে চলে যায়, তাহলে রোযা ভঙ্গ হয় না, চাই ধুলি আটার হোক, যা চাক্কি পেষণ কিংবা আটা মেশিনে নেয়ার সময় উড়ে থাকে, চাই ফসলের ধুলি হোক, চাই বাতাসে মাটি উড়ে আসুক, কিংবা পশুর খুর ও পা থেকে আসুক।

(আদ দুররুল মুখতার ও রন্দুল মুহতার, খন্ড-০৩, পৃ-৩৬৬)

- 8. অনুরূপভাবে, বাস কিংবা গাড়ির ধোঁয়া অথবা সেগুলোর কারণে ধুলি ওড়ে কণ্ঠনালীতে পোঁছে, যদিও রোযাদার হবার কথা স্মরণ ছিলো, তবুও রোযা ভাঙ্গবে না। ৫. যদি এমন হয় যে, বাতি জ্বলছে, আর সেটার ধোঁয়া নাকে প্রবেশ করেছে, তবু রোযা ভাঙ্গবে না। হাঁ, যদি লোবান কিংবা আগর বাতি জ্বলতে থাকে আর রোযার কথা মনে থাকা সত্ত্বেও মুখ সেটার নিকটে নিয়ে গিয়ে নাক দ্বারা ধোঁয়া টানে, তাহলে রোযা ভেঙ্গে যাবে। (রদ্ধুল মুখতার, খড-৩য়, প্-৩৬৬)
- ৬. শিঙ্গা লাগালো (*) কিংবা তেল অথবা সুরমা লাগালো, তাহলে রোযা ভাঙ্গবে না; যদিও তেল কিংবা সুরমার স্বাদ কণ্ঠনালীতে অনুভূত হয়, এমনকি যদি থুথুর মধ্যে সুরমার রঙও দেখা যায়, তবুও রোযা ভাঙ্গবে না।

(আল-জাওহারাতুন্ নাইয়ারাহ, খড-১ম, পু-১৭৯)

৭. গোসল করলে পানির শীতলতা, ঠান্ডা ভিতরে অনুভূত হলেও রোযা ভাঙ্গবে না।(আলমগীরী, খন্ড-১ম, পৃ-২৩০)

* এটা ব্যথার চিকিৎসার একটা বিশেষ পদ্ধতি, যাতে ছিদ্র শিং ব্যথাগ্রস্ত স্থানে রেখে মুখ দিয়ে শরীরের দুষিত রক্ত টেনে বের করা হয়।

হ্যরত মুহাম্মদ্লিট্টি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

153

- ৮. কুলি করে পানি ফেলে দিলো। শুধু কিছুটা আর্দ্রতা মুখে অবশিষ্ট রয়ে গেলো, থুথুর সাথে তা গিলে ফেলল, রোযা ভাঙ্গবে না। (রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পু-৩৬৭)
- ৯. ঔষধ দাঁতে কাটলো, কণ্ঠনালীতে সেটার স্বাদ অনুভূত হলেও রোযা ভাঙ্গবে না। (প্রাগুক্ত)
- ১০. কানে পানি ঢুকে গেলে, রোযা ভঙ্গ হয় না, বরং খোদ্ পানি ঢাললেও রোযা ভাঙ্গবে না। (আদ দুররুল মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৬৭)
- ১১. খড়কুটা দ্বারা কান চুলকালো, ফলে ওই খড়কুটার ময়লা লেগে গেলো, আর ওই খড়কুটাটি পুনরায় কানে দিলো। সে কয়েকবার এমন করলেও রোযা ভাঙ্গবে না। প্রাগুক্ত)
- ১২. দাঁত কিংবা মুখে হালকা এমন কোন জিনিষ অজানাবশতঃ রয়ে গেলো, যা থুথুর সাথে নিজে নিজেই নিচে নেমে যায়। বাস্তবেও তা নেমে গেছে। তবুও রোযা ভাঙ্গবে না। (প্রাগুক্ত)
- ১৩. দাঁত থেকে রক্ত বের হয়ে কণ্ঠনালী পর্যন্ত গেলে, কিন্তু কণ্ঠনালী অতিক্রম করে নিচে নামেনি। এমতাবস্থায় রোযা ভাঙ্গেনি।

(ফতহুল কদীর, খন্ড-২য়, পৃ-২৫৭)

- ১৪. মাছি কণ্ঠনালীতে চলে গেলে রোযা ভাঙ্গবে না। কিন্তু ইচ্ছাকৃতভাবে গিলে ফেললে রোযা ভেঙ্গে যাবে। (আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৩)
- ১৫. ভুল করে খাবার খাচ্ছিলো। মনে হতেই লোকমা ফেলে দিলে কিংবা পানি পান করছিলো, স্মরণ হতেই মুখের পানি ফেলে দিলো। তাহলে রোযা ভাঙ্গবে না। কিন্তু যদি মুখের ভিতরের লোকমা কিংবা পানি স্মরণ হওয়া সত্ত্বেও গিলে ফেলে তবে রোযা ভেঙ্গে যাবে। (প্রাগুক্ত)
- ১৬. সুবহে সাদিকের পূর্বে আহার কিংবা পান করছিলো, আর ভোর হতেই (অর্থাৎ সাহারীর সময়সীমা শেষ হতেই) মুখের ভিতরের সবকিছু ফেলে দিল, তাহলে রোযা ভাঙ্গবে না, আর যদি গিলে ফেলে তবে ভেঙ্গে যাবে।

(আলমগীরী, খড-১ম, পৃ-২০৩)

হ্যরত মুহাম্মদ্লিট্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

১৭. গীবত করলে রোযা ভাঙ্গবে না। (আদ দুররুল মুখতার, খভ-৩য়, পৃ-৩৬২) যদিও গীবত জঘন্য কবীরা গুনাহ্। কুরআন মজীদে গীবত সম্পর্কে ইরশাদ হয়েছে, 'তা মৃত ভাইয়ের মাংস খাওয়ার মতোই।' আর হাদীসে পাকে ইরশাদ হয়েছে, 'গীবত যেনা থেকেও জঘন্যতর।' (আত্তারগীব ওয়াত্তারহীব, খভ-৩য়, পৃ-৩৩১, হাদীস নং-২৬) অবশ্য, গীবতের কারণে রোযার নূরানিয়্যাত শেষ হয়ে যায়।

(বাহারে শরীয়ত, খন্ড-৫ম, পৃ-৬১১)

১৮. 'জানাবত' (অর্থাৎ গোসল ফরয হবার) অবস্থায় কারো ভোর হলো, বরং গোটা দিনই 'জুনুব' (অর্থাৎ গোসল বিহীন) রয়ে গেলো, তবুও রোযা ভাঙ্গেনি। (আদ দুরক্ল মুখতার, খভ-৩য়, পৃ-৩৭২) কিন্তু এত দীর্ঘক্ষণ যাবত ইচ্ছাকৃতভাবে (অর্থাৎ জেনে বুঝে) গোসল না করা, যাতে নামায কাযা হয়ে যায়, গুনাহ ও হারাম। হাদীস শরীফে ইরশাদ হয়েছে, "যে ঘরে 'জুনুবী' থাকে সে ঘরে রহমতের ফিরিশতা আসে না।" (বাহারে শরীয়ত, খভ-৫ম, পু-১১৬)

১৯. সরিষা কিংবা সরিষার সমান কোন জিনিষ চিবালে, আর থুথুর সাথে কণ্ঠনালী দিয়ে নিচে নেমে গেলে, তাহলে রোযা ভাঙ্গবে না। কিন্তু যদি সেটার স্বাদ কণ্ঠনালীতে অনুভূত হয়, তাহলে রোযা ভেঙ্গে যাবে।

(ফতহুল কাদীর, খন্ড-২য়, পু-২৫৯)

২০. থুথু কিংবা কফ মুখে আসলে সেটা গিলে ফেললো, রোযা ভাঙ্গবে না।
(রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৩৭৩)

২১. অনুরূপভাবে নাকে শ্লেষ্মা জমা হয়ে রইলো। তা নিঃশ্বাসের মাধ্যমে টেনে গিলে ফেললেও রোযা ভাঙ্গবে না। (রদ্ধুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৩৭৩)

রোযার মাকর্রহ সমূহ

এখন রোযার মাকরহ সমূহ বর্ণনা করা হচ্ছে, যে সব কাজ করলে রোযা বিশুদ্ধ হয়ে যায়, কিন্তু সেটার নূরানিয়্যাত চলে যায়। نبى (নবী) শব্দের তিন হরফ অনুসারে প্রথমে তিনটি হাদীস শরীফ দেখুন, তারপর ফিকহ শাস্ত্রের বিধানাবলী আর্য করা হবে।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

- ك. হযরত সায়্যিদুনা আবু ছুরায়রা ئند الله تعالى على الله تعالى عليه والله وسلم হযরত মুহাম্মদ صلى الله تعالى عليه والله وسلم ইরশাদ করেন, যে ব্যক্তি (রোযা রেখে) খারাপ কথা ও খারাপ কাজ পরিহার করেনি, তার পানাহার ছেড়ে দেওয়া আল্লাহ তাআলার কাছে কোন প্রয়োজন নেই। (সহীহ বোখারী, খভ-১ম, পৃ-৬২৮, হাদীস নং-১৯০৩) ২. হযরত সায়্যিদুনা আবু ছুরাইরা ئند الله تعالى عليه والله وسلم হরশাদ সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ والله وسلم ইরশাদ ফরমান, "রোযা হচ্ছে ঢাল, যতক্ষণ না সেটাকে ছিদ্র করে না দাও।" আর্য করা হলে, "কোন জিনিষ দিয়ে ছিদ্র করা হয়?" ইরশাদ ফরমালেন, "মিথ্যা কিংবা গীবত দ্বারা।" (আত্রারগীব ওয়াত্রারহীব, খভ-২য়, পৃ-৯৪, হাদীস নং-০৩)
- ৩. হযরত সায়্যিদুনা আমের ইবনে রবীআহ رغِی الله تَعَالَى عَنْهُمَ থেকে বর্ণিত, "আমি অনেকবার সরকারে ওয়ালা তাবার হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم কে রোযা পালনকালে মিসওয়াক করতে দেখেছি।" (তিরিমিয়ী, খড-২য়, প্-১৭৬, য়দীস নং- ৭২৫)

রোযার মাকরহ সমূহের ১২টি নিয়মাবলী

- ১. মিথ্যা, চোগলখোরী, গীবত, কুদৃষ্টি, গালিগালাজ করা, শরীয়তের অনুমতি ব্যতীত কারো মনে কষ্ট দেয়া ও দাড়ি মুন্ডানো ইত্যাদি কাজ এমনিতেতো অবৈধ ও হারাম বা কঠোরভাবে নিষিদ্ধ, রোযায় আরো বেশি হারাম। সেগুলোর কারণে রোযা মাকরহ হয়ে যায়।
- ২. রোযাদারের জন্য কোন জিনিষকে বিনা কারণে স্বাদ গ্রহণ করা ও চিবুনো মাকরহ। স্বাদ গ্রহণের জন্য ওযর হচ্ছে, যেমন কোন নারীর স্বামী বদ-মেযাজী তরকারী ইত্যাদিতে লবণ কমবেশি হলে রাগ করবে। এ কারণে স্বাদ গ্রহণে ক্ষতি নেই। চিবুনোর জন্য ওযর হচ্ছে, এতোই ছোট শিশু আছে যে রুটি চিবুতে পারে না; এমন কোন নরম খাদ্যও নেই যা তাকে খাওয়ানো যাবে; না আছে কোন খাতুস্রাব (**) কিংবা নিফাসসম্পন্না নারী অথবা এমন কেউ নেই, যে তা চিবিয়ে দেবে, তাহলে শিশুকে খাওয়ানোর জন্য রুটি ইত্যাদি চিবুনো মাকরহ নয়।

(আদ দুররে মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৯৫)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

** ঋতুস্রাব ও প্রসবোত্তরকালীন রক্তক্ষরণকালে (হায়য ও নিফাসসম্পন্না) নারীর

জন্য রোযা, নামায ও তিলাওয়াত না-জায়িয ও গুনাহ্। নামায তার জন্য মাফ; কিন্তু পাক হয়ে যাবার পর রোযার কাযা আদায় করতে হবে।

কিন্তু এ ক্ষেত্রে পূর্ণ সতর্কতা অবলম্বণ করবে। যদি কণ্ঠনালী দিয়ে কিছু নিচে নেমে যায় তবে রোযা ভেঙ্গে যাবে।

স্বাদ গ্ৰহণ কাকে বলে?

স্বাদ গ্রহণের অর্থপ্ত তা নয়, যা আজকাল সাধারণ পরিভাষায় বলা হয়। অর্থাৎ আজকাল বলতে শোনা যায়, 'কোন জিনিষের স্বাদ বুঝার জন্য তা থেকে কিছুটা খেয়ে নেয়া যাবে।' এমন করা হলে মাকরহ কিভাবে? বরং রোযাই ভেঙ্গে যাবে; এবং কাফ্ফারার শর্তাবলী পাওয়া গেলে কাফ্ফারাও অপরিহার্য হয়ে যাবে। স্বাদ নেয়ার অর্থ হচ্ছে-শুধু জিহ্বায় রেখে স্বাদ বুঝে নেবেন। আর সাথে সাথে তা থুথুর সাথে ফেলে দেবেন, তা থেকে যেন কণ্ঠনালী দিয়ে কিছু নিচে যেতে না পারে।

- ৩. যদি কোন জিনিষ কিনলো আর সেটার স্বাদ দেখা জরুরী। কারণ, স্বাদ না দেখলে লোকসানের সম্ভাবনা থাকে। এমতাবস্থায় স্বাদ পরীক্ষা করতে ক্ষতি নেই, অন্যথায় মাকরহ। (দুররে মুখতার, খড্ড-৩য়, পৃ-৩৯৫)
- 8. স্ত্রীকে চুমু দেয়া ও আলিঙ্গন করা এবং স্পর্শ করা মাকরহ নয়; অবশ্য যদি এ আশঙ্কা থাকে যে, বীর্যপাত হয়ে যাবে, কিংবা সহবাসে লিপ্ত হয়ে যাবে তাহলে করা যাবে না। আর দুধের বোঁটা ও জিহ্বা শোষণ করা রোযার মধ্যে নিঃশর্তভাবে মাকরহ। অনুরূপভাবে 'মুবাশারাতে ফাহিশাহ (অর্থাৎ বিবস্ত্রাবস্থায় স্বামী-স্ত্রী পরস্পর যৌনাঙ্গ লাগানো মাকরহ)*। (রদ্ধুল মুহতার, খভ-৩য়, পু-৩৯৬)
- ৫. গোলাপ কিংবা মুশক ইত্যাদির ঘাণ নেয়া, দাড়ি ও গোঁফে তেল লাগানো ও

 সুরমা লাগানো মাকরূহ নয়। (আদ দুররুল মুখতার, খভ-৩য়, পৃ-৩৯৭)

** বিবাহ শাদীর নিয়্যত সম্পর্কিত বিষয় সমূহ জানার জন্য ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খন্ড-২৩, পৃ-৩৮৫-৩৮৬ তে ৪১, ৪২ নম্বর মাসআলা অধ্যয়ন করুন।

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

- ৬. রোযা রাখা অবস্থায় যে কোন ধরণের আতরের ঘ্রাণ নেয়া যেতে পারে। আর কাপড়েও ব্যবহার করা যাবে। (রদ্ধুল মুহতার, খন্ড-৩য়, পু-৩৯৭)
- ৭. রোযা পালনকালে মিসওয়াক করা মাকর নয় বরং অন্যান্য দিনগুলোতে যেমন সুনুত তেমনি রোযায়ও সুনুত। মিসওয়াকও শুষ্ক হোক কিংবা ভেজা, যদিও পানি দ্বারা নরম করে নেয়া হয়, সূর্য পশ্চিম দিকে হেলার পূর্বে করুক কিংবা পরে করুক, কোন সময় বা কোন অবস্থাতেই মাকরহ নয়। (রদ্দুল মুহতার, খভ্ত-৩য়, পৃ-৩৯৯)
- ৮. বেশির ভাগ মানুষের মধ্যে এ কথা প্রসিদ্ধ যে, রোযাদারের জন্য দুপুরের পর মিসওয়াক করা মাকরহ। এটা আমাদের হানাফী মাযহাবের মাসআলা বিরোধী কথা। (প্রাগুক্ত)
- ৯. যদি মিসওয়াক চিবুলে আঁশ ছুটে যায়, স্বাদ অনুভূত হয়, এমন মিসওয়াক রোযা পালনকালে ব্যবহার করা উচিত নয়।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্ সংশোধিত, খন্ড-১০,. পৃ-৫১১)

যদি মিসওয়াকের কোন আঁশ কিংবা কোন অংশ কণ্ঠনালীর নিচে নেমে যায়, তবে রোযা ভেঙ্গে যাবে।

- ১০. ওযু ও গোসল ব্যতীত ঠাভা পৌঁছানোর উদ্দেশ্যে কুল্লি করা কিংবা নাকে পানি দেয়া অথবা ঠাভার খাতিরে গোসল করা বরং শরীরের উপর ভেজা কাপড় জড়ানো মাকরহ নয়। অবশ্য পেরেশানীভাব প্রকাশের জন্য ভেজা কাপড় জড়ানো মাকরহ, ইবাদত পালনে মনকে সঙ্কুচিত করা ভালো কথা নয়। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পু-৩৯৯)
- ১১. কোন কোন ইসলামী ভাই বারংবার থুথু ফেলতে থাকে। হয়তো সে মনে করে যে, রোযা পালনকালে থুথু গিলে ফেলা উচিত নয়। মূলতঃ এমন নয়। অবশ্য, মুখে থুথু একত্রিত করে গিলে ফেলা-এটাতো রোযা ছাড়া অন্য সময়েও অপছন্দনীয় কাজ। আর রোযা পালনকালে মাকরাহ। (বাহারে শরীয়ত, খভ-৫ম, পূ-১২৯)

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

১২. রমযানুল মুবারকের দিনগুলোতে এমন কোন কাজ করা জায়িয নয়, যার কারণে এমন দূর্বলতা এসে যায় যে, রোযা ভেঙ্গে গেছে এমন ধারণা জন্মে যায়। সুতরাং রুটি তৈরীকারীর উচিত হচ্ছে, দুপুর পর্যন্ত রুটি পাকাবে, তারপর বিশ্রাম নেবে। (দুররুল মুখতার, খভ-৩য়, পৃ-৪০০)

এ বিধান রাজমিস্ত্রি, মজদুর ও অন্যান্য পরিশ্রমী লোকদের জন্যও। বেশি দূর্বলতার সম্ভাবনা হলে কাজের পরিমাণ কমিয়ে নিন, যাতে রোযা সম্পন্ন করতে পারেন।

আসমান থেকে কাগজের টুকরা পড়ল

প্রিয় ইসলামী ভাইয়েরা! রোযার শরয়ী বিধান সমূহ শিক্ষা নেয়ার প্রেরণা জাগানোর জন্য তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীতে আশিকানে রস্লদের সাথে সুন্নতে ভরপুর সফর করাকে নিজের অভ্যাসে গড়ে তুলুন। একবার সফর করে অভিজ্ঞতা অর্জন করুন। টুর্কুইট্ট্ট্রা আপনার সেই সমস্ত দ্বীনি উপকার অর্জন হবে যা দেখে আপনি আশ্চর্য হবেন। আপনাদের আগ্রহ সৃষ্টির জন্য মাদানী কাফিলার একটি বাহার আপনাদের শুনাচ্ছি। যেমন কাসবা কালুনী বাবুল মদীনা, করাচীর এক ইসলামী ভাইয়ের বর্ণনা এই যে, আমাদের বংশে অনেক মেয়ে সন্তান ছিল। চাচার ঘরে ৭ মেয়ে, বড় ভাইয়ের ঘরে ৯ মেয়ে, আমার বিবাহ হল আমারও কন্যা সন্তান জন্ম নিল। সবাই চিন্তা করতে লাগল।

বর্তমান কালের সাধারণ খেয়াল মত সকলে বুঝে নিল যে, কেউ যাদু করে বংশ বিস্তারের পথ বন্ধ করে দিয়েছে। আমি মানুত করলাম যে আমার যদি ছেলে হয় তাহলে আমি ৩০ দিন মাদানী কাফিলায় সফর করব। আমার বাচ্চার মা একবার স্বপ্নে দেখল যে, আসমান থেকে কোন কাগজের টুকরা তার কাছে এসে পড়ল। তা উঠিয়ে দেখল সেখানে লেখা "বেলাল"।

عَنْ وَجَلَّ ٥٥ पिन মাদানী কাফিলার বরকতে আমার ঘরে মাদানী মুন্না (ছেলে) জন্ম হল। তাও আবার ১টি নয় পরপর দুটি মাদানী মুন্নার (ছেলের) জন্ম হল। আল্লাহ তাআলার দয়া আর মেহেরবানী দেখুন। ৩০ দিনের মাদানী

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

কাফিলার বরকত শুধু আমার কাছে সীমাবদ্ধ ছিল না। আমাদের বংশে যাদের ছেলে ছিল না। তাদের প্রত্যেকের ছেলে সন্তান জন্ম নিল।

এই বর্ণনা দেয়ার সময় আমি এলাকার মাদানী কাফিলার الْحَنْدُ يِلَّهُ عَزَّوَجَلَّ যিম্মাদার হিসাবে মাদানী ফুল সংগ্রহের চেষ্টা করে যাচ্ছি।

مَدُ نَي مُنِّي مليں ' قافلے میں چلو

آکے تم باادب ' دیکھ لو فضل رتِ کھوٹی قسمت کھری 'گود ہو گی ہر کی مرکبی مُنّامُنّی ملیں' قافلے میں چلو

আকে তুম বাআদব , দেখলো ফজলো রব, মাদানী মুন্নে মিলে কাফিলে মে চলো, খুটি কিসমত খরি গৌদ হোগি হরি, মুন্না মুন্নি মিলে কাফিলে মে চলো।

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

আল্লাহর দরবারে চাওয়ার পর উদ্দেশ্য পূর্ণ না হওয়া ও পুরস্কার !

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো মাদানী কাফিলার বরকতে কিভাবে মনের আশা পূর্ণ হয়। আশার শুকনো বাগান তরতাজা হয়ে যায়। কিন্তু একথাও মনে রাখতে হবে যে, প্রত্যেকের মনের আশা পূর্ণ হতে হবে এটা জরুরী নয়। বারবার এরকম হয় যে বান্দা যা চায় তা তার জন্য কল্যাণকর নয় তাই তার দু'আ পূর্ণ করা হয় না। তার মুখে চাওয়ার পর সেটা না পাওয়াটাই তার জন্য পুরস্কার। যেমন-কেউ ছেলের জন্য দু'আ করল, কিন্তু মাদানী মুন্নী (মেয়ে) হল এবং এটাই তার জন্য উত্তম। যেমন আল্লাহ তাআলা ইরশাদ করেন-

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

বিষয় সম্ভবতঃ কোন তোমাদের পছন্দনীয় হবে অথচ তা তোমাদের পক্ষে অকল্যাণকর হয়।

عَسِّي أَنُ تُحِبُّوا شَيْئًا وَّهُو

(পারা-২, বাকারা, আয়াত-২১৬)

হ্**যরত মুহাম্মদ শ্লুঃ** ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

কন্যা সন্তানের ফ্যীলত

মনে রাখবেন! কন্যা সন্তানের ফযীলত কোন অংশে কম নয়। এই ব্যাপারে ৩টি হাদীসে রসূল مَلَى اللهُ تَعَالىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সুনুন।

(১) যে ব্যক্তি নিজের তিনজন কন্যা সন্তানের লালন পালন করবে সে জানাতে যাবে এবং তাকে এমন মুজাহিদের সাওয়াব দান করবে, যে মুজাহিদ জিহাদ অবস্থায় রোযা রাখে ও নামায কায়েম করে।

(আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-৩য়, পৃ-৪৬, হাদীস নং-২৬ দারুল কুতবিল ইলমিয়্যাহ্ বৈরত) (২) যার তিনজন কন্যা বা তিনজন বোন থাকবে এবং সে তাদের সাথে সদাচারণ করে, তবে সে জান্নাতে প্রবেশ করবে।

(জামে তিরমিয়ী, খন্ড-৩য়, পু-৩৬৬, হাদীস নং-১৯১৯, দারুল ফিকর, বৈরুত)

(৩) যে ব্যক্তি তিন জন কন্যা বা বোনকে এভাবে লালন-পালন করে যে তাদেরকে শিষ্টাচার (আদব) শিখায় এবং তাদের উপর দয়া করে এমনকি আল্লাহ তাআলা তাদের অমুখাপেক্ষী করে দেয় (অর্থাৎ তারা সাবালেগা হয়ে যায় বা তাদের বিবাহ শাদী হয়ে যায় বা তারা মাল-সম্পদের মালিক হয়ে যায়)। (লুমআত এর পাদিকা,৪র্থ খড়, পৃঃ ১৩২) তাহলে আল্লাহ তা আলা তার জন্য জানাত ওয়াজিব করে দেয়। নবী করীম হয়রত মুহাম্মদ আরু তা আলা তার জন্য জানাত ওয়াজিব করে দেয়। নবী করীম হয়রত মুহাম্মদ আরু তার্য করলেন। য়ি কোন ব্যক্তি দুটি কন্যা সন্তান লালন পালন করে? তখন নবী করীম হয়রত মুহাম্মদ তার্য করলেন যে, তার জন্যও একই পরিমাণে প্রতিদান ও সাওয়াব রয়েছে। এমনকি সাহাবায়ে কিরাম তার্রুক্র াদ্বর্জিরা ত্রাক্রির নিরাম তার্কুক্র াদ্বর্জিরা ত্রালের করীম হয়রত মুহাম্মদ তারী করীম হয়রত মুহাম্মদ তারী ত্রানির করা করতেন তখনও নবী করীম হয়রত মুহাম্মদ তারী ত্রাক্রির বলেনে।

(ঈমাম বগভীর কৃত শরহুস সুনুত, খভ-৬ষ্ঠ, পৃ-৪৫২, হাদীস নং-৩৩৫১)

উম্মূল মু'মিনীন হযরত আয়শা ছিদ্দিকা رَفِيَ اللهُ تَعَالَ عَنْهَا ইরশাদ করেন, আমার নিকট এক মহিলা তার দুই মেয়েকে নিয়ে ভিক্ষার জন্য আসল (এমন কিছু ওযর রয়েছে যখন ভিক্ষা করা বৈধ। এ মহিলা رَفِيَ اللهُ تَعَالَ عَنْهَا সে অবস্থায় পৌঁছেছে। হ্**যরত মুহাম্মদ**্লাঞ্জু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

তাই তার জন্য ভিক্ষা করা জায়েয ছিল) (মিরাতুল মানাযিহ, ৬৯ খভ,পৃ-৫৪৫) তখন একটি খেজুর ছাড়া আমার কাছে আর কিছু ছিল না। সেই একটি খেজুরই আমি তাকে দিয়ে দিলাম। তখন ঐ মহিলা সে একটি খেজুরকে (দুভাগ করে) নিজে না খেয়ে দু' মেয়ের মধ্যে বন্টন করে দিল এবং মেয়েদের সাথে চলে গেল।

এরপর যখন রসূল مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আমার ঘরে তশরীফ আনলেন আমি এই ঘটনা হুজুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم কে বললাম। তখন নবী করীম مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করলেন, "যে ব্যক্তিকে কন্যা প্রদানের মাধ্যমে পরীক্ষায় ফেলা হয় এবং তিনি তাদের (কন্যাদের) সাথে ভাল আচরণ করেন তাহলে ঐ কন্যারা তার জন্য জাহান্নামের আগুনের মধ্যখানে ঢাল হয়ে যাবে।" (সহীহ মুসলিম, প্-৪১৪, হাদীস নং-২৬২৯, দারে ইবনে হাযম, বৈক্রত)

প্রিয় ইসলামী ভাইয়েরা! দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশ ও সুন্নতে ভরপুর ইজতিমা সমূহে কেন রহমত নাযিল হবে না, ঐ আশিকানে রসূলদের মধ্যে জানিনা কত আউলিয়ায়ে কিরাম رَحِمَهُمُ اللّٰهُ تَعَالَىٰ রয়েছেন।

আমার আকা, আলা হযরত رَحْمَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ বলেন, জামাআতে বরকত আছে এবং মুসলমানদের ঐক্যবদ্ধ দু'আ কবুলের কাছাকাছি। (অর্থাৎ মুসলমানদের জামাআতে দু'আ করাটা কবুল হওয়ার নিকটবর্তী।) ওলামায়ে কিরাম বলেন, যেখানে ৪০ জন নেককার মুসলমান একত্রিত হয় তাদের মধ্যে অবশ্যই একজন আল্লাহর ওলী থাকেন। (ফতায়ায়ে রযবীয়াহ সংশোধিত, খভ-২৪, প্-১৮৪, তাইছির শরহে জামে সগীর, হাদীস নং-৭১৪ এর ব্যাখ্যায় উদ্ধৃত, খভ-১ম, প্-৩১২, তাবয়া দারুল হাদিস মিশর হতে প্রকাশিত)

ধরে নিলাম যদিও বা দু'আ কবুল হওয়ার কোন লক্ষণ দেখা না যায় তবুও অভিযোগের কোন শব্দ যেন মুখে আনা না হয়। আমাদের মঙ্গল কোথায় আছে তা আমাদের চেয়ে অবশ্যই অবশ্যই আল্লাহ তাআলা বেশি জানেন।

আমাদের অবশ্যই সবসময় তার কৃতজ্ঞ বান্দা হিসাবে থাকা উচিত। তিনি যদি ছেলে দান করে তাতেও শোকর, মেয়ে দিলেও শোকর, উভয়টি দিলেও শোকর, না দিলেও শোকর সদা সর্বদা কৃতজ্ঞতা আর কৃতজ্ঞতা এবং শোকর আদায় করাই উচিত। মহান আল্লাহ তাআলার ইরশাদ হচ্ছে ঃ-

হ্**যরত মুহাম্মদ**্শ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

আল্লাহরই জন্য আসমানসমূহ ও যমীনের রাজত্ব। তিনি সৃষ্টি করেন যা ইচ্ছা। যাকে চান কন্যা সন্তান সমূহ দান করেন এবং যাকে চান পুত্র সন্তান সমূহ দান করেন। অথবা উভয়ই যুক্তভাবে প্রদান করেন– পুত্র ও কন্যা সন্তান। যাকে চান বন্ধ্যা করে দেন। নিশ্চয় তিনি জ্ঞানময়, শক্তিমান।

لِلهِ مُلُكُ السَّمُوتِ وَ الْأَرْضِ لَمَنُ يَشَاءُ عَلَمُ لِمَنْ يَشَاءُ اللَّمُنُ يَشَاءُ اللَّكُورَ انَاقًا وَ يَهَبُ لِمَنْ يَشَاءُ اللَّكُورَ انَاقًا وَ يَهَبُ لِمَنْ يَشَاءُ اللَّكُورَ فَيُرَوِّجُهُمُ ذُكُرَانًا وَ إِنَاقًا وَ يَجْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ عَلِيمُ فَيُحَمِّلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ فَيَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ فَيَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ فَي يَخْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ فَي يَحْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا اللَّهُ عَلِيمُ عَلَيمُ فَي اللَّهُ عَلِيمُ اللَّهُ عَلِيمُ اللَّهُ عَلِيمُ اللَّهُ عَلِيمُ اللَّهُ عَلَيمُ اللَّهُ عَلَيمُ اللَّهُ عَلَيمُ اللَّهُ اللَّهُ عَلَيمُ اللَّهُ عَلَيمُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيمُ اللَّهُ اللَّهُ عَلَيمُ اللَّهُ عَلَيمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيمُ اللَّهُ الللِّهُ اللللْمُ اللَّهُ اللللْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللْمُولِي الْمُؤْمِنَ اللْمُولِي الللْمُلْكُولُ اللَّهُ الللْمُ اللللْمُ اللَّهُ اللللْمُلِمُ الللْمُلْمُ اللَّهُ الللْمُلْمُ اللللْمُلْمُ اللللْمُلِمُ اللللْمُلْمُ اللللْمُلْمُ الللللْمُلْمُ الللْمُلْمُ الللللْمُلْمُ الللللْمُلِمُ اللللْمُلْمُ الللللّهُ اللللللللْمُلْمُ الللللللللْمُ اللللللْمُلْمُ الللللْمُلْمُ الللللللْمُلْمُو

(সুরা-শুয়ারা, আয়াত-৪৯-৫০, পারা-২৫)

সদরুল আফাযিল, হযরত আল্লামা মওলানা মুহাম্মদ নঈমুদ্দীন মুরাদাবাদী رخمتهٔ الله বলেন, তিনি মালিক, নিজের অনুগ্রহকে যেভাবে চান, বল্টন করেন। যে যা চায় দান করেন। নবীগণের মধ্যে এই সব অবস্থা আমরা দেখতে পাই। হযরত সায়্যিদুনা লুত عَلَى نَبِيِّناوَ عَلَيْهِ الصَّلا وُ হযরত সায়্যিদুনা লুত الصَّلاء وَالسَّلام و হযরত সায়্যিদুনা লোরাইব الصَّلاء وَالسَّلام م পুধুমাত্র কন্যা সন্তানই ছিল, কোন ছেলে ছিল না। হযরত সায়্যিদুনা ইবরাহীম الصَّلاء وَالسَّلام فَلَ نَبِيِّناوَ عَلَيْهِ وَالسَّلام لا يَعْالِ وَالسَّلام لا يَعْالِ وَالله وَسَلَّم ضَلَّ الله وَسَلَّم الله وَسَلَّم الله وَسَلَّم وَالِه وَسَلَّم وَالله وَسَلَّم السَّلا وَ عَلَى نَبِيِّناوَ عَلَيْهِ وَالسَّلا م क्रिं نَبِيِّناوَ عَلَيْهِ الصَّلاة وَالسَّلا م क्रिं السَّلا و هم مَا كَانَ وَعَلَيْهِ الصَّلاة وَالسَّلام و هم على نَبِيِّناوَ عَلَيْهِ الصَّلاة وَالسَّلام و هم على نَبِيِّناوَ عَلَيْهِ الصَّلاة وَالسَّلام و هم مَا كَانُ عَلَيْهِ وَالسَّلام و هم المَا السَّلاة وَالسَّلام و هم المَا وَعَلَيْهِ الصَّلاة والسَّلام و المَا ا

(খাযাইনুল ইরফান, পৃ-৭৭৭)

রোযা না রাখার ওযরসমূহ

প্রিয় ইসলামী ভাইয়েরা! এখন ওইসব অপরাগতার কথা বর্ণনা করা হচ্ছে, যেগুলোর কারণে রমযানুল মুবারকে রোযা না রাখার অনুমতি রয়েছে। কিন্তু একথা

হ্**যরত মুহাম্মদ** ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

মনে রাখতে হবে যে, অপারগতার কারণে রোযা মাফ নয়। ওই অপারগতা দূরীভূত হয়ে যাবার পর সেটার কাযা রাখা ফরয। অবশ্য, এ কাযার কারণে গুনাহ্ হবে না। যেমন, 'বাহারে শরীয়ত' এ 'দুররে মুখতার' এর বরাতে উল্লেখ করা হয়েছে যে, সফর, গর্ভ, সন্তানকে স্তনের দুধ পান করানো, রোগ, বার্ধক্য, প্রাণ-নাশের ভয়, জোর-যবরদন্তি, পাগল হয়ে যাওয়া ও জিহাদ এ সবই রোযা না রাখার ওযর। এসব ওযরের কারণে যদি কেউ রোযা না রাখে, তবে সে গুনাহগার নয়।

যদি কেউ প্রাণে মেরে ফেলার কিংবা কোন অঙ্গ কেটে ফেলার অথবা মারাত্মকভাবে প্রহারের বাস্তবিক পক্ষেই হুমকি দিয়ে বলে, "রোযা ভেঙ্গে ফেল।" আর রোযাদারও জানে যে, একথা যে বলছে সে যা বলছে তাই করে ছাড়বে, এমতাবস্থায় রোযা ভাঙ্গা কিংবা না রাখা গুনাহ্ নয়। 'জোর-যবরদন্তি মানে এটাই।' (দুররুল মুখতার ও রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪০২)

সফরের সংজ্ঞা

সফরের মধ্যেও রোযা না রাখার অনুমতি রয়েছে। সফরের পরিমাণও জেনে নিন! সায়্যিদী ও মুরশিদী ইমামে আহলে সুনাত আ'লা হযরত মওলানা শাহ আহমদ রযা খান كَاللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ এর গবেষণা অনুসারে শরীয়ত সম্মত সফরের পরিমাণ হচ্ছে-সাতান্ন মাইল তিন ফরলঙ্গ (অর্থাৎ প্রায় ৯২ কিলোমিটার)। যে কেউ এতটুকু দূরত্বে সফর করার উদ্দেশ্যে আপন শহর কিংবা গ্রামের বসতি থেকে দূরে যায়, সে তখন শরীয়তের দৃষ্টিতে মুসাফির। তার জন্য রোযা কাযা করার অনুমতি রয়েছে। আর নামাযেও কসর করবে। মুসাফির যদি রোযা রাখতে চায় তবে রাখতে পারবে; কিন্তু চার রাকআত বিশিষ্ট ফরয নামাযে কসর করা তার জন্য ওয়াজিব। কসর না করলে গুনাহগার হবে। অজ্ঞতাবশতঃ যদি পূর্ণ (চার) রাকআত পড়ে নেয়, তবে ওই নামায়কে পুনরায় পড়া ওয়াজিব।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্ সংশোধিত, খভ-৮ম, পৃ-২৭০)

অর্থাৎ জানা না থাকার কারণে আজ পর্যন্ত যতো নামাযই সফরে পূর্ণভাবে আদায় করেছে সেগুলোর হিসাব করে চার রাকআত ফরয কসরের নিয়্যতে দু দু রাকআত করে পুনরায় পড়তে হবে।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

164

হাঁ, মুসাফির মুকীম ইমামের পেছনে ফরয চার রাকআত পূর্ণ পড়তে হয়। সুনুতসমূহ ও বিতরের নামায পুনরায় পড়ার প্রয়োজন নেই। কসর শুধু যোহর, আসর ও ইশার ফরয রাকআতগুলোতেই করতে হয়। অর্থাৎ এগুলোতে চার ফরযের স্থানে দু' রাকআত সম্পন্ন করা হবে। অবশিষ্ট সুনুতসমূহ এবং বিতরের রাকআতগুলো পুরোপুরিই পড়তে হবে। অন্য কোন শহর কিংবা গ্রাম ইত্যাদিতে পৌঁছার পর যতক্ষণ ১৫ দিন থেকে কম সময়ের জন্য অবস্থান করার নিয়্যত করে নেয়, ততক্ষণ পর্যন্ত তাকে 'মুসাফির'ই বলা হবে এবং তার জন্য মুসাফিরের বিধানাবলী প্রযোজ্য হবে। আর যদি মুসাফির সেখানে পৌঁছে ১৫ দিন কিংবা আরো বেশি সময় অবস্থান করার নিয়্যত করে নেয়, তাহলে এখন মুসাফিরের বিধানাবলী শেষ হয়ে যাবে এবং তাকে 'মুকীম' বলা হবে। এখন তার রোযাও রাখতে হবে, নামাযেও কসর করবে না।

সামান্য অসুস্থতা কোন অপারগতা নয়

যদি কোন ধরনের অসুখ হয় এবং যদি এ অবস্থায় তার রোযা রাখলে রোগ বৃদ্ধি পাওয়ার বা দেরীতে সুস্থতা লাভ করার প্রবল ধারণা হয় তবে তার জন্য রোযা না রেখে পরবর্তীতে তা কাজা করার অনুমতি রয়েছে। (এর বিস্তারিত বর্ণনা সামনে আসছে) কিন্তু আজকাল দেখা যায় মানুষ সামান্য সর্দি, জ্বর, মাথা ব্যাথার কারণে রোযা ছেড়ে দেয় অথবা আল্লাহরই পানাহ রোযা রেখে ভেঙ্গে ফেলে, এ রকম কখনো না হওয়া চাই, যদি কেউ কোন বিশুদ্ধ শরয়ী কারণ ছাড়া রোযা রাখা ছেড়ে দেয়, যদি ও সে পরবর্তীতে সারাজীবনও রোযা রাখে তবুও ঐ একটি রোযার ফ্যীলত কখনো পাবে না।

প্রিয় ইসলামী ভাইয়েরা! যেহেতু 'রোযা না রাখার ওযরসমূহ' এর বিস্তারিত বর্ণনা সামনে করা হবে, সেহেতু আরবী (کرم) করম শব্দটির তিনটি হরফের ভিত্তিতে তিনটি বরকতময় হাদীস বর্ণনা করা হচ্ছে ঃ

(*) সফর সম্পর্কিত বিধানাবলী বিস্তারিত জানার জন্য 'বাহারে শরীয়ত ঃ খন্ড-৪র্থ, 'মুসাফিরের নামাযের বর্ণনা' শীর্ষক অধ্যায়টি পাঠ করুন।

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

সফরে ইচ্ছা হলে, রোযা রাখো, নতুবা ছেড়ে দাও

- (২) হযরত সায়্যিদুনা আবু সাঈদ খুদরী الله تَعَالَى عَلَيْهِ رَالِهِ رَسَلَّم বলেন, "১৬ রমযানুল মুবারক সারওয়ারে কাইনাত হযরত মুহাম্মদ سَلَّم এর সাথে আমরা জিহাদে গেলাম। আমাদের মধ্যে কেউ কেউ রোযা রেখেছিলেন, আর কেউ কেউ রাখেননি। তখন রোযাদারগণ যারা রোযা রাখেনি তাদের প্রতি দোষারোপ করেনি এবং যারা রোযাদার না তারাও রোযাদারদের বিরুদ্ধে গেলারপ করেন নি, একে অপরের বিরুধিতা করেন নি।" (মুসলিম শরীফ, খভ্-১ম, প্-৫৬৪, হাদীস নং-১১১৬)
- (৩) হযরত সায়্যিদুনা আনাস ইবনে মালিক কাবী رَضِيَ اللّٰهُ تَعَالَى عَنْهُ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, মদীনার তাজদার হযরত মুহাম্মদ سَلَّم হাঁদ্র হাঁদ্র তাঁজালা হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم হাঁদ্র করেছেন, "আল্লাহ তা'আলা মুসাফির থেকে অর্ধেক নামায ক্ষমা করে দিয়েছেন। (অর্থাৎ চার রাকআত বিশিষ্ট ফর্য নামায দুরাকআত পড়বে।) আর মুসাফির ও স্তন্যদাত্রী এবং গর্ভবতীর রোযা ক্ষমা করে দিয়েছেন।

(অর্থাৎ ঃ তখন রোযা না রাখার অনুমতি দিয়েছেন। পরবর্তীতে সে পরিমাণ রোযা কাযা আদায় করবে।) (তিরমিয়ী, খভ-২য়, পৃ-১৭০, হাদীস-১৭৫)

(কিন্তু ওই অপারগতা শেষ হয়ে যাবার পর প্রতিটি রোযার পরিবর্তে একটি করে রোযা কাযা করতে হবে।)

রোযা না রাখার অনুমতি সম্বলিত ৩৩টি বিধান

মুসাফিরের জন্য রোযা রাখা ও না রাখার মধ্যে নিজের স্বাধীনতা রয়েছে।
 রেদুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪০৩)

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

- ২. যদি স্বয়ং ওই মুসাফিরের জন্য এবং তার সফরসঙ্গীদের জন্য রোযা ক্ষতিকর না হয়, তবে সফরে রোযা রাখা উত্তম। আর উভয়ের কিংবা তাদের কোন একজনের জন্য ক্ষতিকারক হয়, তাহলে রোযা না রাখা উত্তম। (দুরক্ষণ মুখতার, খভ-৩য়, পৃ-৪০৫)
- ৩. মুসাফির 'দ্বাহওয়ায়ে কুবরা* এর পূর্বক্ষণে মুকীম হিসেবে অবস্থান করলো, এখনো পর্যন্ত কিছুই খায়নি, এমতাবস্থায় রোযার নিয়্যত করে নেয়া ওয়াজিব। (আল-জাওয়াহারাতুন নাইয়েরাহ, খভ-১ম, প্-১৮৬) যেমন, আপনার ঘর বাংলাদেশের প্রসিদ্ধ শহর চউগ্রামে। আপনি ঢাকা থেকে চউগ্রামের দিকে রওনা হলেন। সকাল দশটার সময় পৌঁছে গেলেন। আর সোবহে সাদিক থেকে রাস্তায় কোন কিছু পানাহার করেননি। এমতাবস্থায় রোযার নিয়্যুত করে নিন।
- 8. দিনে যদি সফর করেন, তবে ওই দিনের রোযা না রাখার জন্য আজকের সফর ওযর নয়। অবশ্য, যদি সফরের মধ্যভাগে ভঙ্গ করেন তবে কাফ্ফারা অপরিহার্য হবে না, কিন্তু গুনাহ্ অবশ্যই হবে। (রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪১৬) আর রোযা কাযা করা ফর্য হবে।
- ৫. যদি সফর শুরু করার পূর্বে ভেঙ্গে ফেলে, তারপর সফর করে, তাহলে (যদি কাফ্ফারার শর্তাবলী পাওয়া যায়, তবে) কাফ্ফারাও অপরিহার্য হবে। (প্রাগুক্ত)
- ৬. যদি দিনের বেলায় সফর শুরু করে, (সফরের মধ্যভাগে রোযা না ভাঙ্গে) আর ঘরে কিছু জিনিষ ভুলে ফেলে যাওয়ায়, সেটা নেয়ার জন্য ফিরে আসে, এখানে এসে যদি রোযা ভেঙ্গে ফেলে, তবে (শর্তাবলী পাওয়া গেলে) কাফ্ফারাও ওয়াজিব হবে। যদি সফরের মাঝখানে ভেঙ্গে ফেলতো তবে শুধু কাযা ফর্য হতো। যেমন, ৪ নং নিয়মাবলীতে উল্লেখ করা হয়েছে। (ফাতাওয়ায়ে আলমগীরী, খভ-০১, পৃ-২০৭)
- ৭. কাউকে রোযা ভেঙ্গে ফেলতে বাধ্য করা হয়েছে, তাহলে রোযাতো ভাঙ্গতে পারে, কিন্তু ধৈর্যধারণ করলে সাওয়াব পাবে। (রন্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪০২)

^{*}দ্বাহওয়ায়ে কুবরা এর সংজ্ঞা রোজার নিয়্যতের বর্ণনার মধ্যে পূর্বে অতিবাহিত হয়েছে।

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

- ৮. সাপ দংশন করেছে। আর প্রাণ বিপজ্জনক অবস্থায় পৌঁছেছে। এমতাবস্থায় রোযা ভাঙ্গতে পারবে। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৪০২)
- ৯. যেসব লোক এসব অপারগতার কারণে রোযা ভেঙ্গে ফেলে, তাদের উপর সেগুলোর কাযা দেয়া ফরয। আর এসব কাযা রোযার মধ্যে তারতীব ফরয নয়। যদি ওই রোযাগুলো কাযা করার পূর্বে নফল রোযা রাখে তাহলে সেগুলো নফলই হবে। কিন্তু বিধান হচ্ছে অপারগতা (ওযর) দূরীভূত হবার পর পরবর্তী রমযানুল মুবারক আসার পূর্বেই কাযা রোযা রেখে নেয়া। হাদীসে পাকে ইরশাদ হয়েছে, "যার উপর বিগত রমযানুল মুবারকের রোযা বাকী থেকে যায়, আর সে তা পালন না করে, তার এ রমযানুল মুবারকের রোযা কবুল হবে না।" (মাজমাউয যাওয়ায়িদ, খভ-৩য়, পৃ-৪১৫) যদি সময় অতিবাহিত হতে থাকে, কিন্তু কাযা রোযা রাখার পরিবর্তে প্রথমে এ রমযানুল মুবারকের রোযা রাখবে। এমনকি রোগী নয় এমন লোক ও মুসাফির কাযার নিয়াত করলো, তবুও তা কাযা হলো না, বরং তা ওই রমযান শরীফের রোযাই হলো। (দুররে মুখতার, খভ-৩য়, প্-৪০৫)
- ১০. গর্ভবর্তী কিংবা স্তনের দুধ পান করায় এমন নারী, নিজের কিংবা শিশুর প্রাণ নাশের সম্ভাবনা থাকে, তবে রোযা রাখবে না। যদি মা গর্ভবতী হোক কিংবা দুধ পানকারীনী মা যদিও রমজানুল মুবারকের মধ্যে দুধপান করানোর চাকুরী করুক।

(দুররে মুখতার ও রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পু-৪০৩)

- ১১. ক্ষুধা কিংবা পিপাসা এতোই তীব্র হলো যে, প্রাণ নাশের ভয় নিশ্চিত হয়ে গেছে, কিংবা বিবেকশক্তি ক্ষতিগ্রস্ত হয়ে যাবার আশংকা করা হয়, তাহলে রোযা রাখবে না। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪০২)
- ১২. রোগীর রোগ বেড়ে যাওয়ার বা রোগ আরোগ্য হবার, অথবা সুস্থ লোক রোগী হয়ে পড়ার অধিকাংশ ধারণা হয়ে যায়, তবে সেদিনের রোযা না রাখার অনুমতি রয়েছে। (তবে পরবর্তীতে কাযা রেখে নেবে।) (দুররে মুখতার, খন্ড-৩য়, পু-৪০৩)

হ্যরত মুহাম্মদ্লিট্র ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

১৩. এসব অবস্থায় 'অধিকাংশ ধারণার' শর্তারোপ করা হয়েছে, নিছক সন্দেহ যথেষ্ট নয়। 'অধিকাংশ ধারণার তিনটি ধরণ রয়েছে ঃ ১. যদি তার প্রকাশ্য চিহ্ন পাওয়া যায়, ২. যদি ওই লোকটির নিজস্ব অভিজ্ঞতা থাকে এবং ৩. কোন অভিজ্ঞতাসম্পন্ন মুসলমান ফাসিক নয় এমন চিকিৎসক তাকে বলে আর যদি এমন হয় যে, কোন চিহ্ন নেই, অভিজ্ঞতাও নেই, আর না এ ধরণের চিকিৎসক তাকে বলেছে, বরং কোন কাফির কিংবা ফাসিক চিকিৎসকের কথায় রোযা ভেঙ্গে ফেলেছে তাহলে (শর্তাবলী পাওয়া গেলে) কাযার সাথে কাফ্ফারাও অপরিহার্য হবে। (রদ্দে মুখতার, খভ-৩য়, পু-৪০৪)

১৪. হায়েয কিংবা নিফাসের (যথাক্রমে মাসিক ঋতুস্রাব ও প্রসবোত্তর রক্তক্ষরণ) অবস্থায় নামায ও রোযা পালন করা হারাম। কুরআনের তিলাওয়াত কিংবা কুরআনে পাকের পবিত্র আয়াত অথবা সেগুলোর তরজমা স্পর্শ করা সবই হারাম। (বাহারে শরীয়ত, খন্ড-২য়, পু-৮৮ ও ৮৯)

১৫. 'হায়েয' ও 'নিফাস' সম্পন্ন নারীর জন্য স্বাধীনতা রয়েছে গোপনে খাবে কিংবা প্রকাশ্যে। রোযাদারের মতো থাকা তার জন্য জরুরী নয়।

(আল জাওহারাতুন নাইয়ারাহ, খন্ড-১ম, পু-১৮৬)

১৬. কিন্তু গোপনে খাওয়া উত্তম। বিশেষ করে হায়যসম্পন্নার জন্য।

(বাহারে শরীয়ত, খন্ড-৫ম, পূ-১৩৫)

১৭. 'শায়খে ফানী' অর্থাৎ ওই বয়োবৃদ্ধ লোক, যার বয়স এতোই ভারী হয়েছে যে, এখন ওই বেচারা দিন দিন দূর্বলই হতে চলেছে, যখন সে একেবারেই রোযা রাখতে অক্ষম হয়ে যায়, অর্থাৎ না এখন রোযা রাখতে পারছে, না ভবিষ্যতে রোযা রাখার শক্তি আসার আশা আছে, এমতাবস্থায় তার জন্য রোযা না রাখার অনুমতি রয়েছে। সুতরাং প্রতিটি রোযার পরিবর্তে (ফিদিয়া স্বরূপ) এক 'সদকায়ে ফিতর'* পরিমাণ মিসকিনকে দিয়ে দেবে। (দুররে মুখতার, খভ-৩য়, পৃ-৪১০)

^{* &#}x27;সাদকায়ে ফিতর' হচ্ছে সোয়া দুই সের অর্থাৎ প্রায় দুই কিলো পঞ্চাশ গ্রামের সমান আটা, অথবা তার মূল্য পরিমাণ টাকা।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

- ১৮. যদি এমন বয়স্ক হয় যে গরম অবস্থায় রোযা রাখতে অপারগ, তাহলে রাখবে না। কিন্তু শীতে রাখা ফরয। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পু-৪৭২)
- ১৯. যদি ফিদিয়া দেয়ার পর রোযা রাখার শক্তি এসে যায়, তবে প্রদত্ত ফিদিয়া নফল সদকা হয়ে গেলো, কিন্তু ওই রোযাগুলোর কাযা রেখে নেবেন।

(আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৭)

- ২০. এ স্বাধীনতা রয়েছে যে, চাই রমযানের শুরুতে পুরো রমযানের ফিদিয়া এক সাথে দিয়ে দিক কিংবা শেষ ভাগে দিক। (আলমগীরী, খভ-১ম, পূ-২০৭)
- ২১. ফিদিয়া দেয়ার সময় এটা জরুরী নয় যে, যতোটা ফিদিয়া হবে ততোটা মিসকিনকে আলাদা আলাদাভাবে দেবে, বরং একই মিসকিনকে কয়েকদিনের ফিদিয়াও দেয়া যাবে। (দুররে মুখতার, খভ-৩য়, পু- ৪১০)
- ২২. নফল রোযা ইচ্ছাকৃতভাবে শুরু করার পর পূর্ণ করা ওয়াজিব হয়ে যায়। ভেঙ্গে ফেললে কাযা ওয়াজিব হবে। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পু-৪১১)
- ২৩. যদি আপনি এ ধারণা করে রোযা রাখলেন যে, আপনার দায়িত্বে কোন কাযা রোযা রয়ে গেছে, কিন্তু রোযা শুরু করার পর জানতে পারলেন যে, আপনার উপর কোন প্রকারের কোন রোযা কাযা নেই। এখন যদি তাৎক্ষণিকভাবে ভেঙ্গে ফেলেন, তবে কোন কিছুই নেই। আর যদি একথা জানার পর তাৎক্ষণিকভাবে না ভাঙ্গেন, তবে পরে ভাঙ্গতে পারবেন না। ভাঙ্গলে কাযা ওয়াজিব হবে।

(দুররে মুখতার, খন্ড-৩য়, পু-৪১১)

- ২৪. নফল রোযা ইচ্ছাকৃত ভাবে ভাঙ্গেনি, বরং অনিচ্ছাকৃত ভাবে ভেঙ্গে গেছে। যেমন- রোযা পালন কালে মহিলাদের হায়েয এসে গেলো, তবু ও কাযা ওয়াজীব। (দুররে মুখতার, খন্ড-৩, পৃঃ-৪১২)
- ২৫. ঈদুল ফিতরের একদিন কিংবা ঈদুল আযহার চারদিন, অর্থাৎ ১০, ১১, ১২ ও ১৩ ই যিলহাজ্জ থেকে কোন একটি দিনের নফল রোযা রাখলে, এ রোযাটি পূর্ণ করা ওয়াজিব নয় কেননা এ পাঁচ দিনে রোযা রাখা হারাম ভঙ্গ করলে কাযা ওয়াজিব হবে না; বরং সেটা ভেঙ্গে ফেলাই ওয়াজিব। যদি এ দিনগুলোতে রোযা

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

রাখার মানুত মানেন, তাহলে মানুত পূরণ করা ওয়াজিব। কিন্তু ওই দিনগুলোতে নয়, বরং অন্যান্য দিনে। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৪১২)

২৬. নফল রোযা বিনা ওযরে ভেঙ্গে ফেলা না জায়িয। মেহমানের সাথে যদি না খায় তবে তার খারাপ লাগবে, অনুরূপভাবে, মেহমান না খেলে মেযবান মনে কষ্ট পাবেন। সুতরাং নফল রোযা ভাঙ্গার জন্য এটা একটা ওযর। اسْبُحْنَ اللهُ عَزَّرَجُلٌ শরীয়তে মুসলমানের সম্মান করার ব্যাপারে কতই গুরুত্ব রয়েছে) এ শর্তে যে, তার পূর্ণ ভরসা আছে যে, সে তা পুনরায় রেখে নেবে। আর দ্বি-প্রহর এর পূর্বে ভাঙ্গতে পারবে, পরে নয়। (আলমগীরী, খড্-১ম, পু-২০৮)

২৭. দা'ওয়াতের কারণে "দ্বাহওয়ায়ে কুবরা" এর পূর্বে রোযা ভেঙ্গে ফেলা যাবে যখন মেযবান শুধুমাত্র তার উপস্থিতিতে রাজী না হন বরং তার না খাওয়ার কারণে নারাজ হন। তবে শর্ত হচ্ছে তার পূর্ণ ভরসা আছে যে, সে তা পুনরায় রেখে নেবে, এমতাবস্থায় রোযা ভাঙ্গতে পারবে এবং এটার কাযা আদায় করবে। কিন্তু যদি দা'ওয়াতকারী তার শুধুমাত্র উপস্থিতিতে রাজী হয়ে যান এবং তার না খাওয়াতে নারাজ না হন তবে রোযা ভঙ্গ করার অনুমতি নেই।

(ফাতাওয়ায়ে আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০৮, কুয়েটা)

২৮. নফল রোযা সূর্য পশ্চিম দিকে হেলার পর মাতাপিতা নারায হলে ভাঙ্গতে পারে। এমতাবস্থায় আসরের পূর্ব পর্যন্ত ভাঙ্গতে পারে, আসরের পরে পারবে না। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, খভ-৩য়, পূ-৪১৪)

২৯. নারী তার স্বামীর অনুমতি ছাড়া নফল, মানুত ও শপথের কাফ্ফারার রোযা রাখবে না। রেখে নিলে স্বামী ভাঙ্গিয়ে দিতে পারে। কিন্তু ভাঙ্গলে কাযা ওয়াজিব হবে। আর সেটার কাযা করার সময়ও স্বামীর অনুমতির দরকার হবে।

কিংবা স্বামী ও তার মধ্যে বিচ্ছেদ হয়ে গেলে, অর্থাৎ তালাকে বাইন* দিয়ে দিলে,

.....

^{* (}তালাকে বাইন ওই তালাককে বলে, যার কারণে স্ত্রী বিবাহ বন্ধন থেকে বেরিয়ে যায়। এখন স্ত্রী পুনরায় স্বামীকে গ্রহণ করতে পারে না। এখন স্বামী তার স্ত্রীকে পুনরায় গ্রহণ করতে পারবে না।)

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

কিংবা মৃত্যু হয়ে গেলে, অথবা রোযা রাখলে স্বামীর কোন ক্ষতি না হলে, যেমন সে সফরে গেলে কিংবা অসুস্থ থাকলে, অথবা ইহরাম অবস্থায় থাকলে, এসব অবস্থায় অনুমতি ছাড়াও ক্বাযা রাখতে পারবে; এমনকি সে নিষেধ করলেও স্ত্রী রেখে দিতে পারবে। অবশ্য ওই দিনগুলোতে নফল রোযা স্বামীর অনুমতি ছাড়া রাখতে পারে না। (রদ্দে মুখতার, খভ-৩য়, পৃ-৪১৫)

৩০. রমযানুল মুবারক ও রমযানুল মুবারকের কাযার জন্য স্বামীর অনুমতির কোন প্রয়োজন নেই, বরং সে নিষেধ করলেও রাখবে।

(দুররে মুখতার, রদ্মুল মুহতার, খন্ড-৩য়, পূ-৪১৫) :

৩১. আপনি যদি কারো কর্মচারী হোন, কিংবা তার নিকট শ্রমিক হিসেবে কাজ করছেন, তাহলে তার অনুমতি ছাড়া নফল রোযা রাখতে পারেন না। কেননা, রোযার কারণে কাজে অলসতা আসবে। অবশ্য, রোযা রাখা সত্ত্বেও যদি আপনি নিয়ম-মাফিক কাজ করতে পারেন, তার কাজে কোনরূপ ক্রটি না হয়, তাহলে নফল রোযার জন্য অনুমতির দরকার নেই। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৪১৬)

৩২. নফল রোযার জন্য মেয়ে পিতা থেকে, মা পুত্র থেকে এবং বোন ভাই থেকে অনুমতি নেয়ার দরকার নেই। (রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪১৬)

৩৩. মাতা-পিতা যদি মেয়ে নফল রোযা রাখতে নিষেধ করে এ কারণে যে, তার রোগের আশস্কা আছে, তবে মাতাপিতার কথা মানবে।

(রদ্দুল মুখতার, খন্ড-৩য়, পৃ-৪১৬)

কাযা সম্পর্কে ১২টি নিয়মাবলী

(এখন ওইসব বিষয় সম্পর্কে বর্ণনা করা হচ্ছে, যে কাজ করলে শুধু কাযা অপরিহার্য হয়। কাযা করার পদ্ধতি হচ্ছে প্রতিটি রোযার পরিবর্তে রমযানুল মুবারকের পর কাযার নিয়াতে একটি করে রোযা রাখা।)

১. এটা ধারণা ছিলো যে, সেহরীর সময় শেষ হয়নি। তাই পানাহার করেছে, স্ত্রী সহবাস করেছে। পরে জানতে পারলো যে, তখন সেহরীর সময় শেষ হয়ে 172.

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

গিয়েছিল। এমতাবস্থায় রোযা হয়নি, এ রোযার কাযা করা জরুরী। অর্থাৎ ওই রোযার পরিবর্তে একটা রোযা রাখতে হবে। (রদ্দুল মুখতার, খভ-৩য়, পৃ-৩৮০)

২. খানা খাওয়ার জন্য কঠোরভাবে বাধ্য করা হয়েছে। অর্থাৎ শরীয়ত সম্মত বাধ্যবাধকতা (কেউ হত্যা কিংবা অঙ্গ-প্রত্যঙ্গ কেটে ফেলার হুমকি দিয়ে বললো, "রোযা ভেঙ্গে ফেল।" যদি রোযাদার নিশ্চিতভাবে মনে করে যে, সে যা বলছে তা করেই ছাড়বে। তাহলে শরীয়তসম্মত বাধ্য করণ পাওয়া গেলো। এমতাবস্থায় রোযা ভাঙ্গার অনুমতি রয়েছে। কিন্তু পরবর্তীতে এ রোযার কাযা করে দেয়া অপরিহার্য। এখন যেহেতু বাধ্যবাধকতা রয়েছে, তাই শুধু কাযা ওয়াজিব হবে।

(দুররে মুখতার, খন্ড-৩য়, পৃ-৪০২)

৩. ভুলবশতঃ পানাহার করেছে কিংবা স্ত্রী সহবাস করেছিলো, অথবা এমনভাবে দৃষ্টি করেছে যে, বীর্যপাত হয়েছে, কিংবা স্বপ্নদোষ হয়েছে, অথবা বমি হয়েছে, এসব অবস্থায় এ ধারণা করল যে, রোযা ভেঙ্গে গেছে, তাই এখন স্বেচ্ছায় পানাহার করে নিল। কাজেই, এখন শুধু কাযা ফর্য হবে।

(দুররে মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৭৫)

- 8. রোযারত অবস্থায় নাকে ঔষধ দিলে রোযা ভেঙ্গে যায়। এর কাযা অপরিহার্য। (দুররে মুখতার, খভ-৩য়, পৃ-৩৭৬)
- ৫. পাথর, কঙ্কর (এমন) মাটি যা সাধারণত খাওয়া হয়না, তুলা, ঘাস, কাগজ ইত্যাদি এমন জিনিষ আহার করলো, যে গুলোকে মানুষ ঘৃণা করে, এ গুলোর কারণেতো রোযা ভেঙ্গে গেলো, কিন্তু শুধু কাযা করতে হবে।

(দুররে মুখতার, খন্ড-৩য়, পু-৩৭৭)

৬. বৃষ্টির পানি কিংবা শিলাবৃষ্টি নিজে নিজেই কণ্ঠনালীতে ঢুকে গেলো। তবুও রোযা ভেঙ্গে যাবে এবং কাযা অপরিহার্য হবে। (দুররে মুখতার, খভ-৩য়, পৃ-৩৭৮) ৭. খুব বেশি ঘাম কিংবা চোখের পানি বের হলে ও তা গিলে ফেললে রোযা ভেঙ্গে যাবে এবং কাযা ওয়াজিব হয়। (প্রাগুক্ত)

হ্যরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

- ৮. ধারণা করলো যে এখনো রাত বাকী আছে তাই সেহেরী খেতে থাকল; পরে জানতে পারল সাহারীর সময় শেষ, তাহলে রোযা ভেঙ্গে যাবে এবং কাযা করতে হবে। (রদ্দুল মুখতার, খন্ড-৩য়, পৃ-৩৮০)
- ৯. একইভাবে ধারণা করলো যে সূর্য ডুবে গেছে, পানাহার করে নিল। পরক্ষণে জানতে পারলো যে, সূর্য ডুবেনি। এমতাবস্থায় রোযা ভেঙ্গে যাবে। কাযা করে নিতে হবে। (রদ্ধুল মুহতার, খভ-৩য়, পৃ-৩৮০)
- ১০. যদি সূর্য অস্তমিত হবার পূর্বেই সাইরেনের আওয়াজ ধ্বনিত হয়ে ওঠে কিংবা মাগরিবের আযান শুরু হয়ে যায়, আর আপনি রোযার ইফতার করে নেন এবং পরে আপনি জানতে পারলেন যে, সাইরেন কিংবা আযান সময়ের পূর্বেই শুরু হয়েছিলো। এতে যদিও আপনার দোষ থাকুক বা নাই থাকুক, তবুও রোযা ভেঙ্গে গেছে, কাযা করতে হবে। (রদ্দুল মুহতার, খভ্ততয়, পৃত্তত)
- ১১. আজকাল যেহেতু উদাসীনতার ছড়াছড়ি, সেহেতু প্রত্যেকের উচিত নিজেই নিজের রোযার হিফাযত করা। সাইরেন, রেডিও টিভির ঘোষণা বরং মসজিদের আযানকেও যথেষ্ট বলে মনে করার পরিবর্তে নিজেই সাহারী ও ইফতারের সময় সঠিকভাবে জেনে নিন।
- ১২. ওযু করছিলেন। নাকে পানি দিলেন এবং তা মগজ পর্যন্ত ওঠে গেলো কিংবা কণ্ঠনালী দিয়ে নিচে নেমে গেলো। রোযাদার হবার কথাও স্মরণ ছিলো। এমতাবস্থায় রোযা ভেঙ্গে যাবে এবং কাযা অপরিহার্য হবে। হাঁ, তখন যদি রোযাদার হবার কথা স্মরণ না থাকে তবে রোযা ভাঙ্গবে না।

(আলমগীরী, খন্ড-১ম, পৃ-২০২)

কাফ্ফারার বিধানাবলী

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযানুল মুবারকের রোযা রেখে কোন সঠিক অপারগতা ছাড়া জেনে বুঝে ভেঙ্গে ফেললে কোন কোন অবস্থায় কাযা, আর কোন কোন অবস্থায় কাযার সাথে কাফ্ফারাও অপরিহার্য হয়ে যায়। এখানে তার বিধানাবলী বর্ণনা করা হবে। তবে এর পূর্বে জেনে নিন কাফ্ফারা কি?

হযরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

রোযার কাফ্ফারার পদ্ধতি

রোযা ভাঙ্গার কারণে কাফ্ফারা হচ্ছে-সম্ভব হলে একটা বাঁদী (ক্রীতদাসী) কিংবা গোলাম (ক্রীতদাস) আযাদ করবে। তা করতে না পারলে, যেমন-তার নিকট না ক্রীতদাসী বা ক্রীতদাস আছে, না এত সম্পদ আছে যে, ক্রয় করতে পারবে, অথবা অর্থকড়ি তো আছে, কিন্তু দাস-দাসী পাওয়া যাচ্ছে না, যেমন-আজকাল দাস-দাসী পাওয়া যায় না, তাহলে ধারাবাহিকভাবে দু'মাস অর্থাৎ ষাটটি রোযা-রাখবে। তাও যদি সম্ভব না হয়, তবে ষাটজন মিসকীনকে দু'বেলা পেট ভরে খানা খাওয়াবে। এক্ষেত্রে এটা জরুরী যে, যাকে এক বেলা খাবার খাওয়েছে, তাকেই দিতীয় বেলা খাবার খাওয়াবে।

এটাও হতে পারে যে, ষাটজন মিসকীনকে একেকটা সাদকাই ফিতর, অর্থাৎ প্রায় ২ কিলো ৫০ গ্রাম পরিমাণ গম অথবা এর মূল্য প্রদান করবে। একজন মিসকীনকে একত্রে ষাট সদকা-ই-ফিতর দিতে পারবে না। হাঁ, এটা হতে পারে যে, একজন মিসকীনকে ষাট দিন যাবত প্রতিদিন একেকটা সদকা-ই-ফিতর দেবে। রোযাগুলো পালন কালে (কাফ্ফারা আদায়কালীন সময়ে) যদি মাঝখানে একটি রোযাও ছুটে যায়, তবে পুনরায় শুরু থেকে ষাটটা রোযা রাখতে হবে; পূর্বেকার রোযাগুলো হিসাবে ধরা হবে না, যদিও উনষাটটা রেখে থাকে; চাই রোগ ইত্যাদি কোন ওযরের কারণেই ছুটে যাক না কেন? হাঁ, অবশ্য নারীর যদি হায়য এসে যায়, তবে হায়যের কারণে রোযা ছুটে গেলে, সেটাকে বিরতি হিসেবে গণ্য করা হবে না। অর্থাৎ হায়যের পূর্ববর্তী ও পরবর্তী রোযাগুলো মিলে ষাটটি পূর্ণ হয়ে গেলে কাফ্ফারা আদায় হয়ে যাবে। (রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৩৯০)

কেউ রাত থেকে রোযার নিয়্যত করেছে, তারপর সকালে কিংবা দিনের কোন সময় বরং ইফতারের এক মুহুর্ত পূর্বে কোন বিশুদ্ধ অপারগতা ব্যতিরেকেই এমন কোন বস্তু দ্বারা, যাকে মানুষ ঘৃণা করে না। (যেমন-খাদ্য, পানি, চা, ফলমূল, বিস্কুট, শরবত, মধু, মিষ্টি ইত্যাদি) ইচ্ছাকৃতভাবে খেয়ে রোযা ভেঙ্গে ফেলেছে, তবে রমযান শরীফের পর ওই রোযার কাযার নিয়াতে একটা রোযাও রাখতে হবে। এবং সাথে কাফ্ফারাও দিতে হবে, যার পদ্ধতি পূর্বে উল্লেখ করা হয়েছে।

হ্যরত মুহাম্মদ্শৃশ্লি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

কাফ্ফারা সম্পর্কে ১১ টি নিয়মাবলী

- ১. রমযানুল মুবারকে কোন বিবেকবান, বালেগ, মুকীম (অর্থাৎ মুসাফির নয় এমন লোক) রমযানের রোযা আদায় করার নিয়াতে রোযা রাখলো। আর কোন বিশুদ্ধ অপারগতা ব্যতিরেকে (জেনেবুঝে) স্ত্রী সঙ্গম করলে কিংবা করালে। অথবা অন্য কোন স্বাদের কারণে কিংবা ঔষধ হিসেবে খেলো বা পান করলো। এমতাবস্থায় রোযা ভেঙ্গে যাবে। তার উপর কাযা ও কাফ্ফারা উভয়ই অপরিহার্য হবে। (রদ্দুল মুহতার, খভ-০৩, পৃ-৩৮৮)
- ২. যেখানে রোযা ভাঙ্গলে কাফ্ফারা অপরিহার্য হয়, সেখানে পূর্ব শর্ত হচ্ছে-রাত থেকেই রমযানের রোযার নিয়্যত করে নেয়া। যদি দিনে নিয়্যত করে এবং ভেঙ্গে ফেলে, তাহলে কাফ্ফারা অপরিহার্য নয়, শুধু কাযা যথেষ্ট।

(আল জাওহারাতুন নাইয়ারাহ, খন্ড-১ম, পূ-১৮০)

- ৩. মুখ ভরে বমি হলে কিংবা ভুলবশতঃ আহার করলে কিংবা স্ত্রী সহবাস করলে। এসব অবস্থায় তার জানা ছিলো যে, রোযা ভাঙ্গে নি, তবুও সে আহার করে নিয়েছে, এমতাবস্থায় কাফ্ফারা অপরিহার্য নয়। (রদ্দুল মুহতার, খভ-০৩, পৃ-৩৭৫)
- 8. স্বপ্নদোষ হয়েছে আর জানা ছিলো যে, তার রোযা ভাঙ্গেনি, তারপরেও আহার করে নিয়েছে, তবে কাফ্ফারা অপরিহার্য। (রদ্ধুল মুহতার, খন্ড-০৩, পৃ-৩৭৫)
- ৫. নিজের থুথু ফেলে পুনরায় তা চেঁটে নিলো। কিংবা অপরের থুথু গিলে ফেললে। কিংবা দ্বীনি কোন সম্মানিত (বুযুর্গ) ব্যক্তির থুথু তাবাররুক হিসেবে গিলে ফেললে কাফ্ফারা অপরিহার্য। (আলমগীরী, খভ-১ম, পৃ-২০৩) তরমুজের ছিলকা খেয়েছে। তা শুষ্ক হোক কিংবা এমন হয় যে, লোকজন তা খেতে ঘৃণা করে, তাহলে কাফ্ফারা দিতে হবে না, অন্যথায় জরুরী। (আলমগীরী, খভ-১ম, পৃ-২০২)
- ৬. চাউল, কাঁচা ভুটা, মশুর কিংবা মুগ ডাল খেয়ে নিয়েছে। এমতাবস্থায় কাফ্ফারা অপরিহার্য নয়। এ বিধান কাঁচা যবেরও। কিন্তু ভুনা হলে কাফ্ফারা অপরিহার্য।

(আলমগীরী, খণ্ড-১ম, পৃ-২০২)

হ্যরত মুহাম্মদ ্ল্ল্র্ট্র ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

৭. সাহারীর লোকমা মুখে ছিলো। সোবহে সাদিকের সময় হয়ে গেছে কিংবা ভুলবশতঃ খাচ্ছিলো, লোকমা মুখে ছিলো, হঠাৎ স্মরণ হয়ে গেলো, তারপরেও গিলে ফেলেছে, এ দুটি অবস্থায় কাফ্ফারা ওয়াজিব। আর যদি লোকমা মুখ থেকে বের করে পুনরায় খেয়ে ফেললো, তাহলে শুধু কাযা ওয়াজিব, কাফ্ফারা নয়।

(আলমগীরী, খড-১ম, প্-২০৩)

৮. পালাক্রমে জ্বর আসতো। আজ পালার দিন ছিলো। তাই জ্বর আসবে ধারণা করে ইচ্ছাকৃতভাবে রোযা ভেঙ্গে ফেললো। তাহলে এমতাবস্থায় কাফ্ফারা থেকে অব্যাহতি মিলবে। (অর্থাৎ ঃ কাফ্ফারার প্রয়োজন নেই।) অনুরূপভাবে, নারীর নির্ধারিত তারিখে হায়য (ঋতুস্রাব) হতো। আজ ঋতুস্রাবের দিন ছিলো। সুতরাং স্বেচ্ছায় রোযা ভেঙ্গে ফেললো; কিন্তু হায়য আসেনি। তাহলে, কাফ্ফারা থেকে মুক্তি পাওয়া যাবে। (অর্থাৎ কাফ্ফারার প্রয়োজন নেই।)

(দুররে মুখতার, রন্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৩৯১)

৯. যদি দুটি রোযা ভাঙ্গে তবে দুটির জন্য দুটি কাফ্ফারা দেবে, যদিও প্রথমটির কাফ্ফারা এখনো আদায় করেনি। (রদ্ধুল মুহতার, খভ-০৩, পৃ-৩৯১) যখন দুইটি দুই রমযানের হয়। আর যদি উভয় রোযা এক রমযানের হয়, প্রথমটার কাফ্ফারা আদায় করা না হয়, তবে একটি কাফ্ফারা উভয় রোযার জন্য যথেষ্ট।

(আল-জাওহারাতুন নাইয়ারাহ, খন্ড-০১, পূ-১৮২)

১০. কাফ্ফারা অপরিহার্য হবার জন্য এটাও জরুরী যে, রোযা ভাঙ্গার পর এমন কোন কাজ সম্পন্ন হয়নি, যা রোযার পরিপন্থি (রোযা ভঙ্গকারী), কিংবা বিনা ইচ্ছায় এমন কোন কাজ পাওয়া যায়নি, যার কারণে রোযা ভাঙ্গার অনুমতি পাওয়া যেতো, উদাহরণস্বরূপ, ওই দিন নারীর হায়য কিংবা নিফাস এসে গেছে, কিংবা রোযা ভাঙ্গার পর ওই দিনই এমন রোগ হয়েছে, যাতে রোযা না রাখার অনুমতি রয়েছে, তাহলে কাফ্ফারা থেকে মুক্তি পাওয়া যাবে এবং সফরের কারণে অব্যাহতি পাওয়া যাবে না, যেহেতু এটা ইচ্ছাকৃত কাজ।

(আল-জাওহারাতুন নাইয়ারাহ, খন্ড-১ম, পূ-১৮১)

হ্**যরত মুহাম্মদ** ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

১১. যে অবস্থায় রোযা ভাঙ্গলে কাফ্ফারা দেয়া আবশ্যক হয়না, এতে শর্ত যে, একবার এই রকম হয়েছে এবং নাফরমানীর ইচ্ছা করে না, যদি নাফরমানীর ইচ্ছা থাকে তবে কাফ্ফারা ওয়াজিব হবে। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪৪০)

রোযা নষ্ট হওয়া থেকে বাঁচাও

প্রিয় ইসলামী ভাইয়েরা! আজকাল ইসলামী জ্ঞান থেকে মুসলমানরা একেবারে দূরে সরে যাচ্ছে। আর এমন এমন ভুল করছে যে, কখনো কখনো ইবাদতই নষ্ট হয়ে যাচ্ছে। আফসোস! বর্তমানে সম্পূর্ণরূপে শুধু আর শুধু পার্থিব জ্ঞান অর্জনের প্রতি মনোনিবেশ করা হচ্ছে।

আহা! এখন সুনুতগুলো শেখার জন্য, ইবাদতের বিধানাবলীর জ্ঞানার্জনের জন্য কারো কাছে সময় এবং আগ্রহ নেই, বরং যদি কোন দরদী ইসলামী ভাই বুঝানোর চেষ্টা করে সেটাও অপছন্দনীয়। ইবাদতগুলো সম্পর্কেও এ পরিমাণ ভুল কথাবার্তা ভরে গেছে যে, আল্লাহর পানাহ! সাহারী ও ইফতারের সম্পর্কেও লোকেরা নানা ধরণের কথাবার্তা রচনা করে থাকে। এর উপর জেদও করে থাকে। উদাহরণস্বরূপ, সাহারীর শেষ সময় সম্পর্কে কিছু লোক বলে বেড়ায়, 'যতক্ষণ পর্যন্ত ভোর হয়ে ভোরের আলো এতটুকু পরিস্কার হয়ে যায় যে, পিঁপড়া নজরে আসতে থাকে, ততক্ষণ পর্যন্ত সাহারীর শেষ সময় বাকী থাকে!!!

অনুরূপভাবে, কিছুলোক একথা বুঝে যে, 'যতক্ষণ পর্যন্ত ফযরের আযানের আওয়াজ আসতে থাকে, ততক্ষণ পর্যন্ত পানাহার করতে অসুবিধা নেই। যেখানে কয়েকটা আযানের আওয়াজ আসে, সেখানে সর্বশেষ আযানের আওয়াজ শেষ না হওয়া পর্যন্ত পানাহার করতে থাকবে।' কেমন আজব তামাশার কথা! একটু চিন্তাতো করুন! যদি আপনি এমন জায়গায় থাকেন যেখানে আযানের আওয়াজ আসেনা, তখন আপনি কি করবেন? আল্লাহ তাআলার ইবাদতের আগ্রহ পোষণকারীরা! নিজেদের ইবাদতগুলোকে কয়েকটা মিনিট অলসতার কারণে বরবাদ করবেন না। সেটা পুনরায় গভীরভাবে দেখুন।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্টু ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

এ বর্ণনা প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ:

এবং আহার করো ও পান করো, যতক্ষণ না তোমাদের জন্য প্রকাশ পেয়ে যায় সাদা রেখা কালো রেখা থেকে ফজর হয়ে। অতঃপর রাত আসা পর্যন্ত রোযা পূরণ করো। (পারা-২, সূরা-বাকারা, আয়াত-১৮৭) وَكُلُوْا وَاشْرَبُوْا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْآبُيَضُ مِنَ الْخَيْطِ الْآسُودِ مِنَ الْفَجُرِ "ثُمَّ اَتِمُّوا الصِّيَامَ إِلَى النَّيْلِ " الَّيْلِ

প্রকাশ থাকে যে, এ পবিত্র আয়াত না পিঁপড়ার কথা উল্লেখ করা হয়েছে, না ফজরের আযানের কথা, বরং সোবহে সাদিক্বের কথা উল্লেখ রয়েছে। অতএব আযানের অপেক্ষা করবেন না। নির্ভরযোগ্য 'সময় সূচি' এর মধ্যে সোবহে সাদিক্ব ও সূর্যান্তের সময় দেখে সেটা অনুযায়ী সাহারী ও ইফতার করবেন।

হে আমাদের প্রিয় আল্লাহ! আমাদের মূল শরীয়ত ও সুনুত মোতাবেক মাহে রমযানুল মুবারকের সম্মান করার, তাতে রোযা রাখার, তারাবীহ সম্পন্ন করার, কালামে পাক তেলাওয়াত ও বেশি পরিমাণে নফল নামায আদায় করার তওফীক দান করুন! আমাদের ইবাদতসমূহ কবুল করুন! আর আপনার অনুগ্রহ ও দয়া দ্বারা আমাদের মাগফিরাত করুন।

व्योगित विकारिन्नाविशिष्ट वामिन व्योध व्योध व्योध विकारिन्नाविशिष्ट वामिन व्योध व्याध व्या

यािय अतिवर्जन श्रा शिनाम विक्र हां कि वें हैं है के विक्र शिनाम

তাবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে ও মাদানী কাফিলা সম্পর্কে কি বলব? উৎসাহ সৃষ্টির জন্য একটি ঘটনা শুনুন!

শালিমার টাউন মারকাযুল আউলিয়া লাহোর এর এক ইসলামী ভাই এর কিছু বর্ণনা এই রকম ছিল। আমি একজন সুস্থ মস্তিস্ক কিন্তু বিকৃত চিন্তার মানুষ

হ্যরত মুহাম্মদ শ্ল্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

ছিলাম। সিনেমা, নাটকে অভ্যস্ত ছিলাম সাথে সাথে যুবতী মেয়েদের সাথে রসিকতা ও বদমাইশী এবং যুবকদের সাথে বন্ধুত্ব (সারারাত পর্যন্ত তাদের সাথে বেপরওয়া চলাফেরা) আমার অভ্যাস ছিল। আমার খারাপ চলাফেরার জন্য আমার বংশের লোকেরা আমার কাছ থেকে সর্বদা দূরে থাকত। আমি ঘরে আসলে ভয় পেত। এমনকি তাদের সন্তানকে আমার থেকে দূরে রাখত। আমার পাপের ভরা অন্ধকার রাত শেষ হয়ে বসন্তের প্রভাত এইভাবে উদিত হল যে একজন দা'ওয়াতে ইসলামীর আশিকে রাসূলের শুভ দৃষ্টি আমার উপর পড়ল। তিনি অত্যন্ত ভালবাসার মাধ্যমে নিজের ইনফিরাদী কৌশিশ করে আমাকে মাদানী কাফিলায় সফর করার জন্য অনুরোধ করেন। তার কথাগুলো আমার মনের মধ্যে গেঁথে গেল এবং আমার মাদানী কাফিলায় সফর করার সৌভাগ্য অর্জন হল।

শিক্ষা আদিকানে রসূলগণের সাহচর্য আমি পাপীর অন্তরে মাদানী পরিবর্তন এনে দিল। গুনাহ্ থেকে তওবার উপহার এবং সুনুতে ভরপুর মাদানী পোশাকের জযবা পেলাম। মাথায় সবুজ পাগড়ী পরিধান করছি এবং আমার মত গুনাহগার ফালতু লোক সুনুতের মাদানী ফুল গ্রহণে ব্যস্ত হয়ে পড়েছি। যে সমস্ত প্রিয়জন ও আত্মীয় স্বজনরা আমাকে দেখে দূরে সরে পড়ত ইর্নুইইট তারা এখন আমার সাথে গলা মিলায়। প্রথমে আমি বংশে সবচেয়ে নিকৃষ্ট লোক ছিলাম। الْكَنْدُ لِللّٰهُ عَزَّرَجُلٌ দা'ওয়াতে ইসলামীর মাদানী কাফিলার বরকতে এখন সকলের প্রিয় লোকে পরিণত হয়েছি।

جب تک کِے نہ تھے کوئی پوچھتانہ تھا تُونے خرید کر مُجھے انمول کردیا জব তক বিকে না থে কুয়ি পুছতা না থা তুনে খরীদ কর মুঝে আনমৌল কর দিয়া।

বেনামাযীর সাথে বসা কেমন?

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! অসৎ সঙ্গের দ্বারা কি মারাত্মক ক্ষতি হয়। অসৎ সঙ্গের প্রভাবে বিকৃত মানুষকে মানুষ থুথু দেয়। আর সৎ সঙ্গের কি বরকত রয়েছে যে গুনাহ্ থেকেও বেঁচে থাকে এবং মানুষও

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

ভালবাসে। সর্বদা এমন সঙ্গ নেয়া উচিত। যাতে ইবাদত করার আগ্রহ ও সুন্নতের উপর আমল করার প্রেরণা বৃদ্ধি পায়। বন্ধু এমনই হওয়া চাই যাকে দেখে আল্লাহ তাআলার কথা স্মরণ হয়, তার কথা দারা সৎকাজের প্রতি আগ্রহ বৃদ্ধি পায়। দুনিয়ার আকর্ষণ কমে যায় ও আখিরাতের প্রতি ভালবাসা বৃদ্ধি পায়। সাথী এমন হওয়া চাই যে তার কারণে আল্লাহ তাআলা ও তার প্রিয় রসূল صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ এর ভালবাসা বৃদ্ধি পায়।

বেহায়াপনা চলাফেরাকারী, ফ্যাশন প্রিয় ও বেনামাযীদের সঙ্গ থেকে দূরে থাকা উচিত। বেনামাযীদের ব্যাপারে এক প্রশ্নের উত্তরে আমার আকা আলা হযরত বর্ণনা করেন, (বেনামাযীদের) কোমলভাবে মসজিদে না যাওয়ার ব্যাপারে কুরআনে আজিম ও হাদিসে পাকের মধ্যে যে সমস্ত কঠিন কঠিন শান্তির কথা উল্লেখ আছে তা বার বার শুনিয়ে দেয়া। যার অন্তরে ঈমান আছে তার অবশ্যই উপকার হবে। আল্লাহ তা আলা ইরশাদ করেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ ৪-এবং বুঝাও যেহেতু বুঝানো মুসলমানদেরকে উপকার দেয়।

(সূরা-যারিয়াত, আয়াত-৫৫, পারা-২৭)

আল্লাহ তাআলার কালাম ও তার বিধান স্মরণ করুন, অবশ্যই ঐগুলোর স্মরণ স্কমানদারদের উপকার দেয়। আর যে ব্যক্তি কোনভাবে না মানে এবং সে যদি কাউকে ভয় করে, তাহলে তাকে তার মাধ্যমে ভয়ভীতি দেখিয়ে বা জোর করিয়ে মানাতে বাধ্য করুন। এতে করে যদি সে নিয়ন্ত্রণে না আসে তাহলে তার সাথে সালাম, কথা-বার্তা, মেলা-মেশা বন্ধ করে দিন। আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ ৪-এবং যখনই তোমাকে শয়তান ভুলিয়ে দেবে, অতঃপর স্মরণে আসতেই যালিমদের নিকটে বসোনা! (সূরা-আনআম, আয়াত-৬৮, পারা-৭)

وَ إِمَّا يُنُسِيَنَّكَ الشَّيْطُنُ فَلَا تَقْعُدُ بَعْدَ الدِّكْرِى مَعَ الْقِعُدُ مَعَ الْقُومِ الظِّلِمِيْنَ هَ

হ্যরত মুহাম্মদ্লিট্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَالسَّيْطُنِ الرَّجِيْم ط بِسْمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط أَمَّا بَعْدُ فَأَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطُنِ الرَّجِيْم ط بِسْمِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط

ফয়যানে তারাবীহ দুরূদ শরীফের ফযীলত

আমীরুল মু'মিনীন হ্যরত সায়্যিদুনা ওমর ফারুকে আযম ঠুই টুইটুই বলেন, "দুআ আসমান ও যমীনের মধ্যখানে ঝুলন্ত থাকে! তা থেকে কিছুই ওপরে যায়না (অর্থাৎ দু'আ কবুল হয় না) যতক্ষণ পর্যন্ত না তুমি আপন নবীর উপর দুরূদ পাঠ কর।" (জামে তিরমিয়ী, খভ-২য়, পু-২৮, হাদীস নং-৪৮৬)

صَلُّواعَلَىالْحَبِيْب! صَلَّىاللهُ تَعَالَىعَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَل

নিইন اَلْتَمَدُ الله عَزَوَجَل রমযানুল মুবারকে যেখানে আমরা অগণিত নে'মত পেতে পারি, সেগুলোর মধ্যে 'তারাবীর সুন্নত'ও রয়েছে। সুন্নতের মহত্ত্বের কথা কি বলবো? আমিনার বাগানের সুবাসিত ফুল, আল্লাহর প্রিয় রসূল হযরত মুহাম্মদ مَلَّ এর জান্নাতরূপী বাণী, "যে ব্যক্তি আমার সুন্নতকে ভালবাসে, সে আমাকে ভালবাসে, আর যে আমাকে ভালবাসে, সে আমার সাথে জান্নাতে থাকবে।" (জামে তিরমিয়ী, খভ-৪র্থ, পু-৩১০, হাদীস নং-২৬৮৭)

রম্যানে ৬১ বার খতমে কোরআন

তারাবীহ সুনুতে মুআক্কাদাহ। তাতে কমপক্ষে একবার খতমে কুরআনও সুনুতে মুআক্কাদাহ। আমাদের ইমামে আযাম আবু হানীফা رَحْبَةُ اللهِ تَعَالَّ عَلَيْهِ রমযানুল মুবারকে ৬১ বার কুরআন করীম খতম করতেনঃ ত্রিশ খতম দিনে, ত্রিশ খতম রাতে আর একবার তারাবীহের নামাযে।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

তাছাড়া, তিনি کَوْمَةُ اللهِ تَعَالَى عَلَيهِ ৪৫ বছর ইশার ওয়ু দিয়ে ফজরের নামায আদায় করেছেন। (বাহারে শরীআত, ৪র্থ খন্ড, পৃঃ-৩৭)

এক বর্ণনায় অনুযায়ী ইমাম আযম رَحْبَةُ اللّٰهِ تَعَالَ عَلَيْهِ জীবনে ৫৫ বার হজ্ব করেছেন আর যে স্থানে তিনি ইন্তিকাল করেছেন সেখানে তিনি সাত হাজার বার কুরআন মজিদ খতম করেছেন। (উকুদুন হিমান, পৃ-২২১)

কুরআন তিলাওয়াত ও আহলুল্লাহ

আমার আকা আলা হযরত رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ বর্ণনা করেন, "ঈমামদের ঈমাম সায়্যিদুনা ইমাম আযম আবু হানিফা رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيهِ পূর্ণ ৩০ বছর পর্যন্ত প্রতি রাতে এক রাকাআতে কুরআন মজিদ খতম করতেন।"

(সংশোধিত ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-৭ম, পৃ-৪৭৬)

ওলামায়ে কিরাম الله تعالى বলেন, সলফে সালেহীনদের পূর্ববর্তী বুযুর্গদের দের الله تعالى এর মধ্যে কোন কোন ঈমাম রাত ও দিনে ২ খতম দিতেন। কেউ কেউ চার খতম কেউ কেউ আট খতম দিতেন। ইমাম আবুল ওহাব শারানী رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ এর মিযানুশ শরীয়াহ এর মধ্যে উল্লেখ করেছেন যে, সায়্যিদী মওলা আলী رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ একরাত একদিনে ৩ লাখ ৬০ হাজার বার কুরআন খতম করতেন। (আল মিজানুশ শরীয়াতুল কুবরা, খভ-১ম, পৃ-৭৯)

হাদিসে পাকে উল্লেখ আছে, আমিরুল মু'মিনীন হযরত শেরে খোদা رَضَىٰ اللّٰهُ تَكَالَىٰ عَنْهُ বাম পা রেকাবে (ঘোড়ার পা দানীতে) রেখে কুরআন মজীদ শুরু করতেন আর ডান পা রেকাবে পৌঁছার পূর্বেই কুরআন খতম হয়ে যেত।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্ সংশোধিত, খন্ড-৭ম, পৃ-৪৭৭)

হাদীস শরীফে মদীনার তাজেদার হযরত মুহাম্মদ مَنَّى اللهُ تَعَالىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم بِعِالِهِ مَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَمَ عَلَيْهِ السَّلام وَمَ خَمَّةً وَالسَّلام وَمَ خَمَّةً وَالسَّلام দাউদ عَلَيْهِ الصَّلاةُ وَالسَّلام নিজ সাওয়ারী প্রস্তুত করতে বলতেন এবং এর উপর জীন (বসার গদি) দেওয়ার পূর্বে তিনি যাবুর শরীফ খতম করে ফেলতেন।" (সহীহ বুখারী, খভ-২য়, প্-৪৪৭, হাদীস নং-৩৪১৭)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

প্রিয়ে ইসলামী ভাইয়েরা! কোন কোন ইসলামী ভাইয়ের এই ধারণা আসতে পারে যে, একদিনে কয়েকবার নয় বরং মুহুর্তের মধ্যে কুরআনে পাক বা যাবুর শরীফ খতম কেমন করে সম্ভব?

তার উত্তর এই যে, এটা আউলিয়ায়ে কিরাম نَحِمَهُمُ اللَّهُ تَعَالَى এর কারামত ও হ্যরত দাউদ عَلَيْدِ الصَّلَوْةُ وَالسَّلا م প্রামত এই হৈছে তা যা স্বভাবগত ভাবে অসম্ভব।

হরফ চিবুনো

আফসোস! আজকাল ধর্মীয় বিষয়াদিতে অলসতার ছড়াছড়ি। সাধারণতঃ তারাবীহ'র মধ্যে কুরআন মজীদ একবারও বিশুদ্ধ অর্থে খতম হচ্ছে না। কুরআনে পাক 'তারতীল' সহকারে, অর্থাৎ থেমে থেমে পড়া চাই। কিন্তু বর্তমান অবস্থা হচ্ছে যদি কেউ এমনি করে তবে লোকেরা তার সাথে তারাবীহ পড়ার জন্য প্রস্তুতও থাকে না। এখন ওই হাফিযকে পছন্দ করা হয়, যে তারাবীহ থেকে তাড়াতাড়ি অবসর করে দেয়। মনে রাখবেন, তারাবীহ ছাড়াও তিলাওয়াতে হরফ চিবুনো হারাম। যদি তাড়াতাড়ি পড়ার মধ্যে হাফিয সাহিব পূর্ণ কুরআন মজীদ থেকে শুধু একটা হরফও চিবিয়ে ফেলে, তবে খতমে কুরআনের সুন্নত আদায় হবে না। সুতরাং কোন আয়াতে কোন হরফ 'চিবিয়ে' ফেলা হলে কিংবা সেটার আপন 'মাখরাজ' (উচ্চারণের স্থান) থেকে উচ্চারিত না হয়, তবে লোকজনকে লজ্জা না করে পুনরায় পড়ে নেবেন। আর শুদ্ধ করে পড়ে নিয়ে তারপর সামনে বাড়বেন।

অন্য এক আফসোসের ব্যাপার রয়েছে যে, হাফিযদের কিছু সংখ্যক এমনও রয়েছে যে, যারা তারতীল সহকারে পড়তেই জানে না। তাড়াতাড়ি না পড়লে বেচারা ভুলে যায়। এমন হাফিযদের খিদমতে সমবেদনামূলক মাদানী পরামর্শ রইলো যেন তাঁরা লোকজনকে লজ্জা না করেন, বরং তাজভীদ সহকারে পড়ান এমন কোন কারী সাহিবের সাহায্য নিয়ে শুরু থেকে শেষ পর্যন্ত আপন হিফ্য দুরস্ত করে নিন।

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

শৈদ্দে লীন'* এর প্রতি খেয়াল রাখা জরুরী। তাছাড়া মদ্দ, গুন্নাহ, ইযহার, ইখফা ইত্যাদির প্রতিও যত্নবান হোন। 'বাহারে শরীয়ত' প্রণেতা সদরুশরীয়া, খলীফায়ে আলা হযরত আল্লামা মওলানা মুফতী মুহাম্মদ আরু উলা আমজাদ আলী আযমী রযবী رَحْبَةُ اللّه تَعَالَى عَلَيهِ বলেন, "ফরয নামাযগুলোতে থেমে থেমে কিরআত সম্পন্ন করবেন। আর তারাবীহতে মাঝারী ধরণের, আর রাতের নফলগুলোকে তাড়াতাড়ি পড়ার অনুমতি রয়েছে; কিন্তু এমনি পড়বেন যেন বুঝা যায়। অর্থাৎ কমপক্ষে 'মদ্দ' এর যে পর্যায় কারীগণ রেখেছেন, তা আদায় করবেন। অন্যথায় হারাম। কেননা, তারতীল সহকারে (অর্থাৎ খুব থেমে থেমে) কুরআন পড়ার নির্দেশ রয়েছে। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, খড্-২য়, পৃ-২৬২)

আল্লাহ রব্বুল আলামীনের বাণী ঃ-

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ-

থেকে অনুবাদ ঃ-তু رَتِّلِ الْقُرُانَ تَرُتِيْلًا ﴿ الْقُرُانَ تَرُتِيْلًا ﴿ الْقُرُانَ تَرُتِيْلًا ﴿ اللَّهِ اللَّهُ اللّهُ اللَّهُ اللَّا لَا اللَّهُ الْمُلَّا اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ

আর কুরআনকে খুব থেমে থেমে পড়ো।
(সূরা-মুয্যাম্মিল, আয়াত-৪, পারা-২৯)

আমার আকা আলা হযরত کِنهٔ الله تَکال عَلَیه জালালাইন শরীফের হাশিয়া কামালাইন এর বরাত দিয়ে তারতিল এর ব্যাখ্যা করতে গিয়ে বর্ণনা করেন, "অর্থাৎ কুরআন মজীদ এভাবে ধীরে ধীরে থেমে থেমে পাঠ করুন যাতে শ্রোতা তার আয়াত ও শব্দ গুনতে পারে।" (ফাতাওয়ায়ে র্যবীয়্যাহ্ সংশোধিত, খভ-৬৯, পৃ-২৭৬) এছাড়াও ফর্ম নামামে এমনভাবে পৃথক পৃথকভাবে পাঠ করতে হবে যাতে প্রতিটি বর্ণ ব্রামা যায়। তারাবীর নামামকে মধ্যমভাবে আর রাতের নফল নামাম সমূহে এতটুকু দ্রুত পড়তে পারবে যাতে সে নিজে বুঝতে পারে।

(দুররে মুখতার, খন্ড-১ম, পৃ-৮০)

[।] এর পূর্বে পেশ, ي এর পূর্বে যের এবং الف এর পূর্বে যবর হলে সেটাকে মদ্দে লীন বলে

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

'মাদারেকুত তানযিল' এ উল্লেখ আছে যে, কুরআনকে ধীরে ধীরে থেমে থেমে পড়ন" তার অর্থ এই যে প্রশান্তির সাথে প্রতিটি হরফকে পৃথক পৃথক ভাবে ওয়াকফকে ঠিক রেখে এবং সকল হরকত আদায় করার ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখা।" তারতীল শব্দটি এই মাসআলার উপর জোর দিচ্ছে যে, এই কথা তিলাওয়াতকারীদের স্মরণ রাখা জরুরী। (তাফসীরে মাদারেকুত তানযীল, খভ-৪র্থ, পৃ-২০৩, সংশোধিত ফাতাওয়ায়ে র্যবীয়্যাহ্, খভ-৬ষ্ঠ, পৃ-২৭৮ ও ২৭৯)

তারাবীহ পারিশ্রমিক ছাড়া পড়াবেন

যিনি পড়বেন ও যিনি পড়াবেন উভয়ের মধ্যে ইখলাস থাকা জরুরী। যদি হাফিয় নিজের দ্রুততা দেখানো, সুন্দর কপ্ঠের বাহবা পাবার এবং নাম ফুটানোর জন্য কুরআন পাক পড়ে, তবে সাওয়াবতো দূরের কথা, উল্টো রিয়াকারীর পুনাহে নিমজ্জিত হবে। অনুরূপভাবে, পারিশ্রমিকের লেনদেনও না হওয়া চাই। বেতন সাব্যস্ত করাকে পারিশ্রমিক বলেনা, বরং এখানে তারাবীহ পড়ানোর জন্য এজন্যই আসে যে, এখানে কিছু পাওয়া যায় একথা জানা আছে, যদিও আগেভাগে সাব্যস্ত না হয়্য; সুতরাং এটাও পারিশ্রমিক নেয়া হলো। পারিশ্রমিক টাকারই নাম নয়, বরং কাপড় কিংবা ফসল ইত্যাদির সুরতে পারিশ্রমিক নিলে তাও পারিশ্রমিক হয়ে থাকে। অবশ্য, যদি হাফিয় সাহিব বিশুদ্ধ নিয়্যত সহকারে পরিক্ষার ভাষায় বলে দেন, "আমি কিছুই নেবোনা", কিংবা যিনি পড়াবেন তিনি বলে দেন, "কিছুই দেবোনা" তারপর হাফিয় সাহিবের খিদমত করেন, তাহলে কোন ক্ষতি নেই। বরকতময় হাদীসে আছে, ভায়্মুট্টা হাট্টা অর্থাৎ "কাজ তার নিয়্যতের উপর নির্ভর করে।" (সহীহ রোখারী, খভ-১ম, পু-৬, হাদীস নং-০১)

তিলাওয়াত, যিকির ও না'ত এর পারিশ্রমিক হারাম

আমার আকা, আ'লা হ্যরত ইমামে আহলে সুনুত, মওলানা শাহ আহ্মদ র্যা খান رَحْبَةُ اللّٰه تَعَالٰ عَلَيهِ এর দরবারে পারিশ্রমিক দিয়ে মৃতের ঈসালে সাওয়াবের জন্য খতমে কুরআন এবং আল্লাহ তাআলার যিকর কুরআনের বিধান সম্পর্কে যখন

হ্যরত মুহাম্মদ্লিট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

ফাতওয়া চাওয়া হলো, তখন তদুত্তরে ইরশাদ করলেন, "তিলাওয়াতে কুরআন ও যিকরে ইলাহী এর উপর পারিশ্রমিক দেয়া ও নেয়া উভয়ই হারাম। লেনদেনকারী উভয়ই গুনাহগার হবে। যখন এ লেনদেনকারী উভয়ই হারাম সম্পাদনকারী হলো, তখন কোন্ জিনিষের সাওয়াব মৃতের জন্য পাঠাবেন? গুনাহের কাজের উপর সাওয়াবের আশা করা আরো বেশি জঘণ্য ও মারাত্মক হারাম।

যদি লোকেরা চায় যে, ঈসালে সাওয়াব হোক, শরীয়তসম্মত বৈধ পন্থাও অর্জিত হোক, তবে সেটার পদ্ধতি হচ্ছে এই যারা পড়ছে তাদেরকে ঘন্টা/দুঘন্টার জন্য চাকুরে হিসেবে নিয়োগ করে নিন। যেমন, যিনি পড়াবেন তিনি বললেন, "আপনাকে আমি আজ অমুক সময় থেকে অমুক সময়ের জন্য এ বেতনে কর্মচারী হিসেবে নিয়োগ করলাম। আমি যে কাজই চাই আপনার দ্বারা সম্পন্ন করাবো।" সে বলবে, "আমি গ্রহণ করলাম।" এখন সে ততটুকু সময়ের জন্য 'কর্মচারী' নিয়োজিত হয়ে গেলো। এখন তিনি যে কাজই চান, করাতে পারেন। এরপর তাকে বলবেন, "অমুক মৃতের জন্য কুরআন করীম থেকে এতটুকু কিংবা এতবার কলেমা-ই-তায়্যিবা অথবা দুরুদে পাক পড়ে দিন।" এটা হচ্ছে, বৈধ পন্থা।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-১০ম, পূ-১৯৩-১৯৪)

তারাবীহর পারিশ্রমিক নেয়ার শরীয়ত সম্মত হীলা

এ বরকতময় ফাতাওয়ার আলোকে তারাবীহর জন্য হাফিয সাহেবের ব্যবস্থাও করা যেতে পারে। উদাহরণ স্বরূপ, মসজিদের কমিটির লোকেরা পারিশ্রমিক নির্ধারণ করে হাফেয সাহেবকে মাহে রমাযানুল মুবারকে এশার নামাযের ইমামতির জন্য নিয়োগ করে নেবেন। আর হাফেয সাহেব আনুসঙ্গিকভাবে তারাবীহও পড়িয়ে দেবেন। কেননা, রমাযানুল মুবারকে তারাবীহও এশার নামাযের সাথেই শামিল থাকে। অথবা এমন করুন! মাহে রমযানুল মুবারকে প্রতিদিন তিন ঘন্টার জন্য (যেমন রাত ৮-০০টা থেকে ১১-০০ পর্যন্ত) হাফেয সাহেবকে চাকুরীর প্রস্তাব দিয়ে বলবেন, আমরা যে কাজই করতে

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

বলি তা করতে হবে। বেতনের অংকও বলে দেবেন। যদি হাফিয সাহিব মঞ্জুর করেন, তাহলে তিনিতো কর্মচারীই হয়ে গেলেন। এখন প্রতিদিন হাফেয সাহেবের ওই তিন ঘন্টার ভিতর ডিউটি লাগিয়ে দেবেন। তিনি তারাবীহও পড়িয়ে দেবেন। একথা মনে রাখবেন যে, ইমামত হোক কিংবা খেতাবত হোক। অথবা মুআযযিনের কাজ কিংবা অন্য কোন ধরণের মজদুরী কাজের জন্য পারিশ্রমিকের ভিত্তিতে নিয়োগদানের সময় একথা জানা থাকবে যে, এখানে পারিশ্রমিক কিংবা বেতনের লেনদেন নিশ্চিত তাহলে আগেভাগেই পারিশ্রমিকের অংক নির্ধারণ করে নেয়া ওয়াজিব।

অন্যথায় লেনদেনকারী উভয়ই গুনাহগার হবেন। অবশ্য যেখানে পারিশ্রমিকের আগে থেকেই নির্ধারিত অংক জানা থাকে, (যেমন, বাসের ভাড়া, কিংবা বাজারে বস্তা ভর্তি করা, বহন করে নিয়ে যাওয়ার অংক ইত্যাদি) সেখানে বারবার নির্ধারণ করার প্রয়োজন নেই। একথাও মনে রাখবেন, যখন হাফিয সাহিবকে (কিংবা যাকে যে কাজের জন্য) মজদূর নিয়োগ করেছেন, তখন একথা বলে দেয়া জায়িয নয়, আমরা যা উপযুক্ত হবে তাই দিয়ে দেবো, বরং সুস্পষ্টভাবে অংকের পরিমান বলে দিতে হবে। উদাহরণ স্বরূপ, আমরা আপনাকে বার হাজার টাকা দেবো। এটাও জরুরী যে, হাফেয সাহেবও সম্মতি প্রকাশ করবেন। এখন বারো হাজার দিতেই হবে, চাঁদা সংগ্রহ হোক কিংবা নাই হোক।

অবশ্য, হাফিয সাহিবের দাবী ছাড়াও যদি নিজেদের ইচ্ছানুসারে নির্ধারিত অংকের চেয়ে বেশি দেন, তবেও জায়েয। যেসব হাফেয সাহেব কিংবা নাতখা পারিশ্রমিক ছাড়া তারাবীহ, কোরআন খানি কিংবা নাতখানিতে অংশগ্রহণ করতে পারেন না, লজ্জার কারণে তারা যেন না জায়িয কাজ করে না বসেন। সায়্যিদী আলা হযরত وَحْمَةُ اللّه تَعَالَى عَلَيهِ এর বাতলানো পদ্ধতি অনুসারে কাজ করে পাক রুজি অর্জন করন! আর যদি একেবারে বাধ্য হয়ে না যান তবে হীলা দ্বারা অর্থ উপার্জন করা থেকেও বিরত থাকুন। কারণ, "জিসকা আমল হো বে গর্য, উস কী জাযা কুছ আওর হ্যায়।" অর্থাৎ যার কাজ হয় নিষ্টাপূর্ণ তার প্রতিদানই ভিন্ন ধরণের।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

একটা পরীক্ষা হচ্ছে— যেই অর্থ নিশ্চিত পাওয়া যাবে, তা গ্রহণ না করলে যথেষ্ট বাহবা পাওয়া যায়। আর ওই বেচারাও জানিনা নিজেকে রিয়াকারী থেকে কিভাবে বাঁচায়। সৌভাগ্যক্রমে, এমন প্রেরণা অর্জিত হোক, বর্ণিত পদ্ধতিতে অর্থ নিয়ে নিন আর গোপনে তা সদকা করে দিন। কিন্তু নিজের নিকটাত্মীয় ইসলামী ভাই, বরং ঘরের এক সদস্যকেও বলবেন না।

অন্যথায় রিয়াকারী থেকে বাচাঁ কঠিন হয়ে যাবে। মজাতো এতেই রয়েছে যে, বান্দা জানবে না কিন্তু তার মহান আল্লাহ জানবেন।

ক্রা হার আমল বস তেরে ওয়ান্তে হো,
কর ইখলাস অ্যায়সা আতা ইয়া ইলাহী।

খতমে কোরআন ও হৃদয়ের ন্মতা

যেখানে তারাবীতে একবার কোরআনে পাকের খতম করা হয়, সেখানে উত্তম হচ্ছে ২৭ শে রমজান রাতে খতম করা। হৃদয়ের নম্রতা ও বিষাদ সহকারে খতম করা। এ অনুভূতি যেন হৃদয়কে চিন্তিত করে তোলে যে, আমি কি প্রকৃত অর্থে কোরআন পাক পড়েছি? আমি তো (ভালমতে) শোনি নি, ভূল ছিলো। শত সহস্র আফসোস! দুনিয়ার বড়লোকের কথাতো খুব মন লাগিয়ে শোনা হয়, কিন্তু সর্বাপেক্ষা বড় আমাদের প্রিয় আল্লাহ তাআলার পবিত্র বাণী ধ্যান সহকারে শোনিনি। তৎসঙ্গে এ দুঃখও যেনো পীড়া দেয় যে, আফসোস! এখনতো মাহে রমাযানুল মুবারক আর কয়েক ঘন্টার অতিথি হিসেবে রয়ে গেলো।

জানিনা, আগামী বছর সেটার শুভাগমনের সময় সেটার রহমতগুলো লুফে নেয়ার জন্য আমি জীবিত থাকবো কিনা? এ ধরণের চিন্তা অন্তরে এনে নিজেই নিজের বেপরোয়া কাজগুলোর জন্য লজ্জিত হবেন। সম্ভব হলে কান্না করবেন। কান্না না আসলে কান্নার ভান করবেন। কারণ, ভালো লোকদের অনুসরণও ভালো। যদি কারো চোখ থেকে কোরআনের ভালবাসা ও রমাযানের বিদায়-বিষাদে এক

হ্যরত মুহাম্মদ ্ল্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে. আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

আধ ফোঁটা চোখের পানি টপকে পড়ে আর মহান প্রতিপালকের দরবারে কবুল হয়ে যায়, তবে এর কারণে মহামহিম ক্ষমাশীল খোদা সবাইকে ক্ষমা করে দেবেন।

আয়ব মেরে না খোল মাহশার মে.

لاج رکھ لے گنہگاروں کی نام رحمٰن ہے ترا یارتِ عیب میرے نہ کھول مُحشر میں نام ستّار ہے ترا یار بّ بے سبب بخش دے نہ یوچھ عمل نام عفقار ہے ترا یار ب تو کریم اور کریم بھی ایبا نہیں جس کا دوسرا یارت

লাজ রাখ লে গুনাহগারোঁ কী, নাম রাহমান হ্যা তেরা ইয়া রব! নাম সাতার হ্যা তেরা ইয়া রব! বে ছবব বখশ দে না পুছ আমল নামে গাফ্ফার হ্যা তেরা ইয়া রব! তূ করীম আওর করীম ভী অ্যায়সা কেহ্ নেহী জিসকা দোসরা ইয়া রব!

তারাবীহর জামাআত 'বিদআতে হাসানা' নতুন প্রচলিত পূণ্যময় কাজ

صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم নিজেও তারাবী পড়েছেন এবং এটাকে খুব পছন্দও করেছেন। কোরআনের ধারক, মদীনার সুলতান হ্যরত মুহাম্মদ مَسَّى اللهُ تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান বাণী, যে ব্যক্তি ঈমান ও সওয়াব অর্জনের উদ্দেশ্যে রমাযানে রাত্রি জাগরণ করে তার পূর্বাপর গুনাসমূহ ক্ষমা করে দেয়া হয়।' উম্মতের উপর তারাবী ফরয করে দেয়া হয় কিনা এই আশঙ্কায় রসূল مَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বাদ দিতেন, অতঃপর আমীরুল মু'মিনীন সায়্যিদুনা ওমর ফারুকে আ্যম غنه تعالى عنه তাঁর খিলাফতের সময় মাহে রমযানুল মুবারকের একরাতে মসজিদে দেখতে পেলেন যে.

কেউ একাকী আবার কেউ জামাআতে (তারাবিহ) পড়ছেন। এটা দেখে তিনি বললেন, আমি চাচ্ছি, সবাইকে এক ইমামের সাথে একত্রিত করে দেয়াই উত্তম হবে।

হ্**যরত মুহাম্মদ** ্ল্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

তাই তিনি হ্যরত সায়্যিদুনা উবাই ইবনে কা'ব نفی الله تکال عنه করে দিলেন। অতঃপর যখন দ্বিতীয় রাতে তাশরীফ আনলেন, তখন দেখলেন লোকেরা জামাআত সহকারে (তারাবীহ) আদায় করছেন। (তিনি খুব খুশী হলেন) আর বললেন نِعْمَ الْبِدُعَةُ هٰذِهِ অর্থাৎ এটা উত্তম বিদআত।

(বুখারী ঃ ১ম খন্ড , পৃঃ ৬৫৮, হাদিস নং -২০১০)

প্রিয় ইসলামী ভাইয়েরা ! আল্লাহর প্রিয় রাসূল مَلَّهِ وَسَلَّم وَالِهِ وَسَلَّم প্রাছিল রেখেছেন। শুধু এ আশঙ্কায় তারাবীহ সবসময় পড়েননি যে, তা আবার উদ্মতের উপর ফর্য হয়ে যায় কিনা। এ হাদিসে পাক থেকে কিছু সংখ্যক কুমন্ত্রণার চিকিৎসাও হয়ে গেলো। যেমন, তারাবীর নিয়ম মোতাবেক জামাআত হয়র مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم করেনে নি।

অনুরূপভাবে, ইসলামে ভাল পদ্ধতির প্রচলনের জন্য তাঁর গোলামদেরকে সুযোগ করে দিলেন যে কাজ সৃষ্টিকুল শ্রেষ্ঠ শাহে মদীনা صَلَّى اللَّهُ تَعَالَى عَنْهُ وَالِهِ رَالِهُ تَعَالَى عَنْهُ مَاهِ সায়িদুনা ফারুকে আযম وَضِى اللَّهُ تَعَالَى عَنْهُ اللَّهُ تَعَالَى عَنْهُ مَرَاللَّهُ تَعَالَى عَنْهُ وَالِهِ مَعَالَى عَنْهُ وَالِهِ مَعَالَى عَنْهُ وَالِهِ مَعَالَى عَنْهُ وَالِهِ কিয়ামত পর্যন্ত ভালো ভালো কাজ চালু করার জন্য নিজের পবিত্র প্রকাশ্য জীবদ্দশায়ই অনুমতি দান করেছিলেন।

যেমন শাহেনশাহে মাদীনা হযরত মুহাম্মদ ত্রুট্র হার্ট্র এর সম্মানিত বাণী হচ্ছে, কেউ ইসলামে উত্তম পদ্ধতি আবিস্কার করে সে সেটার সাওয়াব পাবে এবং যারা এরপর সে অনুযায়ী আমল করবে, তাদের সাওয়াবও পাবে কিন্তু আমলকারীর সাওয়াব কিছুই কম হবেনা। আর যে ব্যক্তি ইসলামে খারাপ পন্থা আবিস্কার করবে, তজ্জন্য তার গুনাহ হবে এবং তাদের গুনাহ ও তার উপর বর্তাবে যারা এরপর তদনুযায়ী আমল করবে, কিন্তু তাদের গুনাহে কোনরূপ কম করা হবে না।" (সহীহ মুসলিম , ১১৪৩৮ পৃষ্ঠা, ১০১৭ নং হাদিস)

হ্**যরত মুহাম্মদ** শ্লিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

১২ টি বিদআত ই হাসনা

এ হাদিসে মুবারক থেকে বুঝা গেলো যে, কিয়ামত পর্যন্ত ইসলামে ভালো ভালো নতুন নতুন পস্থা আবিস্কার করার অনুমতি রয়েছে। আর الْحَنْدُ بِللهُ عَزَّوَجُلَّ আবিস্কারও করা হচ্ছে। যেমন ঃ

- ১। হযরত সায়্যিদুনা ফারুকে আযম رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُ صَالَا تَعْمَالُ مَا تَعْمَالُ عَنْهُ مَا اللهُ تَعَالَى عَنْهُ مَا اللهُ تَعَالَى عَنْهُ مَا اللهُ تَعَالَى عَلَيْهِمُ الرِّضُون والله عَلَيْهِمُ الرِّضُون مَا مَا اللهُ عَلَيْهِمُ الرِّضُون مَا مَا اللهُ عَلَيْهِمُ الرِّضُون والله وَسَلَّم عَلَيْهِمُ الرِّضُون مَا مَا اللهُ عَلَيْهِمُ الرِّضُون والله وَسَلَّم عَلَيْهِمُ الرِّضُون والله وَالله وَسَلَّم عَلَيْهِمُ الرِّضُون والله وَالله وَاللهُ وَاللّهُ وَلّهُ وَاللّهُ وَاللّهُ
- ২। মসজিদে ইমামের জন্য পৃথক মেহরাব ছিলোনা। সর্বপ্রথম হযরত সায়্যিদুনা ওমর ইবনে আবদুল আযীয غنه الله تَعَالَى عنه মসজিদে নবভী শরীফ وَاذَبَا للهُ شَرَفًا وَ মসজিদে এন তুন আবিস্কার (বিদআত হাসানা) এর এতোটুকু গ্রহণযোগ্যতা অর্জিত হয়েছে যে, এখন সারা দুনিয়ার মসজিদের পরিচয় হয় এরই মাধ্যমে।
- ৩। অনুরূপভাবে মসজিদগুলোর উপর গমুজ ও মিনার নির্মাণও পরবর্তী সময়ের আবিস্কার, বরং কা'বার মিনারগুলোও শাহেনশাহে মদীনা হযরত মুহাম্মদ مَنَّى اللهُ وَسَلَّم अ সাহাবা ই কেরাম عَلَيْهِمُ الرِّضْءَال عَلَيْهِمُ الرِّضْءَال अ সাহাবা ই কেরাম عَلَيْهِمُ الرِّضْءَال عَلَيْهِمُ الرِّضْءَال اللهُ وَسَلَّم
- 8। ঈমানে মুফাস্সাল।
- 🕻। ঈমানে মুজমাল।
- ৬। ছয় কলেমা, সেগুলোর সংখ্যা ও সেগুলোর নাম।
- ৭। কোরআনে পাকের ত্রিশ পারা বানানো, যের যবর পেশ লাগানো, সেগুলোতে রুক্ বানানো, ওয়াকফ চিহ্ন লাগানো, এবং নোকতাগুলো লাগানোও পরবর্তীতে হয়েছে এবং সুন্দর সুন্দর কপি করে ছাপানো ইত্যাদিও।
- ৮। বরকতময় হাদিসগুলোর কিতাবাকারে ছাপানো, সেগুলোর সনদ বা সূত্রগুলো যাচাই বাছাই করা, সেগুলোর মধ্যে সহীহ, হাসান (সঠিক ও বিশুদ্ধ), যঈফ ও

হযরত মুহাম্মদ শ্রিঞ্জি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

মওদূ' (দূর্বল ও বানোয়াট) ইত্যাদির প্রকারভেদ করা।

৯। ফিকহ, উসূল ই ফিকহ ও ইলমে কালাম (ইসলামী যুক্তিশাস্ত্র)।

১০। যাকাত ও ফিত্রা প্রচলিত মূদ্রা (ফটো সম্বলিত টাকার নোট) দ্বারা পরিশোধ করা।

১১। উট ইত্যাদির পরিবর্তে জাহাজ ও বিমানযোগে হজ্জের সফর করা।

১২। শরীয়ত ও তরীকতের চার সিলসিলা, অর্থাৎ হানাফী, শাফেঈ, মালেকী ও হাম্বলী, অনুরূপভাবে কাদেরী, নকশবন্দী, সোহরাওয়ার্দী ও চিশতী।

প্রত্যেক বিদ'আত পথভ্রম্ভতা নয়

কারো মনে এ প্রশ্ন আসা অস্বাভাবিক নয় যে, হাদিসে পাকে বর্ণিত হয়েছে, كُلُّ بِدُعَةٍ ضَلَالَةٌ وَّكُلُّ ضَلَالَةٍ فِيَ النَّارِ . র অর্থাৎ "প্রত্যেক বিদ'আত (নতুন বিষয়) পথদ্রষ্টতা আর প্রত্যেক পথদ্রষ্টতা জাহান্নামে (নিয়ে যাবে)।"

(সুনানে নাসায়ী, খন্ড-০২, পৃষ্টা-১৮৯)

شَرُّالًا مُوْرِ مُحْدَثَا تُهَاوَكُلُّ بِدْعَةٍ ضَلَالَة

অর্থাৎ ঃ- 'সবচেয়ে মন্দ কাজ হচ্ছে নতুন কাজ উদ্ভাবন করা, আর প্রত্যেক বিদ'আত (নতুন কাজ) ভ্রষ্টতা।' (সহীহ মুসলিম শরীফ, পৃ: ৪৩০, হাদীস নং : ৮৬৭)

এই হাদিস শরীফের অর্থ কি? এর জবাব হচ্ছে— হাদিসে পাক সঠিক (সত্য)। এখানে বিদ'আত ই সাইয়্যেআহ অর্থাৎ মন্দ বিদ'আত। নিশ্চয়ই এমন প্রতিটি বিদ'আত মন্দ, যা কোন সুন্নতের পরিপন্থী কিংবা সুন্নতকে বিলীন করে। যেমন ঃ- অন্য হাদীস সমূহে এই মাসআলার আরো বেশি ব্যাখ্যা বিশ্লেষণ রয়েছে।

যেমন আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ مَلَّهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, 'ঐ সমস্ত গোমরাহকারী বিদআত, যাতে আল্লাহ তাআলা ও তার রসূল হযরত মুহাম্মদ مَلَّهُ اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আসন্ত প্রান্ত বিদআত প্রচলনকারীর উপর সেই বিদআত আমলকারীর সমান গুনাহ অর্পিত হবে। আমলকারীর গুনাহে কোন কম হবে না।'

(জামে তিরমিয়ী, খন্ড-৪র্থ, পৃষ্ঠা-৩০৯, হাদীস নং-২৬৮৬)

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

অপর হাদীসে পাকে আরো স্পষ্টভাবে দেখুন। যেমন উম্মুল মু'মিনীন সায়্যিদাতুনা মা আয়িশা وَضِى اللهُ تَعَالَىٰ عَنْهَ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মহাম্মদ صَلَّى اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

مَنْ اَحْدَثَ فِي أَمْرِنَا هٰذَا مَا لَيْسَ فِيهِ فَهُوَ رَدُّ

অনুবাদ ঃ- যে আমাদের ধর্মে এমন নতুন কথা বা কাজ সৃষ্টি করবে যা ধর্মের মূলে নেই তা বাতিল। (সহীহে বুখারী শরীফ, খভ-৬ষ্ঠ, পৃষ্ঠা-২১১, হাদীস নং-২৬৯৭)

এই সমস্ত হাদীসে মুবারাকার মাধ্যমে বুঝা গেল, এমন নতুন কাজ যা সুনুত থেকে দূরে সরিয়ে গোমরাহীর দিকে নিয়ে যায়, যার ভিত্তি ধর্মে নেই তা "বিদআতে সায়্যিআ" তথা "মন্দ বিদআত"। যদি ধর্মে এমন নতুন কাজ যা সুনুতের উপর আমল করার ক্ষেত্রে সহযোগীতা করে আর যার ভিত্তি ধর্মে আছে তা হচ্ছে "বিদআতে হাসানা" তথা ভাল বিদআত।

বিদআতে হাসানা ব্যতীত মানুষ চলতে পারেনা

যে কোন অবস্থায় ভাল ও মন্দ বিদআতগুলোর প্রকারভেদ করা জরুরী। অন্যথায় কিছু ভালো ভালো বিদ'আত এমনও রয়েছে যে, যদি সেগুলোকে শুধু এজন্য ছেড়ে দেয়া হয় যে, 'কুরুনে ছালাছাহ' অর্থাৎ সৃষ্টিকুল শ্রেষ্ঠ, সাহাবায়ে কেরাম ও তাবে'ঈনে عَلَيْهِمُ الرِّفْوَالُ এর নূরানী যুগগুলোতে ছিলোনা, তাহলে দ্বীনের বর্তমান জীবন ব্যবস্থাই চলতে পারেনা। যেমন দ্বীনী মাসআলাগুলো, সেগুলোর মধ্যে দরসে নেযামী, কোরআন ও হাদিসসমূহ এবং ইসলামী কিতাবগুলো প্রেসে ছাপানো ইত্যাদি। এসব কাজই বিদ'আত ই হাসানারই সামিল।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

কেউ আযানের আগে দুরুদ ও সালাম পড়ার প্রচলন করে দিয়েছেন, কেউ ঈদে মীলাদুরবী صَلَّى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم উদ্যাপনের সুন্দর সুন্দর পন্থা বের করেছেন, তারপর তাতে আলোকসজ্জা করা, সবুজ সবুজ পতাকা সজ্জিত করে, 'মারহাবা মারহাবা' আকাশ বাতাস মুখরিতকারী শ্লোগান সহকারে, মাদানী জুলূস বের করার আমেজ শুরু করে দিয়েছেন, কেউ গেয়ারভী শরীফ, কেউ বুযুর্গানে দ্বীন এব তরুস শরীফের বুনিয়াদ রেখেছেন, আর এখনো এ সিলসিলা অব্যাহত রয়েছে। الْكُنْهُ الله عَزَوْجَلَ (অর্থাৎ আল্লাহ তাআলার যিকর করো) এবং صَلُّوا عَلَى (অর্থাৎ হাবীবের উপর দুরুদ পাঠ করো।)

এর নারা লাগানো (শ্লোগান দেয়া) এর একেবারে নতুন নিয়ম বের করে আল্লাহ আল্লাহ যিকির এবং দুরুদ ও সালামের মধুমাখা সুন্দর নিয়ম চালু করেছেন।

الله کرم ایساکرے تجھ پہ جہاں میں ا اے دعوتِ اسلامی تری دھوم مچی ہو

আল্লাহ করম এয়সা করে তুঝ পে জাহাঁ মে, আয় দাওয়াতে ইসলামী তেরি ধূম মাচী হো।

হ্যরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

সবুজ গমুজের ইতিহাস

সবুজ গমুজ, যার দীদারের জন্য প্রতিটি আশিকের হৃদয় ব্যতিব্যস্ত হয়ে থাকে, আর চক্ষু অশ্রুসজল হয়ে যায়, এটাও বিদআতে হাসানা। কেননা হয়রত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর প্রকাশ্য বেসাল শরীফের অনেক বছর পর তা নির্মিত হয়েছে। এ সম্পর্কে সংক্ষেপে কিছুটা জেনে নিন।

মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ الله تَعَالُ وَ مَا الله تَعَالَى وَ الله وَالله وَ الله وَالله و

৯৮০ হিজরী / ১৫৭২ খৃষ্টাব্দে চূড়ান্ত সুন্দর গমুজ নির্মাণ করা হলো। আর সেটাকে রংবেরং এর পাথর দিয়ে সাজানো হলো। তখন সেটার এক রং রইলনা। সম্ভবতঃ স্থাপত্য শিল্পের চিন্তাকর্ষক ও দৃষ্টি কেড়ে নেয়ার মতো দৃশ্যের কারণে সেটা রংবেরংয়ের গমুজ হিসেবে প্রসিদ্ধি লাভ করলো। ১২৩৩ হিজরী / ১৮১৮ খৃষ্টাব্দে সম্পূর্ণ নতুনভাবে সেটা নির্মাণ করা হলো। এরপর এ পর্যন্ত কেউ তাতে পরিবর্তন করেনি। অবশ্য, সবুজ রং এ সৌভাগ্য পেতে লাগলো যে, তা রংকর্মীদের হাতের মাধ্যমে সেটার গায়ে লেগে যাচ্ছে।

'গুম্বদে খাদ্বরা' (সবুজ গুম্বদ) যা নিঃসন্দেহে বিদ'আতে হাসানা' তা আজ সারা দুনিয়ার মুসলমানদের প্রত্যাবর্তনের বরকতময় স্থান, চোখের জ্যোতি এবং হৃদয়ের প্রশান্তি। আঁর নাটে তা সেটাকে দুনিয়ার কোন শক্তি বিলীন করতে পারবেনা। যে সেটাকে বিরোধীতার কারণে নিশ্চিহ্ন করতে চাইবে, আল্লাহর পানাহ! সে নিজেই নিশ্চিহ্ন হয়ে যাবে। কবি ফরিয়াদ করছেন ঃ

হ্যরত মুহাম্মদ শ্লিষ্টি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

ত্রি নির্মান ক্রি ছিল দুরা ছিল তে ক্রি দুর্মান ক্রি দুর

এগুলোর মতো সমস্ত নতুন আবিস্কৃত নেক কাজের বুনিয়াদ ওই হাদিসে পাক যা মুসলিম শারীফের বর্ণনায় ইতোপূর্বে উল্লেখ করা হয়েছে, যাতে এরশাদ হয়েছে, যে কেউ ইসলামে ভালো পদ্ধতি চালু করে, সে তার সাওয়াব পাবে এবং তাদের সাওয়াবও যারা এর পর তদনুযায়ী আমল করবে।*

صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم مَا اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم الله

প্রিয় ইসলামী ভাইয়েরা! আকিদা ও আমল পরিশুদ্ধ করার এবং ধর্মীয় জরুরী বিষয়াদী জানার জন্য তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী কাফিলায় সফর করাকে নিজ অভ্যাসে পরিণত করুন। তির্কুট্র কাঁওয়াতে ইসলামী আহ্লে হকদের সুনুতে ভরপুর সংগঠন। এর একটি ঈমান তাজাকারী ঘটনা শুনুন ও বিমোহিত হোন। যেমন তাবলীগে কুরআন ও সুন্নাতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর ৩ দিনের আন্তর্জাতিক সুনুতে ভরা ইজতিমা শেষে (মুলতান) থেকে আশিকানে রসূলগণের অসংখ্য মাদানী কাফিলা সুনুতের প্রশিক্ষণের জন্য শহর থেকে শহরে, গ্রাম থেকে গ্রামান্তরে সফরে রওয়ানা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় আন্তর্জাতিক সুনুতে ভরা ইজতিমা ১৪২৬ হিজরীতে আগরাতাজ কলনী বাবুল মদীনা করাচী এর একটি মাদানী কাফিলা সফরের নিয়ম মোতাবেক একটি মসজিদে পৌঁছে অবস্থান করছিল। রাত্রে যখন সবাই ঘুমিয়ে পড়ল তখন মাদানী কাফিলায় অংশগ্রহণকারী এক নতুন ইসলামী ভাইয়ের ভাগ্য

(*) মুফতী আহমদ ইয়ার খান নঈমী کَنْهُ اللّٰه تَعَالَ عَلَيْهِ এর প্রসিদ্ধ কিতাব 'জাআল হক্ব' বিদআত ও বিদআতের প্রকারভেদ ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা রয়েছে। বিস্তারিত জানার জন্য সেটা পর্যালোচনা করা যেতে পারে।

হ্যরত মুহাম্মদ্লিট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

চমকে উঠল। এবং তার স্বপ্নযোগে মদীনার তাজেদার হযরত মুহাম্মদ مَثَى اللهُ تَعَالَىٰ এর দিদার নসিব হয়ে গেল। তিনি অত্যন্ত আনন্দিত হলেন। দা'ওয়াতে ইসলামীর সত্যতা মনে প্রাণে জেনে নিয়ে মাদানী পরিবেশের সাথে সম্পুক্ত হয়ে গেলেন।

کوئی آیا پاکے چلا گیا کوئی عمر بھر بھی نہ پاسکا ہے۔ بین فیطے ہے بڑے نصیب کی بات ہے

কুয়ি আয়া পা-কে চালা গেয়া কুয়ি উমর ভরভী না পা ছেকা, ইয়ে বড়ে করমকে হি ফয়সেলে ইয়ে বড়ে নসীব কি বাত হায়।

নেককারদের ভালবাসার ফ্যীলত

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! আশিকানে রসূলদের সাহচার্যের বরকতে এক সৌভাগ্যবান ইসলামী ভাই এর জীবনে তাজেদারে রিসালাত হযরত মুহাম্মদ عَنْيُهِ وَالِهِ وَسَلَّم এর যিয়ারত নসীব হয়ে গেল। এজন্য সর্বদা উত্তম সঙ্গ বেছে নেয়া চাই ও ভাল লোকদের ভালবাসা চাই। মাদানী কাফিলায় সফরকারী সৌভাগ্যবানদের ও নেককার লোকদের মুহাব্বত করার উত্তম সুযোগ হয়ে যায়। আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য নেককার লোকদের ভালবাসার সাতটি ফ্যীলত শ্রবণ করুন এবং আন্দোলিত হোন।

- (১) আল্লাহ তা'আলা কিয়ামতের দিন বলবেন, ওরা কোথায়, যারা আমার সম্মানার্থে একে অপরকে ভালবাসত, আজ আমি তাদেরকে আমার (আরশের) ছায়াতলে রাখব। আজ আমার (আরশের) ছায়া ব্যতীত অন্য কোন ছায়া নেই। (মুসলিম, পৃষ্ঠা-১৩৮৮, হাদীস-২৫৬৬)
- (২) আল্লাহ তা'আলা ইরশাদ করেন, যে সমস্ত লোক আমার জন্য পরস্পরের মধ্যে ভালবাসা রাখে এবং আমারই জন্য একে অপরের কাছে বসে এবং পরস্পরের মধ্যে মেলামেশা করে আর টাকা খরচ করে, তাদের জন্য আমার ভালবাসা ওয়াজিব হয়ে গেল। (মুআল্লা, খড-২য়, পৃষ্ঠা-৪৩৯, হাদীস নং-১৮২৮)

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

(৩) আল্লাহ তাআলা ইরশাদ করেছেন, যে সমস্ত লোক আমার সম্মানের জন্য একে অপরের সাথে মুহব্বত রাখে তাদের জন্য নূরের মিম্বর হবে যা দেখে নবী ও শহীদগণ তাদের প্রতি ঈর্ষান্বিত হবেন অর্থাৎ পাওয়ার আকাঙ্খা ব্যক্ত করবেন।)

(সুনানে তিরমিযী, খভ-৪র্থ, পৃষ্ঠা-১৭৪, হাদীস নং-২৩৯৭, দারুল ফিকর, বৈরুত)

(৪) দু' ব্যক্তি একে অপরকে আল্লাহর ওয়াস্তে মুহাব্বত করল যাদের একজন পূর্বে ও অপরজন পশ্চিমে, কিয়ামতের দিনে আল্লাহ তা'আলা উভয়কে একত্রিত করবেন এবং বলবেন, এই সেই ব্যক্তি যাকে তুমি আমার জন্য ভালবাসতে।

(শুআবুল ঈমান, খন্ড-৬ষ্ঠ, পৃষ্ঠা-৪৯২, হাদীস নং-৯০২২, দারুল কুতুবিল ইলমিয়্যাহ্, বৈরুত)

(৫) জান্নাতে ইয়াকুত পাথরের স্তম্ভ রয়েছে যার উপর জবরজদ পাথরদ্বারা নির্মিত বালাখানা রয়েছে, আর সেটা এমনই উজ্জল যেন আলোকিত নক্ষত্রের মত। লোকেরা আরজ করলেন, ইয়া রাস্লুল্লাহ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বললেন, ঐ সমস্ত লোক যারা আল্লাহ তাআলার জন্য পরস্পরের মধ্যে মুহাব্বত রেখেছে, একই জায়গায় বসে, একে অপরের সাথে মিলামিশা করেছে।

(শুআবুল ঈমান, খন্ড-৬ষ্ঠ, পৃষ্ঠা-৪৮৭, হাদীস নং-৯০০২, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত)
(৬) আল্লাহর ওয়ান্তে মুহাব্বতকারী আরশের পাশে ইয়াকুত পাথরের চেয়ারে বসা

থাকবে। (আল মুজামুল কবির, খন্ড-৪র্থ, পৃষ্ঠা-১৫০, হাদীস নং-৩৯৭৩, দারু ইহইয়ায়িত

তারাসিল আরবী, বৈরুত)

(৭) যে ব্যক্তি কারো সাথে আল্লাহর ওয়াস্তে ভালবাসা রাখে, আল্লাহর ওয়াস্তে শত্রুতা রাখে, আল্লাহর ওয়াস্তে দান করে, আল্লাহর ওয়াস্তে বিরত থাকে তাহলে সে নিজের ঈমান পরিপূর্ণ করল। (সুনানে আরু দাউদ, খন্ড-৪র্থ, পৃষ্ঠা-২৯০, হাদীস নং-৪৬৮১)

তারাবীর ৩৫ টি মাদানী ফুল

১। তারাবীহ্ প্রত্যেক বিবেকবান ও বালেগ ইসলামী ভাই ও ইসলামী বোনের জন্য সুনুতে মুআক্কাদাহ। (দুররুল মুখতারঃ ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৩) সেটা বর্জন করা জায়িয নেই।

হ্যরত মুহাম্মদ ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

২। তারাবীর নামায বিশ রাকাআত। সায়্যিদুনা ফারুকে আযম وَضِىَاللَّهُ تَعَالَىٰ عَنْهُ سَالِمُ اللَّهُ تَعَالَىٰ عَنْهُ শাসনামলে বিশ রাকাতই পড়া হতো।

(আস্সুনানুল কুবরা, বায়হাকী ঃ ২য় খন্ত, পৃষ্ঠা ৬৯৯, হাদিস নং ৪৬১৭ নং হাদিস)

৩। তারাবীর জামাআত সুনুতে মুআক্কাদাহ আলাল কেফায়া। সুতরাং যদি
মসজিদের সবাই ছেড়ে দেয় তবে সবাই তিরস্কারযোগ্য কাজ করলো। (অর্থাৎ মন্দ কাজ করলো)। আর যদি কয়েকজন লোক জামাআত সহকারে পড়ে, তবে যারা একাকী পড়েছে, তারা জামাআতের ফযীলত থেকে বঞ্চিত হয়েছে।

(হেদায়া ১ম খন্ড, পৃষ্ঠা ৭০)

8। তারাবীর নামাযের সময় হল এশার ফরয নামায পড়ার পর থেকে সুবহে সাদিক পর্যন্ত। এশার ফরয আদায় করার পূর্বে পড়ে নিলে বিশুদ্ধ হবে না।

(আলমগিরী, ১ম খন্ড, পৃষ্ঠা ১১৫)

ে। এশার ফরয ও বিতরের পরও তারাবী পড়া যায়। (দুররে মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৪) যেমন, কখনো ২৯ শে রমযান চাঁদ দেখার সাক্ষী পেতে দেরী হলে এমনই ঘটে থাকে।

- ৬। মুস্তাহাব হচ্ছে– তারাবীতে রাতের এক তৃতীয়াংশ পর্যন্ত দেরী করা। যদি অর্ধ রাতের পরেও পড়ে তবুও মাকরূহ হবে না। (দুররে মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৫)
- ৭। তারাবীহ ছুটে গেলে তার কাযা নেই। (দুররে মুখতার, ২য় খন্ড, ৪৯৪ পৃষ্ঠা)
- ৮। উত্তম হচ্ছে— তারাবীর বিশ রাকআত নামায দুই দুই রাকআত করে দশ সালাম সহকারে সম্পন্ন করা। (দুররে মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৫)
- ৯। তারাবীর ২০ রাকাআত নামায এক সালাম সহকারে সম্পন্ন করা যায়, কিস্তু এমন করা মাকরুহ। প্রতি দু'রাকআত পর কাদাহ করা (বসা) ফরয।

প্রত্যেক কাদায় (আত্তাহিয়্যাত) এর পর দুরুদ শরীফ ও পড়বে। আর বিজোড় রাকআত অর্থাৎ ১ম, ৩য়, ৫ম, ইত্যাদিতে সানা পড়বে, আর ইমাম আউযু বিল্লাহ এবং বিসমিল্লাহও পড়বেন। (আদ্দুররুল মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৬)

হ্যরত মুহাম্মদ ্ল্লিই ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

১০। যখন দু' দু' রাকাআত করে পড়ছে, তখন প্রতি দু' রাকাআতে পৃথক পৃথক নিয়্যত করবে। আর যদি বিশ রাকাআতের একসাথে নিয়্যত করে নেয়, তবেও জায়িয। (আদ্দুররুল মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৪)

كه । বিনা ওযরে তারাবী বসে পড়া মাকরুহ। বরং কোন কোন সম্মানিত ফকীহ । বিনা ওযরে তারাবী বসে পড়া মাকরুহ। বরং কোন কোন সম্মানিত ফকীহ لرَحِبَهُمُ اللّٰهُ تعالىٰ মতে তো নামাযই হবে না। (আদ্দররুল মুখতার, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯৯)

১২। তারাবী জামাআত সহকারে মসজিদে আদায় করা উত্তম। যদি জামাআত সহকারে ঘরে পড়ে নেয়, তবে জামাআত বর্জনের গুনাহ হবেনা। কিস্তু ওই সাওয়াব পাবেনা, যা মসজিদে পড়লে পেত। (আলমগীরি, ১ম খন্ড, পৃষ্ঠা ১১৬)

মসজিদে এশার নামায জামাআত সহকারে আদায় করে ঘরে পরিবার পরিজন নিয়ে তারাবী নামাজ আদায় করা যাবে। যদি শারয়ী গ্রহণ যোগ্য ওজর ব্যতীত ঘরে বা অন্য কোথাও এশার ফরজ নামাজের জামাআত আদায় করা হয় তাহলে ওয়াজিব তরক করার গুনাহ্ হবে।

১৩। না বালেগ ইমামের পেছনে শুধু না বালেগরাই তারাবী পড়তে পারবে।

১৪। বালেগের তারাবী (বরং যেকোন নামায, এমনকি নফলও) না বালেগের পেছনে আদায় হবে না।

১৫। তারাবীতে কমপক্ষে একবার কোরআন পাক পড়া ও শুনা সুন্নাতে মুআক্কাদা। (সংশোধিত ফতোয়ায়ে রযাবীয়্যাহ, ৭ম খন্ড, পৃষ্ঠা ৪৫৮)

১৬। যদি শর্তাবলী বিশিষ্ট হাফিয় পাওয়া না যায় কিংবা অন্য কোন কারণে খতম করা সম্ভব না হয়, তবে তারাবীতে যেকোন সূরা পড়তে পারবে। তবে সূরা ফীল থেকে সূরা নাস পর্যন্ত দু'বার পড়ে নিন, এভাবে বিশ রাকাআত স্মরণ রাখা সহজ হবে।

১৭। একবার بِسَمِ اللهِ الرَّحُمٰنِ الرَّحِيْم উচ্চ আওয়াজে পড়া সুন্নাত। প্রত্যেক সুরার শুরুতে আস্তে পড়া মুস্তাহাব। পরবর্তী যুগের ফকীহগণ رَحِبَهُمُ اللهُ تعالى খতমে তারাবীতে তিনবার কুল হুয়াল্লাহু শরীফ পড়া মুস্তাহাব বলেছেন। তাছাড়া উত্তম হচ্ছে, খতম করার তারিখে সর্বশেষ রাকাআতে আলিফ লাম মীম থেকে মুফলিহুন পর্যন্ত পড়া। (বাহারে শরীআত, খভ-৪র্থ, প্-৩৭)

হযরত মুহাম্মদ ্ল্ল্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

১৮। যদি কোন কারণে তারাবীর নামায ভঙ্গ হয়ে যায়, তবে যেই পরিমাণ কোরআন মজীদ ওই রাকাআতগুলোতে পড়েছিলো সে পরিমাণ পুনরায় পড়বে, যাতে খতম অসম্পূর্ণ থেকে না যায়। (আলমগীরী, খভ-১ম, পৃ-১১৮)

১৯। ইমাম ভুলবশতঃ কোন আয়াত কিংবা সূরা ছেড়ে আগে বেড়ে গেলে, তখন মুস্তাহাব হচ্ছে সেটা প্রথমে পড়ে নেবে, তারপর সামনে বাড়বে।

(আলমগীরী, খন্ড-১ম, প্-১১৮)

২০। পৃথক পৃথক মসজিদে তারাবীহ পড়তে পারে, যদি খতমে কোরআনের ক্ষতি না হয়। উদাহরণ স্বরূপ, তিনটি মসজিদ এমনি যে, সে গুলোতে প্রতিদিন সোয়া পারা পড়া হয়, সুতরাং তিনটিতেই পালা পালা করা যেতে পারে।

২১। দু রাকাআতের পর বসতে ভুলে গেলে। তাহলে যতক্ষণ পর্যন্ত তৃতীয় রাকাআতের সাজদা করবে না, বরং বসে যাবে এবং শেষভাগে 'সাজদাই সাহ' করবে। আর যদি তৃতীয় রাকাআতের সিজদা করে নেয় তবে চার রাকাআত পূর্ণ করবে, কিন্তু এগুলো দুরাকাআত হিসেবে গণ্য হবে। অবশ্য যদি দু রাকাআত পড়ে কাদাহ করতো, তবে চার রাকাআত বলে গণ্য হতো। (আলমগীরী, খভ-১ম, প্-১১৮) ২২। তিন রাকাআত পড়ে সালাম ফেরালো। যদি দিতীয় রাকাআতে না বসে থাকে, তবে কিছুই হলো না। এগুলোর পরিবর্তে দু রাকাআত পুনরায় পড়বে।

(আলমগীরী, খন্ড-১ম, পৃ-১১৮)

২৩। সালাম ফেরানোর পর কেউ বলছেন দু রাকাআত হয়েছে। আবার আর কেউ বলছে তিন রাকাআত হয়েছে। এমতাবস্থায় ইমামের যা স্মরণ পড়বে, তাই গ্রহণযোগ্য হবে। আর যদি ইমামও সিদ্ধান্তহীনতায় ভোগেন, তবে তাদের মধ্যে যার কথার উপর নির্ভর করা যায় তার কথা মেনে নেবে।

(আলমগীরী, খন্ড-১ম, পৃ-১১৭)

২৪। যদি মুসল্লীদের সন্দেহ হয়। বিশ রাকাআত হলো? না আঠার রাকাআত। তাহলে দুরাকাআত পৃথক পৃথকভাবে পড়ে নেবেন। (আলমগীরী, খভ-১ম, পৃ-১১৭) ২৫। উত্তম হচ্ছে- প্রতি দুরাকাআত সমান হওয়া। এমন না হলেও কোন ক্ষতি হ্যরত মুহাম্মদ শ্লিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

নেই। অনুরূপভাবে প্রতি দুরাকাআতে প্রথম ও দ্বিতীয় রাকাআতের কিরাআত সমান হবে। দ্বিতীয় রাকাআতের কিরাআত প্রথম রাকাআত অপেক্ষা বেশী না হওয়া চাই।

২৬। ইমাম ও মুক্তাদী প্রতি দু রাকাআতের প্রথম রাকাআতে সানা পড়বেন। (ইমাম আউযু বিল্লা এবং বিসমিল্লাহও পড়বেন)

২৭। যদি মুক্তাদীদের উপর ভারী অনুভূত হয় তাহলে তাশাহহুদের পর اللَّهُمَّ صَلِّ عَلَى अ এর উপর সংক্ষিপ্ত করবেন। (দুররে মুখতার, খন্ড-২য়, পৃ-৪৯৯)

২৮। যদি ২৭ তারিখ (কিংবা এর পূর্বে) কোরআন পাক খতম হয়ে যায়, তবুও রমযানের শেষ দিন পর্যন্ত তারাবীহ পড়তে থাকবেন। এটা সুন্নাতে মুআক্কাদা।

(আলমগীরী, খড-১ম, প্-১১৮)

২৯। প্রতি চার রাকাআতের পর ততটুকু সময় পর্যন্ত বিশ্রামের জন্য বসা মুস্তাহাব, যতক্ষণ সময় চার রাকাআত পড়তে লেগেছে। এ বিরতিকে 'তারভীহা' বলে। (আলমগীরী, খন্ড-১ম, পূ-১১৫)

৩০। তারভীহ এর মধ্যভাগে ইখতিয়ার রয়েছে- চাই নিশ্চুপ বসে থাকুক, কিংবা যিকর, দুরূদ ও তিলাওয়াত করুক অথবা একাকী নফল পড়ক।

(দুররে মুখতার, খন্ড-২য়, পু-৪৯৭)

নিমুলিখিত তাসবীহ পড়তে পারেঃ

سُبْحَانَ ذِى الْمُلُكِ وَالْمَلَكُوتِ سُبْحَانَ ذِى الْعِزَّتِ وَالْعَظَمَتِ وَالْهَيْبَتِ وَالْقُدْرَةِ وَالْكِبْرِيَاءِ وَالْجَبَرُوْتِ سُبْحَانَ الْحَيِّ الَّذِى وَالْهَيْبَتِ وَالْقُدْرَةِ وَالْكِبْرِيَاءِ وَالْجَبَرُوْتِ سُبْحَانَ الْحَيِّ الَّذِى لَا يَمُوتُ سُبُّوَحُ قُدُّوْشُ رَّبُّنَا وَرَبُّ الْمَلْمِكَةِ وَالرُّوْجِ لَا يَمُوتُ سُبُّوَحُ قُدُّوْشُ رَّبُّنَا وَرَبُّ الْمَلْمِكَةِ وَالرُّوْجِ لَا يَمُونُ النَّارِ يَامُجِيْرُ يَامُجِيْرُ يَا مُجِيْرُ لِيَ مِنَ النَّارِ يَامُجِيْرُ يَامُجِيْرُ يَا مُجِيْرُ لَا مُجِيْرُ لِيَحْمَتِكَ يَا اللَّهُمَّ اَجِرْنِيْ مِنَ النَّارِ يَامُجِيْرُ يَامُجِيْرُ يَا مُجِيْرُ لَا مُجِيدُ لَا مُجِيدُ لَا مُجِيدُ لَا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الرَّاحِمِيْنَ النَّارِ اللَّهُ الْمُؤْمِنَ النَّارِ اللَّهُ الْمُؤْمِنَ النَّالِ اللَّهُ الْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنِينَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنِي الْمُؤْمِنِيِّ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللْمُؤْمِنِ اللَّهُ الْمُؤْمِنُ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنُ اللْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنُ اللْمُؤْمِنِ اللْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنِ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنِ اللْمُؤْمِنِ اللْمُؤْمِنُ اللْمُومُ اللَّهُ الْمُؤْمُ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنِ اللْمُؤْمِنِ اللْمُؤْمِنُ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنُ اللْمُؤْمِنُ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللْمُؤْمُ اللْمُؤْمُ اللْمُؤْمُ اللْمُؤْمُ الْمُؤْمُ اللْمُؤْمُ اللْمُؤْمُ

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

৩১। বিশ রাকআত শেষ হয়ে যাওয়ার পর পঞ্চম তারভীহরও (বসা) মুস্তাহাব। যদি লোকজন তা ভারী মনে করেন তবে পঞ্চমবার বসবেন না।

(আলমগীরি ১ম খন্ড, পৃষ্ঠা ১১৫)

৩২। কিছু সংখ্যক মুক্ততাদী বসে থাকে। যখন ইমাম রুকুতে যাবার নিকটে হন তখন দাঁড়িয়ে যায়। এটা মুনাফিকদের মতো কাজ। যেমন, আল্লাহ তাআলা বলেন,

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

এবং (মুনাফিক) যখন নামাযে দণ্ডায়মান হয় তখন দাঁড়ায় অলসভাবে। وَ إِذَا قَامُوْا إِلَى الصَّلُوةِ قَامُوْا كُسَالًى قَامُوْا كُسَالًى

(সূরা-নিসা, আয়াত-১৪২, পারা-৫)

ফরযের জমাআতেও যদি ইমাম রুকু থেকে উঠে যায়, তবে সিজদা ইত্যাদিতে তাৎক্ষণিকভাবে শরীক হয়ে যাবেন। অনুরূপভাবে, ইমাম যদি কাদায়ে উলা প্রথম বা মধ্যবর্তী বৈঠক) এ থাকেন তবুও তাঁর দাঁড়ানোর অপেক্ষা করবেন না, বরং শামিল হয়ে যাবেন। যদি ক্বাদায় শামিল হন, কিন্তু ইমাম দাঁড়িয়ে গেলেন, তাহলে 'আত্তাহিয়্যাত' পূর্ণ না করে দাঁড়াবেন না।

(বাহারে শরীআত, ৪র্থ খন্ড, পৃষ্ঠা ৩৬ / গুনীয়াতুল মুজাআল্লা পৃষ্ঠা ৪১০)

- ৩৩। রমাযান শরীফে বিতর জমাআত সহকারে পড়া উত্তম। কিন্তু যে ব্যক্তি এশার ফরয জমা'আত ছাড়া পড়ে সে যেন বিতর ও একাকী পড়ে।
- ৩৪। এক ইমামের পেছনে এশার ফরয, দ্বিতীয় ইমামের পেছনে তারাবীহ এবং তৃতীয় ইমামের পেছনে বিতর পড়লে ক্ষতি নেই।
- ৩৫। হ্যরত সায়্যিদুনা ওমর ফারুকে আযম غنه تعالی عنه ফরয ও বিতরের জমাআত পড়াতেন আর হ্যরত উবাই ইবনে কাব غنه الله تعالی عنه তারাবীহ পড়াতেন। (আলমগীরি ১ম খন্ড, পৃষ্ঠা ১১৬)

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

হে আমাদের প্রিয় আল্লাহ তাআলা! আমাদেরকে সৎকর্মপরায়ণ, নিষ্ঠাবান ও বিশুদ্ধভাবে পড়েন এমন হাফেয সাহেবের পেছনে নিষ্ঠা ও দৃঢ়চিত্তে প্রতি বছর তারাবী আদায় করার সৌভাগ্য দান করুন এবং কবূল করুন!

صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم आभीन विकारिन्नाविशिष्ठिण आभिन مُلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

ক্যান্সার রোগ ভাল হয়ে গেল

হাবীব اَلْحَيْدُولِهُ وَسَلَّم এর অশেষ দয়া আর মেহেরবানী রয়েছে যে, বারবার শুনে আসছি, ডাক্তাররা যে রোগের চিকিৎসা নেই বলে ঘোষণা দিয়েছেন, মাদানী কাফিলায় দোয়ার বরকতে তার চিকিৎসা হয়ে যায়। যেমন মায়ীপুর বাবুল মদীনা, করাচী এর এক ইসলামী ভাই এই ঈমান তাজাকারী ঘটনা লিখে পাঠিয়েছেন যার সার সংক্ষেপ এই রকম ছিল যে, হাকিছবে বাবুল মদীনা করাচীর এক স্থায়ী ইসলামী ভাইয়ের ক্যাসার রোগ ছিল। তিনি কুরআন ও সুন্নাত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সফর করার সৌভাগ্য অর্জন করেন।

সফরের সময়কালে বেচারা যথেষ্ট আফসোস ও নৈরাশ্যের মধ্যে ছিল। কাফিলায় অংশগ্রহণকারী ইসলামী ভাইয়েরা সম্মিলিতভাবে তার জন্য দুআ করেন। একদিন সকালবেলা বসতে না বসতেই তার আচমকা বমি হতে লাগল এবং মাংসের একটি টুকরা মুখ দিয়ে বেরিয়ে আসল। বমির পর সে সুস্থতা অনুভব করল। মাদানী কাফিলা থেকে ফিরে এসে যখন ডাক্তারের সাথে দেখা করল এবং পুনরায় পরীক্ষা করাল তখন অতি আশ্চর্য্যের বিষয় ছিল যে, মাদানী কাফিলায় সফরের কারণে তার ক্যান্সার রোগ ভাল হয়ে গেল। الْكَمْنُ لِللَّهُ عَزَّوْجَلًا সম্পূর্ণ সুস্থ হয়ে গেছে।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

كينسر كامرُض 'هو ياانسَر غُرُض كوئى سى هو بلا' قافلے ميں چلو دور بيارياں ' اور پريثانياں هوں بفضل خُدا' قافلے ميں چلو مياسياں ' اور پريثانياں هوں بفضل خُدا' قافلے ميں چلو مياسياں ماسمانياں ہوں بفضل خُدا' قافلے ميں چلو مياسياں ہوں بفضل خُدا' قافلے ميں چلو مياسياں ہوں بفضل خُدا' قافلے ميں چلو مياسياں ہو باللہ ماسمانياں ہو اللہ ماسمانیاں ہو اللہ ماسمان

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

হ্যরত মুহাম্মদ শ্লিঞ্চ ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَالصَّلَوْةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط وَمَا اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط وَمَا اللَّهِ الرَّحْمُنِ الرَّحِيْم ط

ফয়যানে লাইলাতুল ক্বদর দুরুদ শরীফের ফ্যীলত

আল্লাহর মাহবুব, অদৃশ্যের সংবাদ দাতা নবী, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَالِهِ وَاللهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ

(আত্তারগীব ওয়াত্তারহীব ২য় খন্ড, পৃষ্ঠা ৩২৮ পৃঃ ২২নং হাদীস)

প্রিয় ইসলামী ভাইয়েরা ! লাইলাতুল ক্বদর অত্যন্ত বরকতময় রাত। সেটাকে লাইলাতুল ক্বদর এজন্য বলা হয় যে, এতে সারা বছরের ভাগ্য লিপিবদ্ধ করা হয়। অর্থাৎ ফিরিশ্তাগণ রেজিষ্টারগুলোতে আগামী বছর সংগঠিত হবে এমন বিষয়াদি লিপিবদ্ধ করে নেন। যেমন তাফসীরে সাভী, ৬ষ্ঠ খন্ড, ২৩৯৮ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে ঃ-

أَى إِظْهَارُ هَافِي دَوَاوِيْنِ الْمَلَاءِ الْأَعْلَى

তাছাড়া আরো অনেক মর্যাদা এ মুবারক রাতের রয়েছে। প্রসিদ্ধ মুফাসসির মুফতী আহমদ এয়ার খান নঈমী رَحْبَةُ اللّٰه تَعَالَ عَلَيهِ বর্ণনা করেন, "এ রাতকে লাইলাতুর কুদর কয়েক কারণে বলা হয় ঃ

১। এতে আগামী বছরের ভালমন্দ নির্ধারিত করে ফিরিশতাদের হাতে অর্পন করা হয়। ক্বদর মানে তকদীর (নির্ধারণ করণ) অথবা ক্বদর মানে সম্মান অর্থাৎ সম্মানিত রাত।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

- ২। এতে ক্বদর বা সম্মানিত কোরআন নাযিল হয়েছে।
- ৩। যে ইবাদত এ রাতে করা হয়, তাতে মর্যাদা রয়েছে।
- ৪। ক্বদর অর্থ সংকীর্ণতা, অর্থাৎ ফিরিশতা এ রাতে এতো বেশি পরিমাণে আসে যে, পৃথিবী সংকীর্ণ হয়ে যায়, জায়গা সংকুলান হয়না। এ সব কারণে সেটাকে শবে ক্বদর অর্থাৎ সম্মানিত রাত বলে। (মাওয়াইযে নঈমিয়া, পৃষ্ঠা ৬২)

বোখারী শরীফের হাদিসে এসেছে, "যে ব্যক্তি এ রাতে ঈমান ও নিষ্ঠার সাথে জাগ্রত থেকে ইবাদত করবে, তার সারা জীবনের গুনাহ্ ক্ষমা করে দেয়া হবে।" (সহীহ বুখারী, ১ম খভ, পৃষ্ঠা ৬৬০, হাদিস নং ২০১৪)

৮৩ বছর ৪ মাস ইবাদাতের চেয়ে বেশি সাওয়াব

অতএব এ পবিত্র রাতকে কখনোই অলসতার মধ্যে অতিবাহিত করা উচিত হবেনা। এ রাতে ইবাদতকারীকে এক হাজার মাস অর্থাৎ ৮৩ বছর ৪ মাস অপেক্ষা ও বেশি ইবাদতের সাওয়াব দান করা হয় এবং বেশি পরিমাণ কত তা আল্লাহ তাআলা ও তাঁর মাধ্যমে প্রিয় হাবীব হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم अश्रित জানেন। এই রাতে হযরত জিব্রাঈল ও ফিরিস্তারা অবতীর্ণ হয়। অতঃপর ইবাদতকারীদের সাথে মোছাফাহা করেন। এই মোবারক রাতে প্রতিটি মুহুর্ত শান্তি আর শান্তি। এটা সুবহে সাদিক পর্যন্ত স্থায়ী থাকে। এটা আল্লাহ তাআলার বিশেষ দয়া। এ মহান রাত শুধু আপন প্রিয় হাবীব صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَالْهِ وَسَلَّم وَالْهِ وَسَلَّم وَالْم وَسَلَّم وَالْه وَسَلَّم وَالْه وَسَلَّم وَالْم وَسَلَّم وَالْه وَسَلَّم وَالْم وَسَلَّم وَالْه وَسَلَّم وَاللَّه وَالْمُ وَاللَّه وَاللَّه وَاللَّه وَاللَّه وَاللَّه وَاللَّه وَاللَّ

হ্যরত মুহাম্মদ ૣ ইইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আল্লাহ তাআলা কোরআনে পাকে ইরশাদ ফরমায়েছেন–

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ-

আল্লাহ তাআলার নামে আরম্ভ, যিনি পরম করুণাময়, দয়ালু নিশ্চয় আমি সেটাকে ক্বদর রাত্রিতে নাযিল করেছি। আপনি জেনেছেন ক্বদর রাত্রিকি? ক্বদর রাত হচ্ছে— হাজার মাস অপেক্ষা উত্তম। এতে ফিরিশতাগণ ও জিব্রাঈল অবর্তীণ হয় আপন রবের নির্দেশে, প্রতিটি কাজের জন্য, তা হচ্ছে— শান্তি ভোর চমকিত হওয়া পর্যন্ত। (পারা-৩০, সুরাতুল কদর)

بِسْمِ اللهِ الرَّحُلْنِ الرَّحِيْمِ

إِنَّا اَنْزَلُنْهُ فِى لَيُلَةِ الْقَدْرِ فَى وَمَا اَدُرْمِكَ مَا لَيُلَةُ الْقَدْرِ فَ لَيُلَةُ الْقَدْرِ فَ لَيُلَةُ الْقَدْرِ فَ لَيْلَةُ الْقَدْرِ فَ لَيْلَةُ الْقَدْرِ فَ لَيْلَةُ الْقَدْرِ فَ اللهِ شَهْرِ فَيَ اللهِ اللهُ ا

প্রিয় ইসলামী ভাইয়েরা! শবে ক্বদর কতই গুরুত্বপূর্ণ রাত! এর বরকত প্রসঙ্গে আল্লাহ তাআলা পূর্ণ একটা সূরা নাযিল করেছেন, যা আপনি এখন দেখলেন। এ বরকতময় সূরায় আল্লাহ তাআলা এ মুবারক রাতের কয়েকটা বিশেষত্ব ইরশাদ করেছেন।

সম্মানিত মুফাসসিরগণ (আল্লাহ তা'আলা তাঁদের উপর দয়া করুন) এই সূরায়ে ক্বনর প্রসঙ্গে ইরশাদ ফরমান, "এ রাতে আল্লাহ তাআলা কোরআন মজীদকে লওহ-ই-মাহফুয থেকে প্রথম আসমানে নাযিল করেছেন। তারপর প্রায় ২৩ বছর সময় ধরে আপন প্রিয় হাবীব হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم প্রতান করেছেন। (তাফসীরে সাভী, খভ-৬, পৃষ্ঠা-২৩৯৮)

হুযুর শ্লুল দুঃখিত হলেন

তাফসীরে আযীযীতে উল্লেখ করা হয়েছে, যখন আমাদের প্রিয় আকা হয়রত মুহাম্মদ مَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পূর্ববর্তী সম্মানিত নবীগণ عليهمُ الصَّلَّو قُوالسَّلام

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

এর উম্মতদের দীর্ঘায়ূ ও আপন উম্মতের স্বল্পায়ু দেখলেন, তখন উম্মতের প্রতি দয়ালু তাজেদারে রিসালত হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বর বরকতময় হৃদয়ে স্নেহের ঢেউ উঠলো। আর তিনি مَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم पूश्चिত হলেন এ ভেবে "আমার উম্মত যদিও খুব বড় বড় ইবাদতও করে তবুও তো তাদের সমান করতে পারবে না। তাই আল্লাহ তাআলার রহমতের ঢেউ উঠল। তিনি আপন প্রিয় হাবীব صلى الله تعالى عليه و الله وسلَّم কলাইলাতুল কুদর দান করলেন।

(তাফসীরে আযীযী, খন্ড ৪র্থ, পৃষ্ঠা ৪৩৪)

ঈমান তাজাকারী ঘটনা

সূরা ক্দর এর শানে নুযূল (অবতরণের কারণ) বর্ণনা করতে গিয়ে কিছু সংখ্যক সম্মানিত মুফাসসির الله تعالى عليه অত্যন্ত ঈমান সজীবকারী ঘটনা বর্ণনা করেছেন। সেটার বিষয়বস্তু কিছুটা এমন, হযরত শামউন رَحْبَةُ الله تعالى عليه হাজার মাস ধরে এ ভাবে ইবাদত করেছেন যে, রাতে জেগে জেগে ইবাদত করতেন আর দিনের বেলায় রোযা রাখতেন এবং আল্লাহ তাআলার পথে কাফিরদের বিরুদ্ধে জিহাদও করতেন। তিনি এতো শক্তিশালী ছিলেন যে, লোহার ভারী, মজবুত শিকলগুলোকে নিজ হাতে ভেঙ্গে ফেলতেন।

নিকৃষ্ট কাফিরগণ যখন দেখলো যে, হযরত শামউন رِحْبَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ এর বিরুদ্ধে কোন চক্রান্ত কাজে আসছেনা, তখন পরস্পর পরামর্শ করার পর অনেক ধন সম্পদের লোভ দেখিয়ে তাঁর عَلَيهِ এই اللّٰه تَعَالَىٰ عَلَيهِ এর স্ত্রীকে এ কথায় কুপরামর্শ দিল, যেন সে কোন রাতে ঘুমন্ত অবস্থায় সুযোগ পেলে তাঁকে অত্যন্ত মজবূত রশি দিয়ে ভালভাবে বেঁধে তাদের হাতে অর্পণ করে দেয়।

অবিশ্বস্ত স্ত্রী তাই করল। যখন তিনি জাগ্রত হলেন এবং নিজেকে রশিতে বন্দী পেলেন, তখন সাথে সাথে নিজের অঙ্গ প্রত্যঙ্গকে নাড়া দিলেন, তখন দেখতে না দেখতেই রশিগুলো ছিঁড়ে গেলো। আর তিনি کَشَهُ اللّٰه تَعَالَیٰ عَلَیهِ عَلَیهُ عَلَیهِ عَلَیهِ عَلَیهِ عَلَیهُ عَلَیهِ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیهُ عَلَیْهُ عَلَیْهُ عَلَیهُ عَلَیْهُ عَلَیْهُ عَلَیهُ عَلَیهُ

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

অবিশ্বস্ত স্ত্রী বিশ্বস্তার কৃত্রিম ভঙ্গিতে মিথ্যা বলে দিলো আমিতো আপনার শারীরিক শক্তির পরীক্ষা করছিলাম যে, আপনি নিজেকে এসব রশি থেকে মুক্ত করাতে পারেন কিনা। কথা শেষ হলো।

একবার অকৃতকার্য হওয়া সত্ত্বেও অবিশ্বস্ত স্ত্রী সাহস হারায়নি। আর নিয়মিত এ সুযোগের অপেক্ষায় রইলো যে, কখন তাঁকে ঘুমন্ত অবস্থায় পাওয়া যাবে এবং তাঁকে বেঁধে ফেলবে। শেষ পর্যন্ত পুনরায় সে সুযোগ পেয়ে গেলো। তাই তিনি যখন গভীর নিদ্রায় বিভোর হলেন, তখন ওই যালিম স্ত্রী অত্যন্ত চালাকীর সাথে তাঁকে লোহার শিকল দিয়ে ভালভাবে বেঁধে ফেললো। যখনই তাঁর ঘুম ভেঙ্গে গেলো, তখন তিনি শিকলের একেকটা কড়া ছিন্ন করে ফেললেন এবং সহজে মুক্ত হয়ে গেলেন। স্ত্রী এটা দেখে অবাক হয়ে গেলো। কিন্তু পুনরায় প্রতারণা করে একই কথা আবার বলতে লাগল, "আমি আপনাকে পরীক্ষা করছিলাম।"

দুষ্ট কাফিরগণ হযরত শাম'উন رَحْمَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ কে একটা খামের সাথে বেঁধে ফেললো, আর অত্যন্ত নির্মম ও হিংস্রতার সাথে তাঁর নাক ও কান কেটে ফেললো,

^(*) ইমাম মুহাম্মদ গাযালী رَحْمَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ এ দীর্ঘ চুলের কথা উল্লেখ করেছেন। ইনি পূর্ববর্তী উম্মতের বুযুর্গ ছিলেন। আমাদের আকা হযরত মুহাম্মদ المُنْقِقُ এর চুলের সুনুত সর্বেচ্চি কাঁধ পর্যন্ত।

হ্যরত মুহাম্মদ ্শ্লি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

চোখ দুটি বের করে ফেললো। নিজ কামিল ওলীর অসহায় অবস্থার উপর মহামহিম রব্বুল ইয্যাতের রাগের সাগরে ঢেউ খেললো। মহা পরাক্রমশালী আল্লাহ তাআলা ওই যালিমদেরকে জমিনের ভিতর ধসিয়ে দিলেন। আর দুনিয়ার লালসার শিকার অবিশ্বাসী হতভাগা স্ত্রীও আল্লাহ তায়ালার রাগের তাজাল্লীতে ধ্বংস প্রাপ্ত হলো। (মুকাশাফাতুল কুলুব, ৩০৬ পৃষ্ঠা)

আমাদের বয়সতো খুবই স্বল্প

উম্মতের প্রতি দয়ালু আকা হযরত মুহাম্মদ مَسَلَّه وَالِهِ وَسَلَّهِ وَالِهِ وَسَلَّم এটা শুনে দৃঃখিত হলেন। তখনই হযরত সায়্যিদুনা জিব্রাঈল আমীন وَيَكَانُو السَّلام হুগ্রের মহান দরবারে হাযির হলেন। আর আল্লাহ তাআলার পক্ষ থেকে সূরা কৃদর পেশ করলেন। আর সান্তুনা দিয়ে ইরশাদ করলেন,

"প্রিয় হাবীব হযরত মুহাম্মদ مَسَّ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আপনি দুঃখিত হবেন না। আপনার مَلَّ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আপনার صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আপনার مَلَّ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم করেছি যে, যদি তারা ওই রাতে আমার ইবাদত করে, তবে তা হযরত শামউন وَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ وَالله تَعَالَى عَلَيه وَالله تَعَالَى عَلَيهِ وَالله تَعَالَى عَلَيهِ وَالله تَعَالَى عَلَيه وَالله تَعَالَى عَلَيهِ وَالله وَسَلَّم عَلَيه وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلَيه وَالله وَسَلَّم عَلَيه وَالله وَسَلَّم عَلَيه وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم وَالله وَسَلَّم عَلَيه وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم وَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم وَلَهُ وَالله وَله وَالله وَلّه وَالله وَلّه وَالله وَالله

(তাফসীরে আযীযী, খন্ড ৪র্থ, পৃষ্ঠা ৪৩৪)

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

আহ! আমাদের নিকট গুরুত্ব কিসের?

আল্লাহু আকবার! প্রিয় ইসলামী ভাইয়েরা! পরম করুণাময় আল্লাহ তাআলা আপন মাহবূব উভয় জগতের রহমত হযরত মুহাম্মদ يَسَلَّم থাটু এর উম্মতের উপর কি পরিমাণ দয়াবান! আর আল্লাহ আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ মুস্তফা صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর ওসীলায় কতোই মহান দয়া করেছেন! যদি গভীর মনোযোগ দিয়ে শবে কুদরের ইবাদত করে নেই, তবে এক হাজার বছরের ইবাদতের চেয়েও বেশি সাওয়াব পেয়ে যাব। কিন্তু আহ! আমাদের নিকট শবে কুদরের গুরুত্ব কোথায়?

একজন সম্মানিত সাহাবী ﴿ وَمِي اللّٰهُ تَعَالَىٰ عَنْهُ এর আফসোসের কারণে আমরা এতা বড় পুরস্কার কোনরূপ প্রার্থনা ছাড়াই পেয়ে গেলাম। তাঁরা এর প্রতি মর্যাদাও দিয়েছেন কিন্তু আমরা উদাসীনরা ইবাদতের সময়ও পাইনা। আহ! প্রতি বছরই পাই এমন মহান পুরস্কারকে আমরা অলসতার হাতে অর্পন করে দেই।

মাদানী ইনআমাত রিসালার বরকত

তাবলীগে কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সর্বদা সংপৃক্ত থাকুন। الْحَيْدُولِيْ عَزْوَجَلَ সুনুতে ভরপুর জীবন যাপন করার জন্য ইবাদত ও চরিত্র গঠনের ইসলামী ভাইদের ৭২টি ও ইসলামী বোনদের জন্য ৬৩টি, ইলমে দ্বীন অর্জনকারী ছাত্রদের জন্য ৯২টি ও ছাত্রীদের জন্য ৮৩টি মাদানী মুন্না মুন্নীদের জন্য ৪০টি 'মাদানী ইনআমাত' প্রশ্নের আকৃতিতে সুবিন্যস্ত করা হয়েছে। ফিকরে মদীনা (তথা নিজ আমলের হিসাব) করতে করতে দৈনন্দিন 'মাদানী ইনআমাত' রিসালা পূরণ করে দা'ওয়াতে ইসলামীর নিজ এলাকার জিম্মাদারকে প্রত্যেক মাদানী মাস তথা আরবী মাসের প্রথম ১০ তারিখের মধ্যে জমা করিয়ে দিন। জানিনা মাদানী ইনআমাত কত ইসলামী ভাই ও ইসলামী বোনের জীবনে মাদানী বিপ্লব সৃষ্টি করেছেন। তার একটি ঝলক শুনুন!

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

यामन नजून कরাচীর এক ইসলামী ভাই এর কিছু বর্ণনা এ রকম ছিল, এলাকার মসজিদের ইমাম সাহিব যিনি দা'ওয়াতে ইসলামীর সাথে সম্পৃক্ত তিনি ইনফিরাদী কৌশিশ করে আমার বড় ভাইজানকে মাদানী ইনআমাত রিসালার একটি কপি উপহার দিলেন। তিনি সেটা ঘরে নিয়ে এসে যখন পড়লেন তখন আশ্চর্য হয়ে গেলেন যে, এই সংক্ষিপ্ত রিসালায় একজন মুসলমানের ইসলামী জীবন ধারণের অত্যন্ত মজবুত সুত্র দেয়া আছে। মাদানী ইনআমাত রিসালা পাওয়ার বদৌলতে الْكَهْمُ اللَّهُ عَالَى الْمُعَالَى الْمُعَالَى الْمُعَالَى الْمُعَالَى الْمُعَالِلُهُ عَالَى اللَّهُ عَاللَّهُ اللَّهُ عَالَى اللَّهُ عَالَهُ عَالَى اللَّهُ عَالَهُ عَالَمُ اللَّهُ عَالَى اللَّهُ عَالَى اللَّهُ عَالَهُ عَالْهُ عَالَهُ عَالْهُ عَالْهُ عَالْهُ عَالَهُ عَالْهُ ع

مَدُنی انعامات کے عامِل پہم دم مر گھڑی یاالی! خوب برسار حموں کی تُو جھڑی

মাদানী ইনআমাতকে আমেল পে হারদম হার ঘড়ি, ইয়া ইলাহী! খুব বরছা রহমতো কি তু ঝড়ি।

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَبَّى

মাদানী ইনআমাত রিসালা পূরণ কারীদের জন্য বড় সুসংবাদ

প্রিয় ইসলামী ভাইয়েরা! মাদানী ইনআমাত রিসালা পুরণকারী কি রকম সৌভাগ্যবান তার ধারণা এই মাদানী বাহার থেকে অনুমান করুন।

যেমন হায়দারাবাদ, বাবুল ইসলাম সিন্দ, এর এক ইসলামী ভাই এর একটি ঘটনার বয়ান এ রকম ছিল যে, ১৪২৬ হিজরীর রজবুল মুরাজ্জব মাসের এক রাতে স্বপ্লযোগে মুস্তফা জানে রহমত হয়রত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَهُمَ يَاللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَهُمَ يَاللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَهُمَ يَاللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হয়ে গেল। হজুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হয়ে গেল। হজুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم وَهُمَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم دَالله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَمْ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلِيهِ وَاللهِ وَسَلَّم عَمْ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلِيهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَلَيْهِ وَلَا عَلَيْه وَاللهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَلَيْهِ وَلَيْهِ وَلِه وَلَيْه وَلَا عَلَيْه وَلِه وَلَه وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلِه وَلَا عَلَيْه وَلَا عَلَيْهِ وَلَه وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَه وَلَا عَلَيْهِ وَلَه وَلَه وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَه وَلَم عَلَيْهِ وَلَه وَلَه وَلَم عَلَيْهِ وَلَه وَلَم عَلَيْهِ وَلَا عَلَيْهِ وَلَه وَلِه وَلِه وَلِه وَلِه وَلِه وَلِهُ عَلَيْهِ وَلِه وَلِه وَلِه وَلِه وَلِه وَلَه وَلِه وَلَه وَلِه وَلَه وَلِه وَلِه وَلِه وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلَه وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِه وَلِهُ وَلِهُ وَلِهُ وَلِهُ وَلَ

হ্যরত মুহাম্মদ্লিট্ট্ট্ট্ট্ট্রশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

> مَرُنَى انعامات کی بھی مرحبا کیا بات ہے تُربِ تَّ کے طالبوں کے واسطے سوغات ہے মাদানী ইনআমাত কি ভী মারহাবা কিয়া বাত হে, কুরবে হককে তালিবুকে ওয়ান্তে ছাওগাত হে।

صَلُّواعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى الله تَعَالِى عَلَى مُحَتَّى الله تَعَالَى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى عَلَى مُعْتَلِى عَلَى عَلَى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَلِى عَلَى عَلَى مُعْتَلِى عَل

হযরত সায়্যিদুনা আনাস ইবনে মালিক نفى الله تعالى خرور الله تعالى خور বলেন, "যখন একবার মাহে রমযান তাশরীফ আনলো তখন তাজেদারে মাদীনা, সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ مَلَى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ ফরমান, "তোমাদের নিকট একটি মাস এসেছে, যাতে একটি রাত এমনও রয়েছে, যা হাজার মাস অপেক্ষাও উত্তম। যে ব্যক্তি এ রাত থেকে বঞ্চিত রইলো, সে যেনো সব কিছু থেকে বঞ্চিত রইলো। আর এর কল্যাণ থেকে যে বঞ্চিত থাকে একমাত্র সেই প্রকৃতপক্ষে বঞ্চিত।" (সুনানে ইবনে মাজাহ, ২য় খড়, পৃষ্ঠা ২৯৮, হাদীস নং ১৬৪৪)

এক হাজার শাহজাদা

সূরা ক্বদরের অন্য এক শানে নুযুল হচ্ছে, প্রসিদ্ধ তাবেঈ হ্যরত সায়িয়দুনা কাবুল আহ্বার رَحْبَةُ اللَّهِ تَعَالَىٰعَلَيهِ (থেকে বর্ণিত, তিনি বলেন, বনী ইস্রাঈলে এক সৎচরিত্রবান বাদশাহ ছিলেন। আল্লাহ ওই যুগের নবী مَنْيُو الصَّارِةُ وُالسَّلام এর প্রতি ওহী প্রেরণ করেন, অমুককে বলো, তার কি ইচ্ছা তা পেশ করতে। যখন তিনি সংবাদ পেলেন, তখন আর্য করলেন, হে আমার মালিক! আমার আকাঙ্খা হচ্ছে, আমি আমার সমস্ত সম্পদ, সন্তান ও প্রাণ দিয়ে জিহাদ করবো। আল্লাহ তাআলা তাকে এক হাজার পুত্র সন্তান দান করলেন। সে তার একেকজন শাহজাদাকে তার সম্পদ সহকারে যুদ্ধযাত্রার জন্য প্রস্তুত করলেন। তারপর তাদেরকে আল্লাহ তাআলার রাস্তায় মুজাহিদ বানিয়ে প্রেরণ করতেন। সে এক মাস জিহাদ করতো এবং শহীদ হয়ে যেতো।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

তারপর দ্বিতীয় শাহজাদাকে সেনা বাহিনীতে যোগদানের জন্য তৈরী করতেন। এভাবে প্রতি মাসে একেকজন শাহজাদা শহীদ হয়ে যেতো। তার পাশাপাশি বাদশাহ নিজেও রাত জেগে ইবাদত করতেন এবং দিনের বেলায় রোযা রাখতেন। এক হাজার মাসে তাঁর এক হাজার শাহজাদা শহীদ হলো। তারপর নিজে অগ্রসর হয়ে জিহাদ করলেন এবং শহীদ হয়ে গেলেন। লোকজন বলতে লাগলো, "এ বাদশাহর সমান মর্যাদা কেউ পেতে পারেনা। তখন আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করেছেন

لَيُلَةُ الْقَدُرِ لِلْحَيْرُ مِّنَ اللهِ شَهْرِ ﴿

(তরজমা: শবে ক্বর হাজার মাস অপেক্ষাও উত্তম।) অর্থাৎ ঃ- এ রাত ওই বাদশাহ رَحْبَةُ اللّه تَعَالَى عَلَيهِ হাজার মাস যাবত যে রাত জাগরণ, দিনে রোযা এবং জান, মাল ও সন্তানগণ সহকারে আল্লাহ তাআলার রাস্তায় জিহাদ করে অতিবাহিত করেছে, তা অপেক্ষাও উত্তম।

(তাফসীরে কুরতবী, ২০ খন্ড, পারা ৩০, পৃষ্ঠা ১২২)

হাজার শহরের বাদশাহী

হযরত সায়িদুনা আবু বকর ওয়ার্রাক বুর্টি ট্রটি বলেন, "হযরত সায়িদুনা সুলাইমান رِحْمَةُ الله تَعَالَىٰ عَلَيْهِ এর রাজ্যে পাঁচশ শহর ছিলো। আর সায়িদুনা যুল কারনাঈন السّلام এই এর রাজ্যেও পাঁচশ শহর ছিলো। এভাবে এ দু'জনের রাজ্যে এক হাজার শহর হলো। সুতরাং আল্লাহ তাআলা এই এক রাতের ইবাদতকে, যে সেটা পাবে, তার জন্য এ দু'টি রাজ্য অপেক্ষাও উত্তম করেছেন। (তফসীরে কুরতুবী, খন্ত ২০, পারা ৩০, প ১২২)

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ রাত সব দিক দিয়ে মঙ্গল ও শান্তির জামিনদার। এ রাত শুরু থেকে শেষ পর্যন্ত রহমতই রহমত। সম্মানিত মুফাসসিরীনগণ الله বলেন, "এ রাত সাপ, বিচ্ছু, বিপদাপদ ও শয়তান থেকেও নিরাপদ। এ রাতে শান্তিই শান্তি।"

হ্যরত মুহাম্মদ শ্লিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

পতাকা উড়ানো হয়

বর্ণিত আছে যে, "শবে ক্দরে সিদ্রাতুল মুন্তাহার ফিরিশতাদের দল হযরত জিব্রাঈল عَنَيْهِ الصَّلاةُ وَالسَّرِهِ পৃথিবীতে অবতীর্ণ হয়। তাঁদের সাথে চারটি ঝান্ডা থাকে। একটি ঝান্ডা হুযুর আনওয়ার صَلَّى الله تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم আনওয়ার صَلَّى الله تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم আনওয়ার হুযুর আনওয়ার ছাদের উপর, এর রওযায়ে মুনাওয়ারের উপর, একটি ঝান্ডা বায়তুল মুকাদ্দাসের ছাদের উপর, একটি ঝান্ডা কাবা শরীফের ছাদের উপর এবং আরেকটা ঝান্ডা তূরে সিনার উপর উড়িয়ে দেয়া হয়। তারপর এ ফিরিশতাগণ মুসলমানের ঘরগুলোতে তাশরীফ নিয়ে গিয়ে প্রত্যেক মু'মিন নর ও নারীকে সালাম বলে। আর বলে, সালাম (সালাম আল্লাহ তাআলার সিফাতী নাম) তোমাদের উপর শান্তি প্রেরণ করেন। কিন্তু যেসব ঘরে মদ্যপায়ী ও শৃকরখোর কিংবা কোন শরীয়তসম্মত কারণ ছাড়া আপন আত্মীয়তার বন্ধন ছিন্নকারী থাকে ওই সব ঘরে এসব ফিরিশতা প্রবেশ করেন না।

অন্য এক বর্ণনায় এটাও এসেছে যে, এসব ফিরিশতার সংখ্যা পৃথিবীর কঙ্কর অপেক্ষাও বেশী হয়ে থাকে। এরা সবাই শান্তি ও রহমত নিয়ে অবতীর্ণ হয়। (তাফসীরে দুররে মনসুর, খন্ড ৮, পৃষ্ঠা ৫৭৯)

সবুজ পতাকা

অন্য এক দীর্ঘ হাদিস, যা হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস বর্গনা করেছেন, তাজেদারে মদীনা সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ مَنَّى الله تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান ফরমান, যখন শবে কুদর আসে তখন আল্লাহ তাআলার নির্দেশে হযরত জিব্রাঈল عَلَى نَبِيِّنَاوَ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلام করেছেন জিব্রাঈল عَلَى نَبِیِّنَاوَ عَلَيْهِ الصَّلاةِ وَالسَّلام করিশ্তাদের খুব বড় দল সহকারে পৃথিবীতে অবতরণ করেন।

আর ওই সবুজ ঝাভাকে কাবা শরীফের উপর উড়িয়ে দেয়। হযরত জিব্রাঈল عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلام এর ১০০ পাখা আছে। সেগুলো থেকে শুধু দুটি পাখা এ রাতে খুলে থাকে। ওই পাখা দুটি পূর্ব ও পশ্চিম সহ সব প্রান্তে বিস্তৃত হয়ে

হযরত মুহাম্মদ শ্রিঞ্জি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

সাহাবা ই কেরাম عَيْهِمُ الرِّضْوَان আরয করলেন, হে আল্লাহর রসূল مَلَى اللهُ اللهِ وَسَلَّم الرِّضُوَا ওই চার ধরণের লোক কারা? ইরশাদ ফরমালেন, '১. মদ্যপানে অভ্যস্থ ব্যক্তি, ২. মাতাপিতার অবাধ্য, ৩. আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী এবং ৪. ওইসব লোক যারা পরস্পর হিংসা বিদ্বেষ পোষণ করে ও পরস্পর সম্পর্ক ছিন্নকরে । (শু'আবুল ঈমান, ৩য় খন্ড, পৃষ্ঠা ৩৩৬, হাদিস নং ৩৬৯৫)

হতভাগা লোক

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! শবে ক্বদর কি পরিমাণ সম্মানিত রাত। এ রাতে প্রতিটি বিশেষ ও সাধারণ লোককে ক্ষমা করে দেয়া হয়। তা সত্ত্বেও মদ্যপানে অভ্যস্ত, মাতাপিতার অবাধ্য, আত্মীয়তার সম্পর্ক ছিনুকারী, পরস্পর কোন শরীয়তসম্মত কারণ ছাড়া হিংসা পোষণকারী আর এ কারণে পরস্পর সম্পর্ক ছিনুকারীকে এ সাধারণ ক্ষমা থেকে বঞ্চিত করে দেয়া হয়।

তওবা করে নাও!

প্রিয় ইসলামী ভাইয়েরা! মহা পরাক্রমশালী আল্লাহ তাআলার আজাবকে ভয় করার জন্য কি একথা যথেষ্ট নয়। যে শবে ক্বদরের মতো বরকতময় রাতেও যেসব অপরাধীকে ক্ষমা করা হচ্ছে না, তারা কি পরিমাণ জঘণ্য অপরাধী হবে?

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

অবশ্য যদি এসব গুনাহ্ থেকে সত্য অন্তরে তওবা করে নেয়া হয়, আর বান্দার হক সমূহের বিষয়গুলো নিস্পত্তি করে নেয়া হয়, তবে আল্লাহ তাআলার দয়া ও রহমত অসীম ও অশেষ।

লড়াই এর কুফল

(সহীহ বুখারী, ১ম খন্ড, পৃষ্ঠা ৬৬৩, হাদিস নং ২০২৩)

আমরাতো ভদ্রের সাথে ভদ্র আর

পিয় ইসলামী ভাইয়েরা! এ হাদিস মুবারকে আমাদের জন্য কি পরিমাণ শিক্ষা রয়েছে? আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ মুস্তফা صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করার জন্য প্রস্তুত ছিলেন। শবে ক্বদর কোন রাতে? দু'জন মুসলমানের ঝগড়ার কারণে বাধা হয়ে দাঁড়াল এবং সব সময়ের জন্য শবে ক্বদরকে গোপন করে দেয়া হলো। এ থেকে অনুমাণ করুন মুসলমান পরস্পর লড়াই ঝগড়া করা রহমত থেকে দুরে ছিটকে পড়ার কি ধরণের কারণ হয়ে যায়। আহা! এখন মুসলমানদেরকে কে বুঝাবে? আজকালতো মুসলমানকে বড় গর্ব সহকারে একথা বলতে শোনা যায়, মিঞা! এ দুনিয়াতেতো ভদ্র হয়ে জীবন যাপন করাই যায়না।

আমরাতো ভালোর সাথে ভাল আর খারাপের সাথে খারাপ। শুধু এটা বলে ক্ষান্ত হয়না, বরং এখনতো মামূলী কথার উপর ভিত্তি করেও প্রথমে গালমন্দ, তারপর হাতাহাতি, এরপর ছুরি চালনা, বরং গোলাগুলি পর্যন্ত হয়ে যায়।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

আফসোস্! মুসলমান হওয়া সত্ত্বেও আজ মুসলমান কখনো পাঠান হয়ে, কখনো পাঞ্জাবী দাবী করে, কখনো মুহাজির হয়ে, কখনো সিন্ধী ও বেলুচী জাতীয়তাবাদের শ্লোগান দিয়ে একে অপরের গলা কাটছে, একে অপরের স্থাবর অস্থাবর সম্পত্তিতে আগুন লাগিয়ে দিচ্ছে। পরস্পর পরস্পরের বিরুদ্ধে শুধু বংশীয় ও ভাষাগত পার্থক্যের ভিত্তিতে যুদ্ধ বিগ্রহ করে যাচ্ছে। মুসলমান ভাইয়েরা! আপনারাতো একে অপরের রক্ষক ছিলেন। আপনাদের কি হয়েছে? আমাদের প্রিয় আকা مَنَّ اللَّهُ تَعَالِ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মতোই। যদি একটা অঙ্গ কষ্ট পায়, তবে সমগ্র দেহই কষ্ট অনুভব করে।"

(সহীহ বোখারী শরীফ, ৪র্থ খন্ড, পৃষ্ঠা ১০৩, হাদিস নং ৬০১১)

একজন কবি কতোই চমৎকারভাবে বুঝিয়েছেন ঃ

مُبْتَلائے دَرُد کوئی عُضُو ہو روتی ہے آ نکھ کس قدر ہمدرد سارے جسم کی ہوتی ہے آ نکھ

মুবতালায়ে দরদ কোয়ী ওযো হো রোতী হে আখঁ কিছ কদর হামদরদ ছারে জিসম কি হোতী হে আখঁ

পির ইসলামী ভাইয়েরা! আমাদের পরস্পরের সাথে ঝগড়া করার পরিবর্তে একে অপরের প্রতি সমবেদনা ও সহযোগীতা করা উচিত। মুসলমান একে অপরকে প্রহার ও হত্যাকারী, লুষ্ঠনকারী এবং এক অপরের দোকান ও আসবাবপত্রে অগ্নি সংযোগকারী হয় না।

মুসলমান, মু'মিন, মুজাহিদ ও মুহাজিরের সংজ্ঞা

সায়্যিদুনা ফুদ্বাইলাহ ইবনে ওবায়দ غنه روض الله تعالى عليه والله وسَلَّم পথে কাওসারের মালিক, মাহবুবে রব হযরত মুহাম্মদ صَلَّى الله تعالى عَليْهِ وَالله وَسَلَّم মহামদ صَلَّى الله تعالى عَلَيْهِ وَالله وَسَلَّم প্রতিহাসিক বিদায় হজ্জের সময় ইরশাদ করেছেন, "তোমাদেরকে কি মু'মিন সম্পর্কে বলবো না?" তারপর ইরশাদ ফরমায়েছেন, "মু'মিন হচ্ছে সে যার পঞ্চ ইন্দ্রিয় অন্য মুসলমানের জান ও মালের ব্যাপারে নিরাপদ থাকে। আর 'মুসলমান' হচ্ছে সে, যার জিহ্বা ও হাত থেকে অন্য মুসলমান নিরাপদে থাকে।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

'মুজাহিদ' হচ্ছে সে, যে আল্লাহ তাআলার আনুগত্যের ক্ষেত্রে নিজের নফসের সাথে জিহাদ করে।

আর 'মুহাজির' হচ্ছে সে, যে গুনাহ্ ও ভুল-ভ্রান্তি থেকে বিরত থাকে।"

(হাকিমকৃত মুস্তাদরাক, খন্ড-১ম, পৃ-১৫৮)

আরও ইরশাদ করেছেন, "কোন মুসলমানের জন্য এটা বৈধ নয় যে, সে কোন মুসলমানের দিকে (কিংবা তার সম্পর্কে) এমনি ইশারা-ইঙ্গিতে কাজ করবে, যা তার মনে কস্তের কারণ হয়, আর এটাও হালাল নয় যে, এমন কোন কাজ করা হবে, যা অপর কোন মুসলমানকে ভীত-সন্তুস্থ করে।"

(ইত্তিহাফুস সাদাতিল মুত্তাকীন, খন্ড-৭ম, পৃ-১৭৭)

طریق مصطفے کو چھوڑناہے وجبہ بربادی اسے قوم دنیا میں ہوئی ہے اقتدار اپی তরিকে মুস্তফা কো ছোড়না হে ওযাহে বরবাদী ইছি ছে কওম দুনিয়া মে হোয়ী বে ইকতিদার আপনি।

অসহনীয় চুলকানী

হযরত সায়্যিদুনা মুজাহিদ رِحْمَةُ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ বলেন, "আল্লাহ তাআলা কোন কোন দোযখীকে এমন চুলকানীতে আক্রান্ত করবেন যে, চুলকাতে চুলকাতে তাদের গোস্ত খসে পড়বে, এমনকি তাদের হাড়গুলো প্রকাশ পেয়ে যাবে। তারপর আহ্বান শোনা যাবে, 'বলো, কেমন এ কষ্ট? তারা বলবে, 'অত্যন্ত কঠিন ও অসহনীয়।' তারপর তাদেরকে বলা হবে, "দুনিয়ায় তোমরা মুসলমানদেরকে যে নির্যাতন করতে, এটা তারই শাস্তি।" (ইত্তেহাফুছ সাদাআতুল মুন্তাকীন, খভ-৭ম, পৃ-১৭৫)

কষ্ট দূর করার সাওয়াব

তাজেদারে মদীনা সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেন, "আমি এক ব্যক্তিকে জান্নাতে ঘুরতে দেখেছি। সে যেদিকে ইচ্ছা সেদিকে চলে যাচ্ছিলো। জানো কেন? শুধু এজন্য যে, সে এ দুনিয়ায় একটা গাছ রাস্তা থেকে এজন্য কেটে ফেলেছে যেন মুসলমানগণ পথ চলতে কষ্ট না পায়।" (সহীহ মুসলিম শরীফ, পৃ-১৪১০, হাদীস নং-১৯১৪)

হ্যরত মুহাম্মদ ্লিঃ ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

যুদ্ধ করতে হলে, নফসের সাথে করো

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ বরকতময় হাদীসগুলো থেকে শিক্ষা অর্জন করুন! আর পরস্পরের সাথে লড়াই-ঝগড়া ও লুট-মার থেকে বিরত থাকুন! যদি যুদ্ধ-বিগ্রহ করতে হয়, তবে অবিশস্ত শয়তানের সাথে করুন, নফসে আম্মারার সাথে লড়াই করুন। জিহাদের সময় দ্বীনের শত্রুদের সাথে যুদ্ধ করুন। তবে মুসলমান পরস্পর ভাই হয়ে থাকুন। পরস্পর ঝগড়া-বিবাদ করার বড় ক্ষতি তো আপনারা শুনেই নিলেন, শবে ক্বদরের নির্দিষ্টকরণ উঠিয়ে নেয়া হলো, যার সন্ধান আমাদেরকে সারকারে নামদার صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم দিতে যাচ্ছিলেন। এটা ছাড়াও পরস্পর যুদ্ধ-বিগ্রহের কারণে আমাদেরকে কতোই বড় বড় নে'মত ও রহমত থেকে বঞ্চিত করা হচ্ছে! আল্লাহ তাআলা আমাদের দুরাবস্থার উপর দয়া করুন! আর একথাটুকু বুঝার সামর্থ্য দান করুন যে, আমরা যদিও পাঞ্জাবী, পাঠান, সিন্ধী, বেলুচী, সারাইকী ও মুহাজির ইত্যাদি জাতি-গোষ্ঠীর সাথে সম্পর্ক রাখি, (এর দারা বিভেদ বৈষম্য বুঝানো হয়েছে) কিন্তু আমরাই হলাম মদীনার তাজেদার হ্যরত মুহাম্মদ مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পর গোলাম। আমাদের প্রিয় नवी صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ना পाठान, ना পाङ्गावी, ना त्वनूठी, ना जिन्नी, किन्तू হুযুর হ্যরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم आহা! আমরা যদি প্রকৃত অর্থে আরবী আকা হযরত মুহাম্মদ مَلَى اللّٰهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সুহাম্মদ ধরে থাকতাম! আর সমস্ত বংশীয় ও ভাষাগত বিরোধ ভুলে গিয়ে এক ও নেক্ হয়ে যেতাম!

> فرد قائم ربطِ للت سے ہے تنہا کچھ نہیں موج ہے دریا میں اور بیر ونِ دریا کچھ نہیں করদে কায়েম রব্তে মিল্লাত ছে হে তানহা কুছ নেহী, মওজ হে দরিয়া মে আওর বীরুনে দরিয়া কুছ নেহী। صَلُّواعَلَى الْحَبِیْبِ! صَلَّى اللهُ تَعَالىٰ عَلَى مُحَہَّں

হযরত মুহাম্মদ ্র্ট্রিট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

মাদানী ইনআমাত রিসালা দেখে আকা শ্লুটি মুচকি হাসি দিলেন

تُخَمَّدُ بِللهُ عَزَّوَجُلَّ দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে কোন প্রকারের ভাষা গত বা জাতিগত মতভেদ নেই। প্রত্যেক ভাষার মানুষ ও প্রত্যেক জাতির সাথে সম্পুক্ত ব্যক্তি আরবী আকা হযরত মুহাম্মদ মুহাম্মদ ক্রান্ট্র والله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সম্পুক্ত এর চাদরে আশ্রয় নিয়ে থাকে। আপনিও সর্বদা দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সম্পুক্ত থাকুন। এবং ইশকে রসূলে বিভোর হয়ে জীবন যাপনের জন্য নিজেকে মাদানী ইনআমাত মোতাবেক সাজিয়ে নিন। মনযোগের জন্য একটি সুন্দর সুগন্ধীময় মাদানী বাহার (ঘটনা) আপনাদের সামনে উপস্থাপন করছি। যেমন ঃ ৫ই ফেব্রুয়ারী ২০০৫ হতে শুরু হওয়া কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনা বাবুল মদীনা করাচীতে মাদানী কাফিলা কোর্স করার জন্য আগত রাওয়াল পিভির এক মুবাল্লিগ এর ঘটনা তার সারাংশ এই যে, আমি আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় ঘুমিয়ে ছিলাম। মাথার চোখ বন্ধ হয়ে গেলে, অন্তরের চোখ খুলে গেল। স্বপ্নের জগতে দেখলাম যে সরকারে রিসালাতে মাআব হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم अकि উঁচু জায়গায় বসে আছেন পাশেই মাদানী ইনআমাত রিসালার বস্তা রাখা হল। সারওয়ারে কায়িনাত, শাহে মওজুদাত হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মুচকি হেসে হেসে মাদানী ইনআমাত একেকিট রিসালা গভীরভাবে দেখতে লাগলেন। অতঃপর আমার চোখ খুলে গেল।

صَلُّو اعَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالىٰ على محمَّد

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

যাদুকরও ব্যর্থ

হযরত সায়্যিদুনা ইসমাঈল হক্কী عليه বর্ণনা করেন, "এটা নিরাপত্তাময়ী রাত। অর্থাৎ এতে অনেক কিছু থেকে নিরাপত্তা পাওয়া যায়। এ রাতে রোগ শোক, অনিষ্ট এবং বিপদাপদ থেকেও নিরাপত্তা রয়েছে। অনুরূপভাবে, ঝড় ও বিজলী ইত্যাদি, এমন জিনিস, যেগুলোর কারণে ভয় সৃষ্টি হয়, সেগুলোকে থেকেও নিরাপত্তা থাকে, বরং এ রাতে যা কিছু নাযিল হয়, তাতে শান্তি লাভ ও কল্যাণ থাকে। না তাতে শয়তানের অনিষ্ট করার কোন ক্ষমতা থাকে, না তাতে যাদুকরের যাদু চলে। ব্যাস! এ রাতে শান্তিই শান্তি। (রুহুল বয়ান, খভ ১০, পৃষ্ঠা ৪৮৫)

শবে কদরের চিহ্নাদি

হযরত সায়্যিদুনা ওবাদাহ ইবনে সামিত গ্রান্ট নারকারে আলী ওয়াকার মাদানী তাজেদার, নবী ই মুখতার হযরত মুহাম্মদ এই বুট্ট ট্রান্ট এর বরকতময় দরবারে শবে কুদর সম্পর্কে প্রশ্ন করলেন, তখন হযরত মুহাম্মদ এর বরকতময় দরবারে শবে কুদর সম্পর্কে প্রশ্ন করলেন, তখন হযরত মুহাম্মদ ইরশাদ করলেন, শবে কুদর রমযানুল মুবারকের শেষ দশদিনের মধ্যে বিজোড় রাতগুলোতে ২১, ২৩, ২৫, ২৭ কিংবা ২৯ শে রমযান রাতে হয়ে থাকে। তাই যে কেউ ঈমান সহকারে সাওয়াবের নিয়্যতে এ রাতগুলোতে ইবাদত করে, তার বিগত সমস্ত গুনাহ্ ক্ষমা করে দেয়া হয়। সেটা বুঝার জন্য এটাও রয়েছে যে, ওই মুবারক রাত খোলাখুলি, সুম্পষ্ট এবং পরিস্কার ও স্বচ্ছ থাকবে। এতে না বেশি গরম থাকে, না বেশি ঠান্ডা, বরং এ রাত মাঝারী ধরণের হয়ে থাকে। এমন মনে হয় যেনো তাতে চাঁদ খোলাখুলি ভাবে উদিত। এ পূর্ণ রাতে শয়তানদেরকে আসমানের তারা ছুঁড়ে মারা হয়।

আরো নিদর্শনাদির মধ্যে এও রয়েছে যে, এ রাত অতিবাহিত হবার পর যেই ভোর আসে, তাতে সূর্য আলোকরশ্মি ছাড়াই উদিত হয়, আর তা এমন হয় যেনো চৌদ্দ তারিখের চাঁদ।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

قَوْرَجَلٌ وَلَهُ عَزَّوَجَلٌ अदे िमन সূর্যোদয়ের সাথে শয়তানকে বের হতে দেয়া হয়না। (এ িদন ব্যতীত অন্যান্য প্রত্যেক দিনে সূর্যের সাথে সাথে শয়তানও বের হয়ে পড়ে) (মুসনাদে ইমাম আহমদ, খন্ড ৮, পৃষ্ঠা ৪১৪, হাদিস নং ২২৮২৯)

সমুদ্রের পানি মিষ্ট হয়ে যায়

প্রিয় ইসলামী ভাইয়েরা! হাদিসে পাকে বর্ণিত রয়েছে, রমযানুল মুবারকের শেষ দশ দিনের বিজোড় রাতগুলো কিংবা শেষ রাত, চাই তা ত্রিশতম রাতই হোক, এ রাতগুলোর মধ্যে যে কোন একটি রাত শবে ক্দর। এ রাতকে গোপন রাখার মধ্যে হাজারো হিকমত রয়েছে। সেগুলোর মধ্যে নিশ্চয় একটি এও যে, মুসলমান প্রতিটি রাত এ রাতের খোঁজে আল্লাহ তাআলার ইবাদতের মধ্যে এ ভেবে অতিবাহিত করার চেষ্টা করবে, জানিনা কোন রাত শবে ক্দর হয়ে যায়। এ হাদিসে পাকে শবে ক্দরের কিছু আলামতও ইরশাদ করা হয়েছে। এ চিহ্নগুলো ছাড়াও অন্যান্য বর্ণনায় শবে ক্দরের আরো আলামত বর্ণিত হয়েছে। এ আলামত বুঝা সবার জন্য সম্ভব নয়, বরং এটা শুধু অন্তর দৃষ্টিসম্পনুরাই বুঝতে পারেন। আল্লাহ তাআলা আপন বিশেষ বান্দাদের উপর সেগুলো প্রকাশ করেন। শবে ক্দরের একটা চিহ্ন এও রয়েছে যে, এ রাতে সমুদ্রের লোনা পানি মিষ্টি হয়ে যায়। তাছাড়া মানুষ ও জিন ছাড়া সৃষ্টির প্রতিটি বস্তু আল্লাহ তাআলার মহত্ব স্বীকার করে সিজদাবনত হয়ে যায়, কিন্তু এ দৃশ্য সবাই দেখতে পায়না।

ঘটনা

হযরত সায়ি্যদুনা ওবাইদ ইবনে ইমরান ئونى الله تعالى عنه বলেন, "আমি এক রাতে লোহিত সাগরের তীরে ছিলাম। আর ওই লোনা পানি দিয়ে ওযু করছিলাম। যখন আমি ওই পানি স্বাদ গ্রহণ করলাম তখন ওই পানিকে মধুর চেয়েও মিষ্টি পেলাম। আমি সীমাহীন আশ্চর্যান্বিত হলাম। আমি যখন সায়ি্যদুনা ওসমান গনী غنه الله تعالى عنه এর নিকট এ ঘটনা বর্ণনা করলাম,

হ্**যরত মুহাম্মদ** ग्লिं ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

তখন তিনি বললেন, "হে ওবায়দা نَوْنَ اللَّهُ تَعَالَىٰ عَنْهُ! সেটা শবে ক্বদর হবে। তিনি আরো বললেন যে, "যে ব্যক্তি এই রাতে আল্লাহ তাআলার স্বরণের মধ্যে অতিবাহিত করে সে যেনো হাজার মাস থেকে বেশী সময় ইবাদত করলো। আর আল্লাহ তাআলা তার সমস্ত গুনাহ্ ক্ষমা করে দেবেন।"

(তাযকিরাতুল ওয়া'ইযীন, ৬২৬ পৃষ্ঠা)

আল্লাহ তাআলার রহমত তাঁর উপর বর্ষিত হোক এবং তাঁর সদকায় আমাদের ক্ষমা হোক।

ঘটনা

হযরত সায়্যিদুনা ওসমান ইবনে আবিল আস গ্রান্থ এটি গ্রাণ্ড এর গোলাম তাঁর নিকট আরয করলেন, "হে আমার মুনিব! গ্রান্থ এটি নৌকা চালাতে চালাতে আমার জীবনের একটা অংশ অতিবাহিত হয়েছে। আমি সমুদ্রের পানিতে একটা অবাক বিষয় অনুভব করেছি, যা আমার বিবেক মেনে নিতে অস্বীকার করছে।" তিনি বললেন, "ওই আশ্চর্যজনক বিষয় কি?" আরয করলো, "হে আমার মুনিব! প্রতি বছর একটা এমন রাতও আসে, যাতে সমুদ্রের পানি মিষ্টি হয়ে যায়।" তিনি গোলামকে বললেন, "এবার খেয়াল করো। যখনই পানি মিষ্টি হয়ে যায়, তখনই জানাবে।" যখন রমাযানের ২৭ তম রাত আসলো, তখন গোলাম মুনিবের দরবারে আরয করলো, "মুনিব! আজ সমুদ্রের পানি মিষ্টি হয়ে গেছে।"

(রুহুল বয়ান, খন্ড ১০ম, পৃষ্ঠা ৪৮১)

আল্লাহ তাআলার রহমত তাঁর উপর বর্ষিত হোক এবং তাঁর সদকায় আমাদের গুনাহ্ ক্ষমা হোক।

আমরা চিহ্নগুলো কেন দেখিনা?

প্রিয় ইসলামী ভাইয়েরা! শবে ক্বদরের বিভিন্ন চিহ্ন পূর্বে উল্লেখ করা হয়েছে। আমাদের হৃদয়ে এ প্রশ্ন জাগতে পারে যে, আমাদের জীবনের অনেক সংখ্যক বছর অতিবাহিত হয়েছে। প্রতি বছর শবে কুদর আসতে থাকে। তবু এর

হ্**যরত মুহাম্মদ**্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

কারণ কি যে, আমরা কখনো সেটার চিহ্নগুলো দেখতে পেলাম না? এর জবাবে ওলামা-ই-কেরাম বলেন, "এসব বিষয়ের জ্ঞান প্রত্যেকের থাকে না।

কেননা, সেগুলোর সম্পর্ক কাশ্ফ ও কারামাতের সাথে। তাতো সেই দেখতে পারে, যে অন্তদৃষ্টির মতো নে'মত লাভ করেছে যে সব সময় আল্লাহর নির্দেশ অমান্যের অমঙ্গলের মধ্যে জড়িয়ে পড়ে এমন পাপী লোক এসব দৃশ্য কিভাবে দেখতে পাবে?

কবি বলেন-

آنکھ والا ترے جو بن کا تماشہ دیکھے دِیدؤ کور کو کیا آئے نظر کیادیکھے

আখ্ ওয়ালা তেরে জওবন কা তামাশা দেখে, দীদায়ে কাওর কো কেয়া আয়ে ন্যর কেয়া দেখে?

বিজোড় রাতগুলোতে তালাশ করো

প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহ তাআলার নিজ ইচ্ছায় শবে ক্বদর কে গোপন রেখেছেন। সুতরাং আমরা নিশ্চিতভাবে বলতে পারিনা কোন রাত শবে ক্বদর?

উম্মুল মু'মিনীন হযরত সায়্যিদুনা আয়েশা সিদ্দিকা رَضَىٰ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلِيْهِ وَالِهِ وَسَلَّم عَلِيْهِ وَالِهِ وَسَلَّم عَلِيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَليْهِ وَالِهِ وَسَلَّم عَليْهِ وَالِهِ وَسَلَّم عَليْهِ وَاللهِ وَسَلَّم عَليْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْه وَاللهِ وَسَلَّم عَلَيْه وَاللهِ وَاللهُ وَسَلَّم عَلَيْه وَاللهُ وَلَم عَلَيْهِ وَاللهِ وَاللهِ وَسَلَيْه وَاللهُ وَال

শেষ সাত রাতে তালাশ করো

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে ওমর رَضِ اللهُ تَعَالَ عَنْهُمَ वर्गना করেন, "সাহিবে কোরআন, হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সাহাবায়ে কিরাম الرِّضْوَان دথকে কয়েকজন সাহাবীকে শেষ সাত রাতে শবে কদর দেখানো হয়েছে।

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

প্রিয় নবী صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ ফরমায়েছেন, "আমি দেখছি, তোমাদের স্বপ্ন আখেরী সাত রাতে এক ধরণের হয়ে গেছে।একারণে এটার তালাশকারী যেনো সেটাকে আখেরী সাত রাতে তালাশ করে।"

(সহীহ বোখারী শরীফ, ১ম খন্ড, পৃষ্ঠা ৬৬০, হাদিস নং ২০১৫)

শবে ক্বদর গোপন কেন?

প্রিয় প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহ তাআলার পবিত্র নিয়ম হচ্ছে— তিনি কিছু গুরুত্বপূর্ণ বিষয়কে নিজ ইচ্ছায় বান্দাদের নিকট থেকে গোপন রেখেছেন। যেমন, বর্ণিত আছে যে, আল্লাহ তাআলা নিজের সন্তুষ্টিকে নেক কাজের মধ্যে, নিজের অসন্তুষ্টিকে গুনাহর কাজের মধ্যে এবং আপন ওলীগণকে তাঁর বান্দাদের মধ্যে গোপন রেখেছেন। এর মূল কারণ হচ্ছে— বান্দা যেনো কোন নেক কাজকে ছোট মনে করে ছেড়ে না দেয়। কেননা, সে জানে না যে, আল্লাহ তাআলা কোন নেকীর উপর সন্তুষ্ট হয়ে যান।

হতে পারে, নেকী বাহ্যিকভাবে অতি নগণ্য দেখা যাচ্ছে, কিন্তু সেটা দ্বারা আল্লাহ তাআলা সন্তুষ্ট হয়ে যান। অনেক হাদিস শরীফ থেকে একথাই জানা যায়। যেমন, কিয়ামতের দিনে এক পাপী নারীকে শুধু এ নেকীর প্রতিদান হিসেবে ক্ষমা করে দেয়া হবে যে, সে এক পিপাসার্ত কুকুরকে দুনিয়ায় পানি পান করিয়েছিলো। অনুরূপভাবে, নিজের অসন্তুষ্টিকে পাপের মধ্যে গোপন রাখার রহস্য হচ্ছে— বান্দা যেনো কোন গুনাহকে ছোট মনে করে সম্পন্ন করে না বসে, বরং প্রতিটি গুনাহ থেকে বাঁচতে থাকে। যেহেতু বান্দা জানে না যে, আল্লাহ তাআলা কোন্ গুনাহর কারণে নারায হয়ে যাবেন? সুতরাং সে প্রতিটি গুনাহ থেকে বিরতই থাকবে।

অনুরূপভাবে, আউলিয়া কেরাম টেইইটা কে বান্দাদের মধ্যে এজন্য গোপন রেখেছেন যেন মানুষ প্রতিটি নেক মুসলমানের প্রতি যত্নবান হয়, সম্মান বজায় রাখে, আর একথা চিন্তা করে যে, হতে পারেন উনি আল্লাহ তাআলার ওলী। আর প্রকাশ থাকে যে, যখন আমরা নেক লোকদের প্রতি সম্মান করতে শিখে যাবো, মন্দ ধারণার অভ্যাস পরিহার করবো, সমস্ত মুসলমানকে নিজের

হ্**যরত মুহাম্মদ**্শ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

চেয়ে ভালো মনে করতে থাকবো, তখন আমাদের সমাজও সংশোধন হয়ে যাবে। আর الله عَزْوَجَلُ আমাদের শেষ পরিণতিও ভাল হবে।

হিকমতসমূহের মাদানী ফুল

ইমাম ফখরুদ্দীন রাযী رَحْبَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ তার প্রসিদ্ধ তাফসীর 'তাফসীরে কবীর' এর মধ্যে লিখেছেন, আল্লাহ তাআলা শবে কুদরকে কয়েকটি কারণে গোপন রেখেছেন।

প্রথমতঃ যেভাবে অন্যান্য জিনিসকে গোপন রেখেছেন, যেমন আল্লাহ তাআলা নিজের সন্তুষ্টিকে আনুগত্যপূর্ণ কাজগুলোর মধ্যে গোপন রেখেছেন, যাতে বান্দা প্রতিটি আনুগত্যের প্রতি উৎসাহিত হয়, নিজের অসম্ভষ্টিকে গুনাহের কাজগুলোর মধ্যে গোপন রেখেছেন, যাতে প্রতিটি গুনাহ থেকে বিরত থাকে, আপন ওলীগণকে তাঁর বান্দাদের মধ্যে গোপন রেখেছেন, যাতে লোকেরা সবার প্রতি সম্মান দেখায়, দু'আ কবৃল হওয়াকে দু'আ গুলোর মধ্যে গোপন রেখেছেন, যাতে সব ধরণের দু'আ খুব বেশি পরিমাণে করে, ইসমে আজমকে নাম সমূহের মধ্যে গোপন রেখেছেন, যাতে সব ধরণের নাম মোবারকের প্রতি সম্মান প্রদর্শন করে। 'সালাতে ওসত্বা' (মধ্যবর্তী নামায) কে নামাযগুলোর মধ্যে গোপন রেখেছেন, যাতে নামাযগুলোর প্রতি যত্নবান হয়, তওবা কবুল হওয়াকে গোপন রেখেছেন, যাতে বান্দা প্রত্যেক প্রকারের তওবা সর্বদা করতে থাকে, মৃত্যুর সময়কে গোপন রেখেছেন, যাতে (শরীয়তের বিধানাবলী বর্তায় এমন) বিষয় বান্দা ভয় করতে থাকে। অনুরূপভাবে, শবে কুদরকে গোপন রেখেছেন, যাতে রমযানের সমস্ত রাতের প্রতি সম্মান দেখায়।

দ্বিতীয়ত ঃ আল্লাহ তাআলা ইরশাদ করছেন, "যদি আমি শবে ক্বদরকে নির্দিষ্ট করে দিতাম, অথচ আমি তোমাদের গুনাহর কথাও জানি, তবে যদি কখনো যৌন তাড়না তোমাকে এ রাতে গুনাহের নিকটে নিয়ে ছেড়ে দিতো, তবে গুনাহে লিপ্ত হয়ে যেতে। আর তোমার এ রাত সম্পর্কে জানা থাকা সত্ত্বেও গুনাহ্ করে নেয়া, না জেনে গুনাহ্ করার চেয়ে বেশী জঘন্য হয়ে যেতো। সুতরাং এ কারণে আমি সেটাকে গোপন রেখেছি।

হ্**যরত মুহাম্মদ** শ্লিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

বর্ণিত আছে যে, মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ لَهُ مَسلَّم মসজিদ শরীফে তাশরীফ আনলেন। দেখলেন এক ব্যক্তি ঘুমিয়ে আছে। তখন ইরশাদ ফরমালেন, হে আলী غنه الله تَعَالَى عَنْهُ আতে ওযু করে নেয়। হযরত আলী غنه الله تَعَالَى عَنْهُ আগলেন। তারপর আরয করলেন, "হে আল্লাহর রসূল! مَسلَّم আর্ম করলেন, "হে আল্লাহর রসূল! مَسلَّم الله تَعَالَى عَنْهُ وَالِهِ وَسلَّم আপনিতো নেক্ কাজের প্রতি সর্বাপেক্ষা বেশি আগ্রহী ও তৎপর। আপনি (নিজে) কেন তাকে জাগালেন না? ইরশাদ ফরমালেন, এজন্য যে, সে তোমার কথা মানতে অস্বীকার করলে তা কুফরী হবে না, কিন্তু আমার আহ্বানে সাড়া দিতে অস্বীকার করলে তা কুফর হয়ে যেতো সুতরাং আমি তার পাপের বোঝা হালকা করার জন্য এমন করেছি।"

সুতরাং যখন মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, রহমতের রসূল এটার ইপর মহান প্রতিপালকের এমন অবস্থা তখন এটার উপর মহান প্রতিপালকের রহমত বা দয়ার অনুমান করো, তা কেমন হবে? আল্লাহ তাআলা ইরশাদ করছেন—"যদি তুমি শবে ক্বদর সম্পর্কে জানতে এবং তাতে ইবাদত করতে, তবে হাজার মাস থেকে বেশি সাওয়াব অর্জন করতে। আর যদি তাতে গুনাহ্ করে বসতে, তবে হাজার মাসের চেয়েও বেশী শাস্তি পেতে। শাস্তি দূর করা সাওয়াব উপার্জন করার চেয়ে উত্তম।

তৃতীয়তঃ আমি এ রাতকে গোপন রেখেছি, বান্দা যাতে সেটার তালাশ করতে গিয়ে পরিশ্রম করে। আর এ পরিশ্রমের সাওয়াব অর্জন করে।

চতুর্থতঃ যখন বান্দার মনে শবে ক্বদর কোনটি সে সম্পর্কে নিশ্চিত বিশ্বাস হবেনা, তবে রমাযানুল মুবারকের প্রতিটি রাতে আল্লাহ তাআলার বন্দেগীতে থাকবে— এ আশায় যে, এ রাতটিই শবে ক্বদর হতে পারে। এদের সম্পর্কেও তো আল্লাহ তাআলা ফিরিশ্তাদেরকে এ কথা বলবে, তোমরাই তো এ (মানব জাতি) সম্পর্কে বলেছিলে, "তারা ঝগড়া করবে, রক্তপাত করবে।" অথচ এরাতো এ ধারণাকৃত রাতে পরিশ্রম করে যাচেছ। যদি আমি তাকে এ রাতের জ্ঞান

হ্যরত মুহাম্মদ 🖟 ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

দিয়ে দিতাম, তবে কেমন হতো। তাই এখানে আল্লাহ তাআলা এর ওই বানীর রহস্য প্রকাশ পেয়েছে, যা তিনি ফিরিশতাদের জবাবে ইরশাদ করেছিলেন, যখন আল্লাহ তাআলা তাদেরকে ইরশাদ করেছেন.

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ-

আমি পৃথিবীতে আমার প্রতিনিধি নিয়োগকারী। (পারা ১, সূরা বাকারা, আয়াত ৩০)

إِنِّى جَاعِلُ فِي الْأَرْضِ خَلِيْفَةً ﴿

তখন ফিরিশতাগণ আর্য করল

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ-

তারা বললো, এমন কাউকে কি প্রতিনিধি করবেন, যে তাতে ফ্যাসাদ ছড়াবে এবং রক্তপাত ঘটাবে? আর আমরা আপনার প্রশংসা সহকারে আপনার স্তুতিগান করি এবং আপনারই প্রশংসা ঘোষণা করি। (পারা ১, সূরা বাকারা, আয়াত ৩০) قَالُوُ التَجْعَلُ فِيهَا مَنُ يُّفُسِدُ فِيهَا وَيَسْفِكُ الدِّمَاءَ وَنَحُنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ الْمَ

তাই ইরশাদ করলেন

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ-

বললেন, আমি যা জানি তা তোমরা জানোনা। (পারা ১, সূরা বাকারা, আয়াত ৩০) قَالَ إِنَّ أَعْلَمُ مَا لَا تَعْلَمُونَ ﴿٢٠﴾

সুতরাং আজ এ মহান বাণীর রহস্য প্রকাশ পেলো। (তাফ্সীরে কবীর, ১১শ খন্ড, পৃষ্ঠা ২২৯)

বছরের যে কোন রাত শবে ক্বদর হতে পারে

অতএব অগণিত উপকারের ভিত্তিতে শবে ক্বদরকে গোপন রাখা হয়েছে, যাতে আল্লাহ তাআলার নেক বান্দাগন এর তালাশে গোটা বছরই লেগে থাকে। অনুরূপভাবে তারা সাওয়াব অর্জনের চেষ্টার মধ্যে লেগে থাকে। শবে ক্বদরের নির্দিষ্টকরণের ক্ষেত্রে সম্মানিত আলিমগণ رَحِبَهُمُ اللهُ تَكَالُ এর বহু মতভেদ দেখা যায়।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

কিছু সংখ্যক বুযুর্গ الله تَعَالَى عَلَيْهُ এর মতে শবে ক্বনর পুরো বছর ঘুরে থাকে। যেমন, হযরত সায়ি্যদুনা আবদুল্লাহ ইবনে মাসউদ গ্রুটি এইটি বলেন, শবে ক্বনর ওই ব্যক্তিই পেতে পারে, যে গোটা বছরই রাতের বেলায় ইবাদত করে। এ অভিমতকে সমর্থন করে ইমামূল আরিফীন সায়ি্যদুনা শায়খ মুহী উদ্দীন ইবনুল আরবী الله تَعَالَى عَلَيهِ বলেন, "আমি শা'বানুল মু'আয্যমের ১৫ তম রাত (অর্থাৎ শবে বরাত) অন্য একবার শা'বানুল মু'আয্যমের ১৯ তম রাতে শবে ক্বনর পেয়েছি। তাছাড়া রমযানুল মুবারকের ১৩ তম রাত এবং ১৮তম রাতেও দেখেছি। আর রমযানুল মুবারকের শেষ দশদিনের বিজ্ঞোড় রাতগুলোতে দেখেছি। তিনি আরো বলেন, যদিও বেশির ভাগ ক্ষেত্রে শবে ক্বনর রমযানুল মুবারকের মধ্যেই পাওয়া যায়, তবুও আমার অভিজ্ঞতাতো এটাই যে, এটা পূর্ণ বছরই ঘুরতে থাকে, অর্থাৎ প্রত্যেক বছর নির্দিষ্ট এক রাতে শবে ক্বনর হয়না।

রহমতে কাওনাইন শ্লুট্টে শাইখাইন র্মেট্টেটের্মাট্টের তাশরীফ আনলেন

মুবারকের ই'তিকাফের অনেক বাহার হয়ে থাকে। পৃথিবীর বিভিন্ন স্থানে ইসলামী ভাইয়েরা মসজিদে ও ইসলামী বোনেরা 'মসজিদে বায়তে' (ঘরের নির্ধারিত স্থানে) ইতিকাফের সৌভাগ্য অর্জন করেন এবং অনেক নূর অর্জন করেন। উৎসাহের জন্য একটি বাহার আপনাদের পেশ করছি।

यमन তৌশিল লিয়াকতপুর, জিলা রহিম ইয়ারখান পাঞ্জাব, এর এক হালকা কাফিলা যিম্মাদার নওজোয়ান ইসলামী ভাইয়ের বর্ণনা। সে বলেন, আমি সিনেমার এতই ভক্ত ছিলাম যে, আমাদের গ্রামের সিডির দোকানের অর্ধেক দেখে ফেললাম। الْحَيْدُ ولله عَزَّوْجَلَّ তালবানী গ্রামের মাদানী মসজিদে ১৪২২ হি: মোতাবেক ২০০১ সালে রমযান মোবারকের শেষ দশ দিনে আমার ই'তিকাফ করার সৌভাগ্য হল। দা'ওয়াতে ইসলামীর আশিকানে রসূলদের সাহচার্যের বরকত আমি কি বয়ান করব! ২৭ শে রমযান মোবারককে ভুলা যায় না। এমন ঈমান উজ্জলকারী ঘটনা নে'মতের শুকরিয়া আদায়ের লক্ষ্যে বর্ণনা করছি। সারা রাত

হ্যরত মুহাম্মদ্লিট্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

জাগ্রত থেকে আমি খুবই কেঁদে কেঁদে মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হ্যরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর দিদার ভিক্ষা চেয়েছি।

তেল। আমি নিজেকে স্বপ্নের জগতে মসজিদের ভিতর দেখলাম। ইতোমধ্যে গেল। আমি নিজেকে স্বপ্নের জগতে মসজিদের ভিতর দেখলাম। ইতোমধ্যে ঘোষণা হল, "সরকারে মদীনা হযরত মুহাম্মদ مَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم তাশরীফ আনছেন ও নামাযের ইমামতি করবেন।" এর কিছুক্ষণ পরেই রহমতে কাওনাইন, সুলতানে দারাইন, নানায়ে হাসানাইন, হযরত মুহাম্মদ مَلَى اللهُ صَلَّى اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلَى اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهُ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَعَالَى عَلَيْهِ وَاللّهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللّهُ وَتَعَالَى عَلَيْهِ وَاللّهِ وَسَلَّم مَلْ اللهُ وَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَا اللهُ عَلَى اللهُ وَعَلَى عَلَيْهُ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَعَالًى عَلَيْهِ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهِ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَاللّهُ وَعَلَى عَلَيْهِ وَاللّهُ وَل

। তিং পুরু কুরু কুরু তার্লা নাযেরা পড় পড়কে কুরুআনে জামাল।

ত্রু নুট্ট ত্রু ত্রু ঘটনার পর আমার অন্তরে তবলীগে কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর প্রতি ভালবাসা বৃদ্ধি পেল বরং আমি দা'ওয়াতে ইসলামীরই একজন হয়ে গেলাম। ঘর থেকে আমি বাবুল মদীনা করাচীর দিকে রওয়ানা হয়ে গেলাম এবং দরসে নেজামী করার জন্য জামেয়াতুল মদীনায় ভর্তি হলাম। আমি এই ঘটনা বর্ণনা দেয়ার সময় দরজায়ে উলাতে ইলমে দ্বীন অর্জন করার সাথে সাথে সাংগঠনিক নিয়ম অনুযায়ী যেলী হালকার কাফিলার যিম্মাদার হিসাবে দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজের সাড়া জাগানোর চেষ্টা করছি।

جلوۂ یار کی آرزو ہے اگر' کمرنی ماحول میں کرلوتم اعتکاف میٹھے آتا کریں گے کرم کی نظر' کمرنی ماحول میں کرلوثم اعتکاف

হ্যরত মুহাম্মদ শ্লিষ্টি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

জলওয়ায়ে ইয়ার কি আরজু হে আগার মাদানী মাহুল মে করলো তুম ইতিকাফ মিঠে আকা করেগে করম কি নযর মাদানী মাহুল মে করলো তুম ইতিকাফ।

ইমাম আজম مِينَةُ الله تَعَالٰ عَلَيهِ এর দু'টি অভিমত

হযরত সায়্যিদুনা ইমাম আযম আবূ হানিফা رَحْبَةُ اللّٰه تَعَالَ عَلَيهِ থেকে এ প্রসঙ্গে দু'টি অভিমত বর্ণিত হয়েছে.

- ১. শবে ক্বদর রমযানুল মুবারকেই রয়েছে। কিন্তু কোন রাতটি তা নির্ধারিত নয়। সায়িদুনা ইমাম আবূ ইউসুফ ও সায়িদুনা ইমাম মুহাম্মদ رَحِبُهُمُ اللَّهُ تَعَالَ এর মতে, রমাযানুল মুবারকের শেষ পনের রাতের মধ্যে শবে কুদর হয়।
- ২. সায়্যিদুনা ইমাম আবূ হানিফা رَحْمَةُ اللّٰه تَعَالَىٰ عَلَيهِ এর এক প্রসিদ্ধ অভিমত হচ্ছে ৪-শবে ক্বদর পুরো বছরই ঘুরতে থাকে, কখনো মাহে রমযানুল মুবারকে হয়, কখনো অন্যান্য মাসে।
- এ অভিমত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস, সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে মাসউদ ও সায়্যিদুনা ইকরামা زخی الله تَعَالَى عَنْهُمَ থেকেও বর্ণিত।

(ওমদাতুল কারী, খন্ড ৮, পৃষ্ঠা ২৫৩, হাদীস নং ২০১৫)

সায়িদুনা ইমাম শাফেয়ী رَخْتَةُ اللّٰهِ تَعَالَٰعَلَيهِ এর মতে, শবে ক্বদর রমযানুল মুবারকের শেষ দশ দিনে রয়েছে আর তার দিনটি নির্দিষ্ট। এতে কিয়ামত পর্যন্ত কোন পরিবর্তন হবে না। (ওমদাতুল কারী, খড্-৮ম, পৃ ২৫৩, হাদীস নং ২০১৫)

শবে ক্বদর পরিবর্তন হয়

হয়ব

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

আবুল হাসান ইরাকী এবং শবে ক্বদর

কিছু সংখ্যক বুযুর্গ হযরত সায়্যিদুনা শায়খ আবুল হাসান ইরাকী المُعْدَلُ وَعُمْدُ এর বাণী বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি যখন থেকে বালেগ হয়েছি, তখন থেকে, المُعْدُدُ لِلْمُعَوَّرَجُلُّ আমি শবে ক্বুদর দেখিনি এমন কখনো হয়নি। তারপর আপন অভিজ্ঞতা বর্ণনা করেছেন, "কখনো যদি রবিবার কিংবা বুধবার ১লা রমযান হতো, তবে ২৯ তম রাত্রি, যদি সোমবার ১লা রমযান হতো, তবে ২১শে রাত, ১ম রোযা মঙ্গল কিংবা জুমুআর দিন হলে ২৭ শে রাত, ১লা রমযান বৃহস্পতিবার হলে ২৫শে রাত এবং ১ম রমযান শনিবার হলে ২৩ শে রাত্রি শবে ক্বুদর পেয়েছি। (নুযহাতুল মাজালিস, ১ম খভ, পৃষ্ঠা ২২৩)

২৭শে রাত শবে ক্বদর

যদিও বুযুর্গানে দ্বীন এবং মুফাস্সিরগণ ও মুহাদ্দিসগণ المؤَّونَيُّةُ শবে ক্বনর নির্ণয়ের ক্ষেত্রে মতবিরোধ রয়েছে, তবুও প্রায় সবার অভিমত হচ্ছে, প্রতি বছর শবে ক্বনর ২৭ শে রমযানুল মুবারকের রাতেই হয়ে থাকে। হযরত সায়িয়দুনা উবাই ইবনে কা'ব نَوْنَ اللهُ تَكَالُ عَنْهُ ২৭ শে রমযানুল মুবারকের রাতকেই শবে ক্বনর বলেন। (তাফসীর-ই-সাভী, খভ ৬৯, পৃষ্ঠা ২৪০০)

হুযুর গাউসে আযম সায়িয়দুনা শায়খ আবদুল কাদির জিলানী وَحْمَةُ اللّٰهِ تَعَالَ عَلَيْه জিলানী وَحْمَةُ اللّٰهِ تَعَالَ عَلَيْه জিলানী وَحْمَى اللّٰه তিপরোক্ত অভিমত ব্যক্ত করেছেন। হ্যরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে ওমর وَخِيَ اللّٰهُ وَاللّٰهُ وَاللّٰهُ اللّٰهُ لَا اللّٰهُ اللّ

হযরত সায়্যিদুনা শাহ আবদুল আয়ীয় মুহাদ্দিস দেহলভী رَحْبَةُ الله تَعَالَىٰ عَلَيْهِ বলেন, "শবে ক্বদর রমযান শরীফের ২৭তম রাতে হয়ে থাকে। নিজের কথার সমর্থনে তিনি দুটি দলীল বর্ণনা করেন, ১. লাইলাতুল ক্বদর শব্দ দুটিতে ৯ টা বর্ণ রয়েছে। এ কলেমা সূরা ক্বদরে তিনবার ইরশাদ হয়েছে। এভাবে 'তিনকে নয় দিয়ে গুণ করলে গুণফল হয় ২৭। এটা এ কথার দিকে ইঙ্গিত বহন করেছে যে, শবে ক্বদর ২৭শে রমযানুল মুবারকে হয়ে থাকে। ২. অপর ব্যাখ্যা এটা বলেন যে, এ সুরা

হ্যরত মুহাম্মদ \iint ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

মুবারকায় ত্রিশটি পদ রয়েছে। তন্মধ্যে ২৭তম বর্ণ হচ্ছে, আরবী পদটি, যা দ্বারা 'লাইলাতুল কদর' বুঝানো হয়। সুতরাং আল্লাহ তা'আলার পক্ষ থেকে নেক্কার লোকদের জন্য এ ইঙ্গিত দেয়া হয়েছে যে, রমযান শরীফের ২৭শে রাতই শবে ক্দর হয়। (তাফসীরে আযীযী, খভ-৪র্থ, পৃ-৪৩৭)

প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহ তাআলা শবে ক্বদরকে গোপন রেখে যেনো আপন বান্দাদেরকে প্রতিটি রাতে কিছু না কিছু ইবাদত করার প্রতি উৎসাহ দান করেছেন। যদি তিনি শবে ক্বদরের জন্য কোন একটি রাতকে নির্ধারণ করে দিয়ে সুস্পষ্টভাবে সেটার জ্ঞান আমাদেরকে দিয়ে দিতেন, তবে আবার একথার সম্ভাবনা থাকতো যে, আমরা বছরের অন্যান্য রাতের ক্ষেত্রে উদাসীন হয়ে যেতাম, শুধু ওই এক রাতের প্রতি গুরুত্ব দিতাম। এখন য়েহেতু সেটাকে গোপন রাখা হয়েছে, সেহেতু বুদ্ধিমান হচ্ছে সে-ই, য়ে গোটা বছর ওই মহান রাতের তালাশে থাকে, 'জানিনা কোন রাতটি শবে ক্বদর।' বাস্তবিকপক্ষে যদি কেউ সত্য অন্তরে সেটা সারা বছরই তালাশ করে তবে আল্লাহ তাআলা কারো পরিশ্রমকে নষ্ট করেন না। তিনি অবশ্যই আপন অনুগ্রহ ও বদান্যতায় তাকে ওই রাতের সৌভাগ্য দান করবেন।

প্রতিরাত ইবাদতে অতিবাহিত করার সহজ ব্যবস্থাপনা

"গারা-ইবুল কুরআন" ১৮৭ পৃষ্ঠায় একটি বর্ণনা উদ্ধৃত করা হয়েছে যে, যে ব্যক্তি রাতে এ দু'আ তিনবার পড়ে নেবে সে যেনো শবে ক্বদর পেয়ে গেছে। তাই প্রতি রাতে এ দু'আ পড়ে নেয়া চাই ঃ

অর্থাৎ ৪- সহনশীল দয়ালু আল্লাহ ব্যতীত ইবাদতের উপযোগী কেউ নেই। আল্লাহ তাআলা পবিত্র, যিনি সপ্ত আসমান ও আরশে আযীমের মালিক ও প্রতিপালক।

হযরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

ইমাম জালাল উদ্দীন সুয়ূতী শাফেয়ী وَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ وَاللهِ وَسَلَّم বর্ণনা করেন, মদীনার তাজেদার হযরত মুহাম্মদ سَلَّم হৈরশাদ করেছেন, "যে ব্যক্তি এশার নামায জামা'আত সহকারে পড়েছে, নিশ্চয় সে যেনো লাইলাতুল কুদর থেকে নিজের অংশ অর্জন করে নিয়েছে।

(আল জামিউল সাগীর, পৃষ্ঠা ৫৩২, হাদিস নং ৮৭৯৬)

২৭ তম রাতের প্রতি গুরুত্ব দিন

আল্লাহ তাআলা রহমতের সন্ধানকারীরা! যদি সারা বছরই জামায়াতে নামায পড়ার অভ্যাস গড়ে নেয়া হয়, তবে শবে ক্বদরে এ দু'টি নামাযের জামায়াতের সৌভাগ্যও মিলে যাবে। আর রাতভর শুয়ে থাকা সত্ত্বেও وَانْ شَاءَ اللّٰهِ عَزْءَجَلٌ প্রতিদিনের মতো শবে ক্বদরেও পুরো রাত ইবাদত করার সাওয়াব পাওয়া যাবে।

ا گر قدر دانی تُوم رشب قدر است

উচ্চারণ ঃ আগর ক্বদর দানী তো হার শব শবে ক্বদর আস্ত। অর্থ ঃ মূল্যায়ন করতে জানলে প্রতিটি রাতই শবে ক্বদর।

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

যেসব রাতে শবে ক্বদর হবার বেশী সম্ভাবনা রয়েছে, যেমন রমযানুল মুবারকের শেষ দশ রাত কিংবা কমপক্ষে সেগুলোর বিজ্ঞাড় রাতগুলো, ওইগুলোর মধ্যে ইবাদতের প্রতি বিশেষ গুরুত্ব দেয়া চাই। বিশেষ করে ২৭ তম রাত। শবে কদর সম্পর্কে অধিকতর গ্রহণযোগ্য ধারণা এটাই। এ রাতকে তো অলসতার মধ্যে কাটানো মোটেই উচিত হবে না। ২৭ তম রাত বিশেষ করে তওবা, ইস্তিগফার এবং বারংবার যিকির ও দুরুদ শরীফ পাঠের মধ্যে কাটানো উচিত।

শবে ক্বদরে পড়ুন

আমিরুল মুমিনীন হযরতে মাওলায়ে কাইনাত আলী মুরতাজা শেরে খোদা الله عنه বলেন, "যে কেউ শবে ক্বদরে সূরা ক্বদর সাতবার পড়বে, আল্লাহ তাআলা তাকে প্রত্যেক বালা মুসীবত থেকে নিরাপত্তা দান করেন। আর সত্তর হাজার ফিরিশতা তার জন্য জানাত প্রাপ্তির দু'আ করেন। যে ব্যক্তি (সারা বছরে যখনই) জুমার দিন জুমার নামাযের পূর্বে তিনবার সূরা ক্বদর পড়ে আল্লাহ তাআলা ওই দিনে সমস্ত নামায সম্পন্নকারীর সংখ্যার সমান নেকী তার আমল নামায় দান করেন।" (নূযহাতুল মাজালিস, ১ম খভ, পৃষ্ঠা ২২৩)

শবে কদরের দু'আ

উম্মুল মু'মিনীন হযরত সায়্যিদাতুনা আয়েশা সিদ্দিকা رَضَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মুহাম্মদ عِلَيْهِ وَالِهِ وَسَلَّم এর আমার মাথার মুকুট, মি'রাজের দুলহা হযরত মুহাম্মদ مَلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم রস্ল مِلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم রস্ল مِلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم রস্ল مِلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আমি শবে ক্বনর সম্পর্কে জানতে পারি তবে আমি কি পড়বো? সারকারে আবাদকরার, শফীয়ে রোযে শুমার হযরত মুহাম্মদ مَلَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم করলেন, "এভাবে দু'আ প্রার্থনা করো ৪-

اَللّٰهُمَّ إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفُو فَاعُفُ عَنِّي

অর্থ %- হে আল্লাহ নিশ্চয় তুমি ক্ষমাশীল। তুমি ক্ষমা পছন্দ করো। তাই আমাকে ক্ষমা করো। (তিরমিয়ী, খন্ড ৫ম, পৃষ্ঠা ৩০৬, হাদিস নং ৩৫২৪)

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

প্রিয় ইসলামী ভাইয়েরা! আহা! প্রত্যেক রাতে আমরাও যদি এ দু'আ কমপক্ষে একবার করে পড়ে নিই। তাহলে কখনোতো শবে ক্বদর ভাগ্যে জুটে যাবে। অন্যথায়, কমপক্ষে ২৭ শে রমাযানের রাতে এ দোআ বারবার পড়া উচিত। এছাড়াও, ২৭ শে রাতে আল্লাহ তাআলা সামর্থ্য দিলে রাত জেগে বেশী পরিমাণে দুরুদ ও সালাম পাঠ করবেন। যিকির ও না'তের মাহফিলে সম্ভব হলে শরীক হবেন। আর নফল ইবাদতের মধ্যে সারারাত কাটানোর চেষ্টা করবেন।

শবে ক্বদরের নফলসমূহ

হযরত সায়্যিদুনা ইসমাঈল হক্কী کثیهٔ الله تَعَالَیٰ عَلَیهِ তাফসীর-ই-রহুল বয়ান এর মধ্যে এ বর্ণনা উদ্ধৃত করেছেন, "যে ব্যক্তি শবে ক্বদরের নিয়্যতে নিষ্ঠা সহকারে নফল পড়বে, তার পূর্বাপর গুনাহ ক্ষমা হয়ে যাবে।"

(রূহুল বয়ান, খন্ড ১০ম, পৃষ্ঠা ৪৮০)

হুযুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم যখন রমযানুল মুবারকের শেষ দশদিন আসতো তখন ইবাদতের জন্য পূর্ণ প্রস্তুতি নিয়ে নিতেন। সেগুলোর মধ্যে রাতে জাগ্রত থাকতেন। নিজ পরিবারের সদস্যদেরকে জাগাতেন।

(সুনানে ইবনে মাজাহ, খন্ড ২য়, পৃষ্ঠা ৩৫৭, হাদিস নং ১৭৬৮)

হযরত সায়্যিদুনা ইসমাঈল হককী رَحْمَةُ الله تَعَالَى عَلَيهِ উদ্কৃত করেছেন, বুযুগানে দ্বীন المتعالى এ দশ দিনের প্রতিটি রাতে দু'রাকাআত নফল নামায শবে ক্বদরের নিয়াতে পড়তেন। তাছাড়া কিছু সংখ্যক শীর্ষস্থানীয় ব্যক্তি থেকে উদ্কৃত, যে ব্যক্তি প্রত্যেক রাতে দশটি আয়াত এ নিয়াতে পড়ে নেবে, সে সেটার বরকত ও সাওয়াব থেকে বঞ্চিত হবে না। আর ফকীহ্ আবুল লায়্স সমরকন্দী ত্রুটি আটি ইহাটি ইটি বলেন, শবে ক্বদরের নামায কমপক্ষে দু'রাক'আত, বেশীর চেয়ে বেশী ১০০০ রাক'আত। মাঝারী পর্যায়ের হচ্ছে ২০০ রাক'আত।

প্রত্যেক রাক'আতে মাঝারী পর্যায়ের কিরাত হচ্ছে সূরা ফাতিহার পর একবার সূরা ক্বদর ও তিনবার সূরা ইখলাস পড়বেন। আর প্রত্যেক দু'রাক'আতের হ্যরত মুহাম্মদ ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

পর সালাম ফেরাবেন। সালামের পর মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পাঠ করবেন।

তারপর নামাযের জন্য দাঁড়িয়ে যাবেন। এভাবে, নিজের শত রাকআত, কিংবা তদপেক্ষা কম বা বেশীর, যে নিয়ত করেছেন তা পূরণ করবেন। সুতরাং এমনি করা এ শবে ক্বনেরে মহা মর্যাদা, যা আল্লাহ তাআলা বর্ণনা করেছেন, আর যা মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ مَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ এতে রাত জাগরণের কথা ইরশাদ করেছেন, অতএব এতটুকু যথেষ্ট হবে।

(রহুল বয়ান, ১০ খভ, পৃষ্ঠা ৪৮৩)

প্রিয় ইসলামী ভাইয়েরা! নিশ্চয় এ রাত বরকতের ঝার্ণাধারা প্রবাহিত হয়। যেমন হুয়ৄরে আনওয়ার মদীনার তাজদার হয়রত মুহাম্মদ নুর্টুট্বাধ্বির এমন এক মাস এসেছে, যাতে একটি রাত এমনও আছে, যা হাজার মাস থেকে উত্তম। যে এ রাত থেকে বঞ্চিত রয়েছে, সে পূর্ণ কল্যাণ থেকে বঞ্চিত রয়েছে। (যে শবে কুদরের কল্যাণ থেকে বঞ্চিত রয়েছে, সে আসলেই কল্যাণ থেকে বঞ্চিত রইল।) (মিশকাত, ১ম খছ, পৃষ্চা ৩৭২, হাদিস নং ১৯৬৪) এমন রহমত ও বরকতসম্পন্ন রাতকে অবহেলায় কাটিয়ে দেয়া বড়ই বঞ্চিত হবার প্রমাণ। তাই সবার জন্য উচিত শবে কুদরকে পূর্ণ রমযানুল মুবারকে তালাশ করা। অন্যথায় কমপক্ষে ২৭ শে রাতকে অবশ্যই ইবাদতের মধ্যে অতিবাহিত করবেন। হে আমাদের প্রিয় আল্লাহ তাআলা আপন প্রিয় হাবীব ঝু৯্টুট্রট্রট্রট্রট্রট্রট্রট্রট্রট্র এর ওসীলায় আমরা গুনাহ্গারদেরকে লাইলাতুল কুদরকে মূল্যায়ন করার (মর্যাদা ও সম্মান দেয়ার) এবং তাতে বেশীর চেয়ে বেশী পরিমাণে আপনার ইবাদত করার তাওফীক দান করলন।

আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন صَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللَّهُ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللَّهُ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللَّهِ اللَّهُ اللَّهُولِي اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَ

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

জাগ্রত অবস্থায় দিদার নসীব হল কার?

প্রিয় ইসলামী ভাইয়েরা! তবলীগে কুরআন ও সুনাতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর সুনাতের প্রশিক্ষণের মাদানী কাফিলা সমূহে আশিকানে রসূলগণের সাথে সুনতে ভরপুর সফরে অভ্যস্থ হয়ে যান। ইট্রিট্রা শবে কুদর পাওয়ার সৌভাগ্য হবে। উৎসাহের জন্য আপনাদের খিদমতে মাদানী কাফিলার একটি সুন্দর সুগন্ধময় মাদানী ফুল উপস্থাপন করছি।

যেমনিভাবে নতুন করাচীর এক ইসলামী ভাই এর বয়ানের সারমর্ম ছিল এই রকম, "আমি প্রথমবার ১২ দিনের মাদানী কাফিলায় সফরের সৌভাগ্য অর্জন করলাম। নওয়াব শাহ বাবুল মদীনা করাচীর এক মসজিদে আমাদের মাদানী কাফিলা অবস্থান নিল। নেকীর দিকে আগ্রহ কম হওয়ার কারণে আমার মনলাগছিল না। একদিন মসজিদের উঠানে রুটিন মোতাবেক সুন্নতে ভরপুর হালকা অনুষ্ঠিত হচ্ছিল ইতোমধ্যে রোদ আসল।

এক ইসলামী ভাই উঠে মসজিদের ভিতর চলে গেল। কিছুক্ষণ পরে মসজিদের ভিতর থেকে উচু স্বরে একটি আওয়াজ হল। সকলে সেদিকে দৃষ্টিপাত করল। ইতোমধ্যে সেই ইসলামী ভাই কাঁদতে কাঁদতে বাইরে আসলেন এবং বলতে লাগলেন, এই এক্ষুনি জাগ্রত অবস্থায় আমি সবুজ পাগড়ী বিশিষ্ট উজ্জল চেহারার অধিকারী এক বুযুর্গ ব্যক্তিকে দেখলাম যিনি এইভাবে কিছু বললেন, "আঙ্গিনায় রোদে বসে সুন্নত প্রশিক্ষণার্থীরা বেশি সাওয়াব অর্জন করছে।" এই কথা শুনে মাদানী কাফিলায় অংশগ্রহণকারী সকলেই অশ্রুণসিক্ত হয়ে গেল এবং আমিও অত্যন্ত প্রভাবিত হয়ে গেলাম আর আমি মনে মনে সিদ্ধান্ত নিলাম যে, এখন থেকে কখনো দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশ ছাড়ব না। ﴿اللَّهُ عَزُوْ جَلُ এখনতো মাদানী কাফিলায় সফর করাটা আমার অভ্যাসে পরিণত হয়েছে। একবার আমাদের মাদানী কাফিলা মীরপুরখাস (বাবুল মদীনা সিন্দ) এ অবস্থান করছিল। এক আশিকে রসূল বললেন যে, তাহাজ্জুদ নামাযের সময় আমি

হ্**যরত মুহাম্মদ**্গ্রিট্টি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

দেখলাম কাফিলার সকল ইসলামী ভাইয়ের উপর আলো (নূর) বর্ষণ হচ্ছে। এতে আরো বেশি প্রেরণা পেলাম। الْحَيْدُ لِلّٰهُ عَزَّرَجَلَّ এই বয়ান দেয়ার সময় আমি দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজের মাদানী ইনআমাতের এলাকায়ী যিম্মাদার হিসেবে মাদানী সুবাস ছড়ানোর সৌভাগ্য অর্জন করছি।

অর্ধেক রোদে বসবেন না

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! দয়ার বৃষ্টি কিভাবে বর্ষিত হচ্ছে! সম্ভবত তা গরমের মওসুম ছিল না এবং সকালের ঠান্ডা ঠান্ডা রোদে দিওয়ানা গণ সুনুতের প্রশিক্ষণে ব্যস্ত ছিল। তাদের উৎসাহ উদ্দীপনা খুবই মজবুত ছিল। অন্যথায় বিনা কারণে কঠিন রোদে সুনুত শিক্ষার হালকা লাগানো ঠিক নয় যে, এতে একাগ্রতা অর্জন হয় না এবং শিক্ষাতে ভুল বুঝার সম্ভাবনা থাকে। ইলমে দ্বীন বা দ্বীনি শিক্ষা অর্জনের জন্য পরিপূর্ণ মনোরম পরিবেশ হওয়া চাই। শরীরের কোন অংশে যদি রোদ এসে পড়ে, তখন সুনুত হচ্ছে এই যে, সেখান থেকে সরে বসবে। অর্থাৎ হয়ত পরিপূর্ণ ছায়াতে কিংবা পূর্ণ রোদে চলে যাবে।

যেমন হযরত সায়িয়দুনা আবু হুরাইরা رَضَى اللَّهُ تَعَالَى عَنْهُ وَاللَّهِ وَسَلَّم प्रात्त আল্লাহর প্রিয় হাবীব, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم এর এরশাদ হচ্ছে, যখন কোন ব্যক্তি ছায়াতে থাকে আর ছায়া সরে যায়, সে কিছু ছায়াতে আর কিছু রোদে থাকে তাহলে সেখান থেকে উঠে যাবে।

(সুনানে আবু দাউদ, খন্ড-৪র্থ, পৃ-৩৩৮, হাদীস নং-৪৮২১)

اولیاکاکرم 'خوب لوٹیں گے ہم آؤمل کر چلیں 'قافلے میں چلو دھوپ میں چھالوُں میں 'جالوُں میں آئوں میں سب بیہ نیت کریں 'قافلے میں چلو ہوتی ہیں سب سنیں نور کی بار شیں سب نہانے چلیں قافلے میں چل

আউলিয়া কা কারাম খুব লুটেঙ্গে হাম, আও মিলকার চলে কাফিলে মে চলো ধুপ মে ছাও মে জাউ মে আউ মে, সব ইয়ে নিয়্যত করে কাফিলে মে চালো হোতি হে সব সুনে নূর কি বারিশ সব নাহানে চলে কাফিলে মে চলো

হ্**যরত মুহাম্মদ** 🛍 ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

242

জানাতেও ওলামায়ে কিরামের প্রয়োজন হবে

মদীনার সুলতান, হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ رَالِهِ رَسَلَّم এর বাণী হচ্ছে, জান্নাতীরা জান্নাতে ওলামায়ে কিরামের মুখাপেক্ষী হবে, এজন্য যে তারা প্রতি জুমাতে আল্লাহ তা'আলার দিদার দ্বারা সম্মানিত হবেন। আল্লাহ তা'আলা বলবেন,

জানাতী ওলামায়ে কেরামের দিকে ফিরে বলবেন, আমরা প্রভূর নিকট কি চাইব? তারা বলবেন, এটা চাও, ওটা চাও। যেমনিভাবে ঐ সমস্ত লোকেরা দুনিয়াতে ওলামায়ে কেরামের মুখাপেক্ষী ছিল, জানাতেও তাদের মুখাপেক্ষী হবে। (আল ফিরদৌস বেমাসুরীল খিতাব, খন্ড-১ম, প্-২৩০, হাদীস নং-৮৮০, আল্লামা সুয়ূতীর জামেউস সগীর, প্-১৩৫, হাদীস নং-২২৩৫)

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ وَالصَّلَوٰةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ اَمَّا بَعُدُ فَأَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيُطِنِ الرَّجِيْم ط بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيْم ط ফয়যানে ইতিকাফ

হ্যরত সায়্যিদুনা আবুদ দারদা غَنْهُ تَعَالَىٰ عَنْهُ (থকে বর্ণিত, শফী'উল মুয্নিবীন, রাহমাতুল্লিল্ আলামীন হযরত মুহাম্মদ করেছেন,

অর্থ ঃ যে ব্যক্তি আমার উপর দশবার সকালে এবং দশবার সন্ধ্যায় দুরুদ আমার শাফায়াত লাভ করবে। (মাজমা'উয় যাওয়ায়েদ ঃ খন্ত ১০ম, পৃষ্ঠা ১৬৩, হাদিস নং ১৭০২২)

مَنْ صَلَّى عَلَىَّ حِيْنَ يُصْبِحُ عَشْرًا وَحِيْنَ يُمْسِئَ عَشْرًا ١٩٩٥ مَا ١٩٩٨ عَشْرًا وَحِيْنَ يُمْسِئَ عَشْرًا أَدْرَكَتُهُ شَفَاعَتِي يَوْمَر الُقِيَامَةِ

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

প্রিয় ইসলামী ভাইয়েরা! রমযানুল মুবারকের বরকত সম্পর্কে কি বলবো! এমনি তো রমযানের প্রতিটি মুহুর্ত রহমতে পরিপূর্ণ, প্রতিটি মুহুর্ত অশেষ বরকত দ্বারা সমৃদ্ধ রয়েছে। কিন্তু এ সম্মানিত মাসে শবে ক্বদর সর্বাপেক্ষা বেশী গুরুত্ব রাখে। صَلَّى সোটা পাবার জন্য আমাদের প্রিয় আকা মদীনা ওয়ালে মুস্তফা হ্যরত মুহাম্মদ । পবিত্র মাহে রমযানের পুরো মাসও ই'তিকাফ করেছেন اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

صلّى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم अात आरथती मभामित्नत दें 'ठिकाक एठा दूरूत مسلَّى الله تَعَالى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم খুবই গুরুত্ব দিতেন। এমনকি একবার কোন বিশেষ সমস্যার কারণে হুযুর الله খুবই ন্মাওয়ালুল ই'তিকাফ করতে পারেন নি। তাই শাওয়ালুল ফুবারকে ই'তিকাফ করতে পারেন নি। তাই শাওয়ালুল মুকার্রামের শেষ দশ দিন ই'তিকাফ করেছিলেন।

(সহীহ বোখারী, ১ম খন্ড, পৃষ্ঠা ৬৭১, হাদিস নং ২০৩১)

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

এক বার সফরের কারণে হুযুর মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইতিকাফ করতে পারেননি। তাই হুযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পরবর্তী রমযান শরীফে বিশ দিন ইতিকাফ করেছেন। (জামে তিরমিযী, ২য় খন্ড, ২১২ পৃষ্ঠা, হাদিস নং ৮০৩)

ই'তিকাফ পুরাতন ইবাদত

পূর্ববর্তী নবীদের উম্মতের মধ্যেও ই'তিকাফের প্রচলন ছিলো। আল্লাহ তাআলা কোরআন মাজিদে ইরশাদ করেছেন।

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

এবং আমি তাগীদ করেছি ইব্রাহীম ও ইসমাঈলকে আমার ঘরকে পবিত্র করো তাওয়াফকারী, ইতিকাফকারী, রুকুকারী ও সাজদাকারীদের জন্য। وَعَهِدُنَآ إِلَى إِبْرُهُمَ وَ اِسْمُعِيْلَ أَنَ طَهِّرَا بَيْتِيَ لِلطَّآيِفِيْنَ وَالْعُكِفِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ

(পারা ১, সূরা বাকারা, আয়াত ১২৫)

মসজিদকে পরিস্কার রাখার হুকুম

প্রিয় ইসলামী ভাইয়েরা! নামায ও ই'তিকাফের জন্য কা'বা শরীফের পরিত্রতা ও পরিচ্ছন্নতার জন্য খোদ কা'বার মালিক আল্লাহ তাআলার পক্ষ থেকে হুকুম করা হচ্ছে। প্রসিদ্ধ মুফাস্সির হাকিমূল উদ্মত হ্যরত মুফতী আহমদ ইয়ার খান کِشَةُ الله تَعَالَ عَلَيهِ বর্ণনা করেন, বুঝা গেল যে, মসজিদ সমূহকে পরিত্র ও পরিস্কার রাখতে হবে। এতে ময়লা দুর্গন্ধযুক্ত বস্তু আনা যাবে না। এটা আদিয়ায়ে কেরামের সুন্নত। আরও বুঝা গেল যে, ইতিকাফ ইবাদত। এবং পূর্বের উদ্মতের নামাযের মধ্যে রুকু ও সিজদা উভয়ি ছিল। এটাও বুঝা গেল যে, মসজিদ সমূহের মোতাওয়াল্লী থাকা চাই এবং মোতাওয়াল্লী মুত্তাকি পরহিযগার হওয়া জরুরী। আরও আগে বলেছেন, তাওয়াফ, নামায, ইতিকাফ, খুবই পুরাতন ইবাদত। যা হ্যরত ইব্রাহীম এটাই এবং সময়কালেও ছিলো।

(নুরুল ইরফান, পৃ-২৯)

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

দশ দিনের ই'তিকাফ

আল্লাহ তাআলার প্রিয় রসূল হযরত মুহাম্মদ مَسَلَّم وَالِهِ وَسَلَّم এর নিয়ম ছিল যে, প্রতি রমযান শরীফের শেষ দশদিন ই'তিকাফ করতেন। আর এ মহান সুন্নাতকে জীবিত রাখার জন্য মুমিনদের মায়েরা وَعَنَّهُ وَاللهُ تَكَالَى عَنْهُنَّ وَاللهُ تَكَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم مَرَى اللهُ تَكَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ تَكَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم اللهُ تَكَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَلَيْهِ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَلْهُ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَلْهُ وَالله وَسَلَّم اللهُ تَكَالَى عَنْهُ وَالله وَسَلَّم وَكُوبَى اللهُ تَكَالَى عَنْهُ وَالله وَسَلَّم وَكُوبَى اللهُ تَكَالَى عَنْهُنَّ وَاللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ تَكَالَى عَنْهُو وَاللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ وَسَلَّم وَكُوبَى اللهُ تَكَالَى عَنْهُنَّى اللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ وَسَلَّم وَلَهُ وَكُواللهُ وَسَلَّم وَلِهُ وَسُلُّم اللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ وَسَلَّم وَلَه وَلَا اللهُ تَكَالَى عَنْهُ وَاللهُ وَسَلَّم وَلَهُ و

আশিকদের দারুণ আগ্রহ

প্রিয় ইসলামী ভাইয়েরা! এমনিতে তো ই'তিকাফের অগণিত ফযীলত রয়েছে, কিন্তু আশিকদের জন্য তো এ কথাই যথেষ্ট যে, আখেরী দশদিনের ইতিকাফ সুন্নত। এটা কল্পনা করলেও এ প্রেরণা সৃষ্টি হয় যে, আমরা প্রিয়় আকা, মদীনার তাজেদার হয়রত মুহাম্মদ مَلَّ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পালন করছি। আশিকদের খেয়ালতো এটাই থাকে য়ে, অমুক অমুক কাজ আমাদের প্রিয় আকা হয়রত মুহাম্মদ مَلَّ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم করেছেন। ব্যাস্! এ কারণে আমাদেরকেও সেগুলো করতে হবে। কিন্তু আমল করার জন্য এটা আবশ্যক য়ে, আমাদের জন্য য়েন কোন শরয়ী বাঁধা না থাকে য়েমন, ই'তিকাফে মসজিদে খাট বিছানো হয়রত মুহাম্মদ مَلَّ اللهُ تَعَالٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বিছাতে পারব না কারণ এতে নামায়ীর জায়গা ছোট হয়ে য়াবে এবং এটা মুসলমানের জন্য ক্ষোভেরও কারণ হতে পারে।

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

উট নিয়ে ঘোরাফেরার রহস্য

হ্যরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে ওমর رَخِيَ اللهُ تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم আবদুল্লাহ ইবনে ওমর الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم আবদুল্লাহ ইবনে ওমর رَخِي الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم الله تَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالَ عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالًا عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالًا عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالًا عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم مَعَالًا عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم عَمَالًا عَلَيْهِ وَالله وَسَلّم عَمَالًا عَلَيْهِ وَالله وَسَلّم عَمْلُ الله تَعَالى عَلَيْهِ وَالله وَسَلّم عَمْلُك الله تَعَالى عَلَيْهِ وَالله وَسَلّم عَمْلُك وَالله وَسَلّم عَمْلُك وَالله وَسَلّم عَمْلُك وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْهِ وَالله وَسَلّم عَلَيْه وَالله وَسَلّم عَلَيْه وَالله وَسَلّم عَلَيْه وَالله وَسَلّم عَله وَله وَسُلّم عَمْلُك وَله وَسُلّم عَمْلُك وَله وَسُلّم عَله وَله وَسُلّم وَله وَله وَسُلّم عَله وَسُلّم عَله وَله وَسُلّم عَله وَله وَسُلّم عَله وَله وَسُلّم عَله وَسُلّم وَله وَسُلّم عَله وَله وَسُلّم عَله وَله وَسُلّم عَلَيْه وَاله وَسُلّم عَله وَله وَسُلّم الله وَسُلّم عَله وَله وَسُلّم عَله وَله وَله وَله وَسُلّم عَله وَله وَله وَسُلّم الله وَسُلّم

দ্বাখন্ত ক্রিন্ত ক্রিন্ত ক্রিন্ত ক্রিন্ত ক্রিন্ত ক্রিন্তির ক্রিন

এক বার ই'তিকাফ করেই নিন

প্রিয় নবী صَلَّى اللهُ تَكَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সুন্নতের আশিকগণ যদি কোন বিশেষ বাধ্যবাধকতা না থাকে, তবে মাহে রমযানুল মুবারকের শেষ দশ দিন ই'তিকাফ করার সৌভাগ্য হাতছাড়া করা মোটেই উচিত হবেনা। কমপক্ষে জীবনে একবার হলেও প্রত্যেক ইসলামী ভাই ও ইসলামী বোনের রমযানুল মুবারকের শেষ দশ দিন ই'তিকাফ করে নেয়া চাই।

এমনিতে মসজিদে পড়ে থাকা বড় সৌভাগ্যের বিষয়। ই'তিকাফকারী যেনো আল্লাহ তাআলার মেহমানই হয়ে থাকেন এবং তাঁর সন্তুষ্টি লাভ করার জন্য নিজেকে অন্য সব কাজকর্ম থেকে মুক্ত করে মসজিদেই অবস্থান করেন।

হ্যরত মুহাম্মদ ૣ ইইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

ফাতাওয়ায়ে আলমগীরিতে উল্লেখ করা হয়েছে, ই'তিকাফের উপকারিতা একেবারে লপষ্ট। কেননা, এতে বান্দা আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করার জন্য সম্পূর্ণরূপে নিজেকে আল্লাহ তাআলার ইবাদতে মশগুল করে দেয়। আর দুনিয়ার ঐসব কাজকর্ম থেকে আলাদা হয়ে য়য়। ই'তিকাফকারীর সম্পূর্ণ সময়ৢটুকু প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে নামায়ের মধ্যে অতিবাহিত হয়। (কেননা, নামায়ের জন্য অপেক্ষা করাও নামায়ের মতো সাওয়াব।) মূলতঃ ই'তিকাফের মৌলিক উদ্দেশ্য হচ্ছে জামাআত সহকারে নামায়ের জন্য অপেক্ষা করা। ই'তিকাফকারীরা ঐসব (ফিরিশতার) সাথে সামঞ্জস্য রাখে, য়ারা আল্লাহ তাআলার নির্দেশ অমান্য করেন না এবং য়ে নির্দেশই তাঁরা পান, তাই পালন করেন, আর তাঁদেরই সাথে সামঞ্জস্য রাখে, য়ারা রাতদিন আল্লাহ তাআলার তাসবীহ পাঠ করতে থাকেন এবং তাতে বিরক্তি বোধ করেন না। (ফাতাওয়ায়ে আলমগীরি, ১ম খভ, প্র্চা ২১২)

এক দিনের ই'তিকাফের ফ্যীলত

যে ব্যক্তি রমাযানুল মুবারক ছাড়াও শুধু একদিন মসজিদে নিষ্ঠার সাথে ই'তিকাফ করে, তার জন্যও অসংখ্য সাওয়াবের সুসংবাদ রয়েছে। ই'তিকাফের প্রতি উৎসাহিত করে আমরা অসহায় দের প্রতি সমবেদনশীল, বিচার দিনের সুপারিশকারী, মক্কী-মাদানী তাজেদার হযরত মুহাম্মদ مَلَى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم تَعَالُهُ وَلَهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ عَلَيْهِ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ لَكُونُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَلَيْهِ وَاللّهُ و

পূর্ববর্তী গুনাহ্ সমূহের ক্ষমা

উম্মুল মু'মিনীন সায়্যেদাতুনা আয়েশা সিদ্দিকা رَضِىَ اللهُ تَعَالَى عَنْهَا সিদ্দিকা مَلَّى اللهُ تَعَالَى عَنْهَا সিদ্দিকা مَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পর সুগিন্ধিময় বাণী ঃ-

হযরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

অর্থ ৪- যে ব্যক্তি ঈমান সহকারে এবং مَنِ اعْتَكُفَ اِيْمَانًا وَّاحِبَسَابًا সাওয়াব হাসিলের উদ্দেশ্যে ইতিকাফ করে তার পুর্ববর্তী সমস্ত গুনাহ্ ক্ষমা করে দেয়া হয়। (জামিউস সগীর, পৃষ্ঠা ৫১৬, হাদিস নং ৮৪৮০)

আকা শ্লুট্ট এর ই'তিকাফের স্থান

হযরত সায়্যিদুনা নাফি عُنْهُ نَعَالُ عَنْهُ तिलन, হযরত সায়্যিদুনা আবুদল্লাহ ইবনে ওমর زَضَ اللهُ تَعَالُ عَنْهُ مَا مَلًى اللهُ تَعَالُ عَنْهُ مَا اللهُ تَعَالُ عَنْهُ مَا اللهُ تَعَالُ عَنْهُ وَالِهِ وَسَلَّم مَلًى اللهُ تَعَالَ عَنْهُ وَاللهِ وَسَلَّم مَلَى اللهُ تَعَالَ عَنْهُ وَاللهِ وَسَلَّم مَا اللهُ عَنْهُ وَاللهِ وَسَلَّم اللهُ عَنْهُ وَاللهُ وَسَلَّم اللهُ عَنْهُ وَاللّهُ اللهُ عَنْهُ وَاللّهُ اللهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَنْهُ وَاللّهُ اللهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَنْهُ وَاللّهُ اللّهُ عَنْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّ

হযরত সায়িয়দুনা নাফি ئن الله تَعَالَى عَنْهُ বলেন, হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে ওমর رَضِ الله تَعَالَى عَنْهُمَ আমাকে মসজিদের ওই স্থান দেখিয়েছেন, যেখানে মদীনার তাজেদার হযরত মুহাম্মদ سَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ই'তিকাফ করতেন। (সহীহ মুসলিম, পৃ-৫৯৭, হাদীস নং-১১৭১)

প্রিয় ইসলামী ভাইয়েরা! মসজিদে নবভী শরীফ السَّلاء হৈ এর মধ্যে যেখানে আমাদের আকা হযরত মুহাম্মদ مَسَلَّه হৈ হৈ তৈকাফ করার জন্য খেজুর শরীফের কাঠ ইত্যাদি দিয়ে তৈরী কৃত চৌকি বিছাতেন, সেখানে স্মৃতি স্বরূপ একটা মুবারক স্তম্ভ 'সুতুনে সরীর' নামে এখনো স্থাপিত রয়েছে। সৌভাগ্যবান যিয়ারতকারীরা বরকত হাসিলের জন্য সেখানে নফল নামায আদায় করেন।

সারা মাস ই'তিকাফ

আমাদের প্রিয় আকা হ্যরত মুহাম্মদ মুস্তফা صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم प्राचार তাআলার সন্তুষ্টি অর্জনের জন্য সব সময় সচেষ্ট ও তৎপর থাকতেন। বিশেষ করে রম্যান শরীফ বেশী পরিমাণে ইবাদতের প্রতি গুরুত্ব আরোপ করতেন। যেহেতু মাহে রমা্যানেই শবে ক্বদরকে গোপন রাখা হয়েছে, সেহেতু এ মুবারক রাতকে তালাশ করার জন্য হুযুর صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হুযুর صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ররকত্ময় মাসই ই'তিকাফ করেছিলেন। যেমন ঃ

হ্যরত মুহাম্মদ ্শ্লিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

হযরত সায়্যিদুনা আবূ সাঈদ খুদরী الله تَعَالَى عَنْهُ (থকে বর্ণিত, একদা সুলতানে দু'জাহান হযরত মুহাম্মদ ﷺ ১লা রমযান থেকে ২০ শে রমাযান পর্যন্ত ই'তিকাফ করার পর ইরশাদ করলেন, "আমি শবে ক্বদর তালাশ করতে গিয়ে রমযানের প্রথম দশদিনের ই'তিকাফ করলাম। তারপর মধ্যবর্তী দশদিনের ই'তিকাফ করেছি। অতঃপর আমাকে বলা হয়েছে যে, শবে ক্বদর শেষ দশ দিনে রয়েছে। তোমাদের মধ্যে যে ব্যক্তি আমার সাথে ই'তিকাফ করতে চাও করে নাও।" (সহীহ মুসলিম, পু-৫৯৪, হাদীস নং-১১৬৭)

তুর্কী তাবুর মধ্যেই ই'তিকাফ

হযরত সায়িয়দুনা আবু সাঈদ খুদরী ঠাই ঠাই ঠাই বলেন, "মদীনার তাজেদার অঠা এই বলেন, "মদীনার একটি তুর্কী তাবুর মধ্যে রমযানুল মুবারকের প্রথম দশ দিন ই'তিকাফ করলেন, তারপর মধ্যবর্তী দশ দিনের, তারপর পবিত্রতম মাথা বের করলেন এবং ইরশাদ ফরমালেন, "আমি প্রথম দশদিনের ই'তিকাফ শবে ক্বদর তালাশ করার জন্য করেছি। তারপর একই উদ্দেশ্যে দ্বিতীয় দশ দিনের ই'তিকাফ করলাম। তারপর আমাকে আল্লাহ তা'আলার পক্ষ থেকে খবর দেয়া হয়েছে যে, শবে ক্বদর আখেরি দশ দিনে রয়েছে। সুতরাং যে ব্যক্তি আমার সাথে ই'তিকাফ করতে চায়, সে যেন শেষ দশ দিন ই'তিকাফ করে। এজন্য যে, আমাকে প্রথমে শবে ক্বদর দেখানো হয়েছিলো, তারপর তা ভুলিয়ে দেয়া হয়েছে। আর এখন এটা দেখেছি যে, আমি শবে ক্বদরের ভোরে ভেজা মাটিতে সাজদা করছি।

তাই এখন তোমরা শবে ক্বরকে শেষ দশদিনের বিজোড় রাতগুলোতে তালাশ করো।" হযরত সায়্যিদুনা আবু সাঈদ খুদরী الله تَعَالَى عَنْهُ رَافِهُ رَصَالله تَعَالَى عَنْهُ وَالِهِ وَسَلَّم الله تَعَالَى عَنْيُهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم الله تَعَالَى عَنْيُهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم الله تَعَالَى عَنْيُهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالِه وَسَلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَلَيْهِ وَالْهِ وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلَيْهِ وَالْه وَسَلَّم عَلَيْهِ وَالْهِ وَسَلِّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَالْمُوالِم وَالله وَاله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্র্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

ই'তিকাফের মহান উদ্দেশ্য

প্রিয় ইসলামী ভাইরেরা! আমাদেরও প্রতিবছর না হলেও অন্তত জীবনে একবার সুনতে মুস্তফা مَلَّ اللهُ تَعَالَ عَلَيْهِ اللهِ رَسَلَّم আদারের উদ্দেশ্যে সম্পূর্ণ রমযান ই'তিকাফ করা উচিত। আপনারা শুনলেনতো! রমযানুল মুবারকে ই'তিকাফ করার সর্বাপেক্ষা বড় উদ্দেশ্য শবে কৃদর তালাশ করা। আর সর্বাপেক্ষা গ্রহণযোগ্য অভিমত হচ্ছে, শবে কৃদর রমযানুল মুবারকের শেষ দশদিনের বিজ্ঞোড় রাতগুলোতে হয়। এ হাদীস শরীফ থেকে একথাও বুঝা গেল যে, ওই বার শবে কৃদর একুশে রমযান ছিলো। কিন্তু এ কথা বলা, 'শেষ দশ দিনের বিজ্ঞোড় রাতগুলোতে সেটা তালাশ করো!' সুস্পষ্ট করে দেয় যে,

কখনো ২১শে, কখনো ২৩শে, কখনো ২৫শে, কখনো ২৭শে আর কখনো ২৯শে রমযানের রাত। মুসলমানদেরকে শবে কুদরের সৌভাগ্য লাভ করার জন্য শেষ দশ দিনের ই'তিকাফ করার প্রতি উৎসাহিত করা হয়েছে। কেননা, ই'তিকাফকারী দশ দিনই মসজিদে অবস্থান করে। আর দশ দিনের মধ্যে কোন এক রাত শবে কুদর হবেই। সুতরাং সে এ রাতটি মসজিদে অতিবাহিত করার ক্ষেত্রে সফলকাম হয়ে যায়। আরেকটি রহস্য এ হাদীস শরীফ থেকে এটাও বুঝা যায় যে, আমাদের প্রিয় আকা হযরত মুহাম্মদ ﷺ মাটির উপরও সাজদা করতেন। তাই সরাসরি মাটির উপর সাজদা করা সুন্নত। মাটির কণা আমার প্রিয় আকা ক্রিট্র নাট্র ইট্রট্র নাটির কণা আমার প্রিয় আকা

কোন অন্তরাল ছাড়া মাটির উপর সাজদা করা মুস্তাহাব

আল্লাহু আকবার আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সরলতাকে কতোই পছন্দ করতেন! নিশ্চয়় আল্লাহ তাআলার দরবারে সেজদায় আপন কপাল মাটিতে রাখা আর কপালের সাথে পবিত্র মাটির কণাগুলো লেগে যাওয়া হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর অনেক বড় বিনয় ছিলো।

হ্যরত মুহাম্মদ ্ল্লিই ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

ফুকাহায়ে কিরাম رَحِبَهُمُ اللَّهُ تَعَالَى গণ বলেন, মাটির উপর কোন অন্তরাল ছাড়া (অর্থাৎ জায়নামায, কাপড় ইত্যাদি) ছাড়া সাজদা করা মুস্তাহাব।

(মারাকিউল ফালাহ, খন্ড-৩য়, পৃ-৮৫)

"মুকাশাফাতুল কুলুব" এর মধ্যে রয়েছে, হযরত উমর ইবনে আব্দুল আজীজ رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيهِ শুধু মাটির উপরই সাজদা করতেন।

(মুকাশাফাতুল কুলুব, প্-১৮১)

দু' হজ্জ ও দু' ওমরার সাওয়াব

হযরত সায়্যিদুনা আলী মুরতাজা غَنْهُ تَعَالَىٰ عَنْهُ (থকে বর্ণিত, হাবীবে কিবরিয়া হযরত মুহাম্মদ মুস্তফা مَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হযরত মুহাম্মদ মুস্তফা مَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

অর্থ ৪- যে ব্যক্তি রমযান মাসে اغْتَكُفَ فِي رَمَضَانَ كَانَ (দশদিনের) ই'তিকাফ করলো, তা দুই হজ্জ ও দুই ওমরার মতো হলো। كَحَجَّتَيْنِ وَعُمْرَتَيْن

(শুআবুল ঈমান, খন্ড-৩য়, পু-৪২৫, হাদীস নং-২৯৬৬)

গুনাহ থেকে বেঁচে যাওয়া

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস رَضِىَ اللهُ تَعَالَى عَنْهُمَ থেকে বর্ণিত, আদিনার তাজেদার, উভয় জগতের হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عَالِيهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَالِم وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللّه وَاللّه عَلَيْهِ وَلَه وَاللّه و

هُوَ يَعْكِفُ الذُّنُوُبَ يُجُرَى لَهُ مِنَ الْحَسَنَاتِ كَعَامِلِ الْحَسَنَاتِ كُلِّهَا هُوَ يَعْكِفُ الذُّنُو بَ يُجُرَى لَهُ مِنَ الْحَسَنَاتِ كَعَامِلِ الْحَسَنَاتِ كُلِّهَا عَوْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّ

(ইবনে মাজাহ, খন্ড-২য়, পৃ-৩৬৫, হাদীস নং-১৭৮১)

নেকী না করেও সাওয়াব

প্রিয় ইসলামী ভাইয়েরা! ই'তিকাফের এক বড় উপকার হচ্ছে, যতদিন মুসলমান ইতিকাফে থাকবে, ততদিন গুনাহ সমূহ থেকে বেঁচে যাবে। আর যেই হ52 রম্যানের ফ্যীলত

হ্**যরত মুহাম্মদ**্ল্ল্ট্রিইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

গুনাহ সে বাইরে থাকলে করতো সেগুলো থেকেও বেঁচে যাবে। কিন্তু এটা আল্লাহ তাআলার বিশেষ রহমত যে, বাইরে থাকলে সে যেসব নেকী করতো, ইতিকাফের কারণে তা সম্পন্ন করতে পারেনি, কিন্তু সেগুলোর সাওয়াব তার আমলনামায় লিপিবদ্ধ হতে থাকবে। আর সে যা আমল করবে সেগুলোর সাওয়াব তো পাবেই। উদাহরণস্বরূপ, কোন ইসলামী ভাই রোগীদের দেখাশুনা করত, কিন্তু ইতিকাফের কারণে সে তা করতে পারল না, তাহলে সে সেটার সাওয়াব থেকে বঞ্চিত হবে না, বরং সেটার অনুরূপ সাওয়াবই পেতে থাকবে, যেমনিভাবে সে তা নিজে সম্পন্ন করতো।

প্রতিদিন হজ্জের সাওয়াব

হযরত সায়্যিদুনা হাসান বসরী رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ থেকে বর্ণিত, 'ইতিকাফকারী প্রতিদিন এক হজের সাওয়াব পায়।"

(শুআবুল ঈমান, খন্ড-৩য়, পু-৪২৫, হাদীস নং-৩৯৬৮)

ইতিকাফের সংজ্ঞা

"মসজিদে আল্লাহ তাআলার সন্তুষ্টির নিয়্যতে অবস্থান করাকে ইতিকাফ বলে। এর জন্য মুসলমান বিবেকবান, জনাবত (ওই নাপাকী, যার কারণে গোসল ফর্ম হয়), হায়ম নিফাস থেকে পবিত্র হওয়া পূর্বশর্ত। বালেগ হওয়া পূর্বশর্ত নয়, বরং না-বালেগ, যে পার্থক্য শক্তির অধিকারী, যদি ইতিকাফের নিয়্যতে মসজিদে অবস্থান করে, তবে সেই ইতিকাফও বিশুদ্ধ। (আলমগীরী, খড-১ম, পু-২১১)

ইতিকাফের শাব্দিক অর্থ

ইতিকাফ এর আভিধানিক অর্থ হচ্ছে, 'ধর্ণা দেয়া।' অর্থাৎ ইতিকাফকারী আল্লাহ তাআলার দরবারে তাঁর ইবাদত করার জন্য পূর্ণ প্রস্তুতি নিয়ে ধর্ণা দিয়ে পড়ে থাকে। তার এই একাগ্রদৃষ্টি থাকে যেন কোন মতে তার প্রতিপালক তার প্রতি সন্তুষ্ট হয়ে যান!

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

এখনতো ধনীর দরজায় বিছানা পেতে দিয়েছে

হযরত সায়্যিদুনা আতা খোরাসানী رَحْبَةُ الله تُعَالَى عَلَيهِ বলেন, 'ইতিকাফকারীর উদাহরণ ওই ব্যক্তির মতো, যে আল্লাহ তাআলার দরজায় এসে পড়েছে আর এ কথা বলছে, "হে আল্লাহ! যতক্ষণ পর্যন্ত তুমি আমার ক্ষমা করবে না ততক্ষণ পর্যন্ত এখান থেকে নড়বোনা।" (শুআবুল ঈমান, খড্-৩য়, পৃ-৪২৬, হাদীস নং-৩৯৭০)

ہم سے فقیر بھی اب پھیری کو اٹھتے ہوں گے اب تو غنی کے در پر بستر جمادیئے ہی

হাম সে ফকির ভি আব ফিরিকো উঠতে হোঙ্গে আব তো গানি কে দার পর বিসতার জমা দিয়ে হে।

ইতিকাফের প্রকারভেদ

ইতিকাফ তিন প্রকার ঃ ১. ওয়াজিব ইতিকাফ, ২. সুন্নাত ইতিকাফ এবং ৩. নফল ইতিকাফ।

ওয়াজিব ই'তিকাফ

ই'তিকাফের মানুত করল। অর্থাৎ মুখে বললো, "আমি আল্লাহ তাআলার জন্য অমুক দিন কিংবা এতো দিনের জন্য ই'তিকাফ করবো।" যতো দিনের জন্য বললো, ততদিনের ই'তিকাফ করা তার জন্য ওয়াজিব। একথা বিশেষভাবে মনে রাখবেন যে, যখনই যে কোন ধরণের মানুতই করা হয়, তখন তাতে মুখে মানুত শব্দটি উচ্চারণ করা পূর্বশর্ত; শুধু মনে মনে মানুতের ইচ্ছা কিংবা নিয়্যত করলে মানুত শুদ্ধ হবে না। (বিশুদ্ধ না হলে এমন মানুত পূরণ করা ওয়াজিব নয়।)

(রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃ-৪৩০)

সুন্নাত ই'তিকাফ

মান্নতের ই'তিকাফ পুরুষ মসজিদে করবে আর মহিলা করবে 'মসজিদে বাইত' এ। (ঘরের নির্ধারিত স্থানে)। (মহিলা ঘরে যে জায়গাটা নামাযের জন্য নির্ধারণ করে নেয়, সেটাকে 'মসজিদে বায়ত' বলে।) রমযানুল মুবারকের শেষ

হ্যরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

দশদিনের ই'তিকাফ 'সুন্নতে মুআক্কাদা 'আলাল কিফায়াহ' (দুররে মুখতার, রদ্দুল মুহতার, খভ-৩য়, পৃ-৪৩০) অর্থাৎ গোটা শহরে কোন একজন করে নিলে সবার পক্ষ থেকে আদায় হয়ে যাবে। আর যদি কেউই না করে, তখন সবাই গুনাহগার হবে। (বাহারে শরীয়ত, খভ-৫ম, পৃ-১৫২)

এই ই'তিকাফের মধ্যে এটাও জরুরী যে, রমযানুল মুবারকের ২০ তারিখের সূর্য অস্ত যাওয়ার পূর্বে মসজিদে ই'তিকাফের নিয়্যত সহকারে উপস্থিত হতে হবে। আর ২৯শে রমযান চাঁদ দেখার পর কিংবা ৩০শে রমযান সূর্যাস্তের পর মসজিদ থেকে বের হবে।

যদি ২০ রমযানের সূর্যান্তের পর মসজিদে প্রবেশ হয়, তবে ই'তিকাফের সুন্নতে মুআক্কাদাহ আদায় হবে না; বরং সূর্যান্তের আগে মসজিদে প্রবেশ করেছিলো, কিন্তু নিয়্যত করতে ভুলে গেল। অর্থাৎ অন্তরে নিয়্যত করেনি। (নিয়্যত অন্তরের ইচ্ছাকে বলা হয়।) এমতাবস্থায়ও ই'তিকাফের সুন্নতে মুআক্কাদাহ আদায় হয়নি। যদি সূর্যান্তের পর নিয়্যত করে তবে নফলী ই'তিকাফ হবে। মনে মনে নিয়্যত করে নেয়াই যথেষ্ট, মুখে বলা পূর্বশর্ত নয়। অবশ্য, নিয়্যত অন্তরে উপস্থিত থাকা জরুরী। সাথে সাথে মুখেও এভাবে বলে নেয়া অতি উত্তম।

ই'তিকাফের নিয়্যত এভাবে করুন

"আমি আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য রমযানুল মুবারকের শেষ দশ দিন সুনুত ইতিকাফের নিয়্যত করছি।

নফল ই'তিকাফ

মানুত (ওয়াজিব) ও সুনুতে মুআক্কাদাহ্ ব্যতীত যেই ই'তিকাফ করা হয় তা মুস্তাহাব। (অর্থাৎ- নফল) ও সুনুতে গায়রে মুআক্কাদাহ।

(বাহারে শরীআত, খন্ড-৫ম, পৃষ্টা-১৫২)

এর জন্য রোযা এবং কোন সময়ের শর্তারোপ করা হয় না। যখনই মসজিদে প্রবেশ করবেন, ই'তিকাফের নিয়্যত করে নেবেন। যতক্ষণ পর্যন্ত মসজিদে থাকবেন। যখন মসজিদ থেকে বের হয়ে আসবেন, তখনই ই'তিকাফ

হ55

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

শেষ হয়ে যাবে। আমার আকা আলা হযরত عليه বলেন, গ্রহণযোগ্যমতানুসারে নফল ইতিকাফের জন্য রোযা শর্ত নয়। এক মুহূর্তের জন্য হলেও যখন (মসজিদে) প্রবেশ করবেন ই'তিকাফের নিয়ত করে নিন। নামাযের জন্য অপেক্ষা ও ই'তিকাফ উভয়ের সাওয়াব পেয়ে যাবেন। (ফাতাওয়ায়ে রজবীয়া, সংশোধিত, খভ-৫ম, পৃ-৬৭৪) অন্য এক জায়গায় বলেন, যখন মসজিদে যাবেন, ইতিকাফের নিয়্যত করে নিন। যতক্ষণ মসজিদে অবস্থান করবেন, ইতিকাফের সাওয়াব পাবেন। (ফাতাওয়ায়ে রজবীয়া, খভ-৮ম, পৃ-৯৮)

ই'তিকাফের নিয়্যত করা কোন মুশকিল কাজ নয়। নিয়্যত অন্তরের ইচ্ছাকেই বলা হয়। যদি অন্তরের মধ্যে আপনি এ ইচ্ছা করে নেন, "আমি সুন্নত ই'তিকাফের নিয়্যত করছি," এটাই যথেষ্ট। আর যদি অন্তরে নিয়্যত হাযির থাকে, মুখেও একই শব্দাবলী উচ্চারণ করে নিলেন, তাহলে বেশী উত্তম। আপন মাতৃভাষায়ও নিয়্যত হতে পারে। আর যদি আরবী ভাষায় নিয়্যত মুখস্ত করে নেন, তাহলে বেশী ভাল। সম্ভব হলে আপনি আরবী ভাষায় এ নিয়্যত মুখস্ত করে নেবেন। যেমন 'আল-মলফূয', খন্ড-২য়, পৃষ্ঠা ২৭২ এ আছে,

نَوَيْتُ سُنَّةَ الْإعْتِكَاف

অর্থ ৪- আমি সুন্নত ই'তিকাফের নিয়্যত করলাম।
মসজিদে নবভী শরীফ على صَاحِبِهَا الصَّلَوة وَالسَّلام এর প্রাচীন ও প্রসিদ্ধ দরজা 'বাবুর রহমত' দিয়ে প্রবেশ করলে সামনেই সুতৃন মুবারকের উপর নজর পড়বে, স্মরণ করিয়ে দেয়ার জন্য যার উপর প্রাচীন যুগ থেকে স্পষ্টাক্ষরে نَوُيْتُ سُنَّةَ الْرُعْتِكَاف লিখা রয়েছে।

প্রিয় ইসলামী ভাইয়েরা! যখনই আপনি কোন ইবাদত, যেমন- নামায, রোযা, ইহরাম ও তাওয়াফে কাবা ইত্যাদির আরবীতে নিয়্যত করবেন, তখন এ কথার বিশেষভাবে খেয়াল রাখবেন যে, এ আরবী বাক্যগুলির অর্থও যেনো আপনি বুঝতে পারছেন। কারণ, নিয়্যত অন্তরের ইচ্ছাকেই বলা হয়।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট্ট্ট্ট্ররশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

যদি আপনি বাঁধাধরা আরবী নিয়্যতের শব্দাবলী উচ্চারণ করে নিলেন, কিংবা কিতাব দেখে দেখে পড়ে নিলেন, কিন্তু আপনার ধ্যান অন্য কোন দিকে ছিলো, ওই ইচ্ছা উপস্থিত না থাকে তাহলে নিয়্যত মোটেই হবে না। উদাহরণ স্বরূপ আপনি মসজিদে প্রবেশ করে وَيْتُ سُنْتُ الْرُعْتِكَ বললেন, তখন অন্তরেও এ ইচ্ছা থাকা অপরিহার্য, "আমি ই'তিকাফের নিয়্যত করছি।" এ কথা বিশেষভাবে খেয়াল করে নিন যে, এটা রমযানুল মুবারকের শেষ দশ দিনের ইতিকাফ নয়; এটা নফল ই'তিকাফ, আর এক মুহুর্তের জন্যও করা যায়। আপনি যখনই মসজিদ থেকে বের হবেন এ নফল ই'তিকাফ তখনই শেষ হয়ে যাবে।

মসজিদে পানাহার করা

মনে রাখবেন! মসজিদের ভিতর পানাহার করা ও ঘুমানো শরীআত মতে জায়েজ নেই। যদি ইতিকাফের নিয়্যত করে নেন, তবে আনুষঙ্গিকভাবে পানাহার ও ঘুমানোর অনুমতি হয়ে যাবে। আমাদের দেশে বেশীরভাগ মসজিদে দুরূদ সালামের ওযীফা আদায় করা হয়, তারপর পানিতে ফু দিয়ে তা পান করে আমাদের ইসলামী ভাইয়েরা যদি ই'তিকাফের নিয়্যত না করে তাহলে সে মসজিদে পানি পান করতে পারবে না।

অনুরূপভাবে, রমযানুল মুবারকে মসজিদের ভিতর ইফতার করা হয়। অবশ্য যে ব্যক্তি ই'তিকাফের নিয়্যত করে আছে, সেই মসজিদের ভিতর ইফতার করতে পারে। তেমনিভাবে মসজিদে হারাম শরীফেও আবে জমজম এর পানি পান করা, ইফতার করা ও শোয়ার জন্য ই'তিকাফের নিয়্যত থাকা চাই। মসজিদে নবভী শরীফ على صَاحِبِهَا الصَّلَوٰة وَالسَّلام এর মধ্যেও ই'তিকাফের নিয়্যত ছাড়া পানি ইত্যাদি পান করতে পারবেন না। এখানে একথাও স্মরণ রাখা জরুরী যে, ই'তিকাফের নিয়্যত শুধু পানাহার ও ঘুমানোর জন্য করা যাবে না, বরং সাওয়াব লাভের জন্য করবেন। রদ্দুল মুহতার (শামী) এর মধ্যে উল্লেখ রয়েছে যে, যদি কেউ মসজিদে পানাহার ও ঘুমাতে চায়, তবে সে ই'তিকাফের নিয়্যত করে।

হ্যরত মুহাম্মদ্লিট্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

কিছুক্ষণ আল্লাহ তাআলার যিকর করে নেবে, তারপর যা চায় করবে। (অর্থাৎ এখন চাইলে পানাহার করতে পারে।) (রদ্দুল মুহতার, খন্ড-২য়, পৃষ্টা-৪৩৫)

তিকালৈ কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে পৃথিবীর বিভিন্ন শহরে "সিমিলিত ই'তিকাফ" এর ব্যবস্থা করা হয়। দা'ওয়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শুরার পক্ষ থেকে নিয়মতান্ত্রিকভাবে প্রশিক্ষণ কর্মসূচী (জাদওয়াল) পেশ করা হয়। এই সমস্ত ই'তিকাফকারীদের জন্য নিয়াতের সূচী উপস্থাপন করা হয়েছে। যারা "সিমিলিত ইতিকাফ" থেকে পৃথক তারাও প্রয়োজনমত নিয়াত করে নিজ সাওয়াবের ভান্ডার বৃদ্ধি করুন।

ইজতিমায়ী ইতিকাফের ৪১টি নিয়্যত

মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হুযুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হুরশাদ করেন, بِنِيَّةُ الْمُؤْمِنِ خَيْرٌ مِّنُ عَمَلِم अमामनात निया তাদের আমলের চেয়ে উত্তম।" (তাবরানী মু'জাম কবীর, হাদীস নং-৫৯৪২, খভ-৬৯, পৃষ্টা-১৮৫)

নিজের ই'তিকাফের আজিমুশশান নেকীর সাথে সাথে অতিরিক্ত ভাল ভাল নিয়াত সংযুক্ত করে সাওয়াবের বৃদ্ধি করুন। মাকতাবাতুল মদীনা থেকে প্রকাশিত কার্ডে উল্লেখিত আলা হ্যরত کِشَةُ الله تَعَالَى عَلَيهِ এর বয়ানকৃত মসজিদে যাওয়ার ৪০টি নিয়াতের সাথে অতিরিক্ত এই নিয়াত করে ঘর থেকে বের হন। (মসজিদে এসে অবস্থার পরিপ্রেক্ষিতে নিয়াত করা যায়। যখনই ভাল ভাল নিয়াত করবেন তখন সাওয়াবের নিয়াতও সামনে রাখতে হবে।)

- (১) রমজানুল মুবারকের শেষ ১০ দিন (বা সম্পূর্ণ মাস) এর ইতিকাফ করার জন্য যাচ্ছি।
- (২) তাছাউফের ঐ সমস্ত মাদানী উসূল সমূহ যেমন (ক) কম খাওয়া, (খ) কম কথা বলা (গ) কম ঘুমানোর উপর আমল করব।
- (৩) দৈনন্দিন ৫ ওয়াক্ত নামায প্রথম কাতারে

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

- (৪) প্রথম তাকবীরের সাথে,
- (৫) জামাআত সহকারে আদায় করব।
- (৬) প্রত্যেক আজান ও
- (৭) প্রত্যেক ইকামাতের জওয়াব দিব।
- (৮) প্রত্যেকবার আগে ও পরে দুরূদ সহ আজানের দুআ পড়ব।
- (৯) প্রত্যেক দিন তাহাজ্জ্বদ নামায
- (১০) ইশরাকের নামায
- (১১) চাশতের নামায এবং
- (১২) আওয়াবীন নামায পড়ব।
- (১৩) তিলাওয়াতে কুরআন ও
- (১৪) দুরূদ শরীফ বেশি বেশি পাঠ করব।
- (১৫) প্রত্যেক রাত্রে সুরায়ে মূলক তিলাওয়াত করব বা শুনব।
- (১৬) কমপক্ষে বিজোড় রাত্রে সালাতুত তাছবীহ আদায় করব।
- (১৭) সুন্নতে ভরপুর প্রত্যেক হালকা ও
- (১৮) প্রত্যেক বয়ানে শুরু থেকে শেষ পর্যন্ত অংশগ্রহণ করব।
- (১৯) আত্মীয় স্বজন ও মসজিদে সাক্ষাতের লোকদেরকে ইনফিরাদী কৌশিশ করে সুনুতে ভরপুর ইজতিমা সমূহে বসাব।
- (২০) মুখে কুফলে মদীনা লাগাব তথা বাজে কথা থেকে বেঁচে থাকব। আর যদি সম্ভব হয় তবে ভাল ভাল নিয়্যতের সাথে প্রয়োজনীয় কথাও যথাসাধ্য লিখে বা ইশারার মাধ্যমে করব। যাতে অতিরিক্ত শোর-চিৎকারের কারণ না হয়।
- (২১) মসজিদকে সব রকমের দুর্গন্ধ থেকে রক্ষা করব।
- (২২) মসজি খড়কুটা ও চুল ইত্যাদি উঠিয়ে নেয়ার জন্য নিজ পকেটে থলে রাখব। হুযুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেন, যে ব্যক্তি মসজিদ থেকে কষ্টদায়ক বস্তু উঠিয়ে নিবে আল্লাহ তাআলা তার জন্য জান্নাতে একটি ঘর তৈরী করবেন। (সুনানে ইবনে মাযাহ, খভ-১ম, পূ-৪১৯, হাদীস নং-৭৫৭)

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

- (২৩) ঘাম, মুখের লালা ইত্যাদি ময়লা থেকে মসজিদের ফ্লোর বা চাটাই ইত্যাদি রক্ষা করার জন্য শুধুমাত্র নিজ চাঁদর বা চাটাই বা মাদুর এর উপর শয়ন করব।
- (২৪) লজ্জার নিয়্যতে ঘুমানোর সময় পর্দার উপর পর্দা করার প্রত্যেকটা দিকে খেয়াল রাখব। (ঘুমানোর সময় পায়জামার উপর লুঙ্গি, এর উপরে চাঁদর ঢেকে দেয়া বেশ উপকারী। মাদানী কাফিলায়, ঘরে ও সর্বক্ষেত্রে এর খেয়াল রাখা উচিত।
- (২৫) ওযুখানা যদি মসজিদের অন্তর্ভূক্ত হয় সে অবস্থায় (যদি কেউ অজুর জন্য অপেক্ষা করে তাহলে অজুর স্থান থেকে সরে তেল দিব ও মাথা আঁচড়াব।) তেল ও চিরুনি সেখানেই করব আর যেই চুল ঝরে পড়বে তা উঠিয়ে নেব।
- (২৬) অনুমতি ছাড়া কারো কোন সামগ্রী যেমন-প্রস্রাবখানায় যাওয়ার জন্য অপরের সেন্ডেল, ইত্যাদি ব্যবহার করব না বরং
- (২৭) সেন্ডেল, চাঁদর বালিশ ইত্যাদি কোন সামগ্রী অন্য কারো কাছে চাইব না।
- (২৮) খাবার মসজিদ সংলগ্ন খাবারের নির্দিষ্ট স্থানে খাব। কোন অবস্থাতেই নামাযের স্থানে খাব না।
- (২৯) খাবার কম হওয়া অবস্থায় "ইছার" (নিজের পছন্দের প্রয়োজনীয় জিনিস অপরকে দান করা) এর নিয়্যতে ধীরে ধীরে খাব। যাতে অপর ইসলামী ভাই বেশি পরিমাণে খেতে পারে।
- "ইছার" এর অসংখ্য সাওয়াব রয়েছে। যেমন তাজেদারে রিসালাত মাহে নবুওয়্যাত হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم क्ष्मा সুন্দর বাণী হচ্ছে, যে ব্যক্তি নিজের প্রয়োজনীয় বস্তু অপরকে দিয়ে দেয় আল্লাহ তাআলা তাকে মাফ করে দেন। (ইত্তেহাফুস সাদাতিল মুত্তাকিন, খড-৯ম, প্-৭৭৯)
- (৩০) পেটের কুফলে মদীনা লাগাব অর্থাৎ ইচ্ছার কম খাব।
- (৩১) যদি কেউ যবরদন্তী করে তবে ধৈর্য ধারণ করব এবং
- (৩২) আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য তাকে ক্ষমা করব।
- (৩৩) প্রতিবেশী ইতিকাফকারীর সাথে সুন্দর ব্যবহার করব।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে. কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

- (৩৪) নিজ ইতিকাফের হালকার "নিগরান" যিম্মাদারের অনুকরণ করব, তার কথা মত চলব।
- (৩৫) ফিকরে মদীনা করতে করতে দৈনন্দিন মাদানী ইনআমাতের রিসালা পূরণ করব।
- (৩৬) ইসলামী ভাইদের সামনে মুচকি হেসে সদকা করার সাওয়াব অর্জন করিব।
- (৩৭) কেউ যদি আমার দিকে তাকিয়ে মুচকি হাসি দেয় তখন এই দুআ করব اَضْحَكَ اللَّهُ سنَّكَ अर्थाৎ আল্লাহ তাআলা তোমাকে হাসি খুশীতে রাখুন।
- (৩৮) নিজের পরিবারের, সকল বন্ধু বান্ধব এবং সকল উম্মতের জন্য দু'আ করব।
- (৩৯) যদি কোন ইতিকাফকারী অসুস্থ হয়ে পড়ে, তখন যথা সম্ভব তার খেদমত করব।
- (৪০) বয়স্ক ই'তিকাফকারীদের সাথে খুব বেশি ভাল আচরণ করব।
- (৪১) ই'তিকাফকালে তাওফিক মোতাবেক ফ্রি রিসালা বর্টন করব। (প্রত্যেক ইতিকাফকারী ইসলামী ভাইদের প্রতি ভালবাসাপূর্ণ মাদানী অনুরোধ যে, কমপক্ষে ২৫ টাকার মাকতাবাতুল মদীনার রিসালা বা সুনুতে ভরপুর মাদানী ফুলের মাদানী লিফলেট অবশ্যই বন্টন করবেন। যদি সুযোগ হয় বেশি বন্টন করবেন। আগত সাক্ষাতের জন্য আগত ইসলামী ভাইদের সুনাতে ভরপুর বয়ানের ক্যাসেট বা রিসালা বা মাদানী ফুলের একটি লিফলেট অবশ্যই তোহফা পেশ করবেন। যাতে রমযানুল মুবারকে বেশি সাওয়াব পাওয়া যায়। বন্টনে যেন বিশৃংখলা না হয় তার দিকে খেয়াল রাখবেন।)

ই'তিকাফ কোন মসজিদে করবে?

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

জামে মসজিদ হওয়া ই'তিকাফের জন্য পূর্বশর্ত নয়। মসজিদে জামা'আত হচ্ছে ওই মসজিদ, যাতে ইমাম ও মুআয্যিন নিয়োজিত আছেন। যদিও তাতে পঞ্জোনা নামায হয়না। আর সহজ হচ্ছে যে, নিঃশর্তভাবে প্রতিটি মসজিদে ই'তিকাফ বিশুদ্ধ, যদিও মসজিদে জামাআত অনুষ্ঠিত না হয়। (রদ্ধুল মুহতার, ৩য় খভ, ৪২৯ পৃষ্ঠা) সচরাচর বর্তমানে কিছু মসজিদ এমনও আছে যেখানে না ইমাম আছে না মুআয্যিন। (বাহারে শরীআত, খভ-৫ম, পৃ-১৫১)

ই'কিতাফকারী ও মসজিদের প্রতি সম্মান

ই'তিকাফকারী ইসলামী ভাইয়েরা! যেহেতু আপনাকে দশদিন মসজিদেই থাকতে হবে, সেহেতু মসজিদের সম্মান সম্পর্কিত কয়েকটা কথাও জেনে নেয়া দরকার। ই'তিকাফ পালনকালে প্রয়োজনে পার্থিব কথা বলার অনুমতি আছে, কিন্তু যথাসম্ভব, নিচু স্বরে ও মসজিদের সম্মানের প্রতি খেয়াল রেখে। এমন যেন না হয়, আপনি চিৎকার করে কোন ইসলামী ভাইকে ডাকছেন, আর সেও চিৎকার করে আপনাকে জবাব দিচ্ছে, 'আবে তাবে' ও শোরগোলে মসজিদ গর্জে উঠছে। এমন ভঙ্গি নাজায়েয ও গুনাহ। মনে রাখবেন, বিনা প্রয়োজনে মসজিদে দুনিয়াবী কথাবার্তা বলা ই'তিকাফকারীর জন্যও অনুমিত নেই।

আল্লাহর সাথে তাদের কোন কাজ নেই

হযরত সায়্যিদুনা হাসান বসরী رَحْهَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم থেকে বর্ণিত, সারকারে কায়েনাত, শাহে মওজূদাত হযরত মুহাম্মদ مَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم এরশাদ করেন,

অর্থ ঃ মানুষের উপর একটা যুগ আসবে যে, মসজিদে তাদের দুনিয়াবী কথাবার্তা হবে। তোমরা তাদের সাথে বসিওনা। কারণ, আল্লাহ তাআলার সাথে তাদের কোন কাজ নেই।

(শুআবুল ঈমান, ৩য় খন্ড, ৮৭ পৃষ্ঠা, হাদিস নং ২৯৬২)

يَأْتِي عَلَى النَّاسِ زَمَانُ يَكُوْنُ حَدِينُهُمْ فِي النَّاسِ زَمَانُ يَكُوْنُ حَدِينُهُمْ فِي اَمْرِ حَدِينُهُمْ فَلَا تُجَالِسُوْهُمْ فَلَيْسَ دُنْيَاهُمْ فَلَا تُجَالِسُوْهُمْ فَلَيْسَ لِلْهِ فِيهِمْ حَاجَةً لِللهِ فِيهِمْ حَاجَةً

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

আল্লাহ তোমার হারানো বস্তু মিলিয়ে না দিক

হযরত সায়্যিদুনা আবৃ হুরাইরা غنه الله تَعَالَى عَنْهُ থেকে বর্ণিত, মদীনার তাজেদার হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم স্বাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم جَاهِمَ مَ

অর্থ ঃ যে কেউ মসজিদে উচ্চস্বরে হারানো জিনিস তালাশ করতে কাউকে শুনে, তাহলে তাকে বলবে, "আল্লাহ তাআলা ওই হারানো জিনিষ তোমাকে যেনো মিলিয়ে না দেন, কেননা, মসজিদগুলো এ কাজের জন্য তৈরী করা হয়নি।" (মুসলিম শরীফ, ২৮৪ পৃষ্ঠা, হাদিস নং ৫৬৮) مَنْ سَمِعَ رَجُلًا يَنْشُدُ ضَالَّةً فِي الْمَسْجِد فَقُو لُوا لَارَدَّهَا الله عَلَيْكَ فَإِنَّ الْمَسَاجِدَ لَمُ الله عَلَيْكَ فَإِنَّ الْمَسَاجِدَ لَمُ تُبُنَ لِهَذَا تُبُنَ لِهَذَا

মসজিদে জুতা তালাশ করে বেড়ানো

প্রেয় ইসলামী ভাইয়েরা! কারো জুতা কিংবা অন্য কোন কিছু হারিয়ে গেলে মসজিদে চিৎকার করে করে তালাশ করে বেড়ায়, তাদের উপরে বর্ণিত হাদীসে মুবারকা থেকে শিক্ষা লাভ করা চাই। জানা গেলো যে, ওই প্রতিটি কাজ থেকে মসজিদকে বাঁচানো জরুরী, যা দ্বারা মসজিদের পবিত্রতা নষ্ট হয়। দুনিয়াবী কথাবার্তা, হাসি ঠাট্টা, অনুরূপভাবে, বাজে কাজের জন্য মসজিদগুলোকে নির্মাণ করা হয়েছে মহামহিম আল্লাহর ইবাদত, যিকির, তেলাওয়াতে কোরআন, ইলমে দ্বীন ও সুন্নাতগুলো শিক্ষা করা ও শিক্ষা দেয়ার জন্য। মসজিদে উচ্চস্বরে কথাবার্তা বলাকে সাহাবায়ে কেরাম তার্ট্রুর্রেট কতো অপছন্দ করতেন, তার অনুমান এ বর্ণনা থেকে করুন।

তাহলে তোমাদেরকে শাস্তি দিতেন

হযরত সায়্যিদুনা সাইব ইবনে ইয়াযীদ غنه کال عنه বলেন, "আমি برخی الله تکال عنه সমজিদে দাঁড়ানো ছিলাম। আমাকে কেউ কক্ষর মারলো। তাকিয়ে দেখলাম সে হযরত সায়্যিদুনা আমীরুল মু'মিনীন ওমর ফারুকে আযম غنه ছিলেন।

হ্যরত মুহাম্মদ ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

তিনি আমাকে (ইঙ্গিত করে) বললেন, "ওই দু'জন লোককে আমার নিকট নিয়ে আস।" আমি ওই দু'জনকে নিয়ে এলাম। হযরত সায়্যিদুনা ওমর وَفِي اللّهُ تَعَالَىٰ عَنْهُ مَا اللّه تَعَالَىٰ عَنْهُ مَا اللّه تَعَالَىٰ عَنْهُ وَالله رَضِ اللّه تَعَالَىٰ عَنْهُ وَالله وَسَلّم اللّه وَالله وَسَلّم اللّه وَسَلّم اللّه وَسَلّم اللّه وَسَلّم اللّه وَالله وَسَلّم اللّه وَسَلّم اللّه وَسَلّم اللّه وَسَلّم اللّه وَالله وَسَلّم اللّه وَاللّه وَاللّه

মুবাহ কথা নেকী গুলোকে খেয়ে ফেলে

হ্যরত সায়িদুনা মোল্লা আলী কারী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيهِ শায়খ ইবনে হুমাম رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيه عَلَيهِ এর বরাতে উদ্ধৃত করছেন,

অর্থ ঃ মসজিদে মুবাহ কথাবার্তা বলা الْكُلَامُ الْمُبَاحُ فِي الْمَسْجِدِ الْمُبَاحُ فِي الْمَسْجِدِ الْمُبَاحُ فِي الْمَسْجِدِ الْمُبَاحُ فِي الْمُسْجِدِ الْمُسَاتِ الْمُسَاتِ مَكُرُونَ الْمُسَنَاتِ مَكُرُونَ الْمُسَنَاتِ مَكُرُونَ الْمُسَنَاتِ

সায়্যিদুনা আনাস ইবনে মালিক এই টেই থাকৈ বর্ণিত, হুযুর তাজেদারে মদীনা, সুরুরে কলবো সীনা হযরত মুহাম্মদ مَلَى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হরশাদ করেন,

অর্থ ঃ মসজিদে হাসলে কবর অন্ধকার وَ الْمَسْجِد ظُلْمَةً فِي الْمَسْجِد طُلْمَةً فِي الْمَسْجِد الْمُسْجِد الْمُلْمَة فِي الْمَسْجِد الْمُلْمَةُ فِي الْمَسْجِد الْمُسْجِد الْمُسْتِد اللّهُ الْمُسْتِد اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ الل

কবরে অন্ধকার

প্রিয় ইসলামী ভাইয়েরা! উপরোক্ত বর্ণনাগুলো বারবার পড়ুন! আর আল্লাহ তাআলার ভয়ে কেঁপে উঠুন! কখনো যাতে এমন না হয় যে, মসজিদে প্রবেশ

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

করলেন, সাওয়াব অর্জনের জন্য; কিন্তু খুব হেসে সমস্ত নেকী বরবাদ করে বের হয়ে আসলেন। কারণ, মসজিদে দুনিয়াবী বৈধ কথাবার্তাও নেকীগুলোকে বিলীন করে দেয়। অতএব মসজিদে পুরোপুরিভাবে শান্ত ও নিশ্চুপ থাকুন। বয়ান করলে ও শুনলে তাও করবেন খুব গভীরভাবে এমন কোন কথা বলবেন না যাতে শ্রোতাদের হাসি আসে। না নিজে হাসবেন, না কাউকে হাসতে দেবেন। কারণ, মসজিদে হাসলে তা কবরে অন্ধকার আনে। অবশ্য, প্রয়োজনে মুচকি হাসি দেয়াতে নিষেধ নেই, মসজিদের সম্মানের মন-মানসিকতা তৈরীর জন্য দা'ওয়াতে ইসলামীর মাদানী কাফিলায় সফরের অভ্যাস গড়ুন। আপনাদের উৎসাহের জন্য একটি মাদানী বাহার উপস্থাপন করছি।

দা'ওয়াতে ইসলামীর মুফতীর ইতিকাফ

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট্ট্ট্ট্ট্রশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

অন্যান্য আশিকানে রস্লগণও আমার উপর ইনফিরাদী কৌশিশ করেন। এমনকি আমার মত কঠিন হৃদয়ের মানুষ পর্যন্ত মোমের মত নরম হয়ে গেলাম এবং الْكَمْنُولِلْهُ عَزَّوْجَلَّ আমার অন্তরে মাদানী বিপ্লব আসল। আমি ফ্যাশন থেকে মুখ ফিরিয়ে নিয়ে সুন্নাতের সাথে সম্পর্ক করলাম। দাড়ি মুভানো ছেড়ে দিলাম, মন্দ কাজের সাথে সম্পর্ক ছিন্ন করলাম এবং পরিপূর্ণভাবে মাদানী পরিবেশের সাথে সম্পৃক্ত হয়ে গেলাম। মূলকথা আমি গুনাহ্ থেকে তওবা করলাম। দাড়ি রেখে দিলাম,পাগড়ীর তাজ মাথার উপর সাজিয়ে নিলাম। এখন চেষ্টা এই য়ে, সমস্ত সুন্নত সম্পর্কে অবগত হব এবং এর উপর আমল করব। এই বর্ণনা দেয়ার সময় আমি الْكَمْنُ لِللّهُ عَزّوَجَلَ দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজের প্রসারের জন্য সাংগঠনিক দায়িত্ব হিসেবে হালকা সাতা এর যিম্মাদার হিসেবে মাদানী কাজ করে যাছিছ।

নিয়ে তী আমা তুল নায় তা আমা তি কা কা কাল তি কাল তা কালে তা কা

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

মুফতীয়ে দা'ওয়াতে ইসলামী ইন্তিকালের পরও মাদানী কাফিলার দা'ওয়াত দিয়েছেন

মুফতীয়ে দা'ওয়াতে ইসলামী کوکټهٔ الله تکال کلیه এর কি শান! মাদানী পরিবেশে থেকে তিনি মাদানী কাফিলা সমূহে অনেক সফর করেছেন এবং অসংখ্য ইসলামী ভাইকে পরিশুদ্ধ করে নিজের জন্য সাওয়াবে জারিয়ার ভান্ডার তৈরী করে ১৮ই

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

মুহাররমুল হারামের ১৪২৭ হি: ১৭.০২.২০০৬ ইং জুমার নামাযের পর এই পৃথিবী থেকে বিদায় নেন। আর এখন দুনিয়া থেকে যাওয়ার পরও স্বপ্নে এসে ইনফিরাদী কৌশিশ এর মাধ্যমে এক ইসলামী ভাইকে মাদানী কাফিলার মুসাফির বানিয়েছেন এবং এরপর মাদানী কাফিলায় পৌঁছেও তাকে জলওয়া দেখিয়েছেন ও আল্লাহ তাআলার হুকুমে মুত্রথলির রোগ হতে শিফা দিয়েছেন।

यञ्चनामाय वक ইসলামী ভাই এর বর্ণনা হচ্ছে, কিছুদিন থেকে আমি মুত্রথলির যন্ত্রণাদায়ক কন্টে ভুগছিলাম আমি স্বপ্লে মুফ্তীয়ে দা'ওয়াতে ইসলামী মওলানা মুহাম্মদ ফারুক আতারী মাদানী ঝুর্ট শুর্ট এই এই এর যিয়ারত লাভ করলাম। তিনি আমাকে মাদানী কাফিলায় সফরের নির্দেশ দেন। আমিও সফরের নিয়ত করে নেই। কিন্তু ১৪২৭ হিজরীর জমাদিউল আউয়াল মাসে সফর করতে পারিনি। ১৪২৭ হিজরীর ২৪ শে জমাদিউল আখির তারিখে আমি ৩ দিনের মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সুন্নাতে ভরপুর সফর করি। কাফিলার গন্ত ব্যস্থল মসজিদ শরীফে পৌঁছে যখন ঘুমালাম তখন দেখি মুফ্তীয়ে দা'ওয়াতে ইসলামী وَحْمَةُ اللّٰهُ تَعَالَى عَلَيهِ আমার স্বপ্লে আগমন করেন। তিনি পর্দার উপর পর্দা করে (অর্থাৎ কোলের উপর চাঁদরে ডেকে উভয় উরু বিছিয়ে বসলেন) এবং কিছু মূল্যবান বানী দ্বারা আমাকে ধন্য করছিলেন কিন্তু আমি সেগুলো বুঝতে পারিনি। মাদানী কাফিলা থেকে ফিরে এসে এই বর্ণনা দেয়া পর্যন্ত আজ এক সপ্তাহ হয়ে গেল টিক্টট আমার মৃত্রথলীর যন্ত্রণাদায়ক রোগ সম্পূর্ণরূপে ভাল হয়ে

درد گرچہ تمہارے مثانے میں ہے' نُفع پر آخرت کے بنانے میں ہے کہتے فاروق ہیں قافلے میں چلو سب مُلِّغ کہیں قافلے میں چلو

দরদ গর ছে তোমহারে মাছানে মে হে, নাফা' পর আখিরাত কে বানানে মে হে। কেহতে ফারুক হে কাফিলে মে চলো, সব মুবাল্লিগ কহে কাফিলে মে চলো।

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

মসজিদ সম্পর্কে ১৯ টি মাদানী ফুল

১। বর্ণিত আছে, এক মসজিদ আল্লাহ তাআলার নিকট অভিযোগ করল, মানুষ আমার ভিতর বসে দুনিয়াবী কথা বলে, অভিযোগ করে ফেরার পথে তার সাথে পথিমধ্যে ফিরিস্তার সাক্ষাত হল এবং বললেন, আমাদেরকে মসজিদে দুনিয়াবী আলোচনাকারীদের ধ্বংস করার জন্য প্রেরণ করা হয়েছে।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খন্ড-১৬, পৃ-৩১২)

(জয্বুল কুলূব, পূ-২৫৭)

- ২। বর্ণিত আছে যে, যে ব্যক্তি গীবত করে (যা কঠিন হারাম ও যিনা থেকেও নিকৃষ্ট) এবং যারা মসজিদে দুনিয়াবী কথাবার্তা বলে তাদের মুখ থেকে খুব নিকৃষ্ট দুর্গন্ধ বের হয়, তাদের ব্যাপারে ফিরিশতারা আল্লাহ তাআলার দরবারে অভিযোগ করে। আল্লাহর পানাহ! যেখানে মুবাহ ও বৈধ কথা মসজিদে বসে শরয়ী প্রয়োজন ছাড়া করার ব্যাপারে এই বিপদ, সেখানে মসজিদের ভিতর বসে হারাম ও অবৈধ কাজ করলে কি অবস্থা হবে! (প্রাগুক্ত)
- ৩। দর্জির জন্য মসজিদে বসে কাপড় সেলাই করার অনুমতি নেই। অবশ্য, যদি শিশুদের বাধা প্রদান ও মসজিদের হিফাযতের জন্য বসে, তবে ক্ষতি নেই। অনুরূপভাবে লিখকের জন্য পারিশ্রমিকের বিনিময়ে লিখার অনুমতি নেই। (আলমগীরি, ১ম খভ, পৃষ্ঠা ১১০)
- 8। মসজিদের ভিতর কোন ধরণের খড়কুটা কখনো ফেলবেন না। সায়িয়দুনা শায়খ আবদুল হক মুহাদ্দিসে দেহলভী رَحْبَةُ اللّٰه تَعَالٰ عَلَيهِ জযবুল কুলুব এ উদ্কৃতি দিয়ে লিখেন, "মসজিদে যদি সামান্য খড়কুটাও ফেলা হয়, তবে মসজিদের এতো বেশি কষ্ট অনুভূত হয়, যেমন কষ্ট মানুষ তার চোখে সামান্য কণা পড়লে অনুভব করে।

৫। মসজিদের দেয়াল, ফ্লোর, চাটাই কিংবা কারপেটের মধ্যে কিংবা সেটার নিচে থুথু ফেলা, নাক সাফ করা, নাক কিংবা কান থেকে ময়লা আবর্জনা বের করে লাগানো, মসজিদের ফ্লোর বা চাটাই থেকে সূতা কিংবা কিছু ভগ্নাংশ বের করা-সবই নিষেধ।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

- ৬। প্রয়োজনে রুমাল ইত্যাদি দিয়ে নাক মোছলে ক্ষতি নেই।
- ৭। মসজিদের ধুলা-বালি ঝেড়ে তা এমন জায়গায় ফেলবেন না, যেখানে ফেললে বেয়াদবী হয়।
- ৮। জুতা খুলে মসজিদের ভিতর সাথে নিয়ে যেতে চাইলে, ধুলিবালি ইত্যাদি বাইরে ঝেড়ে নেবেন। যদি পায়ের তালুতে ধূলাবালী ইত্যাদি লেগে থাকে, তবে নিজের রুমাল ইত্যাদি দিয়ে মুছে মসজিদে প্রবেশ করবেন।
- ৯। মসজিদের ওযু খানায় ওযু করার পর পা দু'টি ওযুখানাতেই ভাল করে মুছে নেবেন। ভেজা পায়ে মসজিদে চলাফেরা করলে মসজিদের ফ্লোর ও কার্পেটগুলো অপরিস্কার ও বিশ্রী হয়ে যায়।
- এখন আমার আকা আলা হযরত ইমামে আহলে সুনুত মুজাদ্দিদে দ্বীন ও মিল্লাত মওলানা শাহ আহমদ রযা খান رَحْبَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ এর মলফূযাত শরীফ থেকে মসজিদের কিছু নিয়মাবলী পেশ করা হচ্ছে।
- ১০। মসজিদে দৌঁড়ানো কিংবা সজোরে চলাচল করা, যার ফলে আতঙ্ক সৃষ্টি হয়, তা নিষেধ।
- ১১। ওযু করার পর ওযূর অঙ্গ প্রত্যঙ্গ থেকে পানির এক ফোটাও যেন মসজিদের ফ্রোরের উপর না পড়ে (মনে রাখবেন, অঙ্গ-প্রত্যঙ্গ থেকে ওযূর পানির ফোটা মসজিদের ফ্রোরের উপর ফেলা বৈধ নয়।)
- ১২। মসজিদের এক দরজা থেকে অন্য দরজায় প্রবেশের সময় (উদাহরণ স্বরূপ, বারান্দা থেকে ভিতরের অংশে প্রবেশের সময়) ডান পা বাড়ানো চাই। এমনকি যদি কার্পেট বিছানো হয় তাতেও ডান পা রাখবেন। আর যখন সেখান থেকে সরে আসবেন, তখনও ডান পা মসজিদের কার্পেটের উপর রাখবেন। (অর্থাৎ আসতে ও যেতে প্রতিটি বিছানো কার্পেটের উপর ডান পা রাখবেন।) অথবা খতীব যখন মিম্বরের উপর যাবার ইচ্ছা করবেন, তখন প্রথমে ডান পা রাখবেন, আর যখন নামবেন তখনও ডান পা আগে নামাবেন।

হ্যরত মুহাম্মদ শ্লুট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

১৩। মসজিদে যদি হাঁচি আসে তবে চেষ্টা করবেন যেন আওয়াজ নিচু হয়। অনুরূপভাবে, কাঁশিও। সরকারে মদীনা হয়রত মুহাম্মদ صَلَّى الله تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم মসজিদে সজোরে হাঁচি দেয়াকে অপছন্দ করতেন। অনুরূপভাবে, ঢেকুরও দমিয়ে রাখা চাই। সম্ভব না হলে আওয়াজকে চেপে রাখা চাই, য়িদও মসজিদ ছাড়া অন্যত্রও হয়। বিশেষ করে মজলিস কিংবা কোন সম্মানিত ব্যক্তির সামনে তাতো অভদ্রতাই। হাদীসে শরীফে বর্ণিত হয়েছে, এক ব্যক্তি হয়য়র صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর পবিত্র দরবারে ঢেকুর ছাড়লো। হয়য়ৢর سَلَّم الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বর্ণিত হয়েছে, ত্র ক্রেলন, "আমাদের নিকট থেকে তোমার ঢেকুর দূরে রাখো। যে ব্যক্তি দুনিয়ায় বেশী সময় পেট ভরতে থাকে, সে কিয়ামতের দিন ততবেশি সময় ক্ষুধার্ত থাকবে। (শরহুস সুন্নাহ, ৭ম খভ, পৃষ্ঠা ২৯৪ হাদিস নং ২৯৪৪)

আর হাই তোলার সময় আওয়াজকে উঁচু করে বের না করা চাই; যদি মসজিদের বাইরে একাকী অবস্থায় হোক না কেন, এটা হচ্ছে শয়তানের অউ হাসি। হাই আসলে যথাসম্ভব মুখ বন্ধ রাখবেন। মুখ খুললে শয়তান মুখে থুথু দেয়। যদি এভাবে না থামে তবে উপরে মাড়ির দাঁত দিয়ে নিচের ঠোট চেপে ধরবেন। আর এভাবেও না থামলে যথাসম্ভব মুখ কম করে খুলবেন। আর বাম হাতকে উল্টো দিক থেকে মুখের উপর ধরবেন। যেহেতু হাই শয়তানের পক্ষ থেকে আসে এবং সম্মানিত নবীগণ مَكْنُهُو السِّلَامُ السِّلَامُ السِّلَامُ السِّلَامُ السِّلَامُ السِّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ وَالسَّلَامُ السَّلَامُ السَّلَاءُ السَّلَامُ السَلَامُ السَّلَامُ السَلَّامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَّلَامُ السَلَّامُ السَّلَامُ السَّلَامُ

(রদ্দুল মুহতার, ২য় খন্ড, ৪১৩ পৃষ্ঠা)

১৪। হাসি ঠাট্টা এমনিতেই নিষেধ। আর মসজিদেতো আরো কঠোরভাবে নিষেধ।

১৫। মসজিদে হাসা নিষেধ। কারণ, তা কবরে অন্ধকার আনে। স্থানও সময় ভেদে মুচকি হাসাতে ক্ষতি নেই।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

১৬। মসজিদের ফ্লোরের উপর কোন জিনিস ছুঁড়ে মারা উচিত নয়, বরং আস্তে রাখা চাই। গরমের মৌসুমে লোকেরা হাত পাখা ঘুরাতে ঘুরাতে এক পর্যায়ে ছুঁড়ে মারে। মসজিদে টুপি, চাঁদর ইত্যাদিও ছুঁড়ে মারা উচিত নয়। অনুরূপভাবে চাঁদর কিংবা রুমাল দ্বারা ফ্লোর এভাবে ঝাড়বেন না, যাতে আওয়াজ সৃষ্টি হয় কিংবা ছাতা ইত্যাদি রাখার সময় উপর থেকে ফেলে দেয়। এমন করা নিষেধ রয়েছে। মোটকথা, মসজিদের প্রতি সম্মান দেখানো প্রত্যেক মুসলমানের উপর ফর্য।

১৭। মসজিদের ভিতর 'হাদস' (অর্থাৎ বাতাস বের করা) নিষেধ। প্রয়োজন হলে (যারা ই'তিকাফকারী নয়, তারা) বাইরে চলে যাবে। সুতরাং ই'তিকাফকারীর উচিত হচ্ছে-ই'তিকাফের দিনগুলোতে অল্প আহার করে, পেট হালকা রাখা যাতে হাজত পূরণ করার প্রয়োজন কম হয়। ইতিকারফকারী এজন্য (বাতাস বের করার জন্য) বাইরে যেতে পারবেনা। অবশ্য মসজিদের এরিয়ার ভিতর টয়লেট থাকলে তাতে বাতাস ছাডার জন্য যেতে পারবে।

১৮। কিবলার দিকে পা প্রসারিত করা সব জায়গাতে নিষেধ। মসজিদে কোন দিকেই প্রসারিত করবেন না। এটা দরবারের আদব বিরোধী কাজ। হযরত ইব্রাহীম ইবনে আদহাম رَحْبَةُ اللّه تَعَالَى عَلَيهِ মসজিদে একাকী বসা ছিলেন। পা দু'টি প্রসারিত করলেন। মসজিদের এক কোণ থেকে অদৃশ্য আহ্বানকারী আওয়াজ দিলো, "ইব্রাহীম! বাদশাহ্র দরবারে কি এভাবে বসে? তাৎক্ষণিকভাবে তিনি পা দু'টি গুটিয়ে নিলেন। আর এমনিভাবে গুটালেন যে, ইনতিকালের সময় সে পা দু'টি প্রসারিত হয়েছে।

ছোট শিশুদেরকে ও প্রস্রাব করাতে, শোয়াতে, উঠাতে ও স্নেহ করতে গিয়ে তখন সতর্কতা অবলম্বন করবেন, যেন তাদের পা কিবলার দিকে না থাকে।)

১৯। ব্যবহৃত জুতা পরে মসজিদে যাওয়া বেয়াদবী ও আদব বহির্ভূত কাজ। (আল মালফূয, ২য় খন্ড, ৩৭৭ পৃষ্ঠা হতে সংকলিত)

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

মসজিদ সমূহকে সুগন্ধময় রাখুন

উম্মূল মু'মিনীন হযরত সায়্যিদাতুনা আয়িশা সিদ্দীকা رضى الله تَعَالَى عَنْهَا الله تَعَالَى عَنْهَا الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم সহল্লায় মহল্লায় মসজিদ নির্মাণের ও সেগুলো পরিস্কার এবং সুগন্ধময় রাখার নির্দেশ দিয়েছেন। (সুনানে আবি দাউদ, খভ-১ম, পু-১৯৭, হাদীস নং-৪৫৫)

এয়ার ফ্রেশনার থেকে ক্যান্সার হতে পারে

প্রিয় ইসলামী ভাইয়েরা! জানা গেল যে, মসজিদ তৈরি করা ও সেগুলো লুবাণ ও আগর বাাতি ইত্যাদি দ্বারা সুগন্ধময় রাখা সাওয়াবের কাজ। কিন্তু মসজিদে দিয়াশলাই (তথা ম্যাচ) জ্বালাবেন না, যেহেতু তা থেকে বারুদের দুর্গন্ধ বের হবে আর মসজিদকে দুর্গন্ধ থেকে রক্ষা করা ওয়াজিব। বারুদের গন্ধযুক্ত ধোঁয়া যেন মসজিদের ভিতর আসতে না পারে এমন দূরে লুবাণ বাতি, আগরবাতি বা মোম ইত্যাদি জ্বালিয়ে মসজিদে আনবেন। আগরবাতীকে বড় কোন থালাতে রাখতে হবে। যাতে তার ছাই মসজিদের মাদুর, বিছানা ইত্যাদিতে না পড়ে।

আগর বাতির প্যাকেটে যদি কোন প্রাণীর ছবি থাকে তবে তা ঘষে তুলে ফেলুন। মসজিদ (এমনকি ঘর এবং ব্যবসায়িক কেন্দ্র ইত্যাদিতে) এয়ার ফ্রেশনার এর মাধ্যমে সুগন্ধ ছড়াবেন না। এতে রাসায়নিক পদার্থ শরীরের বিভিন্ন অংশে পৌঁছে থাকে এবং শ্বাস প্রশ্বাসের মাধ্যমে ফুসফুসে পৌঁছে ক্ষতি হয়। ডাক্তারের এক গবেষণা মতে, এয়ার ফ্রেশনারের ব্যবহারের কারণে স্কীন ক্যান্সার হতে পারে।

মুখে দুর্গন্ধ হলে মসজিদে যাওয়া হারাম

প্রিয় ইসলামী ভাইয়েরা! ক্ষুধার চেয়ে কম খাওয়ার অভ্যাস গড়ুন। অর্থাৎ এখনো খাওয়ার চাহিদা আছে তবুও হাত গুটিয়ে ফেলুন। যদি ইচ্ছামত পেট ভরে খেতে থাকেন এবং সময়ে অসময়ে শিখ, কাবাব, বার্গার, আলুর চপ, পিজা, আইসক্রিম, ঠাভা পানীয়, ইত্যাদি পেটে পৌঁছাতে থাকেন তবে পেট খারাপ হবে এবং আল্লাহ না করুন যদি "গান্ধা দেহনী" তথা মুখ থেকে দুর্গন্ধ আসার রোগ সৃষ্টি

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

272

হয় তবে কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হবে। কেননা মুখ থেকে দুর্গন্ধ বের হলে মসজিদে প্রবেশ করা হারাম। এমনকি যে সময় থেকে মুখে দুর্গন্ধ আসতে শুরু করে তখন জামাআত সহকারে নামায আদায়ের জন্যও মসজিদে আসা গুনাহ্।

যেহেতু আখিরাতের চিন্তা কম হওয়ার কারণে মানুষের ভারী ও বেশি পরিমাণে খাবারের প্রতি লোভ বেশি হয় আর আজকাল চারিদিকে চলছে ফুড কালচারের যুগ। এজন্য কিছু মানুষ আছে যাদের মুখ থেকে দুর্গন্ধ আসে। আমার অনেক অভিজ্ঞতা রয়েছে যে, যখন কিছু মানুষ মুখ কাছে এনে কথা বলে তখন তার মুখের দুর্গন্ধের কারণে নিঃশ্বাস পর্যন্ত বন্ধ হয়ে আসে। কোন কোন সময় ঈমাম ও মুয়াজ্জিনদের উক্ত রোগ তথা "গান্ধা দাহনী" হয়ে যায়। এ রকম হলে তাকে দ্রুত ছুটি নিয়ে চিকিৎসা করানো দরকার। কেননা মুখে দুর্গন্ধ থাকা অবস্থায় মসজিদের ভিতর প্রবেশ করা হারাম।

আফসোস! দুর্গন্ধযুক্ত মুখ ওয়ালা কিছু লোক আল্লাহর পানাহ! মসজিদের ভিতর ইতিকাফকারীও হয়ে যায়। রমযানুল মোবারক মাসে কাবাব, সমুচা ও অন্যান্য তৈলাক্ত খাদ্য দ্রব্য রকমারী খাবার সমূহ পেট ভরে খুব বেশি করে খাওয়ার কারণে মুখের দুর্গন্ধ জাতীয় রোগ বৃদ্ধি পায়। তার উত্তম চিকিৎসা হচ্ছে যে, সাধারণ খাবার তাও চাহিদার চেয়ে কম খাওয়া এবং হজম শক্তি ঠিক রাখা। শুধু মুখের দুর্গন্ধ নয় বরং যাবতীয় দুর্গন্ধ থেকে মসজিদকে মুক্ত রাখা ওয়াজিব।

মুখে দুৰ্গন্ধ হলে নামায মাকরহ হয়

ফাতাওয়ায়ে রযবীয়্যার ৭ম খন্ডের ৩৮৪ নং পৃষ্ঠায় উল্লেখ আছে যে, মুখে দুর্গন্ধ থাকা অবস্থায় (ঘরে আদায়কৃত) নামাযও মাকরহ। আর এমতাবস্থায় মসজিদে যাওয়া হারাম। যতক্ষণ না মুখের দুর্গন্ধ দূর না হয়।

আর অপর নামাযীকেও কষ্ট দেয়া হারাম। আর অন্য নামাযী না থাকলে তখনও দুর্গন্ধের কারণে ফিরিশতাদের কষ্ট হয়। হাদীস শরীফে আছে, যেই সব জিনিষ দ্বারা মানুষ কষ্ট পায় এতে ফিরিস্তারাও কষ্ট পায়।

(সহীহ মুসলিম, পৃ-২৮২, হাদীস নং-৫৬৪)

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

দুর্গন্ধ মুক্ত মলম লাগিয়ে মসজিদে আসার ব্যাপারে নিষেধাজ্ঞা

আমার আকা আলা হযরত رَحْمَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ বর্ণনা করেন, যার শরীরে দুর্গন্ধ হয় যাতে (অপরাপর) নামাযীদের কষ্ট হয় যেমন, "মুখ থেকে দুর্গন্ধ বের হওয়া) বগল থেকে দুর্গন্ধ ছড়ানো, ঘা, খশ পাচড়ার কারণে গন্ধক মালিশ করা বা অন্য কোন দুর্গন্ধ যুক্ত মলম বা লোশন লাগায় তাকেও মসজিদে আসতে নিষেধ করেছেন। (সংশোধিত ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খণ্ড-৮ম, পৃ-৭২)

কাঁচা পিয়াজ খাওয়াতেও মুখ দুর্গন্ধময় হয়ে যায়

কাঁচা মূলা, কাঁচা পিয়াজ, কাঁচা রসুন, ও ঐ সমস্ত জিনিষ যার গন্ধ অপছন্দ হয়, সেগুলো খেয়ে মসজিদে ততক্ষণ পর্যন্ত যাওয়া জায়েজ নেই যতক্ষণ পর্যন্ত হাত, মুখ ইত্যাদিতে গন্ধ থাকে। যাতে করে ফিরিশতাদের কষ্ট হয়।

হাদিস শরীফে আছে, আল্লাহর মাহবুব, অদৃশ্যের সংবাদদাতা, হযরত মুহাম্মদ مَلَّهُ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ইরশাদ করেছেন, যে ব্যক্তি পিঁয়াজ, রসুন, গিনদানা নামক তরকারী খেয়েছে অবশ্যই সে যেন আমাদের মসজিদের নিকটবর্তীও না আসে, আরো বলেছেন, যদি খেতেই চাও তবে রান্না করে তার গন্ধ দূর করে নাও। (সহীহ মুসলিম শরীফ, পৃ-২৮২, হাদীস নং-৫৬৪, দারু ইবনে হাযাম, বৈরুত)

সাদরুশ শরীআ, বদরুত তরীকা, আল্লামা মওলানা মুফতী মুহাম্মদ আমজাদ আলী کِشْهُ اللّٰه تَعَالَیٰ عَلَیهِ বর্ণনা করেন, মসজিদে কাঁচা রসুন ও পিঁয়াজ খাওয়া বা খেয়ে যাওয়া জায়িজ নেই। যতক্ষণ পর্যন্ত দুর্গন্ধ অবশিষ্ট থাকে এবং এই একই হুকুম ঐ সমস্ত জিনিসের ব্যাপারে যেগুলোতে গন্ধ হয় যেমন- "গিন্দানা" (এটা রসূনের তৈরী তরকারী), মূলা, কাঁচা মাংস, কেরোসিন। ঐ দিয়াশলাই যাতে ঘষা দিলে গন্ধ ছড়ায়, বায়ু বের করা ইত্যাদি।

যার গান্ধা দেহনীর (তথা মুখ থেকে দুর্গন্ধ বের হওয়ার রোগ আছে বা দুর্গন্ধযুক্ত অন্য কোন আঘাত থেকে বা দুর্গন্ধযুক্ত কোন ঔষধ লাগালে তাহলে যতক্ষণ পর্যন্ত দুর্গন্ধ চলে না যায় ততক্ষণ পর্যন্ত তার মসজিদে আসা নিষেধ।)

(বাহারে শরীআত, খণ্ড-৩য়, পৃ-১৫৪)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

কাঁচা পিঁয়াজ বিশিষ্ট আচার ও দধির তৈরী আচার থেকে বিরত থাকুন

কাঁচা পিয়াজ বিশিষ্ট বুট, আচার, কাঁচা রসুন, বিশেষ আচার, চাটনি নামাযের সময় খাওয়া থেকে বিরত থাকুন। কোন কোন সময় কাবাব চমুচা ইত্যাদিতেও কাঁচা পিয়াজ ও কাঁচা রসুনের গন্ধ আসে, এজন্য নামাযের আগে এগুলোও খাবেন না। এমন গন্ধযুক্ত খাবার মসজিদে আনারও অনুমতি নেই।

দুর্গন্ধ যুক্ত মুখ নিয়ে মুসলমানের সমাবেশে যাওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা

প্রসিদ্ধ মুফাসসির, হাকিমূল উম্মত, হযরত মুফতি আহমদ ইয়ার খাঁন وَحْبَةُ اللّٰهِ تَعَالَى عَلَيهِ বর্ণনা করেন, মুসলমানদের সমাবেশে, দরসে কুরআনের মজলিশে, ওলামায়ে কিরাম ও আউলিয়ায়ে ইজামের দরবারে দুর্গন্ধযুক্ত মুখ নিয়ে যাবেন না। (মিরাত খণ্ড-৬ষ্ঠ, পৃ-২৫)

তিনি আরো বলেন, যতক্ষণ পর্যন্ত মুখে দুর্গন্ধ থাকবে ততক্ষণ ঘরেই থাকুন। মুসলমানের সভা সমাবেশে যাবেন না। হুক্কা পানকারী, সাধা পাতা যুক্ত পান খেয়ে যারা কুলী করেন না তাদেরকেও শিক্ষা নেয়া উচিত। ফকিহগণ টেটি আটি বর্ণনা করেন, যার মুখে দুর্গন্ধের রোগ আছে তার মসজিদের উপস্থিতি ক্ষমাযোগ্য। (মিরাত, খণ্ড-২য়, পৃ-২৬)

নামাযের সময় কাঁচা পিয়াজ খাওয়া কেমন?

প্রশ্ন : মুখের দুর্গন্ধ বিশিষ্ট লোকের মসজিদে উপস্থিতি ক্ষমাযোগ্য।
তাহলে কাঁচা পিয়াজ বিশিষ্ট আচার চাটনি ইত্যাদি বা এমন কাবাব সমুচা যাতে
পিয়াজ রসুন পূর্ণ রান্না করে দেয়া হয় না যার কারণে ঐ গুলোর গন্ধ ছড়ায়, বা ঐ
বাজারী রুটি যেখানে কাঁচা রসুন দেয়া হয় এই ধরণের খাবার জামাআতের
কিছুক্ষণ পূর্বে এই নিয়াতে খেল যে মুখে দুর্গন্ধ হবে যার কারণে মসজিদের
জামাআত ওয়াজিব হবে না! তার হুকুম কি?

হ্যরত মুহাম্মদ্শু ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

উত্তর: এ রকম করা জায়েজ নেই। যেমন-মাগরিবের নামাযের পর এমন আচার বা সালাদ খাবেন না যাতে কাঁচা মূলা, বা কাঁচা পিয়াজ বা কাঁচা রসুন থাকে। কেননা ইশার নামাযের সময় কাছাকাছি এবং এত দ্রুত মুখ পরিক্ষার করে মসজিদে যাওয়াও কষ্টকর। তবে হ্যাঁ দ্রুত মুখ পরিক্ষার করা যদি সম্ভব হয় বা অন্য কোন কারণে মসজিদের উপস্থিতি মাফ হয় যেমন-মহিলা, বা নামাযের এখনো যথেষ্ট দেরী আছে, নামাযের সময় আসার পূর্বে গন্ধ চলে যাবে তাহলে খাওয়াতে কোন ক্ষতি নেই। আমার আকা আলা হয়রত كَانَ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ مَا الله করেন, কাঁচা পিয়াজ রসুন খাওয়া নিঃসন্দেহে জায়েয (হালাল)। কিন্তু তা খেয়ে গন্ধ না যাওয়া পর্যন্ত মসজিদে যাওয়া নিষেধ।

কিন্তু যে সমস্ত হুক্কা এমন গাঢ় যে আল্লাহর পানাহ! দুর্গন্ধ বেশীক্ষণ অবশিষ্ট থাকে, জামাআতের সময় কুলি করলেও পূর্ণ দুর্গন্ধ যায় না। তাহলে জামাআতে পূর্বে তা পান করা শরীআত মতে জায়িয় নেই। যেহেতু তা জামাআত ছেড়ে দেয়া বা সাজদা তরক করা বা দুর্গন্ধ নিয়ে মসজিদে প্রবেশের কারণ বলে পরিগণিত হচ্ছে। আর এই দুটি কাজই না- জায়িজ ও নিষিদ্ধ। আর (এটা শরয়ী উসূল যে) প্রত্যেক মুবাহ কাজ (তথা ঐ সমস্ত কাজ যা মূলত জায়েজ) যদি নিষিদ্ধ কাজের দিকে ধাবিত করে এমন কাজ করা নিষেধ ও অবৈধ।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খণ্ড-২৫, পৃ-৯৪)

(মুখের দুর্গন্ধ সম্পর্কে অবগত হওয়ার উপায়) যদি মুখে কোন দুর্গন্ধ হয় তাহলে যতবার মিসওয়াক ও কুলি দ্বারা সেই দুর্গন্ধ দূর করা সম্ভব ততবার কুলি ইত্যাদি করে তা দূর করা আবশ্যক। এর জন্য কোন সীমা নির্ধারণ নেই। দুর্গন্ধযুক্ত গাঢ় হুক্কা পানকারীদের তা অবশ্যই স্মরণ রাখা উচিত। এর চেয়ে আরো বেশি স্মরণ রাখতে হবে তাদেরকে যারা সিগারেট পান করে যেহেতু তার দুর্গন্ধ তামাকের চেয়ে আরো অনেক বেশি ও দুর্গন্ধ বেশীক্ষণ স্থায়ী। আর এই সমস্ত কথা আরো বেশি মনে রাখতে হবে ঐ সমস্ত তামাক ভক্ষণকারীদেরকে যারা আমাদের ধোয়ার পরিবর্তে ডাইবেষ্ট তামাক (সাদা পাতা) চিবিয়ে চিবিয়ে খায়। আর নিজের মুখ দুর্গন্ধে ভরে রেখেছে।

হ্যরত মুহাম্মদ শ্লু ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

এই সকল ব্যক্তিরা ততক্ষণ পর্যন্ত মিসওয়াক ও কুলি করবে যতক্ষণ না মুখ পরিপূর্ণ পরিস্কার হয়ে যায় এবং গন্ধের নাম নিশানা থাকে না। আর (গন্ধ আছে কি না) তা পরীক্ষা এইভাবে করবে যে হাত নিজ মুখের কাছে নিয়ে গিয়ে মুখ খুলে গলা থেকে জোরে জোরে তিনবার শ্বাস হাতে নিবে সাথে সাথে শুকে নিবে। এটা ছাড়া ভিতরের দুর্গন্ধ নিজের খুব কমই অনুভূত হয়। আর যদি মুখে দুর্গন্ধ হয় তবে মসজিদে যাওয়া হারাম, নামাযে শরীক হওয়া নিষিদ্ধ। আল্লাহই হেদায়েতদানকারী। (সংশোধিত ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খণ্ড-১ম, প্-৬২৩)

মুখের দুর্গন্ধের চিকিৎসা

যদি কোন কিছু খাওয়ার কারণে মুখে দুর্গন্ধের সৃষ্টি হয় তবে হরতকী চিবিয়ে খেয়ে ফেলুন। এছাড়া গোলাপের তাজা অথবা শুকনা পাপড়ি দ্বারা দাঁত পরিস্কার করুন। গুরুদ্র নাই লৈ টুলি উপকার হবে। আর যদি পেট নষ্ট হওয়ার কারণে দুর্গন্ধ আসে, তাহলে কম খাওয়ার সৌভাগ্য অর্জন করে ক্ষুধার বরকত অর্জনের মাধ্যমে গুরুদ্র লৈ টুলি গানা সহ শরীরের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের ব্যথা বা ব্যাধি, বুকের জ্বালা পোড়া, মুখের চামড়া, বার বার হওয়া সর্দি কাশি এবং গিরার ব্যথা, মাড়ীতে রক্ত আসা ইত্যাদি অনেক রোগের সাথে মুখের দুর্গন্ধও চলে যাবে। ক্ষুধা অবশিষ্ট থাকে মত কম খাওয়াতে ৮০ রকমের রোগ থেকে মুক্তি পাওয়া যায়। (বিস্তারিত জানার জন্য ফয়যানে সুনুতের অধ্যায় পেটের কুফলে মদীনা (ক্ষুধার ফযীলত) পড়ুন। যদি আত্মার লোভের চিকিৎসা হয়ে যায় তাহলে অনেক শারীরিক ও মানসিক রোগ এমনিতেই চলে যাবে।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

মুখের দুর্গন্ধের মাদানী চিকিৎসা

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى النَّبِيِّ الطَّاهِر

উল্লেখিত দুরূদ শরীফটি সময় সুযোগ মত এক নিশ্বাসে ১১ বার পড়ে নিন। الله عَزَّوْجَلُّ पूर्णित দুর্গন্ধ দূর হয়ে যাবে। একই নিঃশ্বাসে পড়ার উত্তম পদ্ধতি হচ্ছে এই যে, মুখ বন্ধ করে ধীরে ধীরে নাক দিয়ে শ্বাস নিতে আরম্ভ করুন। যথাসাধ্য ফুসফুসে বাতাস জমা করে নিন। এখন দুরূদ শরীফ পড়তে আরম্ভ করুন। কয়েকবার এইভাবে চেষ্টা করলে পরে নিঃশ্বাস বন্ধ হওয়ার পূর্বে পরিপূর্ণ ১১ বার দুরূদ শরীফ পড়ার অভ্যাস হয়ে যাবে।

উল্লেখিত পদ্ধতিতে নাক দিয়ে ভালভাবে শ্বাস নিয়ে যথাসাধ্য শ্বাস ধরে রেখে মুখ দিয়ে বের করা স্বাস্থ্যের জন্য বড়ই উপকারী। সারাদিন যখনই সুযোগ হয় বিশেষত: খোলা ময়দানে দৈনিক কয়েকবার এই রকম করা দরকার। আমাকে সাগে মদীনা ॐ ঠুঁ এক বয়স্ক অভিজ্ঞ হাকিম সাহিব বলেছেন, আমি নিঃশ্বাস নেওয়ার পর আধঘন্টা পর্যন্ত (অথবা বলেছেন) ২ ঘন্টা পর্যন্ত বাতাসকে ভিতরে ধরে রাখি এবং ঐ সময় নিজ অজিফা পাঠ করি। ঐ হাকিম সাহেবের কথা মতে শ্বাস বন্ধকারী এমন এমন অভিজ্ঞ পরীক্ষিত মানুষ আছে দুনিয়াতে যারা সকালে শ্বাস নিয়ে সন্ধ্যায় বের করেন!

ইস্তিঞ্জা খানা মসজিদ থেকে কতটুকু দূরে হওয়া উচিত

ইমাম আহমদ রেযা رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ এর দরবারে প্রশ্ন করা হল যে, নামাযীদের জন্য টয়লেট মসজিদ থেকে কতটুকু দূরে তৈরী করা যাবে? এর উত্তরে আমার আকা আলা হ্যরত رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ বললেন, মসজিদকে দুর্গন্ধ থেকে রক্ষা করা ওয়াজিব। এজন্য মসজিদে কেরোসিন তৈল জ্বালানো হারাম। মসজিদে দিয়াশলাই (অর্থাৎ দুর্গন্ধযুক্ত বারুদ বিশিষ্ট ম্যাচের কাঠি) জ্বালানো হারাম। এমন কি হাদীস পাকে ইরশাদ হয়েছে, মসজিদে কাঁচা মাংস নিয়ে যাওয়া জায়েজ নেই। (ইবনে মাজাহ, খড্-১ম, প্-৪১৩, হাদীস নং-৭৪৮, দারুল মারিফাত, বৈরুত)

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

অথচ কাঁচা মাংসের দুর্গন্ধ অনেকটা হালকা। অতএব যেখান থেকে মসজিদে দুর্গন্ধ পোঁছে সেখান পর্যন্ত টয়লেট, প্রস্রাবখানা তৈরী করাতে নিষেধ রয়েছে। (ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খভ-১৬, পৃ-২৩২)

কাঁচা মাংসের গন্ধ হালকা। এরপরও যেহেতু মসজিদে তা নিয়ে যাওয়া জায়েজ নেই সেহেতু কাঁচা মাছ নিয়ে যাওয়া আরো বেশি না জায়েজ হবে। কেননা তার গন্ধ মাংসের চেয়ে বেশি গাঢ়। কোন কোন সময় রান্নাকারীর অসতর্কতার কারণে মাছের তরকারী খাওয়ার পর হাত ও মুখে খুব খারাপ গন্ধ হয়ে যায়। এ অবস্থায় গন্ধ দূর না করে মসজিদে যাবেন না। যখন প্রস্রাব খানা পরিস্কার করা হয় তখন দুর্গন্ধ যথেষ্ট ছড়ায় এজন্য (শৌচাগার ও মসজিদের মধ্যে) এতটুকু দূরত্বে রাখা দরকার। যাতে পরিস্কার করায় সময়ও মসজিদে দুর্গন্ধ প্রবেশ না করে। প্রস্রাবখানা মসজিদের বাউন্ডারীতে করতে হলে প্রয়োজনে দেয়াল ভেঙ্গে বাইরের দিকে দরজা করেও মসজিদকে দুর্গন্ধ মুক্ত রাখা যায়।

নিজ পোষাক পরিচ্ছদের উপর গভীর দৃষ্টি রাখার অভ্যাস গড়ুন

মসজিদে দূর্গন্ধ নিয়ে যাওয়া হারাম। এমনকি দূর্গন্ধ বিশিষ্ট লোকের প্রবেশ করাও হারাম। মসজিদে কোন খড়-খুটা দিয়ে খিলাল করবেন না, কারণ যে প্রত্যেকবার খাবার খাওয়ার পর নিয়মিত ভাবে খিলাল করায় অভ্যন্ত নয় তার দাঁত খিলাল করাতেও দূর্গন্ধ বের হয়। ইতিকাফকারী মসজিদের বারান্দায়ও এতুটুকু দূরে গিয়ে খিলাল করবে যাতে মসজিদের মূল অংশে দূর্গন্ধ না পৌছে। দূর্গন্ধযুক্ত আহত ব্যাক্তি অথবা রক্ত বা পেশাবের শিশি, যবেহ করার সময় যবেহকৃত পশুর বের হওয়া রক্তে রঞ্জিত পোষাক ইত্যাদিও কোন বস্তু দ্বারা ঢেকে মসজিদের ভিতর নেয়া যাবে না। যেমনি ভাবে ফুকাহায়ে কিরাম টুট্টে বলেন, মসজিদে নাপাকী নিয়ে যাওয়া যদিও তা দ্বারা মসজিদ দূষিত না হয় অথবা যার শরীরে নাপাকী লেগেছে তার মসজিদে যাওয়া নিষেধ। (রদ্দে মুহতার, ১ম খন্ড, পৃঃ ৬১৪) মসজিদে কোন পাত্রে পেশাব করা অথবা শিঙ্গা লাগানো রক্ত নেওয়া জায়িয় নেই। (দূররে মুখতার, ১ম খন্ড, পঃ ৬১৪)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

দূর্গন্ধ যদি লুকায়িত থাকে যেমন অধিকাংশ লোকের শরীরে ঘামের দূর্ঘন্ধ হয়ে থাকে কিন্তু তা পোষাকের কারণে ঢেকে থাকে তাহলে এমতাবস্থায় মসজিদের ভেতর প্রবেশ করাতে কোন ক্ষতি নেই। একইভাবে যদি রুমালে ঘাম ইত্যাদির দূর্গন্ধ হয় তাহলে তা মসজিদে বের করবেন না, পকেটের মধ্যেই রাখবেন। যদি ইমামা (পাগড়ী) অথবা টুপি মাথা থেকে খুলে রাখার দ্বারা যদি ঘাম অথবা ময়লা, খুশকী ইত্যাদির দূর্গন্ধ আসে তবে তা মসজিদে খুলে রাখবে না।

আনুরূপ ভাবে কাঁচা মাংস বা কাঁচা মাছ ইত্যাদি এমন ভাবে পেকেট করে রাখা হয়েছে যে, দূর্গন্ধ আসছে না তবে তা মসজিদে নেয়াতে কোন অসুবিধা নেই। যেমন এই উদাহরণ দিতে দিতে বিখ্যাত মুফাস্সির, হাকীমুল উদ্মত হযরত মুফতি আহমদ ইয়ার খান رَحْمَةُ اللّٰه تَعَالَ عَلَيهِ বলেন, হাঁ তবে যদি কোন উপায়ে কেরোসিন তৈল এর দূর্গন্ধ দূর করা যায় অথবা এমন ভাবে ল্যাম্প, বাতি ইত্যাদিতে আবদ্ধ করা যায় যাতে এর দূর্গন্ধ প্রকাশ না পায়, তবে তা মসজিদে আনা জায়িয।

(ফাতাওয়ায়ে নঈমীয়া, পৃ- ৬৫)

প্রত্যেক মুসলমানের উচিত নিজ মুখ, শরীর , পোষাক, রুমাল এবং জুতা ইত্যাদির প্রতি গভীর দৃষ্টি রাখা, যাতে এর কোন কিছু থেকে যেন দূর্গন্ধ না আসে। আর এমন ময়লা যুক্ত কাপড় পড়ে মসজিদে আসবে না যা দেখে লোকদের ঘৃনা আসে। আফসোস! আমরা দুনিয়ার বড়.বড় অফিসারদের সাথে দেখা করার সময় উনুতমানের দামী পোষাক পরিধান করি কিন্তু আমাদের প্রিয় মহান আল্লাহ তাআলার দরবারে উপস্থিত হওয়ার সময় পবিত্রতা, সৌন্দর্যতার প্রতি কোন গুরুত্ব দেই না। মসজিদে আসার সময় ঐ পোষাক পরিধান করা উচিত যা কোন অনুষ্ঠানে পরে যায়, সর্বোপরি খুব বেশি খেয়াল রাখতে হবে, পোষাক যেন শরীআত ও সুনুত অনুযায়ী হয়।

মসজিদে বাচ্চাদের নেয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা

সুলতানে মদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم হরশাদ أَ করেছেন, মসজিদ সমূহকে বেচা-কেনা, ঝগড়া-বিবাদ, উচ্চস্বরে আওয়াজ করা,

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

শরয়ী শাস্তি প্রতিষ্ঠা করা ও তলোয়ারের আঘাত থেকে বাঁচাও।

(ইবনে মাযাহ, ১ম খন্ড, পৃ-৪১৫, হাদীস নং-৭৫০)

এমন বাচ্চা যার নাপাকীর (অর্থাৎ পেশাব ইত্যাদি করে দেয়ার) সম্ভবনা থাকে ও পাগলকে মসজিদে নিয়ে যাওয়া হারাম। যদি নাপাকীর সম্ভবনা না থাকে তাহলে মাকরুহ্। *

বাচ্চা অথবা পাগলকে (অথবা বেঁহুশ বা যাকে জ্বিনে ধরেছে তাকে) ঝাড়-ফুঁক, তাবিজ নেওয়ার জন্যও মসজিদে নিয়ে যাওয়ার ক্ষেত্রে শরীআতের পক্ষ থেকে অনুমতি নেই। ছোট বাচ্চাকে ভালভাবে কাপড়ে পেচিয়ে এমনকি "পেকিং" করেও নেয়া যাবে না। যদি আপনি বাচ্চা ইত্যাদি মসজিদে নেয়ার মত ভুল করে থেকে থাকেন তবে মেহেরবানী করে দ্রুত তাওবা করে নিন, ভবিষ্যতে না নেওয়ার নিয়ত করুন। হ্যা, মসজিদের বারান্দা যেমন ইমাম সাহেবের হুজরায় বাচ্চাকে নিয়ে যেতে পারেন যখন মসজিদের ভিতর দিয়ে যাতায়াতের প্রয়োজন না হয়।

মাছ-মাংস বিক্রেতারা

মাছ, মাংস বিক্রেতাদের পোষাকে খুবই দূর্গন্ধ হয়ে থাকে, তাই তাদের উচিত তাদের কাজ থেকে অবসর হয়ে ভালোভাবে গোসল বা ধৌত করা, পরিস্কার কাপড় পরিধান করা, খুশবু লাগানো, এসব কিছুর পরেই মসজিদে আসা। গোসল করা ও খুশবু লাগানো শর্ত নয়। এটা শুধু অনুরোধের সুরে পরামর্শ দিয়েছি মাত্র। সে এমন ব্যবস্থা নিবে যাতে দূর্গন্ধ একেবারে দূর হয়ে যায়।

কিছু খাদ্যের কারণে ঘামে দূর্গন্ধ

এমন কিছু খাদ্য আছে যা খাওয়ার ফলে দূর্গন্ধযুক্ত ঘাম বের হয়। এরকম খাদ্য পরিহার করা চাই।

* যে সকল লোক মসজিদের ভিতরে জুতা নিয়ে যায়, তাদেরকে এটা খেয়াল রাখতে হবে যে, যদি অপবিত্রতা লাগে, তবে পরিস্কার করে নিবে। আর জুতা পরিধান করে মসজিদে চলে যাওয়া বেয়াদবী।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

মুখ পরিস্কার করার পদ্ধতি

যারা মিসওয়াক ও খানা খাওয়ার পর খিলাল করার সুন্নত আদায় করে না এবং দাঁত পরিস্কার করার ক্ষেত্রে অলসতা করে তাদের অধিকাংশেরই মুখে দূর্গন্ধ থাকে। শুধু মাত্র নিয়ম আদায় করার জন্য মিসওয়াক ও খিলাল তথা দাঁতের উপর স্পর্শ করিয়ে নেয়াতে যথেষ্ট নয়। মাড়িতে যাতে আঘাত না হয় সে দিকে খেয়াল রেখে যথাসাধ্য খাদ্যের প্রতিটি কণা দাঁত থেকে বের করতে হবে। তা না হলে দাঁতের মধ্যে খাদ্যের কণা জমে প্রচুর দূর্গন্ধের সৃষ্টি হতে পারে। দাঁত পরিস্কার রাখার একটি পদ্ধতি এটাও আছে যে, কিছু খাবার ও চা ইত্যাদি পান করার পর সেগুলো ছাড়াও যখন যেখানে সুযোগ হয় যেমন বসে বসে কোন কাজ করছেন তখন অল্প পানি মুখে নিয়ে এদিক সেদিক নাড়তে থাকুন। এ ক্ষেত্রে সাদা পানি হলেও চলবে আর যদি লবণ সহ হালকা গরম পানি হয় তবে তা খুবই উত্তম হবে।

দাড়িকে দূর্গন্ধ থেকে বাঁচান

দাড়িতে অধিকাংশ খাদ্যের কণা আটকে থাকে, ঘুমানোর সময় মুখের দূর্গন্ধ যুক্ত লালা অনেক সময় দাড়িতে গিয়ে পরে আর এই ভাবে দাড়ি দূর্গন্ধময় হয়ে যায়। তাই পরামর্শ দিব, যদি সম্ভব হয় তবে প্রতিদিন একবার সাবান দিয়ে দাড়ি ধুয়ে নিন।

সুগন্ধিময় তেল তৈরীর সহজ উপায়

মাথায় সরিষার তেল ব্যবহারকারী যখন মাথা থেকে টুপি বা আমামা শরীফ খুলে রাখে তখন অনেক সময় দূর্গন্ধের উত্তাপ বের হয়। তাই যার সম্ভব হয় উন্নত সুগন্ধি তেল ব্যবহার করবেন। খুশবুদার তেল তৈরী করার একটি সহজ পদ্ধতি হচ্ছে, নারিকেল তেলের শিশির মধ্যে আপনার পছন্দের আতর থেকে কয়েক ফোঁটা আতর ঢেলে মিশিয়ে নিন।

এখন সুগন্ধিময় তেল তৈরী হয়ে গেল। (সুগন্ধি তৈল তৈরীর বিশেষ এসেন্সও সুগন্ধি দ্রব্যের দোকান থেকে সংগ্রহ করতে পারেন) অথবা চুলকে মাঝে মাঝে সাবান দিয়ে ধুয়ে নেন।

হ্যরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

যদি সম্ভব হয় তবে প্রতিদিন গোসল করুন

যার সম্ভব প্রতিদিন গোসল করে নিন। এতে যথেষ্ট পরিমাণে শরীরের বাহ্যিক দূর্গন্ধ দূর হয় এবং স্বাস্থের জন্যও উপকারী। (তবে ই'তিকাফকারীরা যেন মসজিদের গোসলখানায় একান্ত প্রয়োজন ছাড়া গোসল না করেন। কারণ নামাযীদের জন্য ওযুর পানির অভাব দেখা দিতে পারে এবং বার বার মোটর চালানোর কারণে মোটর নষ্ট হয়ে যেতে পারে।)

পাগড়ী ইত্যাদিকে দূর্গন্ধ থেকে রক্ষার উপায়

অনেক ইসলামী ভাই খুব বড় সাইজের পাগড়ী পরিধানের স্পৃহাতো রাখেন, কিন্তু পরিস্কার পরিচছন্ন রাখতে অবহেলা করে থাকেন। আর এ কারণে অনেক সময় তারা অজ্ঞতাবশত মসজিদের ভেতর "দূর্গন্ধ" ছড়ানোর অপরাধে ফেঁসে যান। তাই মাদানী আবেদন হচ্ছে যে, পাগড়ী, সারবন্দ ও চাদর ব্যবহারকারী ইসলামী ভাইয়েরা যথা সম্ভব প্রতি সপ্তাহে আর মৌসুম অনুযায়ী বা প্রয়োজনবশতঃ আরো তাড়াতাড়ি এগুলো ধোয়ার ব্যবস্থা করবেন। অন্যথায় ময়লা, ঘাম ও তেল ইত্যাদির কারণে এসব কিছু দূর্গন্ধ হয়ে যায়। যদিও নিজের অনুভব না হয় কিন্তু দূর্গন্ধের কারণে অন্যদের প্রচন্ড ঘৃণা হয়। নিজে বুঝতে না পারার কারণ হচ্ছে, যার কাছে সবসময় কোন বিশেষ ধরনের খুশবু থাকে বা সর্বদা দূর্গন্ধ লেগেই থাকে তার নাক সেটা দ্বারা ভরে যায়।

পাগড়ী কিরূপ হওয়া উচিত

শক্ত টুপির উপর বাধা পাগড়ী ব্যবহারেও এর ভেতর দূর্গন্ধ সৃষ্টি করতে পারে। যদি সম্ভব হয় তবে পাতলা মসলিন কাপড়ের পাগড়ী শরীফ ব্যবহার করুন আর এ জন্য কাপড়ের এমন টুপি পরিধান করুন যেটা মাথার সাথে সম্পূর্ণ লেগে থাকে। কেননা এ ধরণের টুপি পরিধান করা সুনুত। রেডিমেট পাগড়ী শরীফ মাথায় দেয়া ও নামিয়ে রাখার পরিবর্তে বাধার সময় সুনুত অনুযায়ী এক এক প্যাচ করে বাঁধুন এবং একই নিয়মে খোলার অভ্যাস করুন। এরকম করাতে হাদীসের

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

নির্দেশ অনুযায়ী প্রত্যেকবার বাধার সময় প্রতিটি প্যাচের জন্য একটি করে নেকী ও একটি করে নূর লাভ হবে আর প্রত্যেক বার খোলার সময় (যখন পূনরায় বাঁধার নিয়্যতও থাকে তখন) একটি করে গুনাহ্ ঝরে যাবে। (কানযুল উম্মাল, খড-১৫, পৃষ্ঠা-১৩২, ১৩৩ হাদীস নং-৪১১৩৮,৪১১২৬ হতে সংকলিত, দারুল কুতুবুল ই'লমিয়্যাহ, বৈরুত)

এবং বার বার বাতাস লাগার কারণে الْحَيْدُ بِلَهُ عَزَّوَجَلَّ দূর্গন্ধও দূর হবে। পাগড়ী, সারবন্দ, চাদর ও পোষাক ইত্যাদী খুলে রোদে শুকানোর মাধ্যমে ঘাম ইত্যাদির দূর্গন্ধ দূর হতে পারে। তাছাড়া এগুলোতে ভাল ভাল নিয়্যত সহকারে উৎকৃষ্ট আতর লাগানোতেও দূর্গন্ধ দূর হতে পারে। প্রাসঙ্গিকভাবে আতর লাগানোর নিয়্যতগুলো লক্ষ করুন।

সুগন্ধি লাগানোর ৪৭টি নিয়্যত

মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এরশাদ করেন, "মুসলমানের নিয়্যত তার আ'মল থেকে উত্তম। (তাবরানী মজাম কবীর, হাদীস নং-৫৯৪২, খন্ড-৬, পঃ- ১৮৫, দারুল ইহইয়াইত তারাসিল আ'রবী, বৈরুত)

الله عَلَيْهِ رَالِهِ رَسَلَمُ وَسَالَمُ وَاللهِ رَسَلَمُ وَاللهِ رَسَلَمُ وَاللهِ رَسَلَمُ وَاللهِ رَسَلَم পালনের জন্য খুশবু লাগাব। ২) লাগানোর পূর্বে বিসমিল্লাহ্ ৩) লাগানোর সময় দরুদ শরীফ ও ৪) লাগানোর পরে নে'মতের শোকর আদায়ার্থে الْعَلَيْثِي لِلهِ رَبِّ الْعَلَيْثِي পাঠ করব ৫) ফিরিশতাগণ ও ৬) মুসলমানদের আনন্দ দান করব ৭) জ্ঞান বৃদ্ধি পেলে শরীআ'তের নির্দেশনাবলী মুখস্ত করা ও সুনুত শিক্ষা গ্রহণ করার জন্য শক্তি অর্জন করব (ইমাম শাফেয়ী মুখস্ত করা ও সুনুত শিক্ষা গ্রহণ করার জন্য শক্তি অর্জন করব (ইমাম শাফেয়ী হত্যাদি থেকে দূর্গন্ধ দূর করে মুসলমানদেরকে গীবতে'র গুনাহ্ থেকে রক্ষা করব। (কেননা শরয়ী অনুমোদন ছাড়া কোন মুসলমানের ব্যাপারে তার অনুপস্থিতে যেমন এরূপ বলা যে, " তার পোষাক বা হাত অথবা মুখ থেকে দূর্গন্ধ আসছিল" এটা গীবত) ৯) সুযোগ অনুযায়ী এ নিয়্যতও করা যায়, যেমন ১০) নামাযের জন্য সাজ–সজ্জা করব ১১) মসজিদ ১২) তাহাজ্জুদের নামায ১৩) জুমা ১৪) পবিত্র সোমবার ১৫) রমযানুল মুবারক ১৬) ঈদুল ফিতর ১৭) ঈদুল আযহা ১৮) মীলাদ

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

শরীফের রাত ১৯) ঈদে মীলাদুরুবী ১৯ শবে বারাআত ২৩) গিয়ারভী শরীফ ২৪) ইয়াওমে ২১) শবে মি'রাজুরুবী ২২) শবে বারাআত ২৩) গিয়ারভী শরীফ ২৪) ইয়াওমে রয়া (আ'লা হয়রতের পবিত্র ওরশের দিন) ২৫) দরসে কুরআন ও ২৬) হাদীস অধ্যায়ন ২৭) তিলাওয়াত ২৮) ওয়য়া সমূহ্ ২৯) দুরুদ শরীফ ৩০) দ্বীনি কিতাব অধ্যয়ন ৩১) ই'লমে দ্বীন শিক্ষা প্রদান ৩২) ই'লমে দ্বীন শিক্ষা অর্জন ৩৩) ফাতাওয়া লেখা ৩৪) দ্বীনী পুস্তক প্রণয়ন ও সংকলন ৩৫) সুরুতে ভরা ইজতিমা ৩৬) য়িকর ও না'তের ইজতিমা ৩৭) কুরআন খানী ৩৮) দরসে ফয়য়ানে সুরুত ৩৯) নেকীর দা'ওয়াত ৪০) সুরুতে ভরা বয়ান করার সময় ৪১) আলিম ৪২) মাতা ৪৩) পিতা ৪৪) নেককার মু'মিন ৪৫) পীর সাহেব ৪৬) পবিত্র দাড়ি মোবারক য়য়ারত ৪৭) মাযার শরীফে উপস্থিতির সময় ও সম্মান প্রদর্শেনের নিয়্যতে খুশবু লাগাতে পারেন। যত ভাল ভাল নিয়্যত করবেন ততই ভাল। যদি বেশী মনে না থাকে কমপক্ষে দু'তিনটি নিয়্যত করে নেওয়া উচিত।

ওহে আমাদের প্রিয় আল্লাহ আজ পর্যন্ত আমাদের যত বারই মসজিদে দূর্গন্ধ নিয়ে যাওয়ার গুনাহ্ হয়েছে, তা থেকে তাওবা করছি আর এটা নিয়ত করছি যে, ভবিষ্যতে কখনো মসজিদে কোন রূপ দূর্গন্ধ নিয়ে যাব না। ইয়া রাকে মুস্তফা আমাদেরকে মসজিদ সমূহ্ সুবাসিত রাখার সৌভাগ্য দান করুন। ইয়া আল্লাহ আমাদেরকে প্রত্যেক প্রকারের বাহ্যিক, আভ্যন্তরিন দূর্গন্ধ থেকে পবিত্র হয়ে মসজিদে উপস্থিত হওয়ার তাওফীক দান করুন। ইয়া আল্লাহ আমাদের সুগন্ধিময় প্রিয় নবী হযরত মুহাম্মদ صَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم থেকে মুক্তি দিন আর খুশরু ছড়ানো জান্নাতুল ফেরদৌসে আপনার সুবাসিত মাহবুব مَلَى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم যামান্

والله جوئل جائے مرے گُل کا پینہ مانگے نہ بھی عِطر نہ پھر چاہے وُلہن پھول अश्चाहार জো মাল জায়ে মেরে গুল কা পসীনা, মাঙ্গে না কভী ইতর না ফির চাহে দুলহান ফুল। (হাদায়েখে বখশিশ)

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

ফিনায়ে মসজিদ ও ই'তিকাফকারী

প্রিয় ইসলামী ভাইয়েরা! ফিনায়ে মসজিদে গেলে ই'তিকাফ ভঙ্গ হয়না। ই'তিকাফকারী কোন প্রয়োজন ছাড়াও ফিনায়ে মসজিদ এ যেতে পারবে। ফিনায়ে মসজিদ বলতে বোঝায় ওই সব জায়গা, যেগুলো মসজিদের বাউভারী (সাধারণ পরিভাষায় যাকে মসজিদ বলা হয়) এর মধ্যে রয়েছে, আর মসজিদের প্রয়োজন হলে মসজিদের জন্যই ব্যবহৃত হয়। যেমন, মিনার, ওযুখানা, শৌচাগার, গোসলখানা, মসজিদ সংলগ্ন মাদ্রাসা ও ইমাম মুআযযিন প্রমুখের হুজরাগুলো, জুতা খুলে রাখার জায়গা ইত্যাদি। এ জায়গাগুলো কোন কোন বিষয়ে মসজিদের বিধানের অন্তর্ভূক্ত আর কোন কোন বিষয়ে মসজিদ বহির্ভূত। যেমন, ওই সব জায়গায় জুনুবী (অর্থাৎ যার উপর গোসল ফর্য হয়েছে) যেতে পারে। অনুরূপভাবে ইকতিদা ও ই'তিকাফের বিষয়াদিতে ওইসব স্থান মসজিদের বিধানের অন্তর্ভূক্ত। ই'তিকাফকারী বিনা প্রয়োজনেও এখানে যেতে পারে। বস্তুর সে যেন মসজিদেরই কোন অংশে গেছে।

ই'তিকাফকারী ও ফিনায়ে মসজিদে যেতে পারে

সদরুশ্ শরীয়ত, বাহারে শরীয়ত এর প্রণেতা, হযরত মাওলানা আমজাদ আলী আযমী کِشْهُ اللّٰه تَعَالَی عَلَیهِ বলেন, "ফিনায়ে মসজিদ হচ্ছে-যে জায়গা মসজিদের প্রয়োজনে মসজিদের বাইরে রয়েছে। যেমন, জুতা খুলার জায়গা এবং গোসলখানা ইত্যাদি। তাতে গেলে ই'তিকাফ ভঙ্গ হবেনা। তিনি আরো বলছেন-এ বিষয়ে 'ফিনায়ে মসজিদ' মসজিদের বিধানভূক্ত।

(ফাতাওয়ায়ে আমজাদিয়্যাহ, ১ম খন্ড, পৃষ্ঠা ৩৯৯)

অনুরূপভাবে, মিনারও ফিনায়ে মসজিদের অন্তর্ভূক্ত। যদি সেটার রাস্তা মসজিদের চার-দেয়ালের (বাউভারী ওয়াল) এর ভিতর হয় তবে ই'তিকাফকারী অনায়াসে সেটার উপর যেতে পারে। আর যদি রাস্তা মসজিদের বাইরে দিয়ে হয়, তবে শুধু আযান দেয়ার জন্য যেতে পারে। কারণ, আযান দেয়া শরীয়তসম্মত প্রয়োজন।

হযরত মুহাম্মদ শ্ল্রিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আ'লা হ্যরত مِنْهُ الله تَعَالَىٰ عَلَيهِ এর ফতোয়া

আমার আকা আলা হযরত کشهٔ الله تکالی علیه বলেন, "বরং যখন ওই মাদ্রাসাগুলো মসজিদ সংলগ্ন ও মসজিদের ভিতর থাকে, সেগুলোর মধ্যে রাস্তা অন্তরাল না হয় (যা ওই মাদ্রাসাগুলোকে মসজিদের চার দেয়াল থেকে আলাদা করে দেয়) শুধু এক দেয়াল দ্বারা আঙ্গিনাগুলোকে পৃথক করে দিয়ে থাকে, তাহলে সেগুলোতে যাওয়া মসজিদের বাইরে যাওয়া নয়। এমনকি এমন জায়গায় ই'তিকাফকারীর যাওয়া বৈধ; কারণ, সেটা যেনো মসজিদরই একটা অংশে গেছে।

রদ্দুল মুহতার এ বাদাই'উস সানাই' এর বরাতে উল্লেখ করা হয়েছে যে, যদি ই'তিকাফকারী মিনারের উপর আরোহণ করে, তবে তার ইতিকাফ ভঙ্গ হবেনা। এতে কারো দ্বিমত নেই। কেননা, মিনার ই'তিকাফকারীর জন্য মসজিদেরই অন্তর্ভূক্ত। (ফাতাওয়ায়ে র্যাবিয়্যাহ জাদীদ, ৭ম খন্ড, পৃষ্ঠা ৪৫৩)

আপনারা শুনলেন তো! আমার আকা আলা হ্যরত শাহ ইমাম আহ্মদরেযা খান رَحْيَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ মসজিদ সংলগ্ন মাদ্রাসাগুলোতেও ই'তিকাফকারীদের জন্য শরয়ী প্রয়োজন ছাড়া যাওয়াকে জায়িয বলেছেন। আর ঐ সকল মাদ্রাসাগুলোকে এই বিষয়ে মসজিদেরই একটি অংশ সাব্যস্ত করেছেন।

মসজিদের ছাদে আরোহণ করা কেমন?

আঙ্গিনা মসজিদের অংশ। সুতরাং ই'তিকাফকারীর জন্য মসজিদের আঙ্গিনায় আসা-যাওয়া, বসে থাকা নিঃশর্তভাবে জায়েয। মসজিদের ছাদের উপরও আসা-যাওয়া করতে পারে। কিন্তু এটা তখনই, যখন ছাদের উপর যাওয়ার রাস্তা মসজিদের ভিতর থেকে হয়। যদি উপরে যাবার সিড়ি মসজিদের বাউভারীর বাইরে হয় তবে ই'তিকাফকারী যেতে পারবে না। যদি তবুও যায় তবে ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে। একথাও মনে রাখবেন যে, শুধু ই'তিকাফকারী নয় এমনি সর্ব সাধারণের জন্যও বিনা প্রয়োজনে মসজিদের ছাদের উপর উঠা মাকরুহ। কারণ তা বেয়াদবী।

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

ই'তিকাফকারী মসজিদ থেকে বের হওয়ার অবস্থা সমূহ

ই'তিকাফ চলাকালীন সময় দু'টি কারণ মসজিদের এরিয়া থেকে বাইরে যাবার অনুমতি আছে। ১। শরয়ী প্রয়োজন ২। স্বভাবগত প্রয়োজন।

(১) শর্মী প্রয়োজন

শরয়ী প্রয়োজন অর্থাৎ যেসব বিধান ও বিষয় পালন করা শরীয়তে জরুরী আর ই'তিকাফকারী ই'তিকাফের স্থানে সেগুলো পালন করতে পারেন না, সেগুলোকে শরয়ী প্রয়োজনাদি বলে। যেমন ঃ জুমার নামায আদায়, আযান ইত্যাদি,

শরয়ী প্রয়োজন সম্পর্কিত ৩টি নিয়মাবলী

- (১) যদি মিনারের রাস্তা মসজিদের বাইরে (অর্থাৎ মসজিদের গভির বাইরে) হয়, তবুও আযানের জন্য ই'তিকাফকারীও যেতে পারবে। কারণ, আজানের জন্য মসজিদ থেকে বের হওয়া শরয়ী প্রয়োজন। (রদ্দুল মুখতার, ৩য় খভ, পৃষ্ঠা ৪৩৬)
- (২) যদি এমন মসজিদে ই'তিকাফ করছে, যেখানে জুমার নামায হয়না। তাহলে ই'তিকাফকারীর জন্য এ মসজিদ থেকে বের হয়ে জুমার নামাযের জন্য এমন মসজিদে যাওয়া জায়েয়, যেখানে জুমার নামায হয়। আর ই'তিকাফের স্থান থেকে অনুমান করে এতটুকু সময় আগে বের হবে যেন খোৎবা শুরু হবার আগে পৌঁছে চার রাকাআত সুনাত নামায পড়তে পারে। জুমার নামাযের পরও এতটুকু দেরী করতে পারবে যে, চার কিংবা ছয় রাকাআত নামায পড়ে নেবে। আর যদি তার চেয়ে বেশি দেরী করে, বরং অবশিষ্ট ই'তিকাফ সেখানেই পুরো করে দেয়, তবুও ই'তিকাফ ভঙ্গ হবেনা কিন্তু জুমার নামাযের পর ছয় রাকাআতের বেশী সময় দেরী করা মাকরুহ। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, ৩য় খড়, প্র্চা ৪৩৭)
- (৩) যদি এক মহল্লার এমন মসজিদে ই'তিকাফ করলো, যাতে জমাআত হয়না, তবে এখন জমাআতের জন্য বের হবার অনুমতি নেই। কেননা, এখন উত্তম হচ্ছে জমাআত ছাড়া ওই মসজিদেই নামায পড়া। (জদ্দুল মুমতার, ২য় খন্ত, ২২২ পৃষ্ঠা)

হ্**যরত মুহাম্মদ** শ্লিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

(২) স্বভাবগত প্রয়োজন ঃ ওই প্রয়োজন যা পূরণ করা ছাড়া উপায় নেই। যেমন, প্রস্রাব কিংবা পায়খানা করা ইত্যাদি।

স্বভাবগত প্রয়োজন সম্পর্কিত ৬টি নিয়মাবলী

- ১। মসজিদের এরিয়ার ভিতর যদি প্রস্রাব ইত্যাদির জন্য কোন জায়গা নির্দিষ্ট না থাকে, তবে এসব কাজ করার জন্য মসজিদ থেকে বের হতে পারবে। (রদ্ধুল মুহতার সম্বলিত দুররে মুখতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৫)
- ২। যদি মসজিদে ওযু খানা কিংবা হাওয ইত্যাদি না থাকে, তাহলে মসজিদ থেকে ওযূর জন্য বাইরে যেতে পারে; কিন্তু এটা তখনই, যখন কোন বড় পাত্রের মধ্যে এভাবে ওযু করা সম্ভব না হয় যে, ওযুর পানির কোন ছিটা (মূল) মসজিদে না পড়ে। (রদ্দুল মুখতার, ৩য় খড়, পৃষ্ঠা ৪৩৫)
- ৩। স্বপুদোষ হলে যদি মসজিদের এরিয়ার ভেতর গোসলখানা না থাকে এবং কোন মতে মসজিদের অভ্যন্তরে গোসল করা সম্ভব না হয়, তবে পবিত্র অর্জনের গোসলের জন্য মসজিদ থেকে বের হয়ে যেতে পারবে।

(রদ্পুল মুহতার, খন্ড-৩য়, পু-৪৩৫)

৪। পেশাব-পায়খানা করার জন্য যদি ঘরে যায় তবে পবিত্রতা অর্জন করে তাৎক্ষণিকভাবে চলে আসবে। অবস্থান করার অনুমতি নেই। যদি আপনার ঘর মসজিদ থেকে দূরে হয়, কিন্তু আপনার বন্ধুর বাড়ীর কাছে, তাহলে এটা জরুরী না যে, আপনার বন্ধুর বাড়িতে গিয়ে হাজত পূর্ণ করবেন; বরং নিজের বাড়ীতেও যেতে পারবেন। আর যদি আপনার নিজের দুটি বাড়ী থাকে-একটা কাছে, অন্যটা দূরে; তাহলে কাছের বাড়ীতে যাবেন। কিছু সংখ্যক মাশাইখ المُحْمَدُ اللّهُ تَعَالَى বলেন, (এমতাবস্থায় দূরের বাড়িতে গেলে ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে।

(আলমগীরী, খন্ড-১ম, পু-২১২)

ে। সাধারণভাবে নামাযীদের সুবিধার্থে মসজিদের এরিয়ার ভিতরে শৌচাগার, গোসলখানা, প্রস্রাবখানা এবং ওয়্খানা থাকে। সুতরাং ইতিকাফকারী ওইগুলোই ব্যবহার করবে।

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্র্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

৬। কোন কোন মসজিদে শৌচাগার ও গোসলখানা ইত্যাদি মসজিদের এরিয়ার (অর্থাৎ ফিনায়ে মসজিদের) বাইরে থাকে। সেই শৌচাগার ও গোসলখানাগুলোতে স্বভাবগত প্রয়োজন ব্যতিরেকে যেতে পারবেনা।

যেসব কাজ করলে ই'তিকাফ ভঙ্গ হয়ে যায়

এখন ওই সব কাজের বর্ণনা করা হচ্ছে যেগুলো করার কারণে ই'তিকাফ ভঙ্গ হয়ে যায়। য়ে য় স্থানে মসজিদ থেকে বের হলে ইতিকাফ ভঙ্গ হয়ে যাওয়ার বিধান রয়েছে, সেখানে মসজিদের গভি, অর্থাৎ মূল মসজিদ ও ফিনায়ে মসজিদ থেকে বের হবার কথা বলা হয়েছে। এ প্রসঙ্গে হয়রত সায়িয়দাতুনা আয়েশা সিদ্দীকা وفي الله تَعَالَى عَنْهَا এর একটি রিওয়ায়াত পেশ করা হচ্ছে, য়তে ই'তিকাফে কয়েকটা নিষিদ্ধ বিষয়ের কথা বলা হয়েছে। য়েমন উম্মূল মু'মিনীন সায়িয়দাতুনা আয়েশা সিদ্দিকা وفي الله تَعَالَى عَنْهَا বিলেন, "ই'তিকাফকারীর জন্য বিশুদ্ধ পদ্ধতি হচ্ছে এ য়ে, সে কোন রোগীকে দেখতে য়বে না, কোন জানায়ায় অংশগ্রহণ করবে না, কোন অনিবার্য প্রয়োজন ব্যতিরেকে অন্য কোন প্রয়োজনে মসজিদ থেকে বের হবে না।" (সুনানে আবু দাউদ, ২য় খভ, পৃষ্ঠা ৪৯২, হাদিস নং ২৪৭৩)

ই'তিকাফ ভঙ্গকারী বস্তু সম্পর্কিত ১৬টি বিধান

১। যে সব প্রয়োজনের কথা পূর্বে উল্লেখ করা হয়েছে, সে গুলো ব্যতিত অন্য কোন উদ্দেশেও আপনি যদি মসজিদের সীমানা থেকে বের হয়ে যান, চাই এ বের হওয়া একটা মাত্র মুহুর্তের জন্যও হয়, তবে তা দ্বারা ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে।

(মারাকীয়ুল ফালাহ, ২য় খন্ড, পৃষ্ঠা ১৭৯)

২। প্রকাশ থাকে যে, মসজিদ থেকে বের হওয়া তখনই বলা যাবে, যখন পা গুলো মসজিদ থেকে এভাবে বের হয়ে যাবে, সেটাকে পারিভাষিকভাবে মসজিদ থেকে বের হয়ে যাওয়া বলা যেতে পারে। তবে যদি শুধু মাথা মসজিদ থেকে বের করে দেয়, তবে তা দারা ই'তিকাফ ভঙ্গ হবে না। (আল বাহরুর রাইকঃ ২য় - খভ, পৃষ্ঠা - ৫৩০)

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

৩। শরীয়ত সম্মত প্রয়োজন ছাড়া মসজিদ থেকে বের হলে, চাই জেনে বুঝে হোক, কিংবা ভূলবশতঃ হোক, উভয় অবস্থাতেই ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে। অবশ্য যদি অজানাবশতঃ কিংবা ভূল করে বাইরে যায়, তবে ইতিকাফ ভঙ্গ করার গুনাহ্ তার উপর বর্তাবেনা । (রদ্দুল মুহতার, খন্ড-৩য়, পৃষ্ঠা-৪৩৮)

৪। অনুরূপভাবে আপনি শরীয়তের বিধানগত প্রয়োজনে মসজিদের এরিয়ার বাইরে গেলেন। কিন্তু প্রয়োজন সেরে এক মুহূর্তের জন্য বাইরে রয়ে গেলেন। তাহলে এ কারণেও ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে।

(তাহতাভীর পাদটিকা সম্বলিত মারাকিউল ফালাহ, পৃষ্ঠা - ৭০৩)

ে। ই'তিকাফের জন্য যেহেতু রোযা পূর্বশর্ত, সেহেতু রোযা ভেঙ্গে ফেললে ই'তিকাফ ভেঙ্গে যাবে চাই এ রোযা কোন সমস্যার কারণে ভাঙ্গা হোক, কিংবা কোন সমস্যা ছাড়াই জেনে বুঝে ভাঙ্গা হোক, অথবা ভুল বশতঃ ভাঙ্গা হোক। প্রতিটি অবস্থায় ই'তিকাফ ভেঙ্গে যাবে। ভুল বশতঃ রোযা ভেঙ্গে যাওয়ার মানে হচ্ছে রোযার কথাতো মনে ছিলো, কিন্তু অনিচ্ছাকৃতভাবে এমন কোন কাজ সম্পন্ন হয়ে গেলো, যা রোযা ভঙ্গকারী।

উদাহরণস্বরূপ, সোবহে সাদিক উদিত হবার পর পর্যন্ত আহার করতে থাকা। কিংবা সূর্যান্তের আগে ভূলবশত আযান শুরু হয়ে গেলে কিংবা সাইরেন দিলে আর তা শুনে ইফতার করে ফেলল। তারপর জানতে পারলো যে, আযান ও সাইরেন সময় হবার আগেই দিয়েছে। এভাবেও রোযা ভেঙ্গে যাবে। অথবা রোযার কথা স্মরণ থাকা সত্ত্বেও কুলী করার সময় পানি কণ্ঠে চলে গেলো। এ সব কটি অবস্থায় রোযাও ভঙ্গ হয়ে গেলো এবং ই'তিকাফও ভেঙ্গে যাবে।

- ৬। যদি রোযার কথাই স্মরণ না থাকে, ভুলবশতঃ কিছু পানাহার করে নিল। এমতাবস্থায় রোযাও ভাঙ্গবে না ই'তিকাফও ভাঙ্গবে না।
- ৭। ই'তিকাফকারী ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! এ বিষয় মনে রাখবেন ওই সব কাজ, যেগুলো করলে রোযা ভেঙ্গে যায়, সেগুলো করলে ই'তিকাফও ভেঙ্গে যায়।

হ্যরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

৮। স্ত্রী-সহবাস করলে ই'তিকাফ ভঙ্গ হয়ে যায় চাই এ সহবাস জেনে বুঝে করুক কিংবা ভুলবশতঃ হোক, দিনের বেলায় করুক কিংবা রাতের বেলায়, মসজিদের ভিতর করুক কিংবা মসজিদের বাইরে করুক, তাতে বীর্যপাত হোক কিংবা নাই হোক, সর্ববিস্থায় ই'তিকাফ ভেঙ্গে যাবে।

(রন্দুল মুহতার সম্বলিত দুরদে মুখতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৪২)

- ৯। স্ত্রীকে চুম্বন ও আলিঙ্গন করা ই'তিকাফ অবস্থায় না জায়িয। যদি এর ফলে বীর্যপাত হয়ে যায়, তবে ই'তিকাফও ভেঙ্গে যাবে। কিন্তু বীর্যপাত না হলে তা না-জায়েয হওয়া সত্ত্বেও ই'তিকাফ ভাঙ্গবে না। (রদ্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৪২)
- ১০। প্রস্রাব করার জন্য মসজিদের সীমানার বাইরে গিয়েছিল কর্জদাতা সেখানে ধরে রাখলে ই'তিকাফ ভেঙ্গে যাবে। (আলমগীরী, ১ম খভ, পৃষ্ঠা ২১২)
- ১১। ই'তিকাফকারী যদি বেহুঁশ কিংবা পাগল হয়ে যায়। এ অচেতনতা ও উদ্মাদনা যদি এতক্ষণ যাবত স্থায়ী হয় যে, রোযা রাখা সম্ভব হয়নি। এমতাবস্থায় ই'তিকাফ ভেঙ্গে যাবে। কাযা ওয়াজিব হবে, যদিও কয়েক বছর পর সুস্থ হয়।

 (আলমগীরী, ১ম খন্ত, ২১৩ পৃষ্ঠা)
- ১২। ই'তিকাফকারী মসজিদের ভিতরেই পানাহার করবে। এ কাজগুলোর জন্য মসজিদের বাইরে চলে গেলে ই'তিকাফ ভেঙ্গে যাবে। (তাবয়ীনূল হাকাইক, ২য় খন্ড, পৃষ্ঠা ২২৯) কিন্তু এটা মনে রাখবেন যেনো মসজিদ অপরিস্কার না হয়।
- ১৩। যদি আপনার জন্য খাবার আনার মতো কেউ না থাকে, তবে আপনি খাবার আনার জন্য মসজিদের বাইরে যেতে পারেন, কিন্তু মসজিদে এনেই খাবেন। (আল বাহরুর রাইক, ২য় খন্ড, ৫৩০ পৃষ্ঠা)
- ১৪। রোগের চিকিৎসার জন্য মসজিদ থেকে বের হয়ে গেলে ই'তিকাফ ভেঙ্গে যাবে। (রদ্দুল মুহতার, ৩য় খন্ড, ৪৩৮ পৃষ্ঠা)
- ১৫। যদি কোন ই'তিকাফকারীর ঘুমন্ত অবস্থায় হাটার রোগ হয়, আর ওই ঘুমন্ত অবস্থায় হাঁটতে হাঁটতে মসজিদ থেকে বের হয়ে যায়, তবে ই'তিকাফ ভেঙ্গে যাবে।

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

১৬। কোন হতভাগা ই'তিকাফ পালনকালে মুরতাদ হয়ে গেলে। আল্লাহর পানাহ! তা হলে ই'তিকাফ সমূলে বিনষ্ট হয়ে যাবে। তারপর যদি আল্লাহ তাআলা ওই মুরতাদকে ঈমান আনার সামর্থ্য দান করেন, তবে ভেঙ্গে যাওয়া ই'তিকাফের কাযা নেই। কেননা, মুরতাদ হলে (অর্থাৎ ইসলাম ত্যাগ করলে) মুসলমান থাকাবস্থায় সমস্ত আমল বাতিল (সমূলে বিনষ্ট) হয়ে যায়।

(রন্দুল মুহতার সম্বলিত রন্দুল মুখতার, ৩য় খন্ড, ৪৩৭ পৃষ্ঠা)

আমার কোমরের ব্যথা চলে গেল

প্রিয় ইসলামী ভাইয়েরা! ইতিকাফের ফ্যীলতের কথা কি বলব! যদি ইতিকাফে আশিকানে রসূলদের সংস্পর্শে থাকার সুযোগ হয় তাহলে এর বরকতের কী অবস্থা হবে! এমনকি আন্তারাবাদ বাবুল ইসলাম সিন্দ এর এক ইসলামী ভাই এভাবে বর্ণনা দেন যে, আমি এক ভবঘুরে ও খারাপ প্রকৃতির লোক ছিলাম। বন্ধুদের আড্ডায় অশ্লীল কথাবার্তা বলা ও জোরে জোরে অট্টহাসি দেয়া আমার নিয়মিত বদঅভ্যাস ছিল। একটি কুরুচিপূর্ণ গুনাহের কু-প্রভাবে সর্বদা আমার কোমরে ব্যথা করতে লাগল। কোন রকমের চিকিৎসায় এই ব্যথা যাচ্ছিল না। আমার ভাগ্যের তারা চমকে উঠল আর ২০০৫ সালের রম্যানুল মুবারকে (১৪২৬ হি:) কিছু পরিচিত ইসলামী ভাই একেবারে আমার পেছনে লাগল যে, "তোমাকে অবশ্যই আমাদের সাথে সম্মিলিত ইতিকাফে অংশগ্রহণ করতে হবে।" আমি টালবাহানা করতে লাগলাম। কিন্তু তারা এতে থামল না। শেষ পর্যন্ত আমার অপারগ অবস্থায় হ্যাঁ বলতে হল। আমি ১৪২৬ হি: রম্যানুল মুবারকের শেষ দশদিনে আশিকানে রসূলদের সাথে মেমন মসজিদে (আন্তারাবাদে) ই'তিকাফকারী হয়ে গেলাম। মনে হল যেন আমি কোন নতুন পৃথিবীতে আগমন করলাম।

পাঁচ ওয়াক্ত নামাযের বাহার, সুন্নতে ভরপুর তেজস্বী বয়ান, হৃদয়গ্রাহী দু'আ, সুন্নতে ভরপুর হালকা, আরোও আশিকানে রসূলগণের ভালবাসা ও তাদের বরকতে الْحَنْدُ بِللهُ عَزَّوْجَلَّ ই'তিকাফ কালে আমার কোমরের ব্যথা কোন ঔষধ ছাড়া

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

এমনিতে ভাল হয়ে গেল। আর আমার অন্তরে মাদানী পরিবর্তন সাধিত হল। আমি গুনাহ্ থেকে তওবা করলাম। চেহারাকে মাদানী আকা হযরত মুহাম্মদ আম গুনাহ্ থেকে তওবা করলাম। চেহারাকে মাদানী আকা হযরত মুহাম্মদ এই কুন্টু এর মুহাব্বতের বরকতময় চিহ্ন দাড়ি দ্বারা সজ্জিত করলাম আর সবুজ পাগড়ী দ্বারা মাথাও সাজালাম। الْكَنْدُ لِللهُ عَزَّوَجُلَّ 85 দিনের মাদানী কাফিলা কোর্স করার সৌভাগ্য অর্জন করি। আর এখন চারিদিকে দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজের সুবাস ছড়াচ্ছি।

ان شاء الله , ہو ٹھیک دردِ کم مدنی احول میں کرلوتم اعتکاف مرضِ عصیاں سے چھٹکارا چاہوا گر مدنی احول میں کرلوتم اعتکاف रून भाषाल्ला হ হো ঠিক দরদে কোমর মাদানী মাহুল মে করলো তুম ইতিকাফ মর্যে ইছইয়া সে ছুটকারা চাহো আগর মাদানী মাহুল মে করলো তুম ইতিকাফ

صَلُّواعَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالى على محمَّد नि**শুপ থাকার রোযা**

হুযুর তাজেদারে মাদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সওমে বেসাল অর্থাৎ ঃ সাহারী ও ইফতার ছাড়াই একাধারে রোযা রাখার এবং সওম ই সুকুত (অর্থাৎ ঃ নিশ্চুপ থাকার রোযা) রাখতে নিষেধ করেছেন।

(মুসনাদে ইমাম ই আযম, পৃষ্ঠা ১১০)

সাধারণ লোকদের মধ্যে এ ভুল ধারণা দেখা যায় যে, ই'তিকাফকারী মসজিদে পর্দা টাঙ্গিয়ে সেটার ভিতর একেবারে চুপচাপ পড়ে থাকা চাই। অথচ, তেমন নয়। পর্দা অবশ্যই টাঙ্গাবেন, কারণ ই'তিকাফের জন্য তাঁবু খাঁটানো সুন্নত। পর্দার কারণে ইবাদতে একাগ্রতা অর্জিত হয়। পর্দা টাঙ্গানো ছাড়াও ই'তিকাফ শুদ্ধ হয়। ফোকাহায়ে কিরাম نَرْجَهُمُ اللّٰهُ تَعَالَىٰ 'ই'তিকাফ অবস্থায় নিশ্চুপ থাকাকে ইবাদত মনে করে তা-ই অবলম্বন করে থাকা মাকরুহে তাহরীমী (নাজায়েয)। যদি চুপ

হ্**যরত মুহাম্মদ**্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

থাকাকে সাওয়াবের কাজ মনে করা না হয় তবে কোন ক্ষতি নেই। মন্দ কথা থেকে বাঁচার জন্য চুপ থাকাতো উচ্চ পর্যায়ের ভালো কাজ। কেননা, মন্দ কথা মুখ থেকে বের না করা ওয়াজিব এবং বের করা গুনাহ। যে কথায় সাওয়াব নেই, গুনাহও নেই, অর্থাৎ মুবাহ কথা বলাও ই'তিকাফকারীর জন্য মাকর কিন্তু প্রয়োজন হলে অনুমতি রয়েছে। বিনা প্রয়োজনে মসজিদে মুবাহ কথা নেকীগুলোকে তেমনি ভাবে খেয়ে ফেলে যেমন আগুন কাঠকে (পুড়িয়ে দেয়।) (দুররে মুখতার, ৩য় খভ, পৃষ্ঠা ৪৪১)

ই'তিকাফকারী দ্বারা গুনাহ্ সংঘটিত হওয়া

কুদৃষ্টি, কুধারণা ও শরীয়তের অনুমতি ব্যতীত কারো মানহানি করা, মিথ্যা, গীবত-চুগলখোরী, হিংসা-বিদ্বেষ, কারো বিরুদ্ধে অপবাদ দেয়া, মিথ্যা দোষ রচনা করা, কাউকে নিয়ে ঠাট্টা-মসকরা করা, কারো মনে কষ্ট দেয়া, অশ্লীল কথাবার্তা বলা, গান-বাদ্য শোনা, গালিগালাজ করা, অন্যায়ভাবে ঝগড়া-বিবাদ করা, দাড়ি মুভানো, এক মুষ্টি অপেক্ষা কম করে ফেলা-এসবই গুনাহ।

মসজিদে! তাও আবার ই'তিকাফ অবস্থায়!! প্রকাশ থাকে যে, আরো বেশী জঘন্য গুনাহ্। এসব গুনাহ্ থেকে তওবা, সত্যিকারভাবে তওবা, সব সময়ের জন্য তওবা করা চাই। যদি কেউ ই'তিকাফ অবস্থায় (আল্লাহরই পানাহ্!) কোন নেশার বস্তু রাতে সেবন করে থাকে, তবে এ কারণে তার ই'তিকাফ ভাঙ্গবে না। নেশা করা হারাম। আর ই'তিকাফরত অবস্থায় আরো বেশী গুনাহ্। তওবা করে নেয়া চাই।

ই'তিকাফ ভঙ্গ করার সাতটি জায়েয অবস্থা

এসব অবস্থায় ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে। এর কাযাও অপরিহার্য হবে; কিন্তু গুনাহ হবেনা।

১। ই'তিকাফ পালনকালে এমন রোগ সৃষ্টি হয়ে গেলো, যার চিকিৎসা মসজিদের বাইরে যাওয়া ব্যতীত হতে পারেনা, তখন ই'তিকাফ ভঙ্গ করা জায়েয।

(রন্দুল মুখতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

২। কোন মানুষ পানিতে ডুবে যাচ্ছে কিংবা আগুনে জ্বলছে, তখন ই'তিকাফ ভেঙ্গে ডুবন্তকে উদ্ধার করবেন আর জ্বলন্ত লোকটির আগুন নিভাবেন।

(রদ্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

৩। জিহাদের জন্য সাধারণভাবে ঘোষণা দেয়া হলে (অর্থাৎ জিহাদ ফরযে আইন হয়ে গেলে) ই'তিকাফ ভেঙ্গে জিহাদে শরীক হয়ে যাবেন।

(রন্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

৪। যদি জানাযা আসে, কেউ নামায আদায়কারীও নেই, তাহলে ই'তিকাফ ভেঙ্গে (মসজিদের সীমানার বাইরে গিয়েও) জানাযার নামায পড়তে পারবে।

(রন্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

ে। কেউ জোর করে মসজিদের বাইরে নিয়ে গেলে, যেমন সরকারের পক্ষ থেকে গ্রেফতারীর ওয়ারেন্ট এসে যায়, তাহলেও ই'তিকাফ ভাঙ্গা জায়েয, যদি তাৎক্ষণিকভাবে অন্য মসজিদে চলে যাওয়া সম্ভব না হয়।

(রন্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

৬। যদি নিজের প্রিয়জন, মুহরিম কিংবা স্ত্রীর মৃত্যু হয়ে যায়, তবে নামাযে জানাযার জন্য ই'তিকাফ ভঙ্গ করতে পারে। (কিন্তু কাযা করা ওয়াজিব হয়ে যাবে।) (তাহতাবীর পাদটীকা সম্বলিত মারাকিউল ফালাহ, পৃষ্ঠা ৭০৩)

৭। আপনি যদি কোন মামলার সাক্ষী হন, আর আপনার সাক্ষ্যের উপরই ফয়সালা নির্ভর করে থাকে, তখন ই'তিকাফ ভেঙ্গে সাক্ষ্য দেয়ার জন্য যাওয়া বৈধ। প্রাপকের প্রাপ্য বিনষ্ট হওয়া থেকে বাঁচান। (রদ্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪৩৮)

প্রয়োজন মেটানোও এক দিন ই'তিকাফের ফযীলত

সম্মানিত মুহাদ্দিসগণ رَحِنَهُمُ اللهُ تَعَالَ আল্লাহ তাআলার মাহবূব হযরত মুহাম্মদ رَحِنَهُمُ اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم आल्लाह তাআলার মাহবূব হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর জাহেরী হৃদয়বিদারক ইন্তিকালের কিছুকাল পরবর্তী এক হৃদয়গ্রাহী ঘটনা বর্ণনা করেছেন। তা হচ্ছে হযরত সায়িয়দুনা আবদুল্লাহ ইবনে আব্বাস رَضَى اللهُ تَعَالَى عَنْهُمَا মসজিদে নববী শরীফ وَادَهَا اللهُ شَهَا وَتَعَالَى عَنْهُمَا وَعَالَى اللهُ الله

হযরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

এর নূরে পরিপূর্ণ ও রহমতসমৃদ্ধ পরিবেশে ই'তিকাফরত ছিলেন। একজন অত্যন্ত দৃংখী পীড়িত লোক তাঁর الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم বরকতময় দরবারে হাযির হলো। তিনি व الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم করক। প্রক্রান্ত সমবেদনা প্রকাশ করে তার দুংখের কারণ জিজ্ঞাসা করলেন। সে আর্য করলো, "হে আল্লাহ তাআলার রসূল صَلَّى الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم والله وَسَلَّم الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم তারপর কলিজার টুকরা, আমার দায়িত্বে অমুক লোকের কিছু হক রয়েছে।" তারপর মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার, হযরত মুহাম্মদ الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم وَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم وَمَالله وَسَلَّم وَمَالله وَسَلَّم الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنَيْهِ وَالله وَسَلَّم সম্মানের শপথ! আমি তার প্রাপ্য পরিশোধ করার সামর্থ্য রাখিনা।

হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস رَفِيَ اللهُ تَعَالَ عَنْهُا مَنْ مَا اللهُ تَعَالَ عَنْهُا اللهُ تَعَالَ عَنْهُا اللهُ تَعَالَ عَلَيْهِ وَاللهِ وَسَلَّم বললেন, "আমি কি তোমার জন্য সুপারিশ করবো? লোকটি আর্য করলো, "আপনি যা ভালো মনে করেন?" সুতরাং একথা শোনা মাত্র হযরত ইবনে আব্বাস رَفِي اللهُ تَعَالَ عَنْهُ وَاللهُ وَالله

কারণ, মদিনার তাজেদার হযরত মুহাম্মদ مَلَّ اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আবারক থেকে আলাদা হয়েছেন তখনো বেশি দিন হয়নি। হুযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর স্মরণ তাকে অস্থির করে দিয়েছে। চোখ দুটি থেকে টপটপ করে পানি পড়ছিলো।

آ نسو نوں کی جھڑی لگ گئے ہے۔ اس پہ دیوانگی چھا گئے ہے۔ یاد آتا کی تڑپ آرہی ہے۔ یاد آئے ہیں شاہ مدینہ

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

আঁসোওকী ঝড়ী লাগ গেয়ী হ্যায় উস্ পেহ দেওয়ানগী ছা গেয়ী হ্যায় ইয়াদ আকা কী তডপা রহী হ্যায়

ইয়াদ আয়ে হ্যায় শাহে মদীনা।

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

মদিনার তাজেদার, হ্যরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم পর রওযায়ে পুর আনওয়ারের দিকে ইশারা করে কাঁদতে কাঁদতে বলতে লাগলেন, বেশী দিন عَنَّى اللَّهُ হয়নি, আমি এ রওযা শরীফে সদয় অবস্থানকারী মাহবূব হযরত মুহাম্মদ صَنَّى الله কে ইরশাদ করতে নিজ কানে শুনেছি, " যে ব্যক্তি আপন কোন تعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ভাইয়ের প্রয়োজন মেটানোর জন্য যাত্রা করে এবং তা পূরণ করে দেয় তা এ ধরণের দশ বছরের ই'তিকাফ অপেক্ষা উত্তম। আর যে ব্যক্তি আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জনের জন্য একদিন ই'তিকাফ করে আল্লাহ তাআলা তার ও জাহান্নামের মধ্যে তিন খন্দকের অন্তরাল করে দেবেন, যেগুলোর দূরত্ব পূর্ব ও পশ্চিম প্রান্তের মধ্যবর্তী দূরত্ব অপেক্ষাও বেশী। (শুআবুল ঈমান, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪২৪, হাদিস নং ৩৯৬৫)

আল্লাহ তাআলার রহমত তাঁদের উপর বর্ষিত হোক এবং তাঁদের সদকায় আমাদের ক্ষমা হোক।

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالىٰ على محمَّد

थिय़ रेन विकास्वता! الْحَيْنُ لِللهُ عَزَّوَجَلَّ यथन वकितित रें विकास्वत এত ফ্যীলত, তখন আবার দশ বছরে ই'তিকাফ অপেক্ষা উত্তম কাজের ফ্যীলতসমূহের অনুমান কে করতে পারে? এ বর্ণনা থেকে আপন ইসলামী ভাইদের চাহিদা পূরণ করা ও সমস্যার সমাধান করে দেয়ার ফ্যীলতও জানা গেল। বাস্তবিকপক্ষে, যদি ওই যুগের মত আমরা সবাই একে অপরের দুঃখে দৃঃখিত হয়ে তার দৃঃখ দূর করার কাজে লেগে যেতাম। তাহলে আস্তে আস্তে দুনিয়ার চিত্র পালটে যেত। কিন্তু আহ! এখনতো ভাই ভাইয়ের সাথে বিরোধে জড়িয়ে পড়ছে। আজ মুসলমানের ইজ্জত সম্মান এবং তার জান ও মাল

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

মুসলমানেরই হাতে নষ্ট হতে দেখা যাচ্ছে। আল্লাহ তাআলা আমাদেরকে পারস্পরিক ঘৃণা দূর করার ও ভালবাসা বৃদ্ধির শক্তি ও সামর্থ্য দান করুন। আমীন বিজাহিন্নাবিয়্যিল আমিন مَنْ الله تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسُلَّم

ই'তিকাফে বৈধ কাজের বিবরণ সম্বলিত ৮টি মাদানী ফুল

- ১। খানা খাওয়া ও ঘুমান (কিন্তু মসজিদের ফ্লোরের উপর পানাহার করার পরিবর্তে নিজের চাঁদর কিংবা চাটাইর উপর খাবার খান ও শয়ন করুন।)
- ২। প্রয়োজনে পার্থিব কথাবার্তা বলা। (কিন্তু নীচু আওয়াজে এবং অপ্রয়োজনীয় কথা মোটেই বলবেন না।)
- ৩। মসজিদে কাপড় পাল্টানো, আতর লাগানো, মাথা কিংবা দাড়িতে তেল লাগানো।
- ৪। দাড়ির 'খত' বানানো, যুলফী ছাঁটা, চিরুনী ব্যবহার করা। কিন্তু এ কাজগুলোতে সতর্কতা অবলম্বন করা চাই যেন কোন চুল মসজিদে না পড়ে, তেল কিংবা খাদ্যবস্তু ইত্যাদি দ্বারা যেন মসজিদের কার্পেট ও দেয়াল ময়লাযুক্ত না হয়। এর সহজ পন্থা হচ্ছে এসব করার সময় নিজের চাঁদর বিছিয়ে নেবেন।
- ৫। মসজিদে পারিশ্রমিক না নিয়ে কোন রোগী দেখা, ঔষধ বলে দেয়া বরং ব্যবহার বিধি লিখে দেয়া যায়।
- ৬। কোরআন মজীদ কিংবা ইলমে দ্বীন পড়া ও পড়ানো কিংবা সুনুতসমূহ ও দু'আসমূহ শিক্ষা করা ও শিক্ষা দেয়া।
- ৭। নিজের কিংবা পরিবার-পরিজনের প্রয়োজনে মসজিদে বেচাকেনা করা ইতিকাফকারীর জন্য জায়েয। কিন্তু ব্যবসার কোন জিনিষ মসজিদে আনতে পারবেনা। অবশ্য যদি অল্প জিনিষ হয়, যা মসজিদের জায়গা জুড়ে থাকেনা, তাহলে আনতে পারে। বেচাকেনাও শুধু প্রয়োজনের তাগিদে হওয়া চাই। সম্পদ আহরণ করার উদ্দেশ্যে হলে জায়েয নেই চাই ওই মাল মসজিদের বাইরে থাকুক। (দুররে মুখতার, ৩য় খভ, পৃষ্ঠা ৪৪০)
- ৮। কাপড় ও থালা ইত্যাদি মসজিদের ভিতর ধোয়া জায়েয এ শর্তে যে, যদি

হ্**যরত মুহাম্মদ** শ্লিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

মসজিদের ফ্লোর ও কার্পেটের উপর সেটার কোন ছিটকা না পড়ে। এর পদ্ধতি হচ্ছে কোন বড় পাত্র ইত্যাদিতে ধোয়া। এ সব কাজ ব্যতীত ওই সব কাজ, যেগুলো ইতিকাফের জন্য নিষিদ্ধ কিংবা ইতিকাফ ভঙ্গকারী নয়, আর মূলতঃ জায়েযও ওই সব কাজই ইতিকাফকারীর জন্য জায়েয। কিন্তু অশোভনীয় কাজ থেকে বিরত থাকবেন।

এখন ইতিকাফকারীর জন্য কিছু কাজ করার অনুমতি সম্বলিত বরকতময় হাদিস পেশ করা হচ্ছে

ই'তিকাফকারী মসজিদ থেকে মাথা বের করতে পারবে

ك ا উম্মুল মু'মিনীন সায়্যিদাতুনা হযরত আয়েশা সিদ্দীকা ونِهَ الله وَعَلَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم عرض الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم يَعْرَبُهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَاللهِ وَسَلَّم الله تَعَالَى عَلَيْهِ وَاللهِ وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلْهُ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ وَسَلَّم عَلَيْهِ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهِ وَلِهُ وَلِهُ وَاللهُ عَلَيْهِ وَلِهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلَيْهُ وَاللهُ عَلْهُ وَاللهُ عَلَيْهُ و

বের হলে চলন্ত অবস্থায় রোগীর অবস্থা জানতে পারে

২। উম্মুল মুমিনীন সায়্যিদাতুনা হযরত আয়েশা সিদ্দীকা رضى الله تَعَالَى عَنْهَ وَالِهِ وَسَلَّم বলেন, "তাজেদারে রিসালাত হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم "ই'তিকাফরত অবস্থায় রোগীর পাশ দিয়ে যাওয়ার সময় দাঁড়িয়ে কিংবা পথ থেকে না সরে বরং চলতে চলতে তার অবস্থা জিজ্ঞাসা করে নিতেন।"

(সুনানে আবু দাউদ, ২য় খন্ড, পৃষ্ঠা ৪৯২, হাদিস নং ২৪৭২)

প্রিয় ইসলামী ভাইয়েরা! এ বরকতময় হাদীস থেকে একথা প্রতীয়মান হয় যে, শাহানশাহে নুবুওয়ত হযরত মুহাম্মদ مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم শরীয়তগত কিংবা স্বভাবগত প্রয়োজনে মসজিদ থেকে বাইরে তাশরীফ নিয়ে যেতেন।

হ্যরত মুহাম্মদ শ্লু ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

আর হযরত মুহাম্মদ مَلَّ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم কোন রোগীর পার্শ্ব দিয়ে অতিক্রম করলে হুযুর مَلَّ الله تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم তার অবস্থা জানার জন্য পথ থেকে সরতেন না, রোগীর নিকট থামতেন না, বরং পথ চলতে চলতে তার শারীরিক অবস্থার কথা জিজ্ঞাসা করে নিতেন। কোন ই'তিকাফকারী ইসলামী ভাই যখন কোন শরীয়তসম্মত ওযরের কারণে মসজিদের সীমানা থেকে বের হয় তখন অতিরিক্ত এক মুহুর্তও দেরী করা উচিত হবেনা। অবশ্য, পথ চলতে চলতে কোন কথা বলে ফেললে কিংবা হাঁটতে হাঁটতে কোন রোগীর অবস্থাদি জিজ্ঞাসা করে নিলে, তবে তা জায়েয। কিন্তু এ উদ্দেশ্যে যদি রাস্তায় থেমে যায়, কিংবা রাস্তা পরিবর্তন করে তবে ই'তিকাফ ভেঙ্গে যাবে।

ইসলামী বোনদের ই'তিকাফ

উম্মুল মুমিনীন হযরত সায়িয়দাতুনা আয়েশা সিদ্দীকা الله تَعَالَى عَنْهُ رَالِهِ وَسَلَّم বলেন, " তাজেদারে মাদীনা, হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَنْهُ وَالِهِ وَسَلَّم মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم বমযানুল মুবারকের আখেরী দশ দিনের ই'তিকাফ করতেন এ পর্যন্ত যে, আল্লাহ তাআলা হুযুর صَلَّى الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم হয়ুর مَلَى الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم عَمْ وَالله وَسَلَّم عَمْ الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم عَمْ عَرْمِ وَالله وَسَلَّم عَمْ عَرْمِ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم عَرْمُ الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله عَنْهُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم الله تَعَالَى عَنْهُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم وَيَعْ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَرْمُ وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَّم عَلَيْهِ وَالله وَسَلَم عَلَيْه وَالله وَسَلَّم وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَسَلَّم عَلْمُ وَالله وَسَلَّم عَلْمُ وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَسَلَّم عَلَيْه وَالله وَالله عَلَيْه وَالله عَلْمُ عَلَيْه وَالله وَسَلَّم عَلَيْه وَالله عَلَيْه وَالله عَلَيْه وَاله وَسَلَّم عَلَيْه وَالله وَالله عَلَيْه وَالله وَسَلَم عَلَيْه وَالله عَلَيْه وَالله عَلَيْه وَالله عَلَيْه وَالله وَالله وَسَلّه وَالله عَلَيْه وَالله عَلْمُ عَلّه وَالله عَلْمُ عَلَيْه وَاله وَاللّه عَلَيْه وَاللّه عَلَيْه وَاللّه عَلَيْه وَاللّه عَلَيْه

صَلُّوْاعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعْلَى عَلَى مُحَتَّى اللهُ تَعْلَى مُحَتَّى اللهُ تَعْلَى عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُحَتَّى اللهُ تَعْلَى عَلَى مُعْتَعَلَى عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُحَتَّى اللهُ عَلَى مُعَلِّى اللهُ عَلَى عَلَى عَلَى مُعْتَى اللهُ عَلَى عَلَى عَلَى مُعَلِّى اللهُ عَلَى عَلَى مُعْتَى اللهُ عَلَى عَلَى مُعْتَى اللهُ عَلَى مُعْتَلِى عَلَى مُعْتَى اللّهُ عَلَى عَلَى عَلَى مُعْتَلِى عَلَى عَلَى عَلَى مُعْتَلِى عَلَى عَلَ

আমাদের ইসলামী বোনদেরও ই'তিকাফের সৌভাগ্য লাভ করা চাই। অনুরূপভাবে, যেসব লজ্জাশীল ইসলামী বোনেরা রয়েছেন, তাঁরাতো তাঁদের ঘরেও পর্দানশীন হয়ে থাকেন। কেননা, অলি গলি ও বাজারগুলোতে বেপর্দা ঘোরাফেরা করা বেহায়া নারীদের কাজ। সুতরাং লজ্জাশীল ইসলামী বোনদের জন্য ই'তিকাফ করা হয়তো বেশী মুশকিলের ব্যাপারই না; যদিও সামান্য কষ্ট হয়, তবে ক্ষতি কি? রমযানুল মুবারকের মাস প্রতিদিন কোথায় আসে?

হ্যরত মুহাম্মদ ্ল্লিই ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

তারপর মাত্র দশটি দিনের কথা। ইসলামী বোনদের যেহেতু মসজিদে বায়ত (বিস্তারিত বর্ণনা সামনে আসছে) এর মধ্যেই যা খুবই সংকীর্ণ জায়গা হয়, ই'তিকাফ করতে হয়, সুতরাং এভাবে কবরের স্মরণও উজ্জীবিত হয়ে যায়। কারণ, বৌ-বেটী ও ছোট ছোট শিশুদের কোলাহল ব্যতীত দশদিন কোণায় অবস্থান করা কষ্টকর অনুভূত হলে, কবরে জানিনা হাজার হাজার বছর কিভাবে অতিবাহিত হবে। যদি আপনি দশদিন রমযানুল মুবারকে আপন ঘরে ই'তিকাফরত অবস্থায় অতিবাহিত করেন, তবে আশ্চর্যের কি আছে যদি আল্লাহ তাআলার বরকতে ও আপন রহমতে আপনার কবর ও মাদীনা মুনাওয়ারা এর মধ্যবর্তী সমস্ত পর্দা তুলে দেন। প্রত্যেক ইসলামী বোনের নিজ জীবনে কমপক্ষে একবার হলেও ই'তিকাফের সৌভাগ্য অর্জন করা চাই।

ইসলামী বোনদের ১২ টি মাদানী ফুল

- ১। ইসলামী বোনেরা মসজিদে ইতিকাফ করবেন না। মসজিদে বায়ত এর মধ্যে করবেন। মসজিদে বায়ত ওই স্থানকে বলে, যেখানে মহিলা আপন ঘরে নামাযের জন্য বিশেষভাবে নির্দিষ্ট করে নেয়। ইসলামী বোনদের জন্য এটা মুস্তাহাবও যে, ঘরে নামায পড়ার জন্য জায়গা নির্ধারণ করে নেবেন। আর ওই জায়গা পবিত্র রাখবেন। উত্তম হচ্ছে, ওই জায়গাকে উচুঁ করে নেবেন। বরং ইসলামী ভাইদেরও উচিত হচ্ছে নফলসমূহ পড়ার জন্য ঘরে কোন জায়গা নির্ধারণ করে নেয়া। নফল নামায ঘরে পড়া উত্তম। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, ৩য় খভ, পৃষ্ঠা ৪২৯)
- ২। যদি ইসলামী বোনেরা নামাযের জন্য কোন জায়গা নির্ধারিত করে না রাখে, তবে ঘরে ই'তিকাফ করতে পারবেনা। অবশ্য, যদি তখন, অর্থাৎ যখন ই'তিকাফের ইচ্ছা করছে, কোন স্থানকে নামাযের জন্য নির্দিষ্ট করে নেয়, তবে ওই জায়গায় ই'তিকাফ করতে পারে। (দুররে মুখতার, রদ্দুল মুহতার, ৩য় খভ, পৃষ্ঠা ৪২৯)
- ৩। অন্য কারো ঘরে গিয়ে ইসলামী বোন ই'তিকাফ করতে পারবে না।
- ৪। স্বামীর অনুমতি ছাড়া স্ত্রীর জন্য ই'তিকাফ করা জায়িয নেই।

(রদ্দুল মুহতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৪২৯)

হ্যরত মুহাম্মদ শ্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

৫। যদি স্ত্রী স্বামীর অনুমতি নিয়ে ই'তিকাফ শুরু করে। পরক্ষণে স্বামী নিষেধ করতে চায়। তখন আর নিষেধ করতে পারবেনা। যদি তবুও নিষেধ করে, তবে স্ত্রীর জন্য তা পালন করা ওয়াজিব বা অপরিহার্য নয়। (আলমগীরী, ১ম খভ, পষ্ঠা ২১১) ৬। ইসলামী বোনদের ই'তিকাফের জন্য এটাও জরুরী যে, সে হায়েয (মাসিক ঋতুস্রাব) ও নিফাস (সন্তান প্রসবোত্তর রক্তক্ষরণ)* থেকে পবিত্র হবে। কারণ ওই দিনগুলোতে নামায, রোযা ও তিলাওয়াত করা হারাম। (ফিকহের কিতাবাদি) প্রসূতী নারীর সন্তান প্রসবের পর যেই রক্তক্ষরণ হয়ে সেটাকে নিফাস বলে। এর সর্বোচ্চ সময়সীমা ৪০ দিন, ৪০ রাত। ৪০ দিন-রাতের পরও যদি রক্ত বন্ধ না হয়, তাহলে তা স্ত্রীরোগ। গোসল করে নামায়, রোযা শুরু করে দেবেন। ইসলামী বোনদের মধ্যে এটা ভুল ধারণা যে, সে ৪০ দিন পর্যন্ত গোসল করেইনা। এমনও না করা চাই যদি এক দিনে বন্ধ হয়ে যায়. বরং বাচ্চা হবার পর তাৎক্ষণিকভাবে বা এক দিনে বন্ধ হয়ে যায়. তবে গোসল করে নামায রোযা শুরু করে দেবেন। আর হায়েয এর সময়সীমা কমপক্ষে ৩দিন -রাত, সর্বোচ্চ সময়সীমা ১০ দিন-রাত। তিন দিন-রাতের পর যখনই রক্ত বন্ধ হয়, তখন তাৎক্ষণিকভাবে গোসল করে নেবেন ও নামায ইত্যাদি শুরু করে দেবেন। (এখানে স্বামীসম্পন্না নারীদের জন্য কিছু বিস্তারিত বিররণ রয়েছে। তারা তা বাহারে শরীয়তের ২য় খন্ড থেকে। অবশ্যই পড়ে নেবেন।) আর ১০ দিন-রাতের পরও যদি রক্তক্ষরণ অব্যাহত থাকে, তবে তা স্ত্রীরোগ। দশ দিন রাত পূর্ণ হতেই নামায রোযা শুরু করে দেবেন। ৭। সুনাত ই'তিকাফ শুরু করার আগে এটা দেখে নেয়া উচিত যে, ওই দিনগুলোতে মাসিক ঋতুস্রাবের দিনগুলো আসছে কিনা যদি তারিখগুলো রমযানের শেষ দশ দিনের মধ্যে হয়, তবে ই'তিকাফ শুরুই করবেন না। অবশ্য, তারিখগুলো আসার পূর্বক্ষণ পর্যন্ত নফল ই'তিকাফ করে নিতে পারেন। ৮। সুনাত ই'তিকাফের মধ্যভাগে মাসিক ঋতুস্রাব শুরু হয়ে গেলে তাৎক্ষণিকভাবে ইতিকাফ ভেঙ্গে যাবে। (বাদাইউস সানা-ই, খন্ড-২য়, পু: ২৮৭, দারু ইহইয়াউত তারাসিল, করাচী, বৈরুত) এমতাবস্থায় যেদিন ই'তিকাফ ছেড়ে দিয়েছে, শুধু ওই দিনের কাযা তার উপর ওয়াজিব হবে। (রদ্ধুল মুহতার, ৩য় খন্ড, ৫০০ পৃষ্ঠা দারুল মা'রিফাত, বৈরুত)

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

মাসিক ঋতুস্রাব থেকে পবিত্র হবার পর যে কোনদিন রোযা রেখে ই'তিকাফ করে নেবেন। যদি রমযান শরীফের দিন বাকী থাকে, তবে রমযানুল মুবারকেও কাযা করতে পারেন। এমতাবস্থায় রমযানুল মুবারকের রোযা যথেষ্ট হবে। কিন্তু যদি পাক হওয়ার আগেই রমযানুল মুবারক শেষ হয়ে যায়, তবে রমযানুল মুবারকের পর অন্য যে কোন দিন কাযা করে নেবেন। কিন্তু ঈদুল ফিতর ও জিলহজের ১০, ১১, ১২, ১৩, তারিখ ছাড়া। কারণ এই ৫দিন রোজা রাখা মাকরুহ তাহরিমী।

(রন্দুল মুহতার সম্বলিত দুররে মুখতার, ৩য় খন্ড, পৃষ্ঠা ৩৯১)

কাযা করার পদ্ধতি এই যে, সূর্য ডুবার সময় (বরং সতর্কতার জন্য কয়েক মিনিট পূর্বে) কাযা ই'তিকাফের নিয়্যতে এতেকাফের স্থানে বসবে এবং এখন যে দিন আসবে তার সূর্যান্ত পর্যন্ত ই'তিকাফ করবে, এতে রোযা শর্ত।

- ৯। শরয়ী প্রয়োজন ছাড়া ই'তিকাফের স্থান থেকে বের হওয়া জায়িয নেই। ঐ স্থান থেকে উঠে ঘরের অন্য স্থানেও যেতে পারবে না। যদি যায় তবে ই'তিকাফ ভেঙ্গে যাবে।
- ১০। ইসলামী বোনদের জন্যও ই'তিকাফের জায়গা থেকে সবার ওইসব বিধানই প্রযোজ্য, যেগুলো ইসলামী ভাইদের জন্য প্রযোজ্য, অর্থাৎ যেসব প্রয়োজনে ইসলামী ভাইদের জন্য মসজিদ থেকে বের হওয়া জায়িয, ওই সব প্রয়োজনেই ইসলামী বোনেরাও আপন জায়গা থেকে বের হওয়া জায়িয।
- ১১। ইসলামী বোনেরা ই'তিকাফ পালনকালে আপন জায়গায় বসে সেলাই ইত্যাদির কাজও করতে পারবেন, ঘরের কাজের জন্য অন্য কাউকেও বলতে পারবেন; কিন্তু নিজে উঠে যাবেন না।
- ১২। উত্তম হচ্ছে ই'তিকাফের সময় পূর্ণ মনোযোগ দিয়ে তিলাওয়াত, যিকির, দুরুদ, তাসবীহ, দ্বীনী কিতাবাদির পর্যালোচনা, সুনুতে ভরপুর বয়ানের ক্যাসেট শুনা এবং অন্যান্য ইবাদতে ব্যস্ত থাকা। অন্য কোন কাজে বেশী সময় ব্যয় না করা।

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

ইতিকাফ কাযা করার পদ্ধতি

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা রমাযানুল মুবারকের শেষ দশ দিনের ইতিকাফ করবেন। আর কোন কারণে ভেঙ্গে গেলে দশ দিনের কাযা করা জরুরী নয়; বরং আপনার দায়িত্বে শুধু ওই এক দিনের কাযা বর্তাবে, যেদিন আপনার ইতিকাফ ভেঙ্গে গেছে। যদি মাহে রমাযান শরীফের দিন তখনো বাকী থাকে, তবে রমযান শরীফের রোযা এ কাযা ইতিকাফের জন্যও যথেষ্ট। যদি রমযান শরীফ অতিবাহিত হয়ে যায়, তবে এর পরে কোন একদিন ইতিকাফ করে নিন তাতে রোযাও রাখতে হবে। কিন্তু ঈদুল ফিতর ও যিলহজ্জের ১০ম থেকে ১৩ তম তারিখ পর্যন্ত দিনগুলো ব্যতীত। কেননা এ পাঁচ দিনের রোযা রাখা মকরুহে তাহরীমী। কাযা করার পদ্ধতি হল, কোন দিন সূর্য ডোবার সময় (বরং এতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এভাবে করা যায় যে, সূর্য অস্ত যাওয়ার কিছু সময় আগে) কাযা ই'তিকাফের নিয়্যুত সহকারে মসজিদে প্রবেশ করবে। এখন সামনে যেদিন আসবে তার সূর্যাস্ত পর্যন্ত ই'তিকাফরত থাকবে। এতে রোযা রাখা শর্ত।

ইতিকাফের ফিদিয়া

যদি কাযা করার সুবিধা পাওয়া সত্ত্বেও কাযা না করে, আর মৃত্যুর সময় এসে পড়ে, তবে ওয়ারিশদেরকে ওসীয়ত করা ওয়াজিব, যাতে তারা ইতিকাফের পরিবর্তে ফিদিয়া আদায় করে। যদি ওসিয়ত না করে এবং ওয়ারিশের ফিদিয়ার আদায়ের অনুমতি না দেয় তখনও ফিদিয়া আদায় করা জায়েয। (আল ফাতাওয়ায়ে হিন্দীয়া, খভ-১ম, পৃ-২১৩, কোয়েটা) ফিদিয়া আদায় করা বেশী কঠিন না। ইতিকাফের ফিদিয়ার নিয়তে কোন যাকাতের উপযোগীকে সদকা-ই-ফিতরের পরিমাণে (অর্থাৎ প্রায় দু' কে.জি. ৫০ গ্রাম) গম কিংবা এর মূল্য পরিশোধ করবে।

ই'তিকাফ ভঙ্গ করার তওবা

যদি ইতিকাফ কোন বাধ্যবাধকতার কারণে ভেঙ্গে থাকে, কিংবা ভুল করে ভাঙ্গে, তবে গুনাহ্ নেই। আর যদি জেনে বুঝে কোন বিশুদ্ধ কারণ ছাড়াই ভেঙ্গে

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

ছিলো, তাহলে সেটা গুনাহ্। তাই কাযার সাথে সাথে তওবাও করে নেবেন। আর তবুও যদি কোন গুনাহ সংঘটিত হয়ে যায়, সেটার তওবা করা ওয়াজিব। তওবা দ্রুত করা চাই। কেননা, জীবনের কোন ভরসা নেই। উভয় গালের উপর কয়েকবার চড় মেরে নেয়ার নাম তওবা নয়, বরং ওই বিশেষ গুনাহের নাম নিয়ে তার জন্য লজ্জিত হয়ে কান্নাকাটি করে আল্লাহ তাআলার মহান দরবারে ক্ষমা চাইবেন। আগামীতে ওই গুনাহ্ না করার প্রতিজ্ঞা করে নিবেন। তওবার জন্য এ শর্তও রয়েছে যে, ওই গুনাহের প্রতি অন্তরে ঘূণাও থাকবে।

প্রসিদ্ধ ব্যান্ড পার্টির মালিকের তওবা

প্রিয় ইসলামী ভাইয়েরা! তবলীগে কুরআন ও সুন্নাতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে এসে অসংখ্য বিপথগামী মানুষ সঠিক পথে এসে নামায ও সুন্নতের অনুসারী হয়ে গেছে। এ ব্যাপারে একটি অত্যন্ত সুগন্ধিযুক্ত মাদানী বাহার শুনুন- মন্দ সুর শহর ইউ পি ভারত এর এক যুবক নিজ শহরের সবচেয়ে বড় ব্যান্ড পার্টির ব্যবসায়ী হিসেবে পরিচিত ছিল। দা'ওয়াতে ইসলামীর এক মুবাল্লিগের ইনফিরাদী কৌশিশে সে রমযানুল মুবারকের শেষ দশদিন (১৪২৬ হি:) আশিকানে রস্লদের সাথে ইতিকাফ করল। তরবিয়্যাতী হালকা সমূহে পাপের ধ্বংসলীলা সম্পর্কে বয়ান শুনে তার অন্তরে খুব প্রভাব পড়ল।

আশিকানে রসূলদের সংস্পর্শের মাধ্যমে পরিবর্তন আসল; তিনি আগের গুনাহ্ থেকে তওবা করলেন, দাড়ি রেখে দিলেন, আশিকানে রসূলদের সাথে ৩০ দিনের মাদানী কাফিলায় সফরে যাওয়ার নিয়্যত করলেন। الْحَيْدُ بِلَّهُ عَزَّوْجَلً তিনি ব্যান্ড বাজনার মত হারাম রোজগার করা থেকে বিরত রইলেন।

چوٹ کھا جائے گااِک نہ اِک روز دل مگرنی ماحول میں کر لوتم اعتکاف فضل ربّ سے صدایت بھی جائیگی مل مگرنی ماحول میں کر لوتم اعتکاف

চোট খা যায়েগা ইক না ইক রোজ দিল, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ ফযলে রব ছে হেদায়ত ভী যায়েগী মিল, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

ইতিকাফকারীদের জন্য প্রয়োজনীয় জিনিষপত্র

১. একাগ্রতা লাভ ও মাল সামগ্রীর হিফাযতের জন্য যদি পর্দা টাঙ্গানোর দরকার হয় তবে প্রয়োজনীয় কাপড় (সবুজ হলে উত্তম) বাক্স কিংবা পেটি, ২. কানযুল ঈমান শরীফ, ৩. সুঁই সূতা, ৪. কাঁচি, ৫. তাসবীহ, ৬. মিসওয়াক, ৭. সুরমা ও শলা, ৮. তেলের শিশি, ৯. চিরুনী, ১০. আয়না, ১১. আতর, ১২. দু'জোড়া কাপড়, ১৩. লুঙ্গি, ১৪. আমামা শরীফ, ১৫. গ্লাস, ১৬. প্লেট, ১৭. পেয়ালা (মাটির হলে ভালো), ১৮. কাপ, ১৯. ফ্লাস্ক, ২০. দস্তরখানা, ২১. দাঁতের খিলাল, ২২. তোয়ালে, ২৩. (গোসল করার জন্য সতর্কতা স্বরূপ) বালতি ও মগ, ২৪. হাত রুমাল, ২৫. চাকু, ২৬. কলম, ২৭. অপ্রয়োজনীয় কথাবার্তা বলার বদ অভ্যাস ত্যাগ করার জন্য লিখে কথাবার্তা বলার কুফলে মদীনার প্যাড, ২৮. পাঠপর্যালোচনার জন্য ফয়যানে সুনুত। আর প্রয়োজনানুসারে দ্বীনী কিতাবাদি, ২৯. মাদানী ইনআমাত এর রিসালা, ৩০. ডায়েরী, ৩১. ইস্তিঞ্জাস্থল শুকানোর জন্য প্রয়োজন হলে দর্জির মূল্যহীন কাপড়ের টুকরো, ৩২. ঘুমানোর জন্য চাটাই, ৩৩. প্রয়োজন হলে বালিশ, ৩৪. ব্যবহারের জন্য চাঁদর কিংবা কম্বল, ৩৫. পর্দার মধ্যে পর্দা করার জন্য চাঁদর, ৩৬. মাথা ব্যাথা, সর্দি ও জুর ইত্যাদির জন্য টেবলেট।

মাদানী পরামর্শ

নিজের জিনিষের উপর কোন চিহ্ন (যেমন �� ইত্যাদি) লাগিয়ে দেবেন, যাতে অন্যদের সাথে মিশে গেলে খোজ করতে সহজ হয়। চাদর ইত্যাদির উপর নাম, বরং কোন হরফও লিখবেন না, বেয়াদবী হতে পারে।

ইতিকাফের ৫০ টি মাদানী ফুল

১। রমাযানুল মুবারকের বিশ তারিখ সূর্যান্তের পূর্বেই ইতিকাফের নিয়্যতে মসজিদে প্রবেশ করবেন। যদি সূর্যান্তের পর এক মুহূর্তও দেরীতে মসজিদে প্রবেশ করে তবে রমাযানুল মুবারকের শেষ দশ দিনের ইতিকাফের সুনুত আদায় হবেনা।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

- ২। যদি সূর্যান্তের আগেই মসজিদে ইতিকাফের নিয়্যতে প্রবেশ করলো, তারপর ফিনা-ই-মসজিদে, যেমন মসজিদের এরিয়ার অভ্যন্তরে অবস্থিত ওয়ু খানা কিংবা ইস্তিঞ্জাখানায় চলে গেলো, এমন সময় ২০ ই রমাযানের সূর্য অস্তমিত হয়ে গেলো। এমতাবস্থায় সমস্যা নেই। এ কারনে ইতিকাফ ভাঙ্গবে না।
- ৩। ইস্তিঞ্জাখানায় যাবার সময় হাঁটতে হাঁটতে সালাম ও জবাব, কথাবার্তা বলার অনুমতি আছে, কিন্তু এ জন্য যদি এক মুহুর্ত থেমে যায়, তাহলে ইতিকাফ ভেঙ্গে যাবে। অবশ্য, ইস্তিঞ্জাখানা যদি মসজিদের সীমানার ভিতর হয়, তবে থামলে ক্ষতি নেই।
- 8। যদি ইস্তিঞ্জাখানায় (শৌচাগার) যায়, কিন্তু কেউ প্রথম থেকে ভিতর গিয়ে থাকে, তবে মসজিদে ফিরে এসে অপেক্ষা করার প্রয়োজন নেই, বরং সেখানেই অপেক্ষা করতে পারবে।
- ৫। প্রস্রাব করার পর মসজিদের বাইরেই প্রয়োজন হলে 'ইস্তেবরা'ও^{*} করতে পারে।

.....

প্রেস্রাব করার পর যার এ সন্দেহ হয় যে, দু/এক ফোঁটা অবশিষ্ট রয়ে গেছে, কিংবা পুনরায় বের হবে, তার জন্য 'ইন্তিবরা' অর্থাৎ ঃ প্রস্রাব করার পর এমন কাজ করা, যাতে কোন ফোঁটা সজোরে পা নাড়লে, ডান পা বাম পায়ের উপর কিংবা বাম পা ডান পায়ের উপর রেখে চাপ দিলে, উপর থেকে নিচের দিকে নামলে এবং নিচের দিক থেকে উপরের দিকে উঠলে, কাঁশি দিলে কিংবা বাম করটের উপর শয়নকরলেও 'ইন্তিবরা' হয়ে থাকে। (বাহারে শরীআত, খভ-২য়, পৃ-১১৫) ইন্তিবরা করার সময় প্রয়োজনানুসারে ঢিলা বাম হাতে নিয়ে পুরুষাঙ্গের ছিদ্রের মুখে রাখবে। ইন্তিবরাকারী প্রস্রাবকারীর মতই। সুতরাং তখন সালাম-কালাম ইত্যাদি করবে না। ইন্তিবরা করার সময় কিবলার দিকে মুখ করা কিংবা পিঠ ফেরানো তেমনি হারাম, যেমন প্রস্রাব কিংবা পায়খানা করার সময় হারাম।

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

- ৬. যদি মসজিদের বাইরে নির্মিত শৌচাগার অপরিচ্ছন্ন হবার কারণে তা ব্যবহার করতে ইচ্ছা না হয়, তাহলে শৌচকর্ম সম্পাদনের জন্য নিজ ঘরে গেলে কোন ক্ষতি নেই। (রন্দুল মুহতার, খভ-৩য়, পু-৪৩৫)
- ৭. মসজিদের চার দেয়াল থেকে বাইরে গেলো। সেখানে যদি কোন ঋণদাতা দেরি করায়, তবে ইতিকাফ ভেঙ্গে যাবে।
- ৮. খাবার খাওয়ার সময় নিজের দস্তরখানা অবশ্যই বিছাবে। মসজিদের ফ্লোর বা কার্পেট যেন অপরিচছনু না হয়।
- ৯. মসজিদের দেয়ালগুলো কিংবা ফ্রোর ইত্যাদির উপর কখনো অপরিচ্ছন্ন কিংবা চর্বি ময়লা ইত্যাদি লাগাবে না। থুথু ফেলবে না। অনুরূপভাবে, কান কিংবা নাক থেকে ময়লা-আবর্জনা বের করে সেগুলোতে লাগাবে না। বরং ফিনায়ে মসজিদের দেওয়ালেও বা বিছানায়ও পানের পিক ইত্যাদি ফেলবেন না। মসজিদ পরিস্কারে অংশগ্রহণ করুন। ই'তিকাফকারী হলে একটি থলে বা প্যাকেটে রেখে দিন এবং চুলের গোছা, ময়লা ইত্যাদি খুঁজে নিয়ে তাতে রেখে দিন। আপনাদের উৎসাহের জন্য একটি হাদীসে পাক পেশ করছি।
- মাদিনার তাজেদার, উভয় জগতের সরদার صَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم 8 "যে ব্যক্তি মসজিদ থেকে কষ্টদায়ক বস্তু বের করে ফেলবে, আল্লাহ তাআলা তার জন্য জানাতে একটি ঘর তৈরী করবেন। (সুনানে ইবনে মাজা, খভ-১ম, প্-৪১৯, হাদীস নং-৭০৭, দারুল মারিফাত বৈরুত হতে প্রকাশিত)
- ১০. মসজিদের কার্পেটের সুতা ও চাটাইয়ের ছোট ছোট অংশ বের করা থেকে বিরত থাকবেন। (সর্বত্র এ কথার প্রতি খেয়াল রাখবেন।)
- ১১. মসজিদে ভিক্ষাকারীকে টাকা পয়সা ইত্যাদি কখনো দেবেন না। কারণ, মসজিদে ভিক্ষা করা হারাম। তাকে দেয়ারও অনুমতি নেই। মুজাদ্দিদে আযম আলা হযরত رَحْيَةُ اللّه تَعَالَى عَلَيهِ বলেন, "মসজিদে ভিক্ষুককে যদি কেউ এক পয়সাও দেয়, তবে তার উচিত হবে এর কাফ্ফারা হিসেবে সত্তর পয়সা অতিরিক্ত সদকা করা। (এ সদকা মসজিদের ভিক্ষুককে দেবেন না।)

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-১৬, পৃ-৪১৮)

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

- ১২. শুধু এক পা মসজিদ থেকে বের করলে কোন ক্ষতি নেই।
- ১৩. উভয় হাত মাথা সহকারেও যদি মসজিদ থেকে বের করে দেয় তবে কোন ক্ষতি নেই।
- ১৪. খামখেয়ালীবশতঃ মসজিদ থেকে বের হয়ে গেলো। আর স্মরণ আসতেই তাৎক্ষণিকভাবে মসজিদের ভিতর চলে আসলেও ইতিকাফ ভেঙ্গে যাবে।
- ১৫. এমন কোন রোগ হয়ে গেলো, যার চিকিৎসা মসজিদ থেকে বের হওয়া ছাড়া সম্ভব নয়, তাহলে চিকিৎসার জন্য তো বাইরে যেতে পারবে, কিন্তু ইতিকাফ ভেঙ্গে যাবে। অবশ্য ইতিকাফ ভাঙ্গার জন্য গুনাহ্ হবে না, কিন্তু একদিনের কাযা দায়িত্বে থেকে যাবে।
- ১৬. পানাহারের কাজ সমাধার জন্য পানি আনার কেউ নেই। এমতাবস্থায় পানি আনার জন্য বাইরে যেতে পারবে, কিন্তু পানাহার করবে মসজিদের ভিতর।
- ১৭. আল্লাহর পানাহ! কোন হতভাগা যদি কুফরী বাক্য বলার কারণে মুরতাদ্দ হয়ে যায়, তবে ইতিকাফ ভেঙ্গে যাবে। এখন নতুনভাবে ঈমান এনে, অর্থাৎ কুফরী উক্তিথেকে তওবা করবে, কলেমা পড়বে, নতুনভাবে বাইআত ও বিবাহ করবে। ওই ইতিকাফের কাযা নেই। কেননা, মুরতাদ্দ হয়ে গেলে পূর্ববর্তী সমস্ত আমল বরবাদ হয়ে যায়।
- ১৮. ইতিকাফকারী, আল্লাহর পানাহ! কোন নেশা সৃষ্টিকারী বস্তু আহার করলো, অথবা দাড়ির মতো পবিত্র ও সম্মানিত সুন্নত মুন্ডন করে ফেললো, যদিও এ দুটি কাজই বাস্তবিকপক্ষে হারাম, মসিজদেতো আরো জঘন্য গুনাহ্, তবে ইতিকাফ ভাঙ্গবে না।
- ১৯. ইতিকাফকারীর জন্য মসজিদের ভিতর দাড়ির খত বানানো, কিংবা যুলফী ছাটা, অথবা মাথা ও দাড়িতে তেল লাগানোর মধ্যে কোন ক্ষতি নেই। তখন কাপড় ইত্যাদি বিছিয়ে পূর্ণ সতর্কতার সাথে এ কাজগুলো করতে হবে। মসজিদের ফ্রোরগুলো যেন তৈলাক্ত না হয় এবং চুল ইত্যাদিও তাতে না পড়ে।
- ২০. ইতিকাফকারী দ্বীনি মাসআলা কিতাবাদি পড়তে পারে।

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

২১. রাতের বেলায় যতক্ষণ পর্যন্ত মসজিদে বাতি জ্বালানোর প্রচলিত নিয়ম আছে, ততক্ষণ পর্যন্ত অনায়াসে দ্বীনি কিতাবাদির পাঠ-পর্যালোচনা করতে পারবে। অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার করার জন্য পরিচালনা কমিটির সাথে কথা বলে নেবেন। ২২. পত্র-পত্রিকাগুলো যেহেতু প্রাণীর ফটো ও ফিল্ম-সিনেমার বিজ্ঞাপনে সাধারণতঃ ভরপুর থাকে, সেহেতু মসজিদে ওগুলো পাঠ-পর্যালোচনা করা থেকে বিরত থাকুন।

২৩. কোন ব্যক্তি এসে নিজের কিংবা অন্য কোন ইসলামী ভাইয়ের জুতো চুরি করে পালাতে লাগলো। তখন তাকে ধরার জন্য মসজিদ থেকে বের হতে পারবে না। বাইরে গেলে ইতিকাফ ভেঙ্গে যাবে।

২৪. মসজিদ যদি কয়েক তলাবিশিষ্ট হয়, আর সিঁড়িগুলোও মসজিদের সীমানার ভিতর থেকে নির্মিত হয়ে থাকে, তবে নির্দ্ধিায় উপরের সমস্ত তলা, বরং ছাদের উপরও যেতে পারে। অবশ্য, বিনা প্রয়োজনে মসজিদের ছাদের উপর আরোহণ করা মাকরহ ও বেয়াদবী।

২৫. মসজিদে টেপরেকর্ডারের মাধ্যমে বয়ান কিংবা নাত শরীফ ইত্যাদি শুনতে চাইলে নিজের টেপরেকর্ডারে নিজের ব্যাটারী লাগিয়ে নিন।

যদি মসজিদের বিদ্যুৎ দিয়ে চালাতে চান তবে ব্যবস্থাপনা কমিটির সাথে কথা বলে নেবেন। ** (সহজ পন্থা হলো- যতটুকু বিদ্যুৎ আপনি ব্যবহার করেছেন সেটার অনুমান করে অতিরিক্ত কিছু টাকা ব্যবস্থাপনা কমিটিকে দিয়ে দেবেন।) আর এ সতর্কতাও অবলম্বন করবেন যেন অন্য কারো ইবাদত কিংবা বিশ্রামের ব্যাঘাত না হয়।

২৬. যদি মসজিদের ছাদ ইত্যাদি পড়ে যায়, কিংবা কেউ জোর-জবরদস্তি করে মসজিদ থেকে বের করে দেয়, তবে তাৎক্ষণিকভাবে অন্য মসজিদে ইতিকাফকারী চলে যাবে। এতে ইতিকাফ বিশুদ্ধ হয়ে যাবে।

২৭. ইতিকাফ পালনকালে যথাসম্ভব সময়কে নফলসমূহ, তিলাওয়াতে কুরআন, যিকর ও দুরূদ, ইসলামী কিতাবাদির পর্যালোচনা, সুনুত সমূহ ও দু'আ ইত্যাদি শিক্ষার মধ্যে অতিবাহিত করবেন।

হ্**যরত মুহাম্মদ**্শৃ ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

২৮. ইতিকাফের জন্য মসজিদে পর্দা লাগালে একেবারে কম জায়গা ঘিরে লাগাবেন, যাতে নামাযীদের জন্য বিরক্তির কারণ না হয়। আমার আকা আলা হযরত کَنْتُهُ اللّٰهِ تَعَالَىٰعَلَيهِ বলেন, যদি মসজিদে এমন জিনিস রাখা হয় যাতে নামাযীর জায়গার প্রতিবন্ধক হয় তাহলে কঠোরভাবে নিষেধ।

(ফাতাওয়ায়ে রযবীয়্যাহ্, খন্ড-৭ম, পৃ-৯৭)

- ২৯. মসজিদকে প্রত্যেক ধরণের ময়লা ও আবর্জনা ইত্যাদি থেকে রক্ষা করবেন। ৩০. মসজিদে শোরগোল, হাসি-তামাশা ইত্যাদি কখনো করবেন না।
- ৩১. আপনি ঘর থেকে মসজিদে গেলেন নেকীসমূহ অর্জন করার জন্য; কিন্তু কখনো যেন এমন না হয় যে, গুনাহের বোঝা নিয়ে ফিরছেন। অতএব খবরদার! মসজিদে কখনোই বিনা প্রয়োজনে কোন শব্দ মুখ থেকে যেনো বের না হয়। মুখের উপর মদীনার মজবুত তালা (কুফলে মদীনা) লাগিয়ে দিন।
- وي ইতিকাফকারী ইসলামী ভাইদের মসজিদের মধ্যে জরুরী জিনিসপত্র আগেভাগেই জোগাড় করে নেয়া চাই, যাতে পরে কারো নিকট থেকে চাওয়ার প্রয়োজন না হয়। অন্য লোকের নিকট থেকে জিনিসপত্র চাইতে থাকার অভ্যাসও ভালো না। কোন কোন সম্মানিত সাহাবী غنځ النه تخال منځ তা কারো নিকট থেকে চাওয়া থেকে 'এতো বেশি বিরত থাকতেন যে, যদি তাঁদের চাবুক হাত থেকে পড়ে যেতো, তবে তাঁরা ঘোড়ার উপর বসা থাকা সত্ত্বেও কাউকে একথা বলতেন না, "ভাই! আমার চাবুকটা একটু তুলে দিন!" বরং ঘোড়া থেকে নিজে নেমেই তা তুলে নিতেন।
- ৩৩. অন্যলোক উপস্থিত থাকলে তিলাওয়াতের আওয়াজ এতো নিচু রাখবেন যেন তার কান পর্যন্ত আওয়াজ না পৌঁছে।
- ৩৪. আপনার সাথে ইতিকাফকারী ইসলামী ভাইদের সঙ্গ সম্পর্কিত হক্ব এর প্রতি বিশেষভাবে যত্নবান হবেন। অন্যান্য ইতিকাফকারীদের সেবাকে নিজের জন্য সৌভাগ্য মনে করবেন। তাঁদের প্রয়োজন মেটানোর যথাসম্ভব চেষ্টা করবেন। নিষ্ঠা ও ত্যাগ প্রদর্শন করবেন। অন্যকে নিজের উপর প্রাধান্য দেয়ার সাওয়াব

হ্যরত মুহাম্মদ ্ল্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

অগণিত। যেমনভাবে তাজদারে মদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم वর বাণী হচ্ছে, "যে ব্যক্তি তার প্রয়োজনীয় জিনিস অন্যকে দিয়ে দেয়, আল্লাহ তাআলা তাকে ক্ষমা করে দেন।" (ইত্তেহাফুস সাদাতুল মুত্তাকীন, খণ্ড-৯ম, পৃ-৭৭৯)

- ৩৫. আপনি যতো দু'আ ও সুন্নত জানেন, সেগুলো অন্যান্য ইতিকাফকারীকে শেখাতে চেষ্টা করবেন। সাওয়াব লুফে নেয়া এমন সোনালী সুযোগ বারবার পাওয়া যাবে না।
- ৩৬. ইতিকাফের সময় বেশি করে সুনুত পালন করার চেষ্টা করবেন। যেমন পানাহারের সময় চাটাই ও মাটির থালা ব্যবহার করা ইত্যাদি।
- ৩৭. মাদানী ইনআমাত অনুসারে কাজ করে রিসালা পূরণ করুন এবং এর সার্বক্ষণিক অভ্যাস করে ফেলুন।
- ৩৮. মসজিদের ফ্রোর, কার্পেট ও চাটাইর উপর কখনো ঘুমাবেন না; এতে ঘামের দুর্গন্ধ, মাথার তেল লেগে ময়লা, এমনকি স্বপ্নদোষ হয়ে নাপাক হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। তাই নিজের চাটাই অবশ্যই সাথে আনবেন। এতে চাটাইর উপর শোয়ার সুন্নত পালনের সুযোগ পাওয়া যাবে, অপরদিকে মসজিদের কার্পেট ও চাটাই অপবিত্র-অপরিচছনু হওয়া থেকে রক্ষা পাবে।
- ৩৯. যদি নিজের চাটাই আনা সম্ভব না হয়, তবে কমপক্ষে নিজের চাঁদর বিছিয়ে নিন।
- ৪০. ঘর হোক কিংবা মসজিদ, যেখানেই ঘুমান, পর্দার প্রতি খেয়াল রাখবেন। সম্ভব হলে পায়জামার উপর একটা চাদর লুঙ্গির মতো জড়ানোর এবং অপরটা মাথার দিকে মুড়ে নেয়ার অভ্যাস গড়ে নিন। কারণ, ঘুমের ঘোরে কখনো কখনো কাপড় পরা সত্ত্বেও জঘন্য বে-পর্দা হয়ে যায়।
- 85. কখনো দুজন ইসলামী ভাই এক বালিশে কিংবা এক চাদরের নিচে ঘুমাবেন না।
- 8২. অনুরূপভাবে, ফিৎনার জায়গায়, কারো রান কিংবা কোলে মাথা রেখে শোয়া থেকেও বিরত থাকবেন।

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

৪৩. যখন ২৯শে রমযানুল মুবারকে ঈদুল ফিতরের চাঁদ উদিত হবার খবর শুনেন, কিংবা ৩০ শে রমযান শরীফের সূর্য অস্ত যায়, তখন মসজিদ থেকে এমনভাবে দৌড়ে যাবেন না, যেন জেলখানা থেকে মুক্তি পেয়েছেন; বরং এমনি হওয়া চাই যে, রমযানুল মুবারক বিদায় হয়ে যাবার খবর পেয়ে মনের দুঃখে হদয় নিমজ্জিত হতে চলেছে; আহা! সম্মানিত মাস আমাদের ছেড়ে চলে গেলো। খুব কেঁদে কেঁদে রমযানুল মুবারকে বিদায় জানাবেন।

কু তুট্ কুর্ফু ক্রিয়ে কুরা ক্রিয়ে কুরা কর্ম বরকো না খিচু নেহী যাতা নেহী যাতা,
মই ছোডকে মসজিদকো নেহী আব কাহী যাতা।

- 88. ইতিকাফ শেষ হয়ে যাবার সময় খুব কেঁদে কেঁদে নিজের ভুল-ক্রটি ও অক্ষমতাগুলো এবং মসজিদের প্রতি বেয়াদবী সম্পন্ন হয়ে যাবার জন্য আল্লাহ তাআলার দরবারে ক্ষমা চাইবেন। খুব কেঁদে কেঁদে নিজের ও সমগ্র বিশ্বের ইসলামী ভাইবোনদের ইতিকাফ কবুল হবার ও সমস্ত উদ্মতের মাগফিরাতের দু'আ চাইবেন।
- ৪৫. পরস্পর পরস্পরের হকগুলো ক্ষমা করাবেন।
- ৪৬. মসজিদের খাদেমদেরকেও খুশি করবেন।
- ৪৭. মসজিদের ব্যবস্থাপনা কমিটিকে উপহার দিয়ে সন্তুষ্ট করবেন।
- ৪৮. যতটুকু সম্ভব ঈদুল ফিতরের রাত ইবাদতের মধ্যে অতিবাহিত করবেন। অন্যথায় কমপক্ষে ইশা ও ফজরের নামায জামাআত সহকারে আদায় করবেন। তাহলে, হাদীস শরীফের ইরশাদ অনুসারে, পূর্ণ রাতের ইবাদতের সাওয়াব পাওয়া যাবে।
- 8৯. চেষ্টা করে চাঁদ-রাত ওই মসজিদে অতিবাহিত করবেন, যেখানে ইতিকাফ করেছেন। যেমন ইমাম সায়্যিদুনা জালাল উদ্দীন সুয়ূতী শাফিঈ رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ বর্ণনা করেছেন যে, সায়্যিদুনা ইব্রাহীম ইবনে আদহাম رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ वर्णात দ্বীন رَحْبَهُمُ الله تعالى عَلَيهِ معرفه معرفه معرفه معرفه ومعرفه الله تعالى الله تعالى عليه ومعرفه معرفه معرفه والله تعالى عليه والله والله تعالى عليه والله و

হ্যরত মুহাম্মদ 🕍 ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

মসজিদেই অতিবাহিত হয়, যাতে সেখান থেকেই তাঁদের দিন (অর্থাৎ ঈদের দিন)
শুরু হয়। ইমাম মালিক رَحْمَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ বুযুর্গানে দ্বীন رَحْمَةُ اللّٰه تَعَالَى عَلَيهِ এর এ আমল
উদ্ধৃত করেন, লোকদের সাথে ঈদের নামায আদায় না করা পর্যন্ত, চাঁদ রাতে
নিজেদের ঘরে ফিরে আসতেন না ।" (দুররে মনসুর, খভ-১ম, প্-৪৮৮)

৫০. ঈদের পবিত্র মুহুর্তগুলো বাজারে বাজারে কেনাকাটার মধ্যে অতিবাহিত করা থেকে বিরত থাকুন। অনুরূপভাবে ঈদের সৌভাগ্যময় দিনকেও আল্লাহর পানাহ, নারী-পুরুষের অবাধ মেলামেশার বিনোদন কেন্দ্র, সিনেমাহল এবং নাট্যমঞ্চগুলোর স্থানে অতিবাহিত করে আযাবেরও শাস্তির হুমকির দিনে পরিণত করবেন না।

व्यानिकात्न त्रभूलात्मत्र भन्न व्याभारक कि थिएक कि वानिएय मिल!

যেখানে তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে ইজতিমায়ী (সম্মিলিত) ইতিকাফের আয়োজন করা হয়। সেখানে চাঁদ রাতে মসজিদে অবস্থান করে ঈদের দিন সুন্নত প্রশিক্ষণের মাদানী কাফিলায় আশিকানে রসূলদের সাথে সফরের ব্যবস্থা করুন। তি হুট্ট বি এর বরকত নিজেই দেখতে পাবেন। যদি মডার্ন বন্ধু বান্ধবের সাথে পাপে ভরপুর পরিবেশে ঈদ উদযাপন করেন তাহলে ই'তিকাফের সকল অর্জন ধ্বংস হয়ে যেতে পারে। আপনাদের উৎসাহের জন্য ঈদের মাদানী কাফিলার একটি অত্যন্ত বরকতময় মাদানী বাহার আপনাদের সামনে পেশ করছি।

বাবুল মদীনা করাচী লোয়েজ এলাকায় এক যুবক ইসলামী ভাইয়ের কিছু এই রকম বর্ণনা যে, প্রথমে আমিও একজন মডার্ণ ও বেনামাযী ছেলে ছিলাম। জীবনের দিন রাতগুলো অলসতা ও গুনাহের মধ্যে অতিবাহিত হচ্ছিল। ১৪২৩ হিজরীর রমযানুল মুবারক মাসে এক ইসলামী ভাই ইনফিরাদী কৌশিশ এর মাধ্যমে আমাদের এলাকার ফয়যানে রেযা মসজিদে (লায়েজ এলাকা) অনুষ্ঠিত সুনুতে ভরপুর ইজতিমায়ী ইতিকাফে বসার জন্য বললেন। আমি রাজী হয়ে গেলাম এবং পরিবারের সকলের কাছ থেকে অনুমতি নিয়ে রমযানুল মুবারকের শেষ ১০ দিনে ইতিকাফকারী হয়ে গেলাম।

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

ইতিকাফে ১০দিন পর্যন্ত আশিকানে রসূলদের সংস্পর্শের বরকতে খুবই সিক্ত হলাম এবং ইতিকাফে থাকা অবস্থায় সারা জীবন পাঁচ ওয়াক্ত নামায় পড়ার জন্য দৃঢ় নিয়্যত করে নিলাম। অন্যান্য গুনাহের সাথে সাথে দাড়ি মুন্ডানো থেকেও তওবা করলাম। সাথে সাথে পাগড়ী শরীফও মাথায় সাজিয়ে নিলাম। ঈদের ২য় দিন আশিকানে রসূলগণের সাথে ৩ দিনের মাদানী কাফিলায় সুনুতে ভরপুর সফর করলাম এবং সুন্নাত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দাওয়াতে ইসলামীরই একজন হয়ে গেলাম। আল্লাহ তাআলার কাছে এটাই প্রার্থনা, মৃত্যু পর্যন্ত দাওয়াতে ইসলামীর মাদানী পরিবেশ থেকে আমি যেন দূরে সরে না পড়ি।

এখন আমি ফ্যাশন পাগল নই, মডার্ন যুবকও নই। ইতিকাফের সাথে সাথে মাদানী কাফিলার সফরের সময় আশিকানে রসূলদের নৈকট্য الْحَيْدُ لِللهُ عَزَّرُ جَلَّ আমাকে কি থেকে কি বানিয়ে দিল! আমার উপর আল্লাহ তাআলার দয়ার উপর দয়া ছিল যে, আমি যখন এই ঘটনা বর্ণনা করছি তখন আমার নিজ এলাকায় মাদানী ইনআমাতের যিম্মাদার হিসেবে সুনুতের খিদমতের আঞ্জাম দিয়ে যাচিছ।

নিজের জিনিসপত্র সামলানোর পদ্ধতি

গ্রিন্থ দা'ওয়াতে ইসলামীর সাথে সম্পৃক্ত হাজারো ইসলামী ভাই দুনিয়ার বিভিন্ন মসজিদে সিমিলিত ইতিকাফ করে থাকেন। শরীআতের মাসআলা হচ্ছে, যদি অন্য কারো কোন জিনিস ভুলবশতঃ বদলী হয়ে এসে যায়, চাই নিজের জিনিসের সাথে সামঞ্জস্য রাখে এমনও হয়, তবুও সেটা ব্যবহার করা না জায়েজ ও গুনাহ। তাই ইতিকাফকারীগণ (এবং মাদরাসার ছাত্রাবাসে অবস্থানকারী ছাত্রগণ, বরং প্রত্যেকের উচিত) নিজ নিজ জিনিসপত্রের উপর কোন না কোন চিহ্ন লাগিয়ে নেয়, যাতে মিশ্রিত হয়ে গেলে, খুঁজে পাওয়া যায়। পথ-নির্দেশনার জন্য কিছু চিহ্ন পরবর্তী পৃষ্ঠায় পেশ করা হলো।

হযরত মুহাম্মদ শ্রিঞ্জি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

(সেন্ডেল ও চাঁদর ইত্যাদির উপর নাম অথবা যে কোন ভাষার বর্ণ, যেমন-A.B ইত্যাদি লিখবেন না; বরং সম্ভব হলে কোম্পানীর নামও মুছে দিন; যাতে পায়ের নিচে আসার কারণে বেআদবী না হয়। প্রত্যেক ভাষার বর্ণমালার আদব করুন) (এই মাসআলার বিস্তারিত ফয়যানে সুন্নতের ফয়যানে বিছমিল্লাহর অধ্যায়ে দেখুন)

ই'তিকাফ অবস্থায় অসুস্থ হওয়ার কারণ

ঠিঠে যাগে মদীনা গ্র্ট্ট (লেখক) এর বছরের পর বছর ইতিকাফকারীদের খিদমতে উপস্থিত থাকার সৌভাগ্য হয়েছে। ইতিকাফ অবস্থায় কিছু ভাইদেরকে অসুস্থ হতে দেখেছি। এর সবচেয়ে বড় কারণ হচ্ছে পনাহারের প্রতি অসতর্কতা থাকা। ঘর থেকে বন্ধু বান্ধবের পক্ষ থেকে ভাল ভাল সুস্বাদু খাবার, সুগন্ধি যুক্ত সুমিষ্ট খাদ্য, বেকারী সামগ্রী কাবাব-সমুচা, পিজা, বেসনের তৈরী পিঠা, টক চাটনি, খিচুড়ী, চটপটি, আলু চপ এবং সাহরীতে তৈরী পরাটা, ফিরনি ইত্যাদি নিয়ে আসে, কিছু কিছু ইতিকাফকারী লোভে পড়ে পরিনাম চিন্তা না করে সামনে যা আসে সেগুলো ভালভাবে না চিবিয়ে দ্রুত গিলে ফেলে। যার ফলে আক্রান্ত হয় গ্যাস, পেটব্যাথা, বদহজম, দন্তা, বমি, শরীরের অলসতা, সর্দি-কাশি, জ্বর, মাথা ও শরীরের ব্যথা সহ বিভিন্ন প্রকারের রোগে। অথচ বেচারা অনেক আশা নিয়ে ইবাদত করার মনমানসিকতার সাথে ই'তিকাফের জন্য ঘর থেকে বের হয়েছে কিন্তু অসতর্কভাবে পানাহার করে অসুস্থ হয়ে গেল। আর মাঝে মধ্যে ঘটনা এতদুর পর্যন্ত গড়ায় যে নামাযের জামাআত শুরু হয়ে গেল অথচ এই বেচারা মাথা ব্যথা ও জুরের কারণে মসজিদে লম্বা হয়ে শুয়ে থাকে।

نا ''جَھ بِمَارِر کُوامُڑَت 'جُگُارْمِ آمِیز ہے ۔ ﷺ بِہِی ہے سودواءِ کی اک دواءِ پِر ہیز ہے না ছময বীমার কো আমরাত ভী যাহর আমীয হে, ছচ ইয়েহি হে ছো দাওয়া কি এক দাওয়া পরহীয হে।

খাবারে সতর্কতার উপকারিতা

তবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনা বাবুল মদীনা করাচীতে রমযানুল মুবারকের শেষ ১০ দিনে শত শত নয় বরং হাজার

হ্যরত মুহাম্মদ ্ল্লিই ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

হাজার আশিকানে রসূলগণ ই'তিকাফকারী হয়ে থাকেন। তাদেরকে দেয়া খাবারে অতিরিক্ত ঘি ব্যবহার বন্ধ করা, তেল মসলা জাতীয় দ্রব্য ও অর্ধেক কমিয়ে ফেলা, কাবাব, চমুচা ও বেসনের তৈরী পিঠা নিয়মিত না খাওয়ার আবেদন করায় কিছু না কিছু উপকার হয়েছে এবং এভাবে ই'তিকাফ থাকাকালীন সময় রোগ অনেকাংশে কমে যেতে দেখা গেছে। হায়! এভাবে ইতিকাফকারী সহ যদি মুসলমানদের প্রতিটি ঘরে উল্লেখিত সতর্কতা মেনে চলত!

আমার কাছে মুসলমানদের সুস্বাস্থ্য কাম্য

মুসলমানদের রহানী শুদ্ধতার সাথে সাথে শারীরিক সুস্থতা ও সফলতার আশা করছি। আহ! আহ! আমার আবেদন মত যদি ইচ্ছার চেয়ে কম খেয়ে এবং অসময়ে এটা ওটা খাওয়া থেকে নিজেকে রক্ষা করে, তাহলে সকল ই'তিকাফকারী সুস্বাস্থ্যের মাধ্যমে ইবাদত বন্দেগী ও ইজতিমায়ী ইতিকাফ শেষে চাঁদ রাতে সাথে সাথে মাদানী কাফিলায় আশিকানে রসূলগণের সাথে সুন্নতে ভরপুর সফর করার সৌভাগ্য অর্জন করবে, যদি আমার আবেদনকৃত খাবার সতর্কতার সাথে সারা জীবন খেতে থাকেন তাহলে তিন্দু ক্রিটা আপনার জীবন অত্যন্ত সুন্দর হবে এবং ডাক্তার ও ঔষধ পত্রের খরচ থেকে মুক্তি পাবেন।

দয়া করে ফয়যানে সুন্নতের খাবারের নিয়মাবলী সংক্রান্ত অধ্যায় উল্লেখিত খাবারের রুটিন ও ডাক্তারী পরামর্শে ভরপুর আত্তারের চিঠি পড়ে নিন। আপনাদের সুস্থতার মধ্যে আমার এই আশা যে, এইভাবে المُحْمَنُ ইবাদতের আগ্রহ ও স্বাদ বাড়বে এবং সুন্নাতের প্রশিক্ষণের মাদানী কাফিলায় সফর করার আগ্রহও বৃদ্ধি পাবে। আপনি সুস্থ হলে সহজেই নামায, সুনুত, পিতামাতা, ছেলেস্তানের খিদমতের জন্য দৌড়াদৌড়ি করতে পারবেন।

যদি আমার আবেদনের কারণে এই সমস্ত নেক আমলগুলো হয়ে যায় اللهُ عَزَّوَجُلَّ তাহলে আমারও অনেক সাওয়াব মিলবে।

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

অত্যাচারীর জন্য আয়ু বৃদ্ধির দু'আ করা কেমন?

নামায ও ফরজ ইবাদত সমূহ থেকে দূরে অবস্থানকারী মুসলমানরা, নিজ মুসলমান ভাই এর উপর অত্যাচারের ষ্টিম রোলার চালনাকারী এবং গুনাহের বাজার গরমকারীদেরকে আল্লাহ তাআলা হিদায়াত নসীব করুন। আহ! এদের সুস্থতাও অনেক সময় গুনাহের মাত্রা বৃদ্ধির কারণ হয়ে দাঁড়ায়। হুজ্জাতুল ইসলাম হযরত সায়্যিদুনা ইমাম মুহাম্মদ গায্যালী رَحْمَةُ اللّه تَعَالَىٰ عَلَيْهِ বর্ণনা করেন, "য়ে ব্যক্তি জালিম ও ফাসিকদের জন্য দীর্ঘ হায়াতের দু'আ করবে, সে য়েন এই কথাকে পছন্দ করছে য়ে, পৃথিবীতে আল্লাহর তা'আলার নাফরমানী আরো বৃদ্ধি হোক।" (ইমাম গাজ্জালী رَحْمَةُ اللّه تَعَالَىٰ عَلَيْهِ রিচত আইয়্যুহাল ওয়ালাদু, ২৬৬, দারুল ফিকর, বৈক্রত) তবে হাাঁ জালিম ও ফাসিকদের জন্য অত্যাচার ও গুনাহ থেকে মুক্ত থেকে ইবাদত করার জন্য সুস্বাস্থ্য চেয়ে দু'আ করা যাবে। পানাহারের সতর্কতার অন্যান্য বিষয়াদী জানার জন্য ফয়যানে সুনুতের স্কুধার ফয়ীলত অবশ্যই পড়ে নিন।

মুসলমানদের মঙ্গল কামনা করা উত্তম কাজ

হযরত সায়্যিদুনা জারীর বিন আব্দুল্লাহ رضى الله تَعَالَىٰ عَنْهُ वर्गना করেন, "আমি হুজুর তাজেদারে রিসালাত হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَىٰ عَلَيْهِ وَالله وَسَلَّم এর নিকট এই কথার উপর বায়আত গ্রহণ করেছি যে, নামায প্রতিষ্ঠা করব, যাকাত আদায় করব, সাধারণভাবে সকল মুসলমানের মঙ্গল কামনা করব।"

(সহীহ মুসলিম, পৃ-৪৮, হাদীস নং-৯৭)

آنَحَنْدُ رِبُّهُ عَزَّوَجَلَّ निজেকে মুসলমানদের মঙ্গলকামনায় অন্তর্ভূক্ত করা ও সাওয়াব অর্জনের পবিত্র আগ্রহের জন্য দু'আর সাথে সাথে সুস্থ থাকার জন্য কিছু মাদানী ফুল উপস্থাপন করছি।

যদি শুধু দুনিয়ার রঙ্গ তামাশার স্বাদ গ্রহণের জন্য সুস্থ থাকার ইচ্ছা থাকে, তাহলে আবেদন হচ্ছে পড়া এখানেই বন্ধ করে দিন। আর যদি সু-স্বাস্থ্য অর্জন করে ইবাদত ও সুন্নতের খিদমত করার নিয়্যত থাকে, তবে সাওয়াব

হযরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

অর্জনের জন্য ভাল ভাল নিয়্যত করে দুরূদ শরীফ পড়ে সামনে অগ্রসর হোন এবং আগ্রহ নিয়ে পাঠ করুন।

আল্লাহ তাআলা আমার, আপনার সমস্ত উম্মতের মাগফিরাত দান করুন! আমাদেরকে সুস্থতা ও ক্ষমার সাথে সাথে দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে থেকে ইসলামের খিদমতের উপর অটল থাকার সুযোগ দান করুন! আল্লাহ তাআলা আমাদের শারীরিক রোগ দূর করে আমাদেরকে মদীনার প্রেমের রোগী বানিয়ে দিক! আমিন বিজাহিন্নাবিয়্যীল আমিন مَنْ اللهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالْهِ وَسَلَّم

কাবাব ও চমুচা ভক্ষণকারীরা দৃষ্টিপাত করুন!

বাজার ও দা'ওয়াতে চটপটি কাবাব, চমুচা আহারকারীরা একটু খেয়াল করুন। কাবাব চমুচা বিক্রেতারা অধিকাংশ সময় কিমা (নাড়িভুড়ি) ধৌত করে না। তাদের কথা হল কিমা ধুয়ে দিলে তার স্বাদ কিছুটা পরিবর্তন হয়। বাজারের কিমাতে অধিকাংশ সময় কি কি দেয়া হয়ে থাকে তাও একটু শুনে নিন। গরুর নাড়ীভূড়ির উপরের অংশ ছিলে তার ভিতরের তিলি আল্লাহর পানাহ! মাঝে মধ্যে জমাট রক্ত ঢেলে মেশিনে পিশে ফেলা হয়। কোন কোন সময় কাবাব চমুচা ওয়ালারা প্রয়োজন মত আদা রসুন ইত্যাদিও কিমার সাথে পিশে গুড়া বানিয়ে নেয়।

এখন সেই কিমা ধোয়ার কোন প্রশ্নই আসে না। ঐ কিমাতে মসলা ঢেলে ভুনে তা কাবাব, চমুচা, বানিয়ে বিক্রি করে। হোটেলগুলোতেও এই ধরনের কিমার তরকারী থাকার সম্ভাবনা থাকে। বাজে কাবাব চমুচা বিক্রেতাদের কাছ থেকে পিঠা ইত্যাদি কিনবেন না। কড়াইও একটা, আর তেলও হয় সেই দুর্গন্ধযুক্ত কিমার।

আমি আবার একথা বলছিনা যে, আল্লাহর পানাহ! প্রত্যেক মাংস বিক্রেতা এই রকম করে থাকে। অথবা আল্লাহ না করুন, প্রত্যেক কাবাব চমুচা ওয়ালারা নাপাক কিমাই শুধু ব্যবহার করে থাকে। অবশ্যই নির্ভেজাল মাংসের কিমাও পাওয়া

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

যায়। আরজ করার উদ্দেশ্য হচ্ছে এ যে, কিমা বা কাবাব চমুচা নির্ভরযোগ্য মুসলমানের কাছ থেকে কিনতে হবে। আর যে সমস্ত মুসলমান আল্লাহর পানাহ! এরকম ভেজাল করে তাদের তওবা করে নেয়া উচিত।

ডাক্তারের দৃষ্টিতে কাবাব চমুচা

কাবাব, চমুচা, বেসনের নাস্তা, শামী কাবাব, মাছ ও মুরগী ইত্যাদির ভাজা, পুরী খিচুড়ি, পিজ্জা পরটা আমলেট ইত্যাদি আমরা খুব মজা করে খেয়ে থাকি কিন্তু এগুলো আমাদের দৃষ্টিতে ক্ষতিকর নয় মনে হলেও এই নাস্তা, খাবার আমাদের ভিতর কি রকম ধ্বংসাত্মক রোগ সৃষ্টি করে তার সম্পর্কে খুব কম মানুষেরই জানা আছে। ভাজার জন্য যখন তেলকে খুব বেশি গরম করা হয় তখন ডাক্তারী গবেষণা মতে তার ভিতর কিছু ক্ষতিকারক শক্তি সঞ্চার হয়। ভাজার জন্য ফুটন্ত তেলের ভিতর ঢেলে দেয়া জিনিসকেও ছাড়ে না। যার ফলে তেল গরম হয়ে ঠাস ঠাস আওয়াজ তুলে। যা এই কিমা ভাজার অকেজো হওয়ার চিহ্ন। আর এই কারণে খাবারের গুণাগুণ ও ভিটামিন নষ্ট হয়ে যায়।

তৈলাক্ত কাবাবে সৃষ্ট ১৯টি রোগের পরিচয়

(১) শরীরের ওজন বেড়ে যায়, (২) নাড়ীভূড়ির ক্ষতি হয়। (৩) পেট পরিস্কারের (পায়খানা) সমস্যা হয়। (৪) পেট ব্যথা (৫) বমি বমি ভাব (৬) বমি (৭) পানির মত দস্তা রোগ সৃষ্টি হয় (৮) চর্বির বিপরীতে তৈলাক্ত খাবার গ্রহণ করা অত্যন্ত দ্রুততার সাথে রক্তের ক্ষতিকর কোলেরেম্ব্রল LDL তৈরী করে। (৯) আর উপকারী কোলেষ্টরল তথা HDL কমিয়ে ফেলে (১০) রক্তে কনার সৃষ্টি হয় (১১) হজম শক্তি নষ্ট হয়ে যায়, (১২) গ্যাস সৃষ্টি হয় (১৩) বেশি গরম তেলে এক ধরনের 'আইক্রেনিল' নামে বিষাক্ত জীবাণু তৈরী হয়। যেগুলো নাড়িভুড়িতে জীবানু সৃষ্টি করে, আল্লাহর পানাহ! (১৪) তা ক্যান্সারের কারণও হতে পারে। (১৫) তেলকে বেশিক্ষণ দেরী করে গরম করলে ও এতে খাবার ভুনলে আরো একটি ক্ষতিকর ও বিষাক্ত "ফ্রি রেডিক্লজ" নামের জীবাণু সৃষ্টি হয় যা হৎপিন্ডের ভিতরের

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

রোগ ব্যাধি (১৬) ক্যান্সার (১৭) জোড়ায় জোড়ায় ব্যথা, (১৮) ব্রেনের রোগ ও (১৯) দ্রুত বৃদ্ধ হওয়ার কারণ হয়ে থাকে।

"ফ্রি রেডিক্লোজ" নামের ক্ষতিকর ও বিষাক্ত রোগ সৃষ্টিকারী আরো কিছু কারণ আছে যেমন: তামাক বা বিড়ি সিগারেট পান করা, বাতাসের স্কল্পতা (যেমন আজকাল ঘরে সব সময় রুম বন্ধ রাখা হয়, এতে রোদও আসে না তাজা বাতাসও আসে না ।) *গাড়ীর ধোঁয়া *এক্স-রে, * মাইক্রোফোন * টিভি *কম্পিউটারের আলো রশ্মির তেজস্ক্রীয়তা * আকাশ ভ্রমনের উড়ো জাহাজের ধোঁয়া।

ক্ষতিকর বিষের প্রতিষেধক

আল্লাহ তাআলা এই ক্ষতিকর বিষ তথা ফ্রি রেডিক্লোজ এর প্রতিষেধক বা ধ্বংসকারীও সৃষ্টি করেছেন। সুতরাং যে সবজি বা ফলের রং, সবুজ, হলুদ বা কমলা রং হয় তা এই ক্ষতিকর বিষকে ধ্বংস করে দেয়। এইভাবে ফল ও সবজীর রং যেই পরিমাণ ঘন হবে তার মধ্যে ভিটামিন ও খনিজ পদার্থের পরিমাণও বেশি পরিমাণে হয় এবং সে বিষকে বেশি শক্তি দিয়ে ধ্বংস করে।

তেলে ভাজা জিনিস দ্বারা ক্ষতি কম হওয়ার পদ্ধতি

দুটি কথার উপর আমল করলে তৈলাক্ত খাবারের ক্ষতি কম হয়। (১) কাবাব, সমুচা, বেশনের নাস্তা, ডিম, আমলেট, মাছ ইত্যাদি ভাজার জন্য যে কড়াই বা ফ্রাই পেন ব্যবহার করা হয় তা যেন ননষ্টিক (NON STICK) হয়। (২) তেলে ভাজার পর প্রত্যেকটি তেলে ভাজা জিনিসকে সুগন্ধ বিহিন টিস্যু দিয়ে ভালভাবে জড়িয়ে ফেলুন যাতে কিছু তেল চুষে নেয়।

বেচে যাওয়া তেল ২য় বার ব্যবহারের পদ্ধতি

অভিজ্ঞ ব্যক্তিদের কথা হল যে, ভাজার জন্য একবার ব্যবহার করার পর তেল ২য়বার গরম করা যাবে না। যদি ২য়বার ব্যবহার করতে হয় তাহলে তার নিয়ম এই যে, তা ছেঁকে ফ্রিজে রেখে দিবে, ছাঁকা ব্যতীত ফ্রিজে রাখা যাবে না।

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

ডাক্তারী শাস্ত্র নির্ভূল নয়

তেলে ভাজা খাবারের ক্ষতি সম্পর্কে আমি যা কিছু আপনাদের সামনে উপস্থাপন করেছি তা আমার নিজস্ব মনগড়া মতামত নয় বরং এটা ডাক্তারী গবেষণা। আর এই সূত্রটি মনে রাখা দরকার যে সম্পূর্ণ ডাক্তারী শাস্ত্রটা ধারণা ভিত্তিক, তা নির্ভূল নয়।

মডেলিং যুবক সুন্নাতের মুবাল্লিগ হয়ে গেল

প্রিয় ইসলামী ভাইয়েরা! ক্ষতিকারক বস্তু পানাহারের লোভ সামলানো, পিশ্চিমা ফ্যাশন থেকে জান বাঁচানো, সুনুতকে নিজের করে নেয়া, নিজের হ্বদয়কে রসূল مَنَّى اللهُ تَعَالَى عَلَيْهِ رَالِهِ رَسَلَم এর প্রেমের শহর বানানোর জন্য কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সর্বদা সম্পৃক্ত থাকুন। আসুন! আপনাদের উৎসাহের জন্য একটি সুন্দর মাদানী বাহার আপনাদের সামনে পেশ করছি। যেমন ইস্তাত্তর শহর M.P আল ভারত এর এক মডার্ন যুবকের ১৪২৬ হিজরীর রম্যানুল মুবারকের শেষ ১০ দিন তবলীগে কুরআন ও সুনুতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে আয়োজিত ইজতিমায়ী ইতিকাফে আশিকানে রসুলদের সাথে ইতিকাফ করার সৌভাগ্য হয়।

তার বর্ণনা হল : দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশ ও আশিকানে রসূলদের সানিধ্যের বরকতে আমার অন্তরে মাদানী পরিবর্তন সাধিত হয়। মুখে দাড়ির বাহারের উজ্জলতার চমক এনে দিল এবং সবুজ পাগড়ীতে মাথা সবুজ হয়ে গেল। সেই সাথে ১২ দিনের জন্য সুনুতের প্রশিক্ষণের লক্ষে মাদানী কাফিলার মুসাফিরও হয়ে গেলাম। একেবারে মাদানী রঙ্গে রঙ্গিন হয়ে গেলাম।

تَحَنُّوْ بِكُلُّ عَوْبَجُلُّ বর্তমানে দা'ওয়াতে ইসলামীর মুবাল্লিগ হয়ে দা'ওয়াতে ইসলামীর হালকা মুশাওয়ারাতের নিগরান হয়ে মাদানী কাজের সাড়া জাগাচ্ছি।

হযরত মুহাম্মদ্শিশ্ব ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

ত্রু ১৮ করে। করে। করে। করে। করে। করি।

ত্রু ১৮ করে।

তর্র ১৮ করে।

তর্

ইয়া রব্বে মুস্তফা مَنَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم প্রত্যেক ইসলামী ভাই ও বোনদের ইতিকাফ কবুল করুন এবং এর বরকত দ্বারা সকলকে ধন্য করুন! হে আল্লাহ! আমাদেরকেও ইতিকাফ করার সৌভাগ্য দান করুন! আমিন বিজাহিন্নাবিয়ীল আমিন مَنَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم সমিন

মসজিদকে ভালবাসার ফ্যীলত

হযরত আবু সাঈদ খুদরী غنه الله تَعَالَى عَنَهُ وَالِهِ वर्गना করেন, রসূল صَلَّى الله تَعَالَى عَنَهُ وَالِهِ وَمَ صَامَّ مَعَالَى عَنَهُ عَالَى عَنَهُ عَالَى عَنَهُ عَالَى عَنَهُ عَالَى عَنَيْهِ وَالِهِ مِعَ صَامَ الله تَعَالَى عَنَهُ عَالَى عَنَهُ عَالَمُ مَا الله عَنْهُ عَالَى عَنَهُ عَالَى عَنَهُ عَنْهُ وَالله عَنْهُ عَالَى عَنْهُ وَالله عَنْهُ عَنْهُ وَالله عَنْهُ عَالَى عَنْهُ وَالله عَنْهُ عَنْهُ وَالله عَنْهُ عَنْهُ وَالله عَنْهُ وَالله وَالله عَنْهُ وَالله وَالله عَنْهُ عَنْهُ وَالله وَلّه وَالله وَلّه وَالله وَالل

(তিবরানী আউসত, হাদীস নং-২৩৭৯, বৈরুত)

হ্যরতুল আল্লামা আব্দুর রউফ মানাবী رَحْبَةُ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ এই হাদীসের ব্যাখ্যায় লিখেন, "মসজিদের সাথে ভালবাসা রাখার ব্যাপারটা এইভাবে যে, আল্লাহর সন্তুষ্টির জন্য এতে ইতিকাফ, নামায, আল্লাহর জিকির এবং শরয়ী মাসআলা মাসায়েল শিক্ষা নেয়া ও দেয়ার জন্য বসে থাকার অভ্যাস গড়ে তোলা। আর আল্লাহ কর্তৃক ঐ বান্দাকে ভালবাসার অর্থ হচ্ছে এই যে,

আল্লাহ তাআলা তাকে তাঁর রহমতের ছায়ায় আশ্রয় প্রদান করেন এবং তাঁকে তার নিজের হিফাজতে নিয়ে নেন।"

(ফয়জুল কদীর, খন্ড-৬ষ্ঠ, পু-১০৭, দারুল ফিকির, বৈরুত)

হযরত মুহাম্মদ 🞉 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

মসজিদের যিয়ারতের ফ্যীলত

হযরত সায়্যিদুনা আব্দুল্লাহ ইবনে মাসউদ نفي الله تَعَالَى عَنْيهِ وَالله وَسَلَّم বর্ণনা করেন যে, রসূল আকরাম হযরত মুহাম্মদ صَلَّى الله تَعَالَى عَنْيهِ وَالله وَسَلَّم এর দয়াময় বাণী হচ্ছে, "নিঃসন্দেহে দুনিয়াতে মসজিদ সমূহ হচ্ছে আল্লাহ তা'আলার ঘর এবং আল্লাহ তা'আলার বদান্যতায় হক হচ্ছে (স্বীয় ঘরের) যিয়ারতকারীদের প্রতি দয়া করা।" (তাবরানী কবির, খড-১০ম, প্র-৬১, হাদীস নং-১০৩২৪, বৈক্রত)

হযরতুল আল্লামা আব্দুর রাউফ মানাবী رَحْبَةُ اللّٰهِ تَعَالَ عَلَيهِ এই হাদীসে পাকের ব্যাখ্যায় বলেছেন, "অর্থাৎ মসজিদ সমূহ হচ্ছে সেই সমস্ত স্থান যেগুলোকে আল্লাহ তা'আলা নিজ রহমত বর্ষণের জন্য বাঁছাই করেছেন।

(ফয়জুল কবীর, খন্ড-২য়, পৃ-৫৫২, দারুল ফিকির, বৈরুত)

মসজিদে হাসাহাসির শাস্তি

হযরত সায়্যিদুনা আনাস وَضِىَ اللَّهُ تَعَالَى عَنْهُ আনাস رَضِىَ اللَّهُ تَعَالَى عَنْهُ থেকে বর্ণিত, হুজুরে পাক সাহিবে লাওলাক হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর শিক্ষণীয় বাণী হচ্ছে,

অর্থাৎ মসজিদে হাসাহাসি করা কবরে অন্ধকার নিয়ে আসে।

(আল ফিরদাউস বিমাসুরীল খিতাব, খন্ড-২য়, পৃষ্টা-৪৩১, হাদীস নং-৩৮৯১, দারুল ফিকির, বৈরুত)

জাহানামের দরজায় নাম

হযরত সায়্যিদুনা আবু সাঈদ খুদরী غَنْهُ يَعَالَىٰ عَنْهُ থেকে বর্ণিত, আল্লাহ তাআলার মাহবুব, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَىٰ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم বর শিক্ষণীয় বাণী হচ্ছে,

مَنْ تَرَكَ صَلَاةً مُتَعَمِّدًا كُتِبَ اسْمُهُ عَلَى بَابِ النَّارِ فِيْمَنْ يَدُ خُلُهَا

অর্থাৎ ৪- "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে এক ওয়াক্ত নামাযও কাযা করবে, তার নাম জাহান্নামের সেই দরজায় লিখে দেয়া হবে যেই দরজা দিয়ে সে জাহান্নামে প্রবেশ করবে।" (হিলয়াতুল আউলিয়া, খভ-৭ম, প্-২৯৯, হাদীস-১০৫৯০, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত)

হযরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

জান্নাত থেকে বঞ্চিত

হযরত সায়্যিদুনা হুযাইফা وَضِى اللَّهُ تَعَالَى عَنْهُ থেকে বর্ণিত, নবীয়ে رَضِى اللَّهُ تَعَالَى عَنْهُ থেকে বর্ণিত, নবীয়ে মোকাররম, নুরে মুজাস্সাম, রসূলে আকরাম, শাহানশাহে বনী আদম, হযরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَنَيْهِ وَالِهِ وَسَلَّم

لَا يَدُ خُلُ الْجَنَّةَ قَتَّاتُ

অর্থাৎ "চোগল খোর জান্নাতে প্রবেশ করবে না।"

(সহীহ বুখারী, পৃ-৫১২, হাদীস নং-৬০৫৬)

তওবার ফ্যীলত

হ্যরত সায়্যিদুনা আব্দুল্লাহ ইবনে মাসউদ وَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ وَأَلِهِ وَسَلَّم থেকে বর্ণিত, আল্লাহর মাহবুব, হ্যরত মুহাম্মদ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَأَلِهِ وَسَلَّم এরশাদ হচ্ছে,

ٱلتَّائِبُ مِنَ الذَّنْبِ كَمَنْ لَا ذَنْبَ لَهُ

অর্থাৎ গুনাহ্ থেকে তওবাকারী এমন যে, যেমন সে কোন গুনাহই করেনি। (সুনানে ইবনে মাজাহ, পৃ-২৭৩৫, হাদীস নং-৪২৫০)

মিসওয়াকের ফ্যীলত

হযরত সায়্যিদুনা আবু উমামা رَضِیَ اللّٰهُ تَعَالَی عَنْهُ থেকে বর্ণিত, নবীয়ে بِمِی اللّٰهُ تَعَالَی عَنْهُ بِا মুকাররাম, নূরে মুজাস্সাম, রসূলে আকরাম, শাহেন শাহে বনী আদম হযরত মুহাম্মদ صَلَّى اللّٰهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর বরকতময় বাণী হচ্ছে ৪-

السِّوَاكُ مُطْهَرَةٌ لِلْفَهِ مَرْضَاةٌ لِّرَبِّ

অর্থাৎ মিসওয়াক মুখের পবিত্রতা ও আল্লাহর সন্তুষ্টির কারণ।

(সুনানে ইবনে মাজাহ, হাদীস-২৮৯, পৃ-২৪৯৫)

(হাতিমে আসাম عِنية الله تَعَالىٰ عَلَيهِ বলেন,

হ্যরত মুহাম্মদ্শিঞ্জি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

চারজন মিখ্যা দাবীদার

- ১. আল্লাহ তাআলার ভালবাসার দাবীদার, কিন্তু আল্লাহ তাআলার হারামকৃত কাজগুলো থেকে বিরত থাকে না।
- ২. রসূল صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর ভালবাসার দাবীদার, কিন্তু গরীবদেরকে মূল্যায়ন করে না।
- ৩. জান্নাতের প্রার্থী হবার দাবীদার, কিন্তু আল্লাহ তাআলার রাস্তায় খরচ করতে কার্পন্য করে।
- 8. জাহান্নামকে ভয় করার দাবীদার, কিন্তু গুনাহের কাজগুলো থেকে বিরত থাকে না।

ছয় জন ব্যক্তির জন্য কল্যাণের দরজা বন্ধ

- ১. নিজের ইলম বা জ্ঞানানুসারে যে আমল করে না।
- ২. নে'মতরাজি পেয়ে যে কৃতজ্ঞতা প্রকাশ করে না।
- ৩. নেককারদের সঙ্গে বসা সত্ত্বেও যে তাঁদের পদাংক অনুসরণ করে না।
- 8. মৃতলোকদের কাফন-দাফনে শরীক হওয়া সত্ত্বেও যে তা থেকে শিক্ষা গ্রহণ করে না।
- ৫. যে সম্পদ থাকা সত্ত্বেও আখিরাতের জন্য পাথেয় জোগাড় করে না।
- ৬. অনেক গুনাহ করা সত্ত্বেও যে তওবা করে না।

হ্যরত মুহাম্মদ ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

اَلْحَمْدُ لِللهِ رَبِّ الْعُلَمِيْنِ وَالصَّلُوةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُوْسَلِيْنَ اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطُنِ الرَّجِيْمِ "بِسْمِ اللهِ الرَّحْمُنِ الرَّحِيْمِ " بِشِمِ اللهِ الرَّحْمُنِ الرَّحِيْمِ فَيَالَمُهُمُ اللهِ الرَّحْمُنِ الرَّحِيْمِ " اللهِ الرَّحْمُنِ الرَّحِيْم بِشِمِ اللهِ مِنَ الشَّيْطُنِ الرَّجِيْمِ " بِشْمِ اللهِ الرَّحْمُنِ الرَّحِيْمِ " أَمَّا بَعْدُ اللهِ الرَّح

একদা কোন এক ভিখারী কাফিরদের নিকট ভিক্ষা চাইলো। তারা ঠাটা স্বরূপ হযরত মওলা আলী المنفقال المن

صَلُّواعَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّى

প্রিয় ইসলামী ভাইয়েরা! তাজদারে মদীনা হযরত মুহাম্মদ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ রমযান শরীফের মুবারক মাস সম্পর্কে ইরশাদ করেছেন, "এ মাসের প্রথম দশদিন রহমত, দ্বিতীয় দশদিন মাগফিরাত ও তৃতীয় দশদিন জাহান্নাম থেকে মুক্তি"। (সহীহ ইবনে খুজায়মা, খভ-৩য়, প-১৯১, হাদীস নং-১৮৮৭)

বুঝা গেল যে, রমযান মুবারক রহমত, মাগফিরাত ও জাহানাম থেকে মুক্তির মাস। সুতরাং এ রহমত, মাগফিরাত ও দোযখ থেকে মুক্তির পুরস্কারাদির খুশীতে সৌভাগ্যের ঈদের খুশী উদযাপনের সুযোগ আমাদেরকে দেয়া হয়েছে। ঈদুল ফিতরের দিনে খুশী প্রকাশ করা মুস্তাহাব। তাই সুনাত পালনের নিয়তে আমাদেরও আল্লাহ তাআলার অনুগ্রহ ও বদান্যতার উপর অবশ্যই খুশী প্রকাশ করা চাই। কারণ, আল্লাহ তাআলার অনুগ্রহ ও দয়ার উপর খুশী প্রকাশ করার

হ্যরত মুহাম্মদ শ্ল্রিট্রি ইরশাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

উৎসাহতো আমাদেরকে খোদ আল্লাহ তাআলার সত্য বাণীই দিচ্ছে। যেমন ইরশাদ হচ্ছে,

কানযুল ঈমান থেকে অনুবাদ ৪
"আপনি বলুন, "আল্লাহ এরই অনুগ্রহ
ও তাঁরই রহমত, এর উপর তারা খুশী
উদযাপন করুক।" (পারা-১১, সূরাইউনুস, আয়াত-৫৮)

আমরা ঈদ কেন উদ্যাপন করবো না?

দেখুন না! কোন ছাত্র পরীক্ষায় যখন পাস করে, তখন সে কতোই খুশী হয়? মাহে রমযানুল মুবারকের বরকত ও রহমতসমূহের কথা কিইবা বলবো! এটাতো ওই মহান মাস, যাতে মানব জাতির সফলতা, সংস্কার, উন্নতি ও পরকালীন মুক্তির জন্য একটি 'খোদা প্রদত্ত কানুন' অর্থাৎ কুরআন মজীদ নাযিল হয়েছে। এটা হচ্ছে, ওই মাস, যাতে প্রতিটি মুসলমানের ঈমানের কঠিন পরীক্ষা নেয়া হয়। সুতরাং এক সর্বোত্তম 'জীবন-বিধান' পেয়ে এবং দীর্ঘ এক মাসের কঠিন পরীক্ষায় সফলকাম হয়ে একজন মুসলমানের খুশী হওয়া স্বাভাবিক ব্যাপার।

সাধারণ ক্ষমা ঘোষণা

প্রিয় ইসলামী ভাইয়েরা! আল্লাহ তাআলার দয়ার উপর দয়া হচ্ছে, তিনি মাহে রমযানের সমাপ্তির পরেই ঈদুল ফিতরের মহান নে'মত দ্বারা আমাদেরকে ধন্য করেছেন। এ মহত্ত্বপূর্ণ ঈদের অশেষ ফযীলত রয়েছে। এক দীর্ঘ হাদীস শরীফে, যা হযরত সায়্যিদুনা আবদুল্লাহ ইবনে আব্বাস হিট্টে টুট্টের বর্ণনা করেছেন, যখন ঈদুল ফিতরের মুবারক রাত আসে, তখন সেটাকে 'লায়লাতুল জায়েযা অর্থাৎ 'পুরস্কারের রাত' বলে আহ্বান করা হয়। যখন ঈদের দিন ভোর হয়, তখন আল্লাহ তায়ালা আপন মাসুম (নিম্পাপ) ফিরিশতাদেরকে সব শহরে প্রেরণ করেন। ওই ফিরিশতাগণ পৃথিবীতে শুভাগমন করে সব গলি ও রাস্তাগুলোর

হ্যরত মুহাম্মদ্লিট্র ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

মাথায় মাথায় গিয়ে দাঁড়িয়ে যায়। আর এ বলে আহ্বান করে, 'হে উম্মতে মুহাম্মদে মুস্তফা صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ওই দয়াবান প্রতিপালক এর মহান দরবারের দিকে চলো, যিনি খুবই বেশি পরিমাণে দাতা এবং বড় থেকে বড় গুনাহ ক্ষমাকারী।"

তারপর আল্লাহ আপন বান্দাদেরকে এভাবে সম্বোধন করেন, "হে আমার বান্দারা! চাও, কি চাইতে ইচ্ছা হয়! আমার সম্মান ও মহত্ত্বের শপথ! আজকের দিনে এ জমায়েতে (নামাযে ঈদ) তোমাদের আখিরাত সম্পর্কে যা কিছু চাইবে তা পূরণ করবো। আর যা কিছু দুনিয়া সম্পর্কে চাইবে তাতে তোমাদের মঙ্গলের দিক দেখবো। (অর্থাৎ ওই জিনিষ দেব যাতে তোমাদের মঙ্গল রয়েছে।) আমার সম্মানের শপথ! যতক্ষণ পর্যন্ত তোমরা আমার (বিধানাবলীর) প্রতি যত্নবান থাকবে, আমিও তোমাদের ভুল-ক্রটিগুলো গোপন রাখবো। আমার সম্মান ও মহত্ত্বের শপথ! আমি তোমাদেরকে সীমালঙ্গনকারীদের (অর্থাৎ পাপীদের) সাথে অপমানিত করবো না। ব্যাস! তোমাদের ঘরের দিকে ক্ষমাপ্রাপ্ত হিসেবে ফিরে যাও! তোমরা আমাকে সম্ভন্ত করেছো, আমিও তোমাদের উপর সন্তুষ্ট হয়ে গেছি।" (আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-২য়, পূ-৬০, হাদীস নং-২৩)

পুরস্কার পাবার রাত

পরম ইসলামী ভাইয়েরা! পরম করণাময় আল্লাহ তাআলা আমরা গুনাহগারদের উপর কতোই দয়াবান! একেতো রমযানুল মুবারকের গোটা মাসই আমাদের উপর আপন রহমতের বৃষ্টি বর্ষণ করতে থাকেন, তারপর যখনই এ মুবারক মাস আমাদের থেকে বিদায় নেয় এর পরপরই আমাদেরকে ঈদ-মুবারকের খুশী দান করছেন! উপরোল্লেখিত হাদীস মুবারক শাওয়াল-ই-মুকাররমের চাঁদ-রাত অর্থাৎ ঈদুল ফিতরের রাতকে 'লাইলাতুল জায়েযা' অর্থাৎ 'পুরস্কারের রাত' সাব্যস্ত করা হয়েছে।

এ রাত নেককার লোকদের পুরস্কার পাবার তথা ঈদের বখশিশ পাওয়ার রাত। এ মুবারক রাতের অশেষ ফযীলত রয়েছে।

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

হ্বদয় জীবিত থাকবে

তাজদারে মদীনা হযরত মুহাম্মদ مَنَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর মহান বাণী হচ্ছে, "যে ব্যক্তি দু' ঈদের রাতে (অর্থাৎ ঈদুল ফিতর ও ঈদুল আযহাব রাত দুটিতে) সাওয়াব লাভের জন্য জাগ্রত থেকে ইবাদত করেছে, ওই দিন তার হৃদয় মরবে না, যেদিন মানুষের হৃদয় মরে যাবে।"

(সুনানে ইবনে মাজাহ, খন্ড-২য়, পৃ-৩৬৫, হাদীস নং-১৭৮২)

জান্নাত ওয়াজিব হয়ে যায়

অন্যত্র হযরত সায়্যিদুনা মুআয ইবনে জাবাল الله تعالى عنه থেকে বর্ণিত, তিনি বলেন, "যে ব্যক্তি পাঁচটি রাতে জাগ্রত থেকে ইবাদত করে, তার জন্য জানাত ওয়াজিব হয়ে যায়। (সে রাতপুলো হচ্ছে) যিলহজ্জের ৮, ৯ ও ১০ তারিখের রাতে (তিন রাত) আর ৪র্থ ঈদুল ফিতরের রাত এবং ৫ম ১৫ ই শাবানুল মুআজ্জমের রাত (অর্থাৎ শবে বরাত।)

(আত্তারগীব ওয়াত্তারহীব, খন্ড-২য়, পৃ-৯৮, হাদীস নং-০২)

সায়্যিদুনা আব্দুল্লাহ ইবনে আব্বাস হ্রেট্ট গ্রেটি গ্রেটি এর বর্ণিত দীর্ঘ হাদীসে পাক (যা পূর্বে উল্লেখ করা হয়েছে) এর মধ্যে এ বিষয়বস্তুও রয়েছে যে, ঈদের দিন মাসুম ফিরিশতারা আল্লাহ তাআলার দান সমূহ এবং ক্ষমার ঘোষণা দেন। আর আল্লাহ তাআলা নিজেও অশেষ দান করেন যেনো সাধারণ ক্ষমার ঘোষণা দেয়া হয়। নিজের দয়া ও বদান্যতায় ঈদের নামাযে অংশগ্রহণকারী মুসলমানদের মাগফিরাত দান করে। তাছাড়া, আল্লাহর তরফ থেকে এটাও বলা হয় যে, দুনিয়া ও আখিরাতের মঙ্গলসমূহ থেকে যার যা কিছু দরকার হয়, তা যেনো চেয়ে নেয়। তাকে অবশ্যই দয়া করা হবে। আহা! এমন সব স্থানে যদি আমরা চাইতে জানতাম! কেননা, সাধারণতঃ লোকেরা এসব সুযোগে শুধু দুনিয়ার মঙ্গল, ক্রজিতে বরকত, আরো জানি না কি কি দুনিয়াবী বিষয়াদি চেয়ে বসে।

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

দুনিয়ার মঙ্গলের সাথে সাথে আখিরাতের কল্যাণ বেশি চাওয়া উচিত। দ্বীনের উপর অটলতা, জীবনের শেষ নিঃশ্বাস ঈমানের উপর হওয়া, তাও মদীনায়ে মুনাওয়ারায় হুযুর مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর পবিত্র কদমযুগলে, দাফনের স্থান জান্নাতুল বকীতে এবং জান্নাতুল ফিরদাউসে মদীনার তাজেদার হ্যরত মুহাম্মদ টুক্রিটাটি এর প্রতিবেশীও চেয়ে নেয়া চাই।

কোন ভিখারী নিরাশ হয়ে ফিরে না

প্রিয় ইসলামী ভাইয়েরা! একটু মনযোগ দিন! ঈদুল ফিতরের দিন কেমনই গুরুত্বপূর্ণ দিন! এ দিনে আল্লাহ তাআলার রহমত অতিমাত্রায় ঢেউ খেলে। আল্লাহ তাআলার দরবার থেকে কোন ভিখারী খালি হাতে ফিরে না। একদিকে আল্লাহ এর নেক বান্দাগণ আল্লাহ তাআলার অশেষ রহমত ও ক্ষমার উপর খুশী উদযাপন করে, অন্যদিকে মুমিনের উপর আল্লাহ তাআলার এতো বেশী দয়া ও করুনা দেখে মানুষের কঠিন দুশমন শয়তান পেরেশান হয়ে যায়।

শয়তান অস্থির হয়ে যায়

হযরত সায়্যিদুনা ওয়াহাব ইবনে মুনাব্বিহ رَضَالُهُ تَعَالُ عَنْهُ विलन, "যখনই কিল আসে, তখন শয়তান চিৎকার করে কাঁদতে থাকে। তার অস্থিরতা দেখে সমস্ত শয়তান তার চতুর্পাশে জড়ো হয়ে জিজ্ঞাসা করে, ওহে আমাদের নেতা! আপনি কেন রাগান্বিত ও অস্থির হয়ে পড়েছেন?" সে বলে, "হায় আফসোস! আল্লাহ তাআলা আজকের দিনে উদ্মতে মুহাম্মদী صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم দিয়েছেন। তাই তোমরা তাদেরকে প্রবৃত্তির কামনা ও তৃপ্তিতে বিভোর করে দাও।

শয়তান কি সফলকাম ?

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! ঈদের দিনটি শয়তানের জন্য কতোই কঠিন হয়ে অতিবাহিত হয়? তাই সে তার সন্তানদের হুকুম দিয়ে দেয় যেন তারা মুসলমানদেরকে প্রবৃত্তিগত তৃপ্তি লাভে মশগুল করে দেয়। আফসোস!

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

শত আফসোস! বর্তমান যুগে তো শয়তান তার এ আক্রমণে সফলকাম হতে দেখা যাচ্ছে! আফসোস! শত আফসোস! ঈদের আগমনে উচিততো এটাই ছিলো যে, ইবাদত সমূহ ও নেক কাজগুলো বেশি পরিমাণে করতে থাকবে, আল্লাহ তাআলার শোকর অধিক পরিমাণে করবে। কিন্তু আফসোস! শত আফসোস! এখন মুসলমান সৌভাগ্যময় ঈদের প্রকৃত উদ্দেশ্যই ভুলে বসেছে! হায় আফসোস! এখন তো ঈদ উদযাপনের এই আন্দাজ হয়ে গেলো যে, অনর্থক ধরণের ডিজাইন সম্পন্ন বরং আল্লাহ তাআলার পানাহ! প্রাণীগুলোর ফটো সম্বলিত অদ্ভূত ধরণের পোষাকও পরা হচ্ছে।* (বাহারে শরীয়াত, খভ-৩য়, পূ-১৪১-১৪২)

নাচ-গান ও চিত্ত বিনোদনের মঞ্চগুলো গরম করা হচ্ছে, ঢংয়ের মেলা, নাপাক খেলাধুলা, নাচ-গান ও ফিল্ম-নাটকের প্রতি গুরুত্ব দেয়া হচ্ছে। আর মন খুলে সময় ও সম্পদ উভয়কে সুনাত ও শরীয়াতের পরিপন্থী কাজের মধ্যে বরবাদ করা হচ্ছে। আফসোস! শত হাজার আফসোস! আমরা এখন এ মুবারক দিনকে কি পরিমাণ ভুল কাজ সমূহে অতিবাহিত করতে থাকি।

আমার ইসলামী ভাইয়েরা! এসব শরীয়ত - বিরোধী কাজগুলোর কারণে হতে পারে- এ সৌভাগ্যের ঈদ আমাদের জন্য কঠিন শাস্তির হুমকি হয়ে যাবে। আল্লাহ তাআলার ওয়াস্তে নিজেদের অবস্থার প্রতি দয়াবান হোন! ফ্যাশন-পূজা ও অপচয় থেকে বিরত হোন!

একটু দেখুন না! আল্লাহ তাআলা অপব্যয়কারীদেরকে কোরআনে পাকে শয়তানের ভাই সাব্যস্ত করেছেন।

S	
দা	না
 •• 11	11

* (বাহারে শরীয়াত এ আছে, প্রাণী ও মানুষের ফটো সম্বলিত পোশাক পরে নামায পরা 'মাকরহ-ই-তাহরীমী'। (অর্থাৎ হারামের কাছাকাছি।) এমন পোশাক কিংবা উপরে অন্য কোন কাপড় পরে নামায পুনরায় পড়া ওয়াজিব। নামায ছাড়াও অন্যান্য সময়ে প্রাণীর ফটো সম্বলিত কাপড় পরা না জায়িয। (বাহারে শরীয়ত থেকে সংক্ষেপিত, খভ-৩য়, পূ-১৩১-১৩২)

হ্যরত মুহাম্মদ্লি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

কানযুল ঈমান থেকে অনুবাদ ঃ

এবং অপব্যয় করো না নিশ্চয়
অপব্যয়কারী শয়তানদের ভাই। وَكَانَ الشَّيْطِيْنِ الْمُبَنِّرِيْنَ كَانُوْا الْحَانَ الشَّيْطِيْنِ السَّيْطِيْنِ السَّيْنِ السَّيْطِيْنِ السَّيْطِيْنِ السَّيْنِ السَلِيْنِ السَّيْنِ السَّيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلْمِيْنِ السَّيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلْمِيْنِ السَلِيْنِ السَلْمِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلْمِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلِيْنِ السَلْ

মানুষ ও পশুর মধ্যে পার্থক্য

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেন তো! অপব্যয়কারীদেরকে কুরআনে পাকে কতো খারাপ বলা হয়েছে? মনে রাখবেন, এসব অপব্যয়কারীদের প্রতি আল্লাহ তাআলা কখনোই খুশী হন না। কাজেই, আমরা কেন এসব কাজ করে আল্লাহকে নারায ও তাঁর প্রিয় হাবীব مَنَّ اللَّهُ تَعَالَى عَنْيْهِ وَالْهِ وَسَلَّم এর মনে দুঃখ দেবো? মনে রাখবেন, মানুষ ও পশুর মধ্যে পার্থক্য করার যেই বস্তুটি রয়েছে, তা হচ্ছে বিবেক, ব্যবস্থাপনা ও দুরদর্শিতা। সাধারণতঃ পশুর মধ্যে আগামী কালের চিন্তা থাকে না। মানুষ কোন কাজ কার্যকরী কৌশলের আলোকে করে। কিন্তু আফসোস! আজকাল কৌশলের তো নাম-গন্ধও নেই, তদুপরি, এ নশ্বর জগতকে গনীমত মনে করে আখিরাতের জন্য কোন ব্যবস্থাই করা হয় না। আহা! এখনতো মানুষ আপন জীবনের উদ্দেশ্য মনে করছে, সম্পদ উপার্জন করা, খুব মজা করে খাওয়া, তারপর খুব অলসতার নিদ্রায় বিভোর থাকা।

کیا کہوں اُحباب کیا کارِ نُمایاں کرگئے B.A کیا'نو کر ہوئے 'پنشن ملی بھر مُرگئے

কিয়া কেহো আহবাব কিয়া কারে নুমায়া কর গিয়ে, বি.এ কিয়া, নওকর হোয়ে, পেনশন মিলী ফির মরগিয়ে।

জীবনের উদ্দেশ্য কি?

প্রিয় ইসলামী ভাইয়েরা! জীবনের উদ্দেশ্য শুধু বড় বড় ডিগ্রী হাসিল করা, পানাহার করা এবং বিলাসিতা করা নয়। আল্লাহ তাআলা শেষ পর্যন্ত আমাদেরকে

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

জীবন কেন দান করলেন? আসুন, কুরআন পাকের খিদমতে আর্য করি, হে আল্লাহ তাআলার সত্য কিতাব! তুমিই আমাদেরকে বলে দাও, আমাদের জীবন ও মরণের উদ্দেশ্য কি? কুরআনে আ্যীম থেকে জবাব পাওয়া যাচ্ছে আল্লাহ তাআলার মহান বাণী ঃ

कानयुल क्रेमान शिक्त जनूतान १- এই لَيْبُلُوكُمْ لِيَبُلُوكُمْ لِيَبُلُوكُمْ لِيَبُلُوكُمْ لِيَبُلُوكُمْ لَيْبِلُوكُمْ الْحَيْنُ عَمَلًا لِيَبُلُوكُمْ الْحَيْنُ عَمَلًا لِيَبُلُوكُمْ الْحَيْنُ عَمَلًا لِيَبُلُوكُمْ الْحَيْنُ عَمَلًا لِي اللّهِ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللل

জন্ম হয়ে গেল

প্রিয় ইসলামী ভাইয়েরা! শয়তানের ধোঁকা থেকে বাঁচার প্রচেষ্টা হিসেবে ঈদের সুন্দরতম সময়গুলো আশিকানে রসুলদের সাথে মাদানী কাফিলায় অতিবাহিত করুন। আপনাদের উৎসাহের জন্য একটি সত্য ঘটনা উপস্থাপন করছি। জাহলাম পাঞ্জাম প্রদেশ এর এক ইসলামী ভাই কিছু এরকম বর্ণনা দিয়েছেন যে, বিয়ের প্রায় ৬ মাস পর ঘরে সকলের আশার আলো প্রকাশ পেল। (তথা স্ত্রী গর্ভবতী হল)। ডাক্তার বললেন যে, আপনার স্ত্রীর বিষয়টি খুবই জটিল। রক্তেরও যথেষ্ট স্বল্পতা রয়েছে। সম্ভবত অপারেশন করা প্রয়োজন হতে পারে। আমি ঐ সময় ৩০ দিনের জন্য মাদানী কাফিলার মুসাফির হওয়ার নিয়্যত করে নিলাম এবং কিছুদিন পর আশিকানে রাসুলদের সাথে সফরে রওয়ানা হয়ে গেলাম। তিইটিই মাদানী কাফিলার বরকতে এমন দয়া আর মেহেরবানী হয়ে গেল যে, হাসপাতালে যেতেই হয়নি বা কোন ডাক্তারকে দেখাতে হয়নি, ঘরেই সুস্থ স্বাভাবিক ভাবে আমার মাদানী মুন্নার (ছেলের) জন্ম হল।

گھر میں" اُمتید" ہو'اس کی تمہید ہو جلد ہی چل پڑیں' قافلے میں چلو رچے کی خیر ہو' بچے کی خیر ہو اُٹھئے ہتت کریں' قافلے میں چلو

হ্**যরত মুহাম্মদ**্শি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

> ঘরমে 'উম্মীদ' হো, উছকি তামহীদ হো জলদী চল পড়ে, কাফিলে মে চলো। ঝাচ্চা কি খায়র হো, বাচ্চা কি খায়র হো, উঠে হিম্মত করে, কাফিলে মে চলো।

صَلُّواعَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالى على محمَّد ग**र्ज शिकाजरा २ि तशी ठिकि९मा**

- (১) الْهُ اللّهُ اللهُ اللهُ
- (২) يَا عَيُّومُ ১১১ বার কোন কাগজে লিখে গর্ভবর্তী মহিলার পেটে বেঁধে দিন এবং সন্তান জন্ম হওয়া পর্যন্ত বেঁধে রাখবেন। (প্রয়োজনে কিছুক্ষণের জন্য খুলে লাগালে কোন সমস্যা নেই) اللهُ عَزَّرَ جَلَّ رَجَلً গর্ভও ঠিক থাকবে এবং বাচ্চাও সুস্বাস্থ্য ও নিরাপদে জন্ম গ্রহণ করবে।

ঈদ, নাকি শাস্তি?

প্রিয় ইসলামী ভাইয়েরা! অনর্থক কাজ সম্পাদন করে 'ঈদের দিনকে' নিজের জন্য কঠিন শাস্তির দিন বানাবেন না। আর স্মরণ রাখুন!

لَيْسَ الْعِيدُ لُلِمَنْ لَّبِسَ الْجَدِيْدِ إِنَّمَا الْعِيدُ لِمَنْ خَافَ الْوَعِيد

অনুবাদ ঃ তার জন্য ঈদ নয়, যে নতুন কাপড় পরেছে, ঈদতো তার জন্য যে আল্লাহর শাস্তিকে ভয় করেছে।

হ্যরত মুহাম্মদ ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

আউলিয়ায়ে কেরামও তো ঈদ উদযাপন করেন

প্রিয় ইসলামী ভাইয়েরা! আমরাতো শুধু নতুন নতুন কাপড় পরে ও উন্নত মানের খাবার খাওয়াকেই ঈদ মনে করি। একটু খেয়াল করুন! আমাদের বুযুর্গানে দ্বীন الله تَعَالَى ওতো ঈদ পালন করে থাকেন। কিন্তু তাঁদের ঈদ পালনের ধরণই অনন্য। তাঁরা দুনিয়াবী মজা গ্রহণ করা থেকে অনেক দূরে থাকেন। সব সময় নফসে আম্মাবার বিরুধীতা করতে থাকেন।

ঈদের আশ্চর্য খাবার

হযরত সায়্যিদুনা যুন্ধন মিসরী رَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ দীর্ঘ দশ বছর যাবত কোন মজাদার খাদ্য খান নি। নফস চাচ্ছিলো আর তিনি নফসের বিরোধীতাই করছিলেন। একবার ঈদের পবিত্র রাতে নফস প্রস্তাব দিলো, 'আগামী কাল পবিত্র ঈদের দিন। যদি কোন মজাদার খাবার খেয়ে নেয়া হয় তবে তাতে ক্ষতি কি?' এ প্রস্তাব অনুযায়ী তিনি عَلَيهِ ও নফসকে পরীক্ষায় ফেলার উদ্দেশ্য বললেন, 'আমি প্রথমে দুই রাকাআত নফল নামাযের মধ্যে পুরো কুরআন মজীদ খতম করবো। হে আমার নফস! তুমি যদি আমার এ প্রস্তাবে একমত হও, তবে আগামী কাল মজাদার খাবার পাওয়া যাবে।' তিনি يَحْبَةُ الله تَعَالَى عَلَيهِ দুই রাকাআত নামায আদায় করলেন। ওই দু' রাকাআতে পুরো কুরআন মজীদ খতম করলেন। তাঁর নফস এ ব্যাপারে তার সাথে একমত হয়ে কাজ করলো। (অর্থাৎ দুই রাকাআত একাগ্রচিত্তে আদায় করা হলো।)

তিনি کِشَدُ الله تَعَالَیٰ عَلَیهِ ঈদের দিন মজাদার খাবার আনালেন। লোকমা তুলে মুখে দিতে চাইলেন। অমনি অস্থির হয়ে তা পুনরায় রেখে দিলেন, খাবার খেলেন না। লোকেরা এর কারণ জিজ্ঞাসা করলেন। তদুত্তরে, তিনি বললেন, 'যখন আমি লোকমা তুলে মুখের নিকট নিলাম, তখন আমার নফস বললো, 'দেখলে! আমি শেষে দীর্ঘ দশ বছর যাবত লালিত ইচ্ছায় কামিয়াব হয়ে গেলাম।' আমি তখন বললাম, 'যদি তাই হয়, তবে আমি তোমাকে কখনোই সফলকাম হতে

হ্যরত মুহাম্মদ ্ল্ল্ট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

দেবো না। আর নিশ্চয় নিশ্চয় মজাদার খাবার খাব না।' সুতরাং তিনি মজাদার খাবার খাওয়ার ইচ্ছা বাদ দিলেন।

যদি আজকাল ছেলে বা মেয়ে পূর্ণ কুরআন করীম হিফ্য করে নেয়, তবে তার জন্য শানদার আয়োজন করা হয়ে থাকে, যাতে তাকে মালা পরানো হয়, ফুল ছিটানো হয়, উপহার-উপটোকন দেয়া হয়, প্রশংসাবাক্য দ্বারা খুব অভিনন্দিত করা হয়। পরিবারের লোকেরা মনে করে-তারা তাকে উৎসাহিত করছে। কিন্তু আমি ক্ষমা চেয়ে নিয়ে আর্য করছি, "ছেলে খুব সাহসী ও উদ্যোগী ছিলো বলেই তো হেফ্য করেছে আর হাফেয হয়েছে। অবশ্য, হেফ্য শুরু করানোর সময় তাকে সাহস যোগানোর বাস্তবিকই প্রয়োজন ছিলো, যাতে কোন প্রকারে সে পড়া শেষ করে নেয়। মোটকথা, এসব অবস্থায়, হাফেয মাদানী মুন্না/মুন্নী (ছেলে/মেয়ের) হেফ্য উদযাপনের মধ্যে কি সে উৎসাহিত হচ্ছে, না নিজে নিজে ফুলে-ফেঁপে একাকার হয়ে এমনতো হচ্ছে না যে, আমাদের এ অনুষ্ঠান ইত্যাদির শুভ আয়োজন ওই বেচারা সাদাসিধে সরলমনা হাফিয মাদানী মুন্নার (ছেলের) রিয়াকারী প্রতিপালনের মাধ্যম হচ্ছে কিনা।

আমি ইখলাস অনেক খুঁজেছি

আমি এ ধরণের অনুষ্ঠানাদির মধ্যে ইখলাসকে খুব খুজ করেছি। কিন্তু পাইনি। ব্যস! শুধ লোক-দেখানোই নজরে পড়েছে। এমনকি কখনো কখনো, আল্লাহ তাআলার পানাহ্! ফটোও তোলা হয়। এভাবে বেশিরভাগ স্বল্পবয়স্ক মাদানী মুন্না-মুন্নীর 'রোযা খোলানো' (ইফতার করানোর) এর উৎসবের ফটো তোলানোর মত গুনাহের কাজ চালু হয়ে যায়।

অন্যথায়, সাদাসিধেভাবে ইফতারের আয়োজন করার প্রথা পালন করা যেতে পারে কিংবা হাফেয মাদানী মুনার দ্বীনি উনুতির জন্য সবাইকে একত্রিত করার পরিবর্তে বুযুর্গ ব্যক্তির দরবারে পেশ করে সারা জীবন কুরআন পাক স্মরণ থাকার ও তদনুযায়ী আমল করার দু'আ নেয়া যেতে পারে। তাহলে, الْكَمْنُدُ لِللّهُ عَزَّ وَجُلّ তাতে বরকত বেশি হবে।

(আল্লাহ তাআলা তাঁর রসূল مَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم ই ভাল জানেন।)

হযরত মুহাম্মদ শ্ল্রিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

ভালভাবে চিন্তা করুন

মোটকথা, ভালভাবে চিন্তা-ভাবনা করা উচিত যে, আমরা যেই উৎসব পালন করছি তাতে আমাদের আখিরাতের উপকার কতটুকু হচ্ছে। যদি আপনার অন্তর সত্যই এ মর্মে শান্তনা দেয় যে, হিফ্যে কুরআনের খুশী উদযাপনের উদ্দেশ্য নিছক প্রদর্শনী নয়, আর একথাও দৃঢ় হয় যে, মাদানী মুন্নার মধ্যে রিয়াকারী সৃষ্টি হবার কোন আশঙ্কা নেই, অর্থাৎ আপনি তাকে ইখলাস (নিষ্ঠা) এর উচ্চ পর্যায়ের শিক্ষা দিয়ে রেখেছেন, তাহলে অবশ্যই উৎসব করুন! আল্লাহ তাআলা কবুল করুন! '

হেফজ করা সহজ কিন্তু হাফিজ থাকা কঠিন

একথাও চিন্তা করার উপযোগী বরং অত্যন্ত দুশ্চিন্তারই কারণ যে, যেসব হাফেয ও হাফেযার শানদার উৎসব হয়ে থাকে, তাদের একটা বিশেষ সংখ্যা অদূর ভবিষ্যতে কুরআনে পাক ভুলে যায়। এমনই মনে হয় যে, কোন কোন বংশের এটা প্রথাই হয়ে গেছে যে, ছেলে বা মেয়েকে কুরআন করীম হেফ্য করিয়ে নেয়া হয়। এটা খুব ভাল কাজ। কিন্তু একথাও মনে রাখবেন যে, হেফ্য করা সহজ, কিন্তু সারা জীবন হেফ্জ রাখা কঠিন। সূতরাং যে-ই আপন সন্তানকে কুরআন হেফ্য করান, তাঁর খিদমতে আকুল আবেদন, যেন সারা জীবনই আপন হাফেয সন্ত ানদের প্রতি কড়া দৃষ্টি রাখেন যে সে বেশী না হলেও যেন প্রতিদিন কমপক্ষে একপারা কুরআন অবশ্যই পড়ে নেয়, যাতে ভুলে না যায়।

হুযুর صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর বরকতময় বাণী হচ্ছে- "কুরআন সর্বদা পড়তে থাক, সেই জাতে পাকের শত কসম! যার কজায় আমার জান, অবশ্যই কুরআন ঐ উট গুলোর চেয়েও বেশি পরিমাণে ছুটে যেতে চায় যেই উট রশিদ্বারা বাঁধা অবস্থায় থাকে। (সহীহ রোখারী, খভ-৩য়, পৃ-৪১২, পৃ-৫০৩৩)

অর্থাৎ যেমনি ভাবে বাঁধা উট রশি থেকে মুক্তি পেতে চায় ঠিক তেমনিভাবে যদি ওগুলোর ব্যাপারে যথাযত হিফাযত ও সতর্কতা অবলম্বন করা না

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

যায় তাহলে উহাও খুলে যাবে। কুরআনের অবস্থা এর চেয়েও বেশি। যদি তুমি তা নিয়মিত না পড়, মুখস্ত না কর তবে তা তোমার সিনা থেকে বের হয়ে যাবে। তাই তোমাদের উচিত সর্বদা তা স্মরণ রাখা ও মুখস্ত করতে থাকা। এই মহা মূল্যবান নে'মত হাত ছাড়া হতে দিওনা। (ফাতাওয়ায়ে রযবীয়্যাহ, খভ-২৩, পৃ-৭৪৫)

হিফজ ভুলে যাওয়ার শাস্তি

যেই সমস্ত হাফিযগণ রমযানুল মুবারকের আগমণের সামান্য আগে থেকে শুধুমাত্র মুসল্লীদেরকে শোনানোর জন্য মনজিল পাকা পোক্ত করে এছাড়া আল্লাহরই পানাহ্ সারা বছর অলসতার কারণে কিছু কিছু আয়াত ভুলে যায় এবং সেটা বারবার পাঠ করে, আল্লাহর ভয়ে সে যেন কেঁপে উঠে। এছাড়া যে ব্যক্তি একটি আয়াতও ভুলে গেল, সে যেন তা দ্বিতীয়বার মুখন্ত করে নেয় এবং ভুলে যাওয়ার যেই পাপ হয়েছে, তা থেকে একনিষ্ট তওবা করে নেয়।

"যে ব্যক্তি কুরআনের আয়াত মুখস্ত করার পর ভুলে যাবে সে কিয়ামতের দিন অন্ধ হয়ে উঠবে।"

(পারা : ১৬, সূরা- তোয়া-হা, আয়াত-১২৫,১২৬ হতে সংগৃহিত) (১৬-পারা, সুলা-তহা, আয়াত-১২৫ ও ১২৬)

তিনটি ফরমানে মুস্তফা हुः ।

- (১) আমার উন্মতের সাওয়াব আমার সামনে পেশ করা হয় এমনকি আমি সেখানের সেই খড়কুটা পর্যন্ত দেখেছি যা মানুষ মসজিদ থেকে বের করে। আর আমার উন্মতের গুনাহ্ও আমার সামনে পেশ করা হয় এতে আমি এর চেয়ে বড় কোন গুনাহ্ দেখিনি যে, কোন লোক কুরআনের কোন একটি সুরা বা আয়াত মুখস্ত করল অতঃপর তা ভুলে গেল। (জামে তিরমিয়ী, খড়-৪র্থ, পু-৪২০, হাদীস নং-২৯২৫)
- (২) যে ব্যক্তি কুরআন শিখে অতঃপর তা ভুলে যায় তবে সে কিয়ামতের দিনে আল্লাহ তাআলার সাথে কুষ্ঠ রোগী হিসেবে সাক্ষাৎ করবে।

(আবু দাউদ, খন্ড-২য়, পৃ-১০৭, হাদীস নং-১৪৭৪)

হ্যরত মুহাম্মদ্শিট্ট ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

456

(৩) কিয়ামতের দিনে আমার উম্মতকে আল্লাহ তা'আলা যে গুনাহটির শাস্তি পরিপূর্ণভাবে দিবেন তা হচ্ছে এই যে, তাদের মধ্য কারো কুরআন পাকের কোন সুরা মুখস্ত ছিল অতঃপর সে তা ভুলে গেছে।

(কানযুল উম্মাল, খন্ড-১ম, পৃ-৩০৬, হাদীস নং-২৮৪৩)

আলা হ্যরত مِنْهَ الله تَعَالَى عَلَيهِ এর বাণী

আলা হযরত, ইমামে আহলে সুনুত, ইমাম আহমদ রযা খান خَيْدُ اللّٰه تَعَالَىٰ عَلَيْهِ مَالِهُ عَلَيْهِ مَا اللّٰه تَعَالَىٰ عَلَيْهِ مَا اللّٰه تَعَالَىٰ عَلَيْهِ مَا اللّٰه تَعَالَىٰ عَلَيْهِ مَا اللّٰه تَعَالَىٰ عَلَيْهِ কে যাকে আল্লাহ তা আলা এমন সাহস দিয়েছেন এবং সে তা নিজ হাতে নির্মূল করে দিল! যদি সে এর (হেফজে কুরআন) সম্মান সম্পর্কে অবগত হত এবং যে সাওয়াব ও মর্যাদার অঙ্গিকার এর জন্য রয়েছে সে সম্পর্কে যদি জানত, তাহলে সে হেফজকে মন প্রাণের চাইতেও বেশি প্রিয় জানত।

তিনি আরো বলেন, "যতটুকু সম্ভব অপরকে কুরআন, পড়ানো, হেফজ করানো ও নিজেও মুখস্ত রাখার চেষ্টা করবেন যাতে সেই সাওয়াব যা সেটার ব্যাপারে অঙ্গীকার রয়েছে তা অর্জন হয় এবং কিয়ামত দিবসে অন্ধ ও কুষ্ট রোগী হিসেবে উঠা থেকে মুক্তি পাওয়া যায়। (ফতোওয়ায়ে রযবীয়্যা, খন্ড-২৩, পৃ-৬৪৫, ৬৪৭)

নেকী প্রকাশ করার কখন অনুমতি রয়েছে?

নে'মতের চর্চার খাতিরে কখনো কখনো সৎ কর্ম করে তা প্রকাশ করার অনুমতি রয়েছে। অনুরূপভাবে, কোন পেশওয়া, তিনি নিজের আমলকে এজন্যই প্রকাশ করছেন যে, যেন তাঁর অধিনস্থ লোকেরা তাঁকে দেখে আমল করার উৎসাহ পায়। এটা রিয়াকারী নয়। তবে প্রত্যেককে নিজের আমল প্রকাশ করার সময় নিজের অন্তরের অবস্থা একশ' একবার যাচাই করে নেয়া চাই।

কেননা,শয়তান খুব বড় ধোঁকাবাজ। হতে পারে সে এভাবে উস্কানী দিয়েও তাঁকে রিয়াকারীতে লিপ্ত করে দেয়। যেমন, অন্তরে প্ররোচনা দিচ্ছে যে, লোকজনকে বলে দাও, "আমি তো শুধু নে'মতের চর্চার খাতিরে নিজের

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

আমলগুলো প্রকাশ করছি।" অথচ অন্তরে এ আত্মতৃপ্তিই লালিত হচ্ছেযে, এভাবে বললে মানুষের অন্তরে আমার সম্মান বেড়ে যাবে।" এটা নিশ্চিতভাবে রিয়াকারী। আর সাথে নে'মতের চর্চার কথা বলা রিয়াকারীর উপর রিয়াকারীই। এর সাথে, মিথ্যার মতো কবীরা গুনাহের ধ্বংসতো আছেই। বিস্তারিত জ্ঞানার্জনের জন্য সায়্যিদুনা ইমাম মুহাম্মদ গায্যালী رَحْبَةُ اللّٰهِ تَعَالَىٰ عَلَيْهِ এর তাসাওফের কিতাব "ইহইয়াউল উলুম' ও 'কীমিয়ায়ে সাআদাত' থেকে নিয়্যত, নিষ্ঠা ও রিয়াকারীর অধ্যায় গুলো পড়ুন! আহা! যদি শয়তান সেগুলো পড়া থেকে বঞ্চিত না করত! কেননা, এ অভিশপ্ত শয়তান কখনো এটা চাইবে না যে, মুসলমানের আমল নিষ্ঠাপূর্ণ হয়ে মকবুল হয়ে যাক!

হে আমাদের প্রিয় আল্লাহ! আমাদেরকে নিষ্ঠার সাথে তোমার ইবাদত করার ও নফল রোযা বেশি পরিমাণে রাখার সৌভাগ্য দান করুন! আমাদেরকে শয়তানের ওই বাহানা-অজুহাত ও চক্রান্তগুলোর পরিচয় দান করুন, যেগুলো দ্বারা সে আমাদের আমলগুলো বরবাদ করে দেয়।

আমিন বিজাহিন্নাবিয়্যীল আমিন مَلَيْهِ وَالِهِ وَسَلَّم صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم اللَّه اللَّهِ صَلَّم اللَّهِ اللَّه اللَّهِ اللَّهُ اللَّ

صَلُّوا عَلَى الْحَبِيب! صلَّى اللَّهُ تعالى على محمَّد

১২. রোযাদারদের এলাকা

হযরত সায়্যিদুনা মালিক ইবনে দীনার کفید الله کفید الله کفید চল্লিশ বছরের মধ্যে কখনো খেজুর খাননি। চল্লিশ বছর পর যখন তাঁর মনে খেজুর খাওয়ার আকাংখা জন্মালো তখন নফসকে দমন করার জন্য তিনি পরপর আটদিন রোযা রাখলেন। তারপর খেজুর কিনে নিয়ে দিনের বেলায় বসরার একটি এলাকার মসজিদে প্রবেশ করলেন। তখন খাওয়ার জন্য তা বের করতেই একটা ছোট ছেলে

হ্**যরত মুহাম্মদ**্শৃশ্ভি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

চিৎকার করে বলতে লাগলো, "আব্বাজান! মসজিদে ইহুদী এসেছে।" ইহুদীর নাম শুনতেই তার পিতা হাতে ডান্ডা নিয়ে দোঁড়ে আসলো। কিন্তু আসতেই তাঁকে চিনে ফেললো। আর ক্ষমা চেয়ে আর্য করলো, হুযুর! মূলতঃ কথা হচ্ছে-আমাদের এলাকার সমস্ত মুসলমানই (প্রায় সারা বছর) রোযা রাখে। এখানে ইহুদীগণ ছাড়া দিনের বেলায় আর কেউ খাবার খায় না। এ কারণে এ ছেলেটি আপনাকে ইহুদী মনে করেছে। অনুগ্রহ করে আপনি তার ভুলটুকু ক্ষমা করে দিন! তিনি খুব আবেগজড়িত কণ্ঠে বললেন, "ছোট ছেলেদের জিহ্বা (মুখ) অদৃশ্যের ভাষা প্রকাশের মাধ্যম হয়ে থাকে।" তারপর কসম করে বললেন, "আমি বাকী জীবনে খেজুর খাওয়ার নামও নিবো না।" (তাজকিরাতুল আউলিয়া, খভ-১ম, পৃ-৫২)

গোশতের খুশবু দিয়েই জীবনধারণ

উল্লেখিত ঘটনায় একথাও জানা গেল যে, পূর্ববর্তী মুসলমানগণ নফল রোযাকে খুব ভালবাসতেন। বসরা শরীফের পুরো একটি এলাকার প্রতিটি মুসলমান প্রতিদিন রোযা রাখতেন!

হ্যরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

অবুঝ শিশুর পক্ষ থেকে নেকীর দা'ওয়াত

হযরত সায়্যিদুনা মালিক বিন দীনার رَحْيَةُ اللّه تَعَالَىٰءَ عَلَىٰءَ এর বাণী যে, শিশুদের জবান (জিহ্বা) "গায়েবী জবান" হয়ে থাকে। এটি খুবই জ্ঞানসমৃদ্ধ, বিবেকসম্পন্ন, চিন্ত মূলক বানী। বাস্তবেই বাচ্চাদের কথাবার্তা ও প্রতিটি কর্মকান্ডে অধিকাংশই মাদানী ফুল পাওয়া যায়। সংগত কারণে বর্ণনা করা ১২ নং ঘটনাটি সাগে মদীনা ফুল পাওয়া যায়। সংগত কারণে বর্ণনা করা ১২ নং ঘটনাটি সাগে মদীনা ঠুটু (অর্থাৎ লিখক) বাবুল মদীনা করাচীতে এক ইসলামী ভাইয়ের ঘরে ৯ই শাওয়ালুল মুকাররম ১৪২২ হিজরী লিখার সুযোগ হয়। খাবার খাওয়ার সময় মেযবানের (তথা খানার আয়োজনকারীর) ছোট ছেলে ও ছোট মেয়েও খেতে বসল। তারা উভয়ে খাবার খাওয়ার মাঝখানে আমাকে লোভ, অতি আশা, অথবা ঝগড়া ঝাটি, মানহানি, অধৈর্য, চোগলী, হিংসা, আত্মসম্মানবোধ, রিয়াকারী, বিপদের অহেতুক আলোচনা ও অতিরিক্ত কথাবার্তা ইত্যাদি বিষয়ের উপর খুব শিক্ষা দেন!!

এখন আমি খুব চিন্তায় পড়ে গেলাম যে, এই সামান্য বয়সের বাচ্চারা কিভাবে এতগুলো বিষয়ের দরস দিতে পারে! ঐ দরসগুলোর মূল রহস্য এটাই ছিল যে, তারা এভাবে নড়াচড়া করছিল এবং শরীরে বিভিন্ন অঙ্গ পতঙ্গ নাড়ছিল যা থেকে একজন মাদানী যেহেন (মন-মানসিকতা) সম্পন্ন মানুষ অনেক কিছু শিখে নিতে পারে। যেমন: তারা প্রয়োজনের অতিরিক্ত খাবার নিল। কিছু খেলো কিছু নিচে ফেলল আর কিছু বরতনে রেখে দিল।

তাদের এই আচরণ থেকে এই শিক্ষণীয় বিষয় পাওয়া যায় যে, নিজ বাসনে প্রয়োজনের অতিরিক্ত খাবার ঢেলে নেওয়াটা লোভ ও অতিআশারই আলামত। আর এটা অবুঝ শিশুদেরই কাজ। জ্ঞানবান লোকেরা এসব কাজ করতে পারে না। পতিত খাবার তা এইভেবে রেখে দেয় যে ফেলে দেয়া হবে, তাহলে এটা অপচয়। খেয়ে প্লেট চেটে খাওয়া সুন্নাত। অপরের কাজে জড়িত হওয়া ও সুন্নতের পরিপন্থী কাজ করা বিবেকবানের কাজ নয় বরং বিবেকহীনতারই লক্ষণ। কেননা বাচ্চারা অবুঝই হয়ে থাকে।

হ্যরত মুহাম্মদ ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

ছেলে বাচ্চাটি বোতল নিয়ে নিজের জন্য পুরা ১ গ্লাস ঢেলে ভর্তি করে নিল এতে মেয়ে বাচ্চাটি খুবই ঝগড়া করল। শেষ পর্যন্ত বোতলটি তুলে প্রথমে আমার পাশে রাখল। কিন্তু এতেও যখন তার হৃদয়ে প্রশান্তি আসল না তখন সে বোতলটি সেখান থেকে তুলে নিয়ে কক্ষের বাইরে অন্য কোন স্থানে রেখে দিয়ে আসল। এই মীমাংসার মাধ্যমে ছেলেটি লোভের ও মেয়েটি হিংসার শিক্ষাই দিল। যেহেতু তারা উভয়ের মাঝে ঝগড়া লেগে গিয়েছিল। তাই একে অপরের "দোষ" বের করতে লাগল। আর এটাই বুঝাতে চাচ্ছিল যে, দেখুন! আমরা অবুঝ, তাই অতিরিক্ত কথাবার্তা, হিংসা, মানহানি অঝথা ঝগড়াঝাটি ও অধৈর্যের নমুনা দেখাচ্ছি আর একে অপরের দোষ বের করছি। যদি জ্ঞানীর বেশ ধারণকারী ব্যক্তি যদি এসব আচরণ করে বসে তাহলে সে বোকা নয় তো আর কি?

সত্যিই আমরা নিজ প্রশংসায় বিভোর হয়ে আছি। আমরা নিজ মুখে নিজের প্রশংসার বর্ণনা দিয়ে যাচ্ছি, একে অপরের ছোট ছোট বিষয়গুলোকে দেখিয়ে দিচ্ছি, কিন্তু তারাতো ছোট হওয়ার কারণে ছাড় পেয়ে যাবে। ঐ বিষয়গুলোর জন্য কিয়ামতের দিন তাদের কোন জবাব দিহিতা করতে হবে না, কেননা তারা এখনো নাবালিগ। আর যদি আপনারাও তাদের মত ভুল করে বসেন এবং মানহানি, রিয়াকারী, মিথ্যা ও হিংসা ইত্যাদি ইত্যাদি গুনাহ্ করে ফেলেন তাহলে হতে পারে কিয়ামতের দিন আপনাকে গুনাহে অভ্যস্ত ব্যক্তি হিসেবে জাহান্নামে যাওয়ার নির্দেশ দেয়া হবে।

(আর যদি এরকম হয়েই যায় তবে আপনার ঐ ধরনের অনুশোচনা হবে, দুনিয়ায় স্বয়ং অনুশোচনাও কখনো এ ধরনের অনুশোচনা দেখেনি)

প্রিয় ইসলামী ভাইয়েরা! বাস্তব কথা এটাই যে, ঐ সকল মাদানী মুনামুনী আওয়াজবিহীন মুবাল্লিগদের আচরণগুলো থেকে আমি মাত্র দু'একটা বর্ণনা দিয়েছি, যদি বাচ্চাদের সারাদিনের প্রতিটি আচরণের হিসাব নেয়া হয় তবে এরকম মনে হবে যে, তাদের প্রতিটি আচরণ নড়াচড়া করা ও চুপচাপ থাকার মধ্যে আমাদের জন্য শিক্ষা অসংখ্য মাদানী ফুল রয়েছে।

হ্যরত মুহাম্মদ শ্লিট্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

আল্লাহর মাহবুব হযরত মুহাম্মদ مَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর বাণী হচ্ছে, "দু'টি ক্ষুধার্ত নেকড়েকে ভেড়ার পালের মধ্যে ছেড়ে দিলে তারা এত টুকু ক্ষতিসাধন করবে না যতটুকু ধন সম্পদ ও মান সম্মানের লোভ মানুষের দ্বীনের ক্ষেত্রে ক্ষতি সাধন করে।" (জামে তিরমিয়ী শরীফ, খভ-৪র্থ, পৃ-১৬৬, হাদীস নং-২৩৮৩)

আমি জুমার নামায পড়া থেকে বঞ্চিত ছিলাম

প্রিয় ইসলামী ভাইয়েরা! নিজ মর্যাদা ও সম্পদের লোভ অন্তর থেকে ধুয়ে মুছে সাফ করার জন্য তবলীগে কুরআন ও সুনুতের বিশ্বব্যাপি অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী মহলের সাথে সর্বদা সম্পৃক্ত থাকুন এবং দা'ওয়াতে ইসলামীর মাদানী কাফিলায় সফর করাকে নিজের অভ্যাসে পরিনত করুন। দা'ওয়াতে ইসলামীর মাদানী মহলের বাহারের কথা কি বলব! যেমন গোজারা নাওয়ালা পাঞ্জাব এর স্থায়ী বাসিন্দা এক ইসলামী ভাই কিছুটা এরকম বর্ণনা দেন যে, আমি ফ্যাশন মগু গুনাহে পরিপূর্ণ জীবন কাটাচ্ছিলাম।

হযরত মুহাম্মদ শ্লিঙ্ডি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

খুব খারাপ সঙ্গের কারনে আল্লাহ থেকে পানাহ! মদ পান করায় অভ্যন্ত হয়ে গেলাম। অবস্থা এমন পর্যায়ে পৌছে গেল যে, জুমার নামায পর্যন্ত পড়তাম না, আমি কুরআনে পাকের হাফিজ ছিলাম, কিন্তু কমবেশী ১২ বছর পর্যন্ত কুরআন শরীফ খুলেও দেখিনি, যার কারনে আমি কুরআন শরীফ প্রায় ভুলে গিয়েছিলাম। সর্বোপরি আমার জীবন খুব অলসতায় কাটছিল।

এ অবস্থায় আমার নসীব এভাবে জাগল যে, পাগড়ি পরিহিত ইসলামী ভাইয়ের সাথে আমার সাক্ষাত হল। তার সুন্দর চরিত্র এবং দয়াপূর্ণ কথাবার্তা আমাকে খুবই প্রভাবিত করল। তিনি আমাকে মদীনাতুল আউলিয়া মুলতান শরীফে অনুষ্ঠিত তাবলীগে কুরআন ও সুন্নতের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক ৩ দিনের সুন্নতে পরিপূর্ণ ইজতিমায় অংশ গ্রহন করার দাওয়াত দিল। আমি অপারগতা পেশ করে বললাম যে, আমি বেকার, আর সামাজিক অবস্থা এমন যে, যা আমাকে যাওয়ার অনুমতি দিচ্ছে না। তিনি খুবই বিনয় সহকারে আমাকে খুব আপন করে নিয়ে উৎসাহ জাগালেন এবং আমার যাওয়ার টিকেটের ব্যবস্থা করে দিলেন।

اَلْحَنْدُ بِلَّهُ عَزَّوَجَلً ! এভাবে আমার সুনুতে পরিপূর্ণ ইজতিমায় অংশগ্রহনের সৌভাগ্য নসিব হল। সেখানকার মনোরম দৃশ্য এবং সুনুতে পরিপূর্ণ বয়ান ও হৃদয় গলানো দোয়া اَلْحَنْدُ بِللّهُ عَزَّوَجَلَّ আমার জীবনকে একেবারে পাল্টে দিল। যখন আমি ইজতিমা থেকে বাড়ি আসলাম।

আমার অন্তরে মাদানী পরিবর্তন সাধিত হল। আশিকানে রাসূলদের সাথে মাদানী কফিলায় সফরের সৌভাগ্য হয় যা আমার বাহ্যিক অস্তিত্বকে সুনুতের রঙ্গে সাজিয়ে দিল।

اَلْحَيْدُ بِلَّهُ عَزَّوَجَلَّ! মাদানী মহলে সম্পৃক্ত হওয়ার বরকতে আমার ভুলে যাওয়া কুরআনে পাক মুখন্ত করার সৌভাগ্য হল এবং ৭ বছর পর্যন্ত ইমামতি করার সৌভাগ্য নসিব হল। এই বর্ণনা দেওয়ার সময় দা'ওয়াতে ইসলামীর সাংগঠনিক

হ্যরত মুহাম্মদ শ্ল্লি ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

নিয়মানুসারে আমি "পাঞ্জাব মক্কী" এর মজলিশের একজন জিম্মাদার হিসাবে খিদমত করার সৌভাগ্য অর্জন করছি।

صَلُّوا عَلَى الْحَبِيب! صلَّى اللَّهُ تعالىٰ على محمَّد

ইয়া রাবের মুস্তফা مَنَّ اللهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم আমাদেরকে দা'ওয়াতে ইসলামীর মাদানী মহলে স্থায়িত্ব দান করুন। ইয়া আল্লাহ তাআলা আমাদেরকে মাদানী কাফিলায় সফর করার উৎসাহ দান করুন। ইয়া ইলাহী তাআলা আমাদেরকে ইখলাসের অমূল্য দৌলত দ্বারা ধন্য করুন, আত্মসম্মান ও সম্পদের লোভ করা এবং রিয়াকারীর ধ্বংস থেকে আমাদেরকে হিফাজত করুন। আমাদেরকে ফর্য রোজার সাথে সাথে খুব বেশী নফল রোজা রাখার সৌভাগ্য দান করুন। এবং তা কবুল করুন। ইয়া আল্লাহ তাআলা আমাদেরকে এবং সকল উম্মতে মাহবুব مَنَّ اللهُ تَعَالَ عَلَيْهِ وَالِهِ وَسَلَّم কি ক্ষমা করে দিন।

वाभीन विकारिन्नाविशिष्ण वाभिन مسلَّم عَلَيْهِ وَالِهِ وَسَلَّم विकारिन्नाविशिष्ण वाभिन

হ্যরত মুহাম্মদ্শিট্টি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

ٱلْحَمْدُ لِللهِ رَبِّ الْعُلَمِيْنِ وَالصَّلْوةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِيْنَ الْحَمْدُ اللهِ وَنَ الشَّيْطُنِ الرَّجِيْمِ لِبِسْمِ اللهِ الرَّحْلْنِ الرَّحِيْمِ لَ

ইতিকাফকারীদের ৪১টি মাদানী বাহার

পৃথিবীর বিভিন্ন দেশের বিভিন্ন শহরে কুরআন সুনাত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর ব্যবস্থাপনায় ইজতিমায়ী (সিন্দালিত) ইতিকাফে আগত ইতিকাফকারীদের মধ্যে প্রতি বছর এই সমাজের অসংখ্য পথভ্রষ্ট মানুষ গুনাহ্ থেকে তওবা করে মাদানী জযবা এই শ্লোগাণ "আমাকে নিজের এবং সারা দুনিয়ার মানুষের সংশোধনের চেষ্টা করতে হবে।" ক্রিন্টেট্ট তারা এই জযবা নিয়ে উঠতে বসতে সর্বদা নিজেকে ও অন্যদের সংশোধনের জন্য মশগুল হয়ে যায়। ঐ সমস্ত তওবাকারীদের মাদানী জযবা সমূহ আপনাদের সামনে পেশ করছি। ইসলামী ভাইয়েরা এগুলো নিজেদের মত করে লিখেছেন। সাগে মদীনা গ্র্ট্ট্ট (লেখক) প্রয়োজনীয় সংযোজন ও বিয়োজন করে পাঠকদের সমীপে পেশ করার চেষ্টা করেছেন।

ইলমে দ্বীন শিখতে ও শরয়ী মাসআলা মাসায়িল জানতে দেখতে থাকুন মাদানী চ্যানেল

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

اَلْحَمْدُ لِلْهِ رَبِّ الْعٰكَمِيْنِ وَالصَّلُوةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُوْسَلِيْنَ اَمَّا بَعْد فَاَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطُنِ الرَّجِيْمِ لْبِسْمِ اللهِ الرَّحْلُنِ الرَّحِيْمِ لُّ بَمْهُ اللهِ الرَّحْلُنِ الرَّعِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّحْلُنِ الرَّحِيْمِ لَّا اللهِ الرَّحْلُنِ الرَّعِيْمِ لَا اللهِ الرَّحْلُنِ الرَّعِيْمِ لَلهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللّهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ المُعْلَى اللهِ اللهِ الرَّمْ السَّيْطِي اللهِ اللهِ الرَّعْمِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ الرَّعْلِيْمِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللّهِ اللهِ اللهِي اللهِ السَّلْمِي اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِيْمِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِي اللهِ المُلْمِي اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ المُ

আল্লাহর মাহবুব, হুযুর مَنَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم এর সুবাসিত বাণী হচ্ছে, "যে ব্যক্তি আমার উপর একশতবার দুরূদ শরীফ পাঠ করবে, আল্লাহ তা'আলা তার উভয় চোখের মাঝখানে লিখে দিবেন, এই ব্যক্তি মুনাফিকী ও জাহান্নামের আগুন থেকে মুক্ত। আর তাকে কিয়ামতের দিন শহীদগণের সাথে রাখা হবে।" (মাযমাউয় যাওয়ায়েদ, খড-১০ম, পৃষ্ঠা-২৫৩, হাদীস নং-১৭২৯৯৮)

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالى على محمَّد (١) শিকারী নিজেই শিকার হয়ে গেল

আন্তারাবাদ বাবুল ইসলাম সিন্ধ এর এক ইসলামী ভাই এর বয়ানের সারমর্ম এই যে, আমি যে ঘরে জন্ম নিয়েছি, লালিত পালিত হয়েছি সে ঘর অজ্ঞতার ঘোরে আবদ্ধ ছিল। আল্লাহর পানাহ! সাহাবায়ে কিরাম عَنَيْهِمُ الرِّفْرَان দেরকে খারাপ বলাটা সাওয়াবের কাজ মনে করা হত। আমিও এই ভ্রান্ততার মধ্যে ফেঁসে গিয়েছিলাম। কিন্তু আমার ভাগ্যে অন্য কিছু মঞ্জুর ছিল।

তা ছিল এই; ২০০৫ সালের ১৪২৬ হিজরীর রমজানুল মোবারকের শেষ ১০ দিনে কুরআন ও সুনাত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী মারকায ফয়যানে মদীনায় (আত্তারাবাদে) খুব ধুম ধামের সাথে ইজতিমায়ী ই'তিকাফের ব্যবস্থা করা হয়েছিল। আমাদের এলাকার কিছু ছেলেও ফয়যানে মদীনায় ই'তিকাফ করছিল। তাদেরকে হেয় প্রতিপন্ন করার জন্য আমি মাদানী মারকায ফয়যানে মদীনায় গেলাম।

সেখানে সুন্নতের প্রশিক্ষণের জন্য বিভিন্ন হালকার ব্যবস্থা ছিল। ঘটনাক্রমে আমি তাতে বসে গেলাম। উদ্দেশ্য ছিল সুযোগ হলে নিন্দা শুরু করব। **হ্যরত মুহাম্মদ শ্লি**ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

ইতিমধ্যে এক আশিকে রসূল আমাকে অত্যন্ত ভালবাসার মাধ্যমে হৃদয় আকষণীয় পহায় হালকায় বসার জন্য অনুরোধ করেন এবং আমি মুবাল্লিগের বয়ান অত্যন্ত আগ্রহ ও মনযোগ দিয়ে শুনতে লাগলাম। তাঁর বয়ানে আশ্চর্য রকমের আকর্ষন ছিল। যার ফলে আমি ধীরে ধীরে বয়ানের মাদানী ফুলের য়াদুতে মুগ্ধ হতে শুরু করলাম। আশিকানে রসূলগণ আমাকে বাকী দিনগুলোর ইতিকাফে থাকার জন্য দা'ওয়াত দিলে আমি কবুল করলাম এবং ইতিকাফের ফয়েজ অর্জনের জন্য অন্ত র্ভূক্ত হয়ে গেলাম।

আমার জন্য ইতিকাফে সবকিছুই নতুন ছিল। ইতিকাফের সময় আমার বুঝে আসল যে আমিতো ভ্রান্ত হয়ে গিয়েছিলাম। الله عَزَرَجَلَ আমি বাতিল আকিদা সমূহ থেকে তওবা করলাম। কালিমায়ে তৈয়্যবা পাঠ করলাম এবং দা'ওয়াতে ইসলামীর মাধ্যমে আকায়েদে আহ্লে সুন্নতের নৌকায় আরোহণ করে মদীনার পানে রওয়ানা হয়ে গেলাম। আমি মুখে মাদানী চিহ্নু তথা দাড়ি ও মাথায় সবুজ পাগড়ী দ্বারা সজ্জিত হলাম। ৬৩ দিনের মাদানী তারবীয়্যাতি কোর্স এ অংশ গ্রহণ করে দা'ওয়াতে ইসলামীর তানযীমি তারকীব মত হালকার যিম্মাদারীর স্তরে উপনীত হলাম। গাঁহুর্ট্টি এখন নতুন আশায় নিজেকে সংশোধনের সাথে সাথে অন্য লোকদেরকেও সংশোধনের চেষ্টা চালিয়ে যাচ্ছি। আল্লাহ তা'আলা আমাকে মাদানী পরিবেশে যেন স্থায়ত্বি দান করেন এবং ভ্রান্তপথের পথিকদের সঠিক ও সত্য পথ দেখান। আমীন বিজাহিন্নাবিয়্যীল আমীন

ختُم ہو گی شرارت کی عادت چلو مَد نی ماحول میں کر لوتم اِعتِکاف دُور ہو گی تناہوں کی شامت چلو مَد نی ماحول میں کر لوتم اِعتِکاف

খতম হোগী শারারত কি আদত চলো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ। দুর হোগী গুনাহো কি শামেত চালো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيب! صلَّى اللَّهُ تعالى على محمَّد

হ্যরত মুহাম্মদ্শিৠ ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদে পাক অধিক হারে পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।"

(২) আমি কয়েকবার আত্মহত্যার চেষ্টা করেছিলাম

শুজাবাদ তেহসীল, জিলা মুলতান বর্তমান বাবুল মদীনা করাচীর এর এক ইসলামী ভাইয়ের বয়ানের সারাংশ এই যে, "আমি আল্লাহরই পানাহ মা-বাবার সাথে প্রতি প্রচন্ড বিয়াদবী করতাম। ক্রিকেট ও ব্যাডমিন্টন খেলায় দিন নষ্ট করতাম ও রাতে ভিডিও সেন্টারে যেতাম।

রমযান মাসে আমি মাতাপিতার সাথে অনেক ঝগড়া বিবাদ করলাম এমনকি ঘরে ভাংচুর করলাম। নিজের পাপ পঞ্জিলতায় ভরা জীবনের উপর নিজেই অসন্তুষ্ট ছিলাম। রাগের কারণে আল্লাহর পানাহ কয়েকবার আত্মহত্যার চেষ্টাও করলাম। কিন্তু الْحَيْدُولِيَّهُ عَزَّوْجَلٌ এতে আমি ব্যর্থ হলাম। আল্লাহ তাআলার দয়া আর মেহেরবানীতে রমযানুল মোবারকের শেষ দশদিন আমি গুনাহগারের ইতিকাফ করার শখ হল। নিজ ঘরের পাশের মসজিদে ই'তিকাফ করার ইচ্ছা ছিল কিন্তু এমন সময় এক ইসলামী ভাই এর সাথে সাক্ষাৎ হল। তার ইনফিরাদী কৌশিশ এর ফলে কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় অনুষ্ঠিত ইজতিমায়ী ই'তিকাফে আশিকানে রসূলগণের সাথে ই'তিকাফকারী হয়ে গেলাম।

ইজতিমায়ী ই'তিকাফের বরকতের কথা কি বলব। আমি গুনাহগার ক্লিনশেভ, পেন্ট শার্টে অভ্যস্থ ছিলাম। কিন্তু প্রশিক্ষণের হালকাগুলো, সুনুতে ভরপুর
বয়ান সমূহ ও আশিকানে রসূলগণের সঙ্গ আমাকে মাদানী রঙ্গে রাঙ্গিয়ে দিল।
সাথে সাথে দাড়ি লম্বা করতে লাগলাম। সবুজ পাগড়ী শরীফ মাথায় সাজালাম
এবং চাঁদ রাতে খুব কান্নাকাটি করে গুনাহ থেকে তওবা করে ঘরে না গিয়ে
সুনুতের প্রশিক্ষণে ৩ দিনের মাদানী কাফিলাতে আশিকানে রসূলের সাথে সফরে
রওয়ানা হয়ে গেলাম। আমি ঈদের তিন দিন আল্লাহ তাআলার রাস্তায় আশিকানে
রসূলগণের সাথে অতিবাহিত করলাম। আল্লাহর কসম! এটাই আমার জীবনের
সর্বপ্রথম ঈদ যা খুব ভালভাবেই কেটেছে। ঘরে ফিরে আম্মাজানের পায়ে পড়ে
গেলাম এবং এমনভাবে কান্নাকাটি করলাম যে আমার শ্বাস প্রশ্বাস বন্ধ হয়ে গেল।

হযরত মুহাম্মদ 💯 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

আমি বেহুঁশ হয়ে গেলাম। প্রায় আধঘন্টা পর আমার যখন জ্ঞান ফিরে আসল তখন দেখলাম ঘরের সবাই আমার চারিদিকে ঘিরে আছে। তারা আশ্চর্য হয়ে একে অপরের দিকে দেখতে লাগল যে তার কি হয়ে গেল? الْحَيْنُ لِللهُ عَزِّرَجَلَّ ঘরে সুন্দর মাদানী ব্যবস্থা হয়ে গেল। এই বর্ণনা দেয়ার সময় দাওয়াতে ইসলামীর তারকিব অনুযায়ী এলাকা মুশাওয়ারাতের দায়িত্বে আছি এবং আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় তরবিয়্যাতি কোর্সের সৌভাগ্য অর্জন করে আরো অতিরিক্ত ১২৬ দিনের ইমামত কোর্সে প্রশিক্ষণ নিচ্ছি। দা'ওয়াতে ইসলামীতে অটল থাকার জন্য দু'আ প্রার্থী।

صَلُّواعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّد

(৩) আমি ঈদের নামায ছাড়া অন্য কোন নামায পড়তাম না

ময়ানুয়ালী কালুনী মাহুপীর রোড বাবুল মদীনা করাচীর এক ইসলামী ভাই এর বয়ানের সারাংশ হল। আমার মত গুনাহগার মানুষ খুবই কম আছে। আমার কয়েকজন গার্লফ্রেন্ড (বান্ধবী) ছিল। নষ্ট মনের অবস্থা ছিল এই যে, দৈনিক উলঙ্গ ফিল্ম দেখার বদভ্যাস ছিল। আপনারা বিশ্বাস করুন আর না করুন আমি ঈদের নামায ব্যতীত অন্য কোন নামায পড়তাম না। নামায কিভাবে পড়তে হয় তা আমি মোটেই জানতাম না।

ইতোমধ্যে আমার ভাগ্যকাশের তারকা চমকে উঠল এবং কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক

হ্যরত মুহাম্মদ্শিঞ্জ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে মানুষের মধ্যে সবচেয়ে কৃপণ ব্যক্তি।"

469

মাদানী মার্কায ফয়যানে মদীনায় রমযানুল মুবারকের শেষ দশ দিনে ইজতিমায়ী ইতিকাফ করার সৌভাগ্য হল। ফয়যানে মদীনার মাদানী পরিবেশের কথা কি বলব! আমার চোখ খুলে গেল, অলসতার পর্দা উঠে গেল এবং আমার অন্তরে মাদানী পরিবর্তন সূচনা হল। الْكَنْدُ لِللّٰهُ عَزْرُجُلُّ! আমি নামায শিখে নিলাম এবং পাঁচ ওয়াক্ত নামায জামাআত সহকারে আদায় করতে আরম্ভ করলাম। আমি দু'টি মসজিদে ফয়যানে সুনুতের দরস দিতে আরম্ভ করলাম।

> جے حام جلوہ دکھادیا 'اُسے جامِ عشق پلادیا جسے حام نیک بنادیا 'یہ مرے حبیب کی بات ہے جسے حام اپنا بنالیا جسے حام ادر پہ بلالیا یہ بڑے کرم کے ہیں فیصلے یہ بڑے نصیب کی بات ہے

জিসে চাহা জালওয়া দিখা দিয়া, উছে জামে ইশক পিলা দিয়া, জিসে চাহে নেক বানা দিয়া, ইয়ে মেরে হাবীব কি বাত হে। জিসে চাহা আপনা বানা লিয়া, জিসে চাহা দারপে বুলা লিয়া, ইয়ে বড়ে কারাম কে হে ফায়সালে, ইয়ে বাড়ে নাসিব কি বাত হে

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللّٰهُ تعالىٰ على محمَّد

(৪) ইতিকাফের বরকতে সম্পূর্ণ বংশ মুসলমান হয়ে গেল

এক ইসলামী ভাই এর বয়ানে সারমর্ম এই যে, গালিয়ান মহারাষ্ট্র ভারত এর মেমন মসজিদে কুরআন ও সুন্নত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে ১৪২৬ হিজরী মোতাবেক ২০০৫ সালের

হ্যরত মুহাম্মদ ﷺ ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

রমযানুল মুবারকে অনুষ্ঠিত ইজতিমায়ী ইতিকাফে একজন নওমুসলিমের (যিনি কয়েকদিন আগে দা'ওয়াতে ইসলামীর এক মুবাল্লিগের মাধ্যমে মুসলমান হয়েছিল) ইতিকাফ করার সৌভাগ্য হয়েছিল। সুনতে ভরপুর বয়ান সমূহ, বিভিন্ন ইজতিমার ক্যাসেট এবং সুনতে ভরপুর হালকা সমূহ তাকে মাদানী রঙ্গে রঙ্গিন করে দিল। ইতিকাফের বরকতে দ্বীনের তবলীগের মত মহান কাজের জযবা ও যোগ্যতা তার মধ্যে চলে আসল। যেহেতু তার পরিবারের বাকী সদস্যরা তখনো কুফরীর অন্ধকারে ছিল। তাই ইতিকাফ থেকে অবসর হয়েই তিনি তার পরিবারের সদস্যদেরকে (হিদায়াতের জন্য) প্রচেষ্টা শুরু করে দিলেন। দা'ওয়াতে ইসলামীর মুবাল্লিগীনদেরকে ঘরে নিয়ে তাদেরকে ইসলামের দা'ওয়াত দিলেন।

تَا وَالْحَنِّهُ بِلَّهُ عَزَّوَ جَلَّ তার মা-বাবা, দুই বোন ও এক ভাইয়ের পুরা পরিবার মুসলমান হয়ে সিলসিলায়ে আলীয়া কাদেরীয়া রযবীয়্যাতে দাখিল হয়ে হুজুর গাউছে পাক رَحْنَةُ اللهِ تَعَالَ عَلَيْهِ مَا اللهُ تَعَالَ عَلَيْهِ مَا اللهُ وَاللهُ عَلَيْهِ مَا اللهُ اللهُ

ولولہ دیں کی تبلیخ کا پاؤگ گرنی احول میں کر لوتم اعتِکاف فضل رہ سے زمانے پہ چھاجاؤگ مکرنی احول میں کر لوتم اعتِکاف अश्चाल अश्नालामी कि जवलीश का পाওशে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ ফাযলে রবছে জমানে পে ছা যাওগে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللّٰهُ تعالىٰ على محمَّد

(৫) আমি একজন পাক্কা দুনিয়াদার ছিলাম

ছক্কর শহর বাবুল ইসলাম সিন্দ এর এক ইসলামী ভাই এর বর্ণনা কিছু এই রকম ছিল যে, আমি একজন পাক্কা দুনিয়াদার ছিলাম। সর্বদা দুনিয়াবী সম্পদ অর্জনের চিন্তায় ব্যস্ত থাকতাম। আমল থেকে অনেক দূরে ছিলাম এবং গুনাহের মধ্যে ডুবে ছিলাম। তিইটেইটাইএমন সময় কোন একজন আশিকে

হ্যরত মুহাম্মদ শ্লিট্ট ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

রসূলের শুভদৃষ্টি আমার প্রতি পড়ল। তিনি রমযানুল মুবারকে বারবার আমার কাছে আসতেন। ইজতিমায়ী ইতিকাফের দা'ওয়াত দিতেন। কিন্তু আমি বিভিন্ন তালবাহানা করতাম। তিনিও অনেক নাছোড় বান্দা ছিলেন। মনে হয় সে যেন নিরাশ হতে জানত না। তিনি আমাকে এই অবস্থায় ছেড়ে দিতে অপছন্দ করল। তিনি আমাকে নেকীর দা'ওয়াত দিয়ে নিজে সাওয়াব অর্জন করতে লাগল। তার অনবরত ইনফিরাদী কৌশিশের কারণে আমার মত পাপী দুষ্ট খারাপ পরিপক্ক দুনিয়াদারের অন্তর পর্যন্ত গলে নরম হয়ে গেল। সম্ভবত ১৪১০ হিজরী মোতাবেক ১৯৯০ ইং সালের মাহে রমযানুল মোবারকের শেষ দশ দিন তার সাথে ইতিকাফকারী হয়ে গেলাম।

আমি দুনিয়াদার বুঝে গেলাম যে নবী প্রেমিকগণের জগত ভিন্ন। বাস্তবেই আশিকানে রসূলের সঙ্গ আমাকে মাদানী রঙ্গে রঙ্গিন করে দিল। النَحْنَدُ بِلَهُ عَزَّوْجَلَّ! আমি নামাযী হয়ে গেলাম। দাড়ি রেখে দিলাম, পাগড়ী শরীফের তাজ মাথায় তুলে নিলাম। নে'মতের সুসংবাদ ও শুকরিয়া আদায়ের জন্য আর্য করছি যে, সেখানে আমি এই মাসআলাটি শিখার সৌভাগ্য অর্জন করেছি যে কিবলামূখী হয়ে অথবা পিঠ দিয়ে প্রসাব পায়খানা করা হারাম, দূর্ভাগ্যক্রমে আমাদের ইতিকাফের মসজিদে প্রস্রাবখানার দিক ভুল ছিল। আমি আল্লাহর সন্তুষ্টির জন্য সাথে সাথে কারিগর ডেকে নিজ পকেট থেকে খরচ দিয়ে প্রস্রাবখানার দিক ঠিক করে দিলাম। বিহিন্ট الْحَنْدُ بِلَّهُ عَزَوْجَلَ! ইতিকাফের পর থেকে এখনো পর্যন্ত অনেকবার আশিকানে রসূলদের সাথে সুনুতের প্রশিক্ষণের মাদানী কাফিলা সমূহে সুনুতে ভরপুর সফরের সৌভাগ্য নসীব হয়েছে।

ُحبِّ دنیاسے دل پاک ہو جائیگا مگرنی ماحول میں کرلو تم اِعتِکاف جامِ عشقِ نبی ہاتھ میں آئیگا مگرنی ماحول میں کرلو تم اِعتِکاف

হুবের দুনিয়া ছে দিল পাক হো যায়েগা, মাদানী মাহুল মে কারলো তুম ই'তিকাফ জামে ইশকে নবী হাত মে আয়েগা, মাদানী মাহুল মে কারলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيب! صلَّى اللَّهُ تعالىٰ على محمَّد

হযরত মুহাম্মদ ্লিট্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর দশটি রহমত প্রেরণ করেন।"

(৬) আমাকেও আপনার মত গড়ে তুলুন

রাওয়াল পিন্ডি পাঞ্জাব এর এক ইসলামী ভাই এর বয়ানের সারমর্ম এই ছিল যে, সে সময় আমি দশম শ্রেণীর ছাত্র ছিলাম। নিজ মহল্লার বেলাল মসজিদে ১৪২১ হিজরী মোতাবেক ২০০০ সালের রমজানুল মুবারকের শেষ দশ দিনের ই'তিকাফ করল। সেখানে আমরা ১৪. ১৫ জন ই'তিকাফে ছিলাম। সম্ভবত ২৮ শে রমযানুল মুবারকের যোহরের নামাযের পর আমার বাল্যকালের এক সহপাঠি আমাদের কাছে আসল তার মাথায় সবুজ পাগড়ী সজ্জিত ছিল। সালাম দু'আর পর তিনি আমাদেরকে ইনফিরাদী কৌশিশ করতে গিয়ে জিজ্ঞাসা করল, দয়া করে আপনাদের মধ্যে কেউ ঈদের নামাযের পদ্ধতিটা একটু শুনিয়ে দিন। আমরা সকলে একে অপরের মুখের দিকে তাকাতে লাগলাম। এতে সে বলল, আচ্ছা ঠিক আছে, জানাযার নামাযের নিয়মটা বলে দিন। আফসোস! আমাদের মধ্যে কেউ বলতে পারলাম না। অতপর তিনি আমাদের নামাযের অনুশীলন করালেন এতে আমাদের অনেক ভুল প্রকাশ পেল। এরপর অত্যন্ত সুন্দর ও মার্জিতভাবে আমাদের ঈদের ও জানাযার নামাযের পদ্ধতি শিক্ষা দিল। আমরা খুব সন্তুষ্ট হলাম। সত্য কথা বলতে গেলে আমাদের জন্য ইতিকাফের অর্জন ছিল এই যে, মুবাল্লিগে দা'ওয়াতে ইসলামীর বরকতে বিভিন্ন নামাযের গুরুত্বপূর্ণ মাসআলা মাসায়িল আমরা শিখতে পারলাম। ঈদের নামাযের স্থান আমি মসজিদের ছাদে পেলাম। যখন ইমাম সাহেব ২য় তাকবীর বললেন, তখন আমি ছাড়া মনে হয় বাকী সকলেই রুকুতে চলে গেল। অথচ তা রুকু করার তাকবীর ছিল না বরং এতে হাত কান পর্যন্ত উঠিয়ে ঝুলিয়ে দিতে হয়।

এটা সত্য যে আমিও অন্য সাধারণ মানুষের সাথে রুকুতে চলে যেতাম কিন্তু দা'ওয়াতে ইসলামীর মুবাল্লিগের প্রতি আমি কুরবান যে তিনি আমাকে ইতিকাফে থাকাকালীন অবস্থায় ঈদের নামাযের পদ্ধতি শিক্ষা দিয়েছিল। এতে আমার হৃদয়ে দাগ কাটল এবং দা'ওয়াতে ইসলামীর গুরুত্ব আমার নিকট স্পষ্ট হয়ে গেল। আমি ঐ মুবাল্লিগকে ঈদের দিন দেখা করে আর্য করলাম, আমাকেও

হ্**যরত মুহাম্মদ** শ্লিষ্ট ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর দশবার দুরূদে পাক পাঠ করে, আল্লাহ তায়ালা তার উপর একশটি রহমত প্রেরণ করেন।"

আপনার মত গড়ে তুলুন। তিনি অত্যন্ত ভালবাসার ও স্নেহের সাথে তার কাছে নিলেন। তার ইনফিরাদী কৌশিশে ধীরে ধীরে আমি الْحَيْلُ لِللهُ عَزِّرَجَلً কুরআন ও সুন্নাত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দাওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে চলে আসলাম। যখন আমি এই ঘটনা বর্ণনা করছি তখন আমি দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজের সাংগঠনিক নিয়মানুসারে শো'বায়ে তালিম (ছাত্র বিভাগ) এর এলাকার যিম্মাদার।

খাত কৰে কিজিয়ে ই'তিকাফ

আপ হিম্মত করে কিজিয়ে ই'তিকাফ

আপ হিম্মত করে কিজিয়ে ই'তিকাফ

صَلَّوْاعَلَى الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى (٩) **আমার চোখে পানি এসে গেল**

জিনাহাবাদ বাবুল মদীনা, করাচী এর এক ইসলামী ভাইয়ের বয়ানের সারকথা এই যে, আমার ২০০৪ সালে ১৪২৫ হিজরীর রমযানুল মুবারকের শেষ দশ দিনে কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামী আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় ইজতিমায়ী ইতিকাফের বরকত অর্জনের সৌভাগ্য হয়েছিল। আমার ভিতর অনেক ধরনের পাপ ছিল যেগুলো থেকে আমি তওবা করলাম এবং যথেষ্ট পরিমাণে পাপ কাজ কমে গেল। পূর্বে আমি সুনুত তরীকায় খাবার পর্যন্ত খেতে জানতাম না, ইতিকাফের অন্যান্য সুনুত ছাড়াও খাবারের সুনুত সমূহও শিক্ষা দেয়া হয়েছে।

বিশেষ করে একজন মুবাল্লিগকে সাদাসিদেভাবে সুন্নত মোতাবেক খাবার খেতে দেখে জানিনা কেন যেন আমার চোখে পানি এসে গেল। এটা প্রায় তিন

হ্যরত মুহাম্মদ ﴿ ইর্শাদ করেছেন, "নামাযের পর হামদ ও সানাকারী এবং দুরূদ শরীফ পাঠকারীকে বলা হবে, তোমরা দুআ কর তা কবুল করা হবে, তোমরা যা কিছু চাও তা প্রদান করা হবে।"

বছর আগের কথা কিন্তু এখনো পর্যন্ত الْكَيْمُ لِللهُ عَزَّوْجَلَّ আমি সুন্নত মোতাবেক খাবার খেয়ে আসছি। আল্লাহ তাআলার দয়াতে আমি দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশের সাথে সম্পুক্ত রয়েছি।

سُنتیں کھانا کھانے کی تم جان لو میں کر لو تم اِعتِکاف میں کر لو تم اِعتِکاف

সুন্নাতে খানা খানে কি তুম জান লো,
মাদানী মাহোল মে করলো তুম ইতিকাফ
মান লো বাত আব তো মেরী মান লো,
মাদানী মাহোল মে করলো তুম ইতিকাফ

صَلُّواعَلَى الْحَبِيب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى

(৮) আশিকানে রসূলের ভালবাসা ও দয়ায় আমার মান রক্ষা হল

ইন্দোর শহর এম পি ভারত এর এক ফ্যাশনেবল মডার্ন যুবক, বেহায়াপনা বন্ধুদের সঙ্গে থেকে গুনাহে ভরপুর জীবন যাপন করছিল। তার ভাষায়, ২০০৪ সাল মোতাবেক ১৪২৫ হিজরীর রমযানুল মুবারকের শেষ দশ দিনে আশিকানে রসূলের সাথে ইজতিমায়ী ইতিকাফে অংশগ্রহণ করলাম। আশিকানে রসূলের দয়া, ভালবাসা, স্নেহ আমার সম্মান রক্ষা হল, লজ্জা চলে এল। গুনাহ থেকে তওবা করার সৌভাগ্য হল। মুখে দাড়ি ও মাথায় সবুজ পাগড়ী শরীফের বাহার চমকাতে লাগল। সুনুতের খিদমতে খুব আকর্ষণ ও আগ্রহ সৃষ্টি হল। এমনকি মুবাল্লিগ হয়ে গেলাম। এই বয়ান লিখার সময় এলাকার মুশাওয়ারার নিগরান হিসেবে সুনুতের বরকত নিজে লাভ করছি এবং অপরকে দান করছি।

لینے خیرات تم رحمتوں کی چلو مکرنی ماحول میں کرلو تم اعتباک لوٹے بر کتیں سنتوں کی چلو مکرنی ماحول میں کرلو تم اعتباک

লেনে খয়রাত তুম রহমাতো কী চলো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ লোটনে বরকতে সুনাতো কী চালো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

হযরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, "আমার প্রতি অধিকহারে দুরূদ শরীফ পাঠ কর, নিশ্চয় আমার প্রতি তোমাদের দুরূদ শরীফ পাঠ, তোমাদের গুনাহের জন্য মাগফিরাত স্বরূপ।"

(৯) কমিউনিষ্টদের (নাস্তিক) তওবা

সক্কর শহর বাবুল ইসলাম সিন্দ এর এক যিম্মাদার ইসলামী ভাই এর বয়ানের সারমর্ম এই যে, সক্কর শহরের নিকটবর্তী শহর হল আন্তারাবাদ। (জাকাবাদ) এতে কুরআন ও সুন্নত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী কাজ পৌঁছেছিল। কিন্তু মাদানী কাজ খুবই কম হচ্ছিল। আন্তারাবাদের ইসলামী ভাইয়েরা সাংগঠনিক পরিচালনায় অত্যন্ত দূর্বল ছিল। সক্কর থেকে মুবাল্লিগ খুঁজতে ছিল। তারই ফলে ১৯৯১ সাল মোতাবেক ১৪১০ হিজরীতে আন্তারাবাদে অনেক ইনফিরাদী কৌশিশ করে আমি সেখানকার ইসলামী ভাইদেরকে ইজতিমায়ী ইতিকাফে সক্কর আসার জন্য দা'ওয়াত দিলাম। যার বরকতে আন্তারাবাদের অধিকাংশ ইসলামী ভাইয়েরা "মুনাওয়ারা মসজিদষ্টেশন রোড, সক্করে" ইতিকাফের সৌভাগ্য অর্জন করল। ইতিপূর্বে আন্তারাবাদের কোন ইসলামী ভাই ফয়যানে সুনুতের দরস দেয় নি।

ত্যু বুট্টে الْكَنْدُ لِلْهُ عَزَرَجُنَّ এই ইজতিমায়ী ইতিকাফে আশিকানে রস্লের সঙ্গের কারণে ১৭ জন ইসলামী ভাই মুয়াল্লিম ও মুবাল্লিগ হয়েছে। মুখমভলকে দাড়ি ও মাথা সবুজ পাগড়ী দ্বারা সজ্জিত করেছে। দাওয়াতে ইসলামীর মাদানী কাজের যিম্মাদার হয়েছে। কয়েকজন কমিউনিষ্টও কোথা থেকে এসেছিল। الْكَنْدُ لِلْهُ عَزَرُجُلُ তারা তাদের কুফুরী বিশ্বাস থেকে পাক্কা তওবা করে নিল। কালিমা শরীফ পড়ে মুসলমান হয়ে গেল এবং বাকী জীবন কুরআন ও সুন্নত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে অতিবাহিত করার নিয়ত করল। الْكَنْدُ لِللّهُ عَزَرُجُلُ সেই সময় ঐ শহরের ইসলামী ভাইয়েরা যারা ১৪১০ হিজরীর রমযানুল মোবারকের ইজতিমায়ী ইতিকাফের বরকতে ধন্য হয়ে গেল, তারা বে আমল থেকে তওবা করে এখন উত্তম মুবাল্লিগ হয়ে গেছে। এমনকি বড় বড় ইজতিমা সমূহে বরং আন্তর্জাতিক ইজতিমায় সুন্নতে ভরা বয়ান করে থাকেন এবং বিভিন্ন বিভাগীয় মজলিসের গুরুত্বপূর্ণ যিম্মাদার হয়ে নিজের ও সারা

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট ইরশাদ করেছেন, "কিয়ামতের দিন সেই ব্যক্তিই আমার খুব নিকটে থাকবে, যে ব্যক্তি দুনিয়াতে আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পাঠকারী হবে।"

দুনিয়ার মানুষের সংশোধনের চেষ্টা করছেন। আল্লাহ তা'আলা আমাদেরকে ও তাদেরকে দাওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে স্থায়িত্ব ও মজবুতী দান করুন। আমীন বিজাহিন্নাবিয়ীল আমিন صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَالِهِ وَسَلَّم

پیارے اسلامی بھائی چلے آئوئم میں کرلو تم اِعتِکاف خالی دامن مُرادوں سے بھر جائو تم میں کرلو تم اِعتِکاف

পিয়ারে ইসলামী ভাই চলে আও তুম, মাদানী মাহুল মে কারলো তুম ই'তিকাফ খালি দামান মুরাদোছে ভার যাও তুম, মাদানী মাহুল মে কারলো ই'তিকাফ

صَلُّواعَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالىٰ على محمَّد ملَّوا عَلَى الْحَبِيبِ! ملَّام محمَّد (٥٥) على محمَّد

৬ নং কৌরঙ্গী বাবুল মদীনা করাচীর একজন ইসলামী ভাই এর বর্ণনার সারমর্ম এই যে, আমি ইনফিরাদী কৌশিশ করে আমার ২৬ বছরের ছোট ভাই যিনি বেনামাযী ও ক্লিন শেভকারী ছিল তাকে বিশ্বব্যাপী কুরআন ও সুনুত প্রচারের অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় ২০০০ সাল মোতাবেক ১৪২১ হিজরী সনের রমযানুল মুবারকের ইজতিমায়ী ইতিকাফে আশিকানে রসূলদের সাথে বসিয়ে দিলাম। বেনামাযী ও সুনুত থেকে বহু দূরে অবস্থানকারী আমার সেই ভাইয়ের উপর ইতিকাফে আশিকানে রসূলদের বরকতময় সঙ্গের প্রভাবে মাদানী রং ধারণ করল।

اَلْحَنْدُ بِلَّهُ عَزَّوَجَكَّ সে পাঁচ ওয়াক্ত নামাযী হয়ে গেল, দাড়ি রেখে দিল। এখন তার মাদানী যেহেন এমন ভাবে তৈরী হয়েছে যে, এখন সে প্রয়োজনে গর্দান কাটিয়ে দেবে তবুও দাড়ি কাটবেনা।

میٹھے آقا کی اُلفت کاجذبہ ملے مکنی ماحول میں کر لوتم اِعتِکاف داڑھی رکھنے کی سنّت کاجذبہ ملے مکنی ماحول میں کر لوتم اِعتِکاف

মিঠে আকা কি উলফাত কা জযবা মিলে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ দাড়ি রাখনে কি সুন্নাত কা যাজবা মিলে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

হ্যরত মুহাম্মদ্শিশ্রি ইরশাদ করেছেন, আলোকিত রাতে (জুমার রাত) এবং আলোকিত দিনে (তথা জুমার দিন) আমার উপর বেশি পরিমাণে দুরূদ শরীফ পড়, কেননা তোমাদের দুরূদ আমার নিকট পেশ করা হয়।"

477

(১১) মৃগী রোগী ভাল হয়ে গেল

এক ইসলামী ভাই এর কিছুটা বর্ণনা এমন ছিল যে, বোম্বের তাহছিনা কোরেলা ভারত এ বিশ্বব্যাপী কুরআন ও সুন্নত প্রচারের অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে ১৪২৬ হিজরীর রমযানুল মুবারকে অনুষ্ঠিত ইজতিমায়ী ই'তিকাফে এমন এক ইসলামী ভাই ই'তিকাফ করল, যার দুইদিন পরপর মৃগী তথা খিচুনী উঠত। الْكَهُنُ لِللهُ عَزَّرَجَلَّ ই'তিকাফকালে তার একবারও মৃগী উঠেনি বরং الْكَهُنُ لِللهُ عَزَّرَجَلَّ আজ পর্যন্ত তার মৃগী তথা খিচুনী রোগ উঠেনি। এতেকাফের বরকতে ভাল হয়ে গেছে।

ان شاء الله مر كام مو گا بھلا مَر نَى ماحول ميں كر لوتم إعتبكاف دور مو گا بھلا مَر نَى ماحول ميں كر لوتم إعتبكاف دور مو گى بفضلِ خدا مر بلا

ইনশা আল্লাহ হার কাম হোগা ভালা, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ দুরহোগী বাফজলে খুদা হার বালা, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللَّهُ تعالى على محمَّد

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! আশিকানের রস্লগণের সাথে ই'তিকাফ করার বরকতে বিপদাপদ দূর হয়। ইংইন্ট্রের্ট্রা মৃগী রোগ ভাল হয়ে গেল, তার আর মৃগী রোগ উঠেনি নিঃসন্দেহে এটা তার উপর আল্লাহ তাআলার দয়া। আমাদের এই মাসআলা জেনে রাখতে হবে য় মৃগী রোগী ও য়ে সমস্ত রুগী রোগের কারণে বেহুশ হয়ে য়য় তাদের মসজিদে ই'তিকাফ করা অনুচিত। কেননা য়ে কোন সময় সে বেহুশ হয়ে য়েতে পারে। য়মন ধরুন, কেউ নামায় পড়াবস্থায় বেহুশ হয়ে গেলে তা অপরের জন্য কঠিন পরীক্ষার কারণ হবে। বিশেষ করে জ্বিন, ভূত য়াদের উপর প্রভাব ফেলেছে তাদেরও ইতিকাফে না বসানো উচিত য়েহেতু তাদের সময় অসময়ে লাফালাফি ও শোর গোলের কারণে নামায়ীদের কন্ত হবে।

হ্যরত মুহাম্মদ্শি ইরশাদ করেছেন, "নিঃসন্দেহে পরিচিতি সহ তোমাদের নাম আমার নিকট পেশ করা হয়, তাই আমার উপর অধিক সুন্দর (তথা সুন্দর সুন্দর শব্দ দ্বারা) দুরূদ শরীফ পাঠ করো।"

(১২) আমি ক্লিন শেভকারী ছিলাম

নাছিরাবাদ বাবুল ইসলাম সিন্দ এর এক ইসলামী ভাই এর বয়ানের সারাংশ এই যে, আমি ক্লিন শেভ করতাম। জীবনের দিনগুলো অলসতায় কাটছিল। ইসলামী ভাইদের উৎসাহ দেয়া ও ইনফিরাদী কৌশিশ করার কারণে আমি ২০০৪ সাল মোতাবেক ১৪২৫ হিজরীর রমযানুল মুবারকে কুরআন ও সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে আশিকে রসূলের সাথে ইজতিমায়ী ই'তিকাফে বসার সৌভাগ্য হয়। الْكَنْدُ لِلْهُ عَزَّرُ جَلَّ হৈ তাকাফ আমার অন্তরে দাগ কাটল। অনুতপ্ত ও লজ্জিত হয়ে অনেক কান্নাকাটি করলাম এবং আগামীতে গুনাহ থেকে বাঁচার দৃঢ় ইচ্ছা পোষণ করলাম। সবুজ পাগড়ীর তাজ মাথায় পরিধান করলাম। এই বর্ণনা দেওয়ার সময় الْكَنْدُ لِللْهُ عَزَّرُ جَلَ হসলামীর বিভাগীয় ডিভিশন নাছিরাবাদের তাহছীল মুশাওয়ারাতের নিগরান হিসেবে খিদমত করছি।

سیجنے کو ملیں گی تمہیں سنتیں مکرنی ماحول میں کر لوتم اِعتِکاف لوٹ لوآگر اللہ کی رحمتیں مکرنی ماحول میں کر لوتم اِعتِکاف

ছিখনে কো মিলে গি তুমহে সুন্নতে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ। লুট লো আকার আল্লাহ কি রহমতে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ।

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللّٰهُ تعالىٰ على محمَّد

(১৩) আমার গুনগুনিয়ে সিনেমার গান করার অভ্যাস ছিল

হ্যরত মুহাম্মদ শ্লিষ্ট্র ইরশাদ করেছেন, " যে ব্যক্তি সকালে দশবার ও সন্ধ্যায় দশবার আমার উপর দুরূদে পাক পড়ে, কিয়ামতের দিন সে আমার শাফায়াত লাভ করবে।"

এখন নাত শরীফ পড়ার অভ্যাস হয়ে গেছে। সাথে সাথে মুখের কুফলে মদীনা লাগানোর (খারাপ ও বেহুদা কথা থেকে বাঁচার) প্রেরণা পেয়েছি। এখন অবস্থা এমন হয়েছে যে, যখনই মুখ থেকে কোন অনর্থক কথা বের হয়, সাথে সাথে কাফ্ফারা হিসেবে দুরূদ শরীফ পড়ি।

(১৪) মডার্ন যুবক উন্নতি করতে করতে.

বোঙ্গল বোম্মে ভারত এ কুরআন সুনুত প্রচারের বিশ্বব্যাপী অরাজনৈতিক সংগঠন দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে ১৯৯৮ সাল মোতাবেক ১৪১৯ হিজরীর রমযানুল মুবারকের শেষ দশদিনে অনুষ্ঠিত ইজতিমায়ী ইতিকাফে এক আধুনিক যুবক (যে ইলেক্ট্রিক ইঞ্জিনিয়ার) অংশগ্রহণ করেছিল। ১০ দিন আশিকানে রসূলদের সঙ্গে থেকে যথেষ্ট উপকার অর্জন হয়। মাদানী আকা হযরত মুহাম্মদ মোস্তফা مَنْ وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَى عَنْيُو وَالِهِ وَسَلَّم اللهُ تَعَالَى عَنْيُو وَالِهِ وَسَلَّم নিল, মাথায় সবুজ পাগড়ী বাধল। ইতিকাফের বরকতে তাকে সুন্নাতের মহান মুবাল্লিগ বানিয়ে দিল। اللهُ عَزَّوَجَلَّ اللهُ عَنَّوْ وَاللهُ عَنْ اللهُ عَنَّا وَ عَلَيْهِ وَاللهُ عَنْ اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا وَ مَلَاللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَّا وَ مَلَا اللهُ عَنَا وَ مَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَنَا وَ مَلَا اللهُ عَلَا اللهُ عَنَا وَ مَلَا اللهُ عَنَا وَ مَلَا اللهُ عَنَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَنَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ اللهُ عَلَا عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ عَلَا اللهُ

ساری فیشن کی مستی اُتر جائے گی' مَدنی ماحول میں کر لوتم اِعتِکاف زندگی سنتوں سے نکھر جائے گی' مَدنی ماحول میں کر لوتم اِعتِکاف

হযরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, যার নিকট আমার আলোচনা হল, আর সে আমার উপর দুরূদ শরীফ পড়লো না, সে অন্যায় করল।"

ছারি ফ্যাশন কি মাসতি উতার জায়েগী,
মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ
জিন্দেগী সুন্নাতো সে নিখর যায়েগী,
মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صلَّى اللهُ تعالى على محمَّد (١٤) तिशा वाजी कियति एएए जिला ।

হায়দারাবাদ বাবুল ইসলাম সিন্দ এর এক ইসলামী ভাই এর বর্ণনার সারমর্ম এরকম ছিল যে, আমি বেনামাযী ও নেশাগ্রস্থ ছিলাম। আল্লাহ তাআলার দয়ায় ইজতিমায় (সাহারায়ে মদীনা, মদীনাতুল আউলিয়া, মুলতানে) ২০০৫ সাল মোতাবেক ১৪২৬ হিজরীর অংশগ্রহণের সৌভাগ্য হল। সেখানেই নিয়্যাত করলাম দা'ওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় (বাবুল মদীনা করাচীতে) ইতিকাফ করব। তাই বাবুল মদীনা করাচী পৌঁছে আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় ২০০৫ সাল মোতাবেক ১৪২৬ হিজরীর রম্যানের শেষ ১০ দিন ইতিকাফ করার সৌভাগ্য হল। ৩ দিনের ইজতিমায় (মূলতান শরীফে) যদিওবা যথেষ্ট মাদানী যেহেন (প্রেরণা) সৃষ্টি হয়েছিল, ইজতিমায়ী ইতিকাফের কথা আর কি বলব! সত্যি বলতে গেলে আমার মনের পৃথিবীটাই বদলে গেল। গুনাহ্ থেকে পাক্কা তওবা করলাম। দাড়ি লম্বা করতে আরম্ভ করলাম। সাথে সাথে মাথায় সবুজ পাগড়ী সাজিয়ে নিলাম। ইতিকাফের পর যখন হায়দারাবাদে আসলাম, তখন আমাকে দাড়িসহ ও পাগড়ী পরা অবস্থায় দেখে পরিবারের সদস্য ও পাড়া প্রতিবেশীরা হতবাক হয়ে গেল। ٱلْحَيْنُ لِللهُ عَزَّوَجَلَّ । আমার নেশাকরার অভ্যাস একেবারেই চলে গেল। নিজের সামর্থ মোতাবেক দা'ওয়াতে ইসলামীল মাদানী কাজ করে যাচ্ছি। আমার মেয়ে জামেয়াতুল মদীনায় শরীআত কোর্স করছে। আমার দুই মাদানী মুন্না (ছেলে) মাদ্রাসাতুল মদীনায় কুরআনে পাক হিফজ করছে।

হ্যরত মুহাম্মদ 🚜 ইরশাদ করেছেন, "আমার উপর দুরূদ শরীফ পড়ে নিজেদের মজলিশ সমূহকে সজ্জিত করো, যেহেতু তোমাদের দুরূদ শরীফ পাঠ করাটা কিয়ামতের দিন তোমাদের জন্য নূর হবে।"

> گرمدینے کاغم چیثم نم چاہئے مگرنی ماحول میں کرلوتم اِعتِکاف مدنی آقا کی نظر کرم چاہئے مگرنی ماحول میں کرلوتم اِعتِکاف

গার মদীনেকা গাম চশমে নাম চাহিয়ে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ মাদানী আকা কি নযরে করম চাহিয়ে, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّواعَلَى الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى (اللهُ عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُعَلِّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحَتَّى اللهُ تَعَالَى عَلَى مُحْتَلِى عَلَى مُعَلِّى اللهُ تَعَالَى عَلَى مُعْتَى اللهُ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى مُعْتَى اللهُ عَلَى عَلْمُ ع

ভায়রাল্লাহ ইয়ায় বেলুচিস্থান এর এক ইসলামী ভাইয়ের বয়ানের মূলকথা ছিল এই যে. আমার ভিতর আল্লাহর ভয় ও নবী প্রেম ছিল না। ব্যাস, আমার জীবন গুনাহের মধ্যেই অতিবাহিত করছিলাম। আল্লাহ তাআলার কোটি কোটি দয়া আমাদের শহরে কুরআন ও সুনুহ প্রচারের বিশ্বব্যাপী সংগঠন দাওয়াতে ইসলামীর মাদানী কাজ শুরু হল আর দা'ওয়াতে ইসলামীর পক্ষ থেকে প্রথম বারের মত ১৯৯৫ হিজরীর মোতাবেক ১৪১৬ হিজরীর শবে বরাতে সুনুতে ভরপুর ইজতিমা অনুষ্ঠিত হয়। আমিও সেখানে অংশগ্রহণ করি। ইজতিমায় আশিকানে রসুলদের দাড়ি ও পাগড়ী ওয়ালা নূরানী চেহারা ও তাদের মুহাব্বত পূর্ণ সাক্ষাৎ আমাকে দা'ওয়াতে ইসলামীর প্রতি আগ্রহী করে তুলল। তারপরও আমি দুরে ছিলাম। সাপ্তাহিক ইজতিমায়ও কোন সময় অংশগ্রহণের সুযোগ হলো না। শেষে ১৯৯৫ সাল মোতাবেক ১৪১৬ হিজরীর রমযান মোবারকের ২৭ তারিখ রাত (শবে কুদর) উপস্থিত হল। আমি ইজতিমার দু'আতে অংশগ্রহণ করলাম। দোয়ার শেষে পর্যায় ইসলামী ভাইদের সাথে সাক্ষাৎ হলে কোন একজন বললেন যে এখানে কিছু ইসলামী ভাই ইতিকাফ করছে। আমার কাছে এই শব্দটি নতুন ছিল। তাই আমি জানার জন্য বললাম, এই ইতিকাফে কি হয়? ইসলামী ভাইয়েরা অত্যন্ত ভালবাসার সাথে ইতিকাফ সম্পর্কে জানানোর জন্য ইতিকাফের কিছু মাদানী বাহার

হ্যরত মুহাম্মদ ্শ্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

বর্ণনা করলেন। দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে অনুষ্ঠিত বিভিন্ন ইতিকাফের অবস্থা শুনে আমি মনে মনে দৃঢ় ইচ্ছা করলাম যে الله عَزَّرَجَكُ الله عَزَّرَجَكُ আগামী বছর আমি অবশ্যই ই'তিকাফ করব। দিন অতিবাহিত হতে লাগল যখন ১৯৯৬ সাল মোতাবেক ১৪১৭ হিজরীর রমযান মোবারক আগমন করল তখন আশিকানে রসূলের সাথে শেষ ১০ দিনে ইতিকাফ করলাম। ১০ দিন লাগাতার আশিকানে রসূলের সঙ্গে আমি ঐ সমস্ত বিষয় শিখতে পারলাম যা বর্ণনার বাহিরে।

نہ پو چھو ہم کہاں پہنچ اور ان آنکھوں نے کیادیکھا جہاں پہنچ وہاں پہنچ جو دیکھادل کے اندر ہے

না পুছ হাম কাহা পৌছে অওর ইন আখো নে কিয়া দেখা যাহা পৌছে ওয়াহা পৌছে যো দেখা দিল কে আন্দার হে

কেউ কেউ ই'তিকাফে দরসে নেজামী (আলিম কোর্স) করে নেয়ার পরামর্শ দিল। তা আমার বুঝে এসে গেল তাই আমি বাবুল মদীনা করাচী এসে জামেয়াতুল মদীনায় ভর্তি হলাম। এমনকি দা'ওরায়ে হাদীস শেষে ২০০৪ সাল মোতাবেক ১৪২৫ হিজরীতে আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় (বাবুল মদীনা) আমার দস্তারে ফযীলত প্রদান করা হল। যখন আমি এই বর্ণনা লিখছিলাম তখন আমি জামেয়াতুল মদীনার খেদমত আঞ্জাম দিয়ে আসছি।

প্রিয় ইসলামী ভাইয়েরা! আপনারা শুনলেনতো! যে মানুষ গতকাল পর্যন্ত এটা জানেনা যে ইতিকাফ করলে কি হয় তিনি আজ আশিকানে রসূলের সাথে ই'তিকাফ করার বরকতে শুধু সাধারণ আলিম নন বরং আলিমদের উস্তাদ হয়ে গেল। অর্থাৎ আলিম হওয়ার পর দাওয়াতে ইসলামীর জামেয়াতুল মদীনায় ওস্তাদ হিসেবে দরসে নিজামীর ছবক পড়াতে পড়াতে অন্যদের আলিম তৈরীকারী হয়ে গেলেন।

سُنْتیں سکھ لور حتیں لوٹ لو مکر نی ماحول میں کر لوتم اِعتِکاف علم حاصِل کروبر کتیں لوٹ لو ملے اعتِکاف علم حاصِل کروبر کتیں لوٹ لو

হযরত মুহাম্মদ ্শ্ল্লি ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দুরূদ শরীফ পাঠ করে, কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশ করব।"

সুনাতে ছিখলো রহমতে লৌট লো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ ইলম হাসিল কারো বারকাতে লুট লো, মাদানী মাহুল মে করলো তুম ই'তিকাফ

صَلُّوا عَلَى الْحَبِيب! صلَّى اللَّهُ تعالى على محمَّد

(১৭) আমি কোন্ কোন্ গুনাহের আলোচনা করব?

বাবুল মদীনা করাচীর এক ইসলামী ভাইয়ের বয়ানের সারাংশ এই যে, কোন গুনাহের আলোচনা করব? আল্লাহর পানাহ্ নামাযে অলসতা, ভিডিও গেমস এর প্রতি আসক্তি, টিভিতে নিয়মিত উল্টা পাল্টা প্রোগ্রাম দেখা, মিথ্যার অভ্যাস, এমনকি চুরির অভ্যাস পর্যন্ত ছিল। সৌভাগ্যক্রমে ২০০০ সাল মোতাবেক ১৪২১ হিজরীর রমযানুল মুবারকের শেষ দশদিন আমেনা জামে মসজিদ শাকিল গ্রাউভ, উখায়ী কমপ্লেক্স, বাবুল মদীনা করাচীতে দাওয়াতে ইসলামীর আশিকানে রসূলের সাথে আমার ইজতিমায়ী ইতিকাফ করার সৌভাগ্য হল। আমি আমিনা মসজিদের ২য় তলায় দা'ওয়াতে ইসলামী কর্তৃক পরিচালিত মাদ্রাসাতুল মদীনায় ভর্তি হলাম।

